নিহত্য নিশিতৈর্বাণৈশ্ছিন্নাঃ পার্থাগ্রজেন তে।
দশভির্দশভিশ্চৈকো নারাচৈর্নিহতো গজঃ ॥৮৪॥ (বিশেষকম্)
ন চাসৌ ধার্ত্তরাষ্ট্রাণাং শ্রূয়তে নিনদস্তথা।
পুরন্দরসমে যুদ্ধে নিবৃত্তে ভরতর্ষভ ! ॥৮৫॥
অক্ষৌহিণ্যস্তথা তিস্রো ধার্ত্তরাষ্ট্রস্য সংহতাঃ।
ক্রুদ্ধেন নরসিংহেন ভীমসেনেন বারিতাঃ ॥৮৬॥

সঞ্জয় উবাচ।

ভীমসেনেন তৎ কর্ম্ম কৃতং দৃষ্ট্বা সুদুষ্করম্।
অর্জ্জুনো ব্যধমচ্ছিষ্টানহিতান্ নিশিতৈঃ শরৈঃ ॥৮৭॥

ভারতকৌমুদী

হত্বেতি। আয়াতি ভীমঃ, নাগান্ গজান্। মহামাত্রৈর্হস্তিপকৈঃ। শক্তিতোমবাণাং সংঘাতৈবাঘাতৈঃ। সপ্তগুণিতাঃ সপ্ত সপ্তসপ্ত ঊনপঞ্চাশৎসংখ্যকানিত্যর্থঃ। বৈজয়ন্তীঃ পতাকাঃ। হে পার্থ ! ॥৮২—৮৪॥

নেতি। অসৌ শ্রুতপূর্ব্বঃ। পুবন্দবসমে ইন্দ্রতুল্যে ভীমে, নিবৃত্তে প্রত্যাগতে সতি ॥৮৫॥

অক্ষৌহিণ্য ইতি। সংহতাঃ সম্মিলিতাঃ। নবসিংহেন মানবশ্রেষ্ঠেন ॥৮৬॥

অর্জ্জুন ! দেখ—ভীমসেন নিষাদরাজপুত্রকে বধ করিয়া পুনরায় প্রহারনিপুণ, নীলমেঘের তুল্য এবং হস্তিপকগণাধিষ্ঠিত অন্য হস্তিগণের দিকে আসিতেছেন এবং ভীমসেন শক্তি ও তোমরের আঘাতে সেই ঊনপঞ্চাশটা হস্তীকে বধ করিতেছেন। পৃথানন্দন ! তোমার অগ্রজ (ভীমসেন) ঐ হস্তীগুলিকে বধ করিয়া সুধার বাণসমূহদ্বারা ধ্বজের পতাকাগুলিকে ছেদন করলেন এবং দশ দশটা নারাচদ্বারা অপর এক একটা হস্তীকে বধ কবিলেন ॥৮২—৮৪॥

ভরতশ্রেষ্ঠ ! ইন্দ্রতুল্য ভীমসেন যুদ্ধে ফিরিয়া আসিলে, কৌরবপক্ষের সে কোলাহল আব শুনা যাইতেছে না ॥৮৫॥

দুর্য্যোধনেব তিন অক্ষৌহিণী সৈন্য মিলিত হইয়াছিল ; কিন্তু নবশ্রেষ্ঠ এক ভীমসেনই ক্রুদ্ধ হইয়া তাহাদিগকে বারণ করিয়াছেন ॥৮৬॥

(৮২)···পশ্য নীলাঞ্জনপ্রখ্যান্···পি। (৮৫)···নিবৃত্তে ভবতর্ষভ !—পি।

তে বধ্যমানাঃ সমরে সংশপ্তকগণাঃ প্রভো ! ।
প্রভগ্নাঃ সমরে ভীতা দিশো দশ মহাবলাঃ ।
শক্রস্যাতিথিতাং গত্বা বিশোকা হ্যভবংস্তদা ॥৮৮॥
পার্থশ্চ পুরুষব্যাঘ্রঃ শরৈঃ সন্নতপর্ব্বভিঃ ।
জঘান ধার্ত্তরাষ্ট্রস্য চতুর্বিধবলাং চমূম্ ॥৮৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতাযাং বৈয়াসিক্যাং কর্ণপর্ব্বণি সঙ্কুলযুদ্ধে ষট্‌চত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

—:-০-:—

সপ্তচত্বারিংশোঽধ্যায়ঃ।

—:-৫-:—

ধৃতরাষ্ট্র উবাচ।
নিবৃত্তে ভীমসেনে চ পাণ্ডবে চ যুধিষ্ঠিরে ।
বধ্যমানে বলে চাপি মামকে পাণ্ডুসৃঞ্জয়ৈঃ ॥১॥

ভাবতকৌমুদী

ভীমেতি। ব্যধমৎ ব্যনাশযৎ, শিষ্টান্ অবশিষ্টান্, অহিতান্ সংশপ্তকরূপশত্রূন্ ॥৮৭॥

ত ইতি। দশ দিশো গচ্ছন্ত ইতি শেষঃ। শক্রস্যাতিথিতাং স্বর্গমিত্যর্থঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৮৮॥

পার্থ ইতি। পার্থোঽর্জ্জুনঃ। চতুর্বিধানি হস্ত্যশ্বরথপদাতিরূপাণি বলানি যস্যাং তাম্ ॥৮৯॥

ইতি মহামহোপাধ্যায-ভাবতাচার্য্য-শ্রীহবিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতাযাং মহাভাবত-টীকাযাং ভাবতকৌমুদীসমাখ্যাযাং কর্ণপর্ব্বণি ষট্‌চত্বাবিংশোঽধ্যাযঃ ॥০॥

সঞ্জয় বলিলেন—'মহাবাজ। ভীমসেন সেই অতিদুষ্কর কার্য্য কবিয়াছেন দেখিয়া অর্জ্জুন সুধার বাণসমূহদ্বাবা অবশিষ্ট সংশপ্তক শত্রুগণকে বিনাশ করিতে লাগিলেন ॥৮৭॥

রাজা! সেই মহাবল সংশপ্তকেবা যুদ্ধে নিহত হইতে থাকিয়া ভীত ও ভগ্ন হইয়া প্রথমে দশ দিকে পবে স্বর্গলোকে যাইয়া তখন অনুতাপশূন্য হইল ॥৮৮॥

পুরুষশ্রেষ্ঠ অর্জ্জুনও নতপর্ব্ব বাণসমূহদ্বারা দুর্য্যোধনেব চতুর্বিধ সৈন্য সংহার করিতে লাগিলেন' ॥৮৯॥

---

(৮৯) পার্থশ্চ পুরুষব্যাঘ্র!···বঙ্গ বর্দ্ধ সো। * '···বষ্টিতমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ বা সো।

(১) নিবৃত্তে ভীমসেনে তু···পি বর্দ্ধ।

দ্রবমাণে বলৌঘে চ নিরানন্দে মুহুর্মুহুঃ।
কিমকুর্বন্ত কুরবস্তন্মমাচক্ষ্ব সঞ্জয়! ॥২॥ (যুগ্মকম্)

সঞ্জয় উবাচ।

দৃষ্ট্বা ভীমং মহাবাহুং সূতপুত্রঃ প্রতাপবান্।
ক্রোধরক্তেক্ষণো রাজন্! ভীমসেনমুপাদ্রবৎ ॥৩॥
তাবকন্তু বলং দৃষ্ট্বা ভীমসেনাৎ পরাঙ্মুখম্।
যত্নেন মহতা রাজন্! পর্য্যবস্থাপয়দ্বলী ॥৪॥
ব্যবস্থাপ্য মহাবাহুস্তব পুত্রস্য বাহিনীম্।
প্রত্যুদ্যযৌ তদা কর্ণঃ পাণ্ডবান্ যুদ্ধদুর্ম্মদান্ ॥৫॥
প্রত্যুদ্যযুশ্চ রাধেয়ং পাণ্ডবানাং মহারথাঃ।
ধুন্বানাঃ কার্ম্মুকাণ্যাজৌ বিক্ষিপন্তশ্চ সায়কান্ ॥৬॥
ভীমসেনঃ শিনের্নপ্তা শিখণ্ডী জনমেজয়ঃ।
ধৃষ্টদ্যুম্নশ্চ বলবান্ সর্বে চাপি প্রভদ্রকাঃ ॥৭॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

নিবৃত্ত ইতি। নিবৃত্তে যোদ্ধুং প্রত্যাবৃত্তে। দ্রবমাণে পলায়মানে ॥১—২॥
দৃষ্ট্বেতি। সূতপুত্রঃ কর্ণঃ। ক্রোধেন রক্তেক্ষণো রক্তবর্ণনেত্রঃ। উপাদ্রবদভ্যধাবৎ ॥৩॥
তাবকমিতি। বলং সৈন্যম্। বলী বলবান্ কর্ণঃ ॥৪॥
ব্যবেতি। ব্যবস্থাপ্য ব্যূহস্য যথাস্থানে স্থাপয়িত্বা ॥৫॥
প্রতীতি। রাধেয়ং কর্ণম্। ধুন্বানাশ্চালয়ন্তঃ। শিনের্নপ্তা পৌত্রঃ সাত্যকিঃ ॥৬—৭॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! পাণ্ডুনন্দন যুধিষ্ঠির ও ভীমসেন ফিরিয়া আসিলে, পাণ্ডব ও সৃঞ্জয়েরা আমার সৈন্য সংহার করিতে লাগিলে এবং আমার নিরানন্দ সৈন্যগণ মুহুর্মুহু পলায়ন করিতে থাকিলে, কৌরবেরা কি করিলেন, তাহা আমার নিকট বল' ॥১—২॥

সঞ্জয় কহিলেন—'রাজা! প্রতাপশালী কর্ণ মহাবাহু ভীমকে দেখিয়া ক্রোধে আরক্তনয়ন হইয়া ভীমের দিকে ধাবিত হইলেন ॥৩॥

রাজা! বলবান্ কর্ণ আপনার সৈন্যগণকে ভীমসেনের ভয়ে পরাঙ্মুখ দেখিয়া বিশেষ যত্ন সহকারে তাহাদিগকে প্রথমে স্থির করিলেন ॥৪॥

পরে মহাবাহু কর্ণ দুর্য্যোধনের সৈন্যগণকে যথাস্থানে স্থাপন করিয়া যুদ্ধদুর্দ্ধর্ষ পাণ্ডবগণের দিকে ধাবিত হইলেন ॥৫॥

---

(২)…নিরাক্রন্দে মুহুর্মুহুঃ…পি।

পাঞ্চালাশ্চ নরব্যাঘ্রাঃ সমন্তাত্তব বাহিনীম্।
অভ্যদ্রবন্ত সংক্রুদ্ধাঃ সমরে জিতকাশিনঃ ॥৮॥
তথৈব তাবকা রাজন্! পাণ্ডবানামনীকিনীম্।
অভ্যদ্রবন্ত ত্বরিতা জিঘাংসন্তো মহারথাঃ ॥৯॥
রথনাগাশ্বকলিলং পত্তিধ্বজসমাকুলম্।
বভূব পুরুষব্যাঘ্র! সৈন্যমদ্ভুতদর্শনম্ ॥১০॥
শিখণ্ডী তু যযৌ কর্ণং ধৃষ্টদ্যুম্নঃ সুতং তব।
দুঃশাসনং মহারাজ! মহত্যা সেনয়া বৃতঃ ॥১১॥
নকুলো বৃষসেনন্তু চিত্রসেনং যুধিষ্ঠিরঃ।
উলূকং সমরে রাজন্! সহদেবঃ সমভ্যয়াৎ ॥১২॥

ভারতকৌমুদী

পাঞ্চালা ইতি। অভ্যদ্রবন্ত অভ্যধাবন্। জিতেন জয়েন কাশন্তে শোভন্ত ইতি তে ॥৮॥
তথেতি। তাবকাস্বদীয়াঃ। জিঘাংসন্তো হন্তুমিচ্ছন্তঃ ॥৯॥
রথেতি। রথৈর্নাগৈর্গজৈরশ্বৈশ্চ কলিলং ব্যাপ্তম্। সৈন্যমুভয়মেব ॥১০॥
এবং সামান্যেনাভিধায় বিশেষেণাভিধত্তে শিখণ্ডীতি। বৃতঃ পরিবেষ্টিতঃ ॥১১॥
নকুল ইতি। বৃষসেনচিত্রসেনৌ কর্ণপুত্রৌ। উলূকঃ শকুনিপুত্রঃ ॥১২॥

ওদিকে পাণ্ডবপক্ষের ভীমসেন, সাত্যকি, শিখণ্ডী, জনমেজয় ও বলবান ধৃষ্টদ্যুম্ন এই সকল মহারথ এবং প্রভদ্রকেরা সকলে ধনু সঞ্চালন ও বাণক্ষেপ করিতে করিতে কর্ণের দিকে আসিতে থাকিলেন ॥৬—৭॥

মহারাজ! নরশ্রেষ্ঠ ও বিজয়শোভী পাঞ্চালেরা ক্রুদ্ধ হইয়া সকল দিক্ হইতে আপনার সৈন্যের দিকে ধাবিত হইল ॥৮॥

রাজা! আবার আপনার পক্ষের মহারথেরাও সেইরূপই ত্বরান্বিত ও বধার্থী হইয়া পাণ্ডবসৈন্যের প্রতি ধাবিত হইলেন ॥৯॥

পুরুষশ্রেষ্ঠ! তৎকালে হস্তী, অশ্ব ও রথে ব্যাপ্ত এবং পদাতি ও ধ্বজে পরিপূর্ণ সেই উভয় সৈন্যই অদ্ভুত দেখা যাইতে লাগিল ॥১০॥

মহারাজ! ক্রমে বিশাল সৈন্যে পরিবেষ্টিত হইয়া শিখণ্ডী কর্ণের দিকে এবং ধৃষ্টদ্যুম্ন আপনার পুত্র দুঃশাসনের প্রতি যাইতে লাগিলেন ॥১১॥

নকুল বৃষসেনের, যুধিষ্ঠির চিত্রসেনের এবং সহদেব উলূকের দিকে ধাবিত হইলেন ॥১২॥

---

(৮) জিঘাংসন্তো নরব্যাঘ্রাঃ⋯বা সো। (১২)⋯সহদেবঃ সমভ্যগাৎ—পি।

সাত্যকিঃ শকুনিঞ্চাপি দ্রৌপদেয়াশ্চ কৌরবান্।
অর্জ্জুনঞ্চ রণে যত্তো দ্রোণপুত্রো মহারথঃ ॥১৩॥
যুধামন্যুং মহেষ্বাসং গৌতমোঽভ্যপতদ্রণে।
কৃতবর্ম্মা চ বলবানুত্তমৌজসমাদ্রবৎ ॥১৪॥
ভীমসেনঃ কুরূন্ সর্বান্ পুত্রাংশ্চ তব মারিষ ! ।
সহানীকান্ মহাবাহুরেক এব ন্যবারয়ৎ ॥১৫॥
শিখণ্ডী তু ততঃ কর্ণং বিচরন্তমভীতবৎ।
ভীষ্মহন্তা মহারাজ ! বারয়ামাস পত্রিভিঃ ॥১৬॥
প্রতিরুদ্ধস্ততঃ কর্ণো রোষাৎ প্রস্ফুরিতাধরঃ।
শিখণ্ডিনং ত্রিভির্বাণৈর্ভ্রুবোর্মধ্যেঽভ্যতাড়য়ৎ ॥১৭॥
ধারয়ংস্তু স তান্ বাণান্ শিখণ্ডী বহ্বশোভত।
রাজতঃ পর্বতো যদ্বত্রিভিঃ শৃঙ্গৈরিবোচ্ছ্রিতৈঃ ॥১৮॥

ভারতকৌমুদী

সাত্যকিরিতি। দ্রৌপদেযা দ্রৌপদ্যাঃ পুত্রাঃ। যত্তো যত্নবান্, অভ্যয়াদিত্যনুবৃত্তি-র্যথাসম্ভবম্ ॥১৩॥

যুধেতি। গৌতমো গৌতমগোত্রঃ কৃপঃ। আদ্রবৎ অভ্যধাবৎ ॥১৪॥

ভীমেতি। অনীকৈঃ সৈন্যৈঃ সহেতি তান্ ॥১৫॥

শিখণ্ডীতি। অভীতবৎ নির্ভয় ইবেতি ভযসত্তা ব্যজ্যতে। পত্রিভির্বাণৈঃ ॥১৬॥

প্রতীতি। প্রতিরুদ্ধঃ শিখণ্ডিনা। প্রস্ফুরিতাধরঃ কম্পিতৌষ্ঠঃ ॥১৭॥

সাত্যকি শকুনির প্রতি, দ্রৌপদীয় পুত্রগণ কৌরবগণের দিকে, আর মহারথ অশ্বত্থামা যত্নবান্ হইয়া অর্জ্জুনের দিকে চলিলেন ॥১৩॥

কৃপাচার্য্য মহাধনুর্দ্ধর যুধামন্যুর উপরে যাইয়া পতিত হইলেন এবং বলবান্ কৃতবর্ম্মা উত্তমৌজার দিকে বেগে যাইতে থাকিলেন ॥১৪॥

মাননীয় রাজা ! আর মহাবাহু ভীমসেন একাকীই সৈন্যগণের সহিত সমস্ত কৌরব ও আপনার পুত্রগণকে নিবারণ করিতে লাগিলেন ॥১৫॥

মহারাজ ! তাহার পর ভীষ্মহন্তা শিখণ্ডী নির্ভয়ের ন্যায় বাণদ্বারা বিচরণকারী কর্ণকে বারণ করিতে থাকিলেন ॥১৬॥

শিখণ্ডী কর্ণকে প্রতিরুদ্ধ করিলে, ক্রোধে কর্ণের ওষ্ঠযুগল স্ফুরিত হইতে লাগিল ; সেই অবস্থায় তিনি তিনটা বাণদ্বারা শিখণ্ডীর ভ্রূমধ্যে তাড়ন করিলেন ॥১৭॥

---

(১৪)···উত্তমৌজসমাব্রজৎ—পি।

সোঽতিবিদ্ধো মহেষ্বাসঃ সূতপুত্রেণ সংযুগে।
কর্ণং বিব্যাধ সমরে নবত্যা নিশিতৈঃ শরৈঃ ॥১৯॥
তস্য কর্ণো হয়ান্ হত্বা সারথিঞ্চ ত্রিভিঃ শরৈঃ।
উন্মমাথ ধ্বজঞ্চাস্য ক্ষুরপ্রেণ মহারথঃ ॥২০॥
হতাশ্বাত্তু ততো যানাদবপ্লুত্য মহারথঃ।
শক্তিং চিক্ষেপ কর্ণায় সংক্রুদ্ধঃ শত্রুতাপনঃ ॥২১॥
তাং ছিত্ত্বা সমরে কর্ণস্ত্রিভির্ভারত! সায়কৈঃ।
শিখণ্ডিনমথাবিধ্যন্নবভির্নিশিতৈঃ শরৈঃ ॥২২॥
কর্ণচাপচ্যুতান্ বাণান্ বর্জয়ংস্তু নরোত্তমঃ।
অপযাতস্ততস্তূর্ণং শিখণ্ডী ভৃশবিক্ষতঃ ॥২৩॥

ভাবতকৌমুদী

ধাবযন্নিতি। বাজতো বৌপ্যমযঃ। এতেন শিখণ্ডিনো গৌববর্ণত্বং ব্যজ্যতে ॥১৮॥
স ইতি। মহেষ্বাসো মহাধনুর্দ্ধবঃ, স্বতপুত্রেণ কর্ণেন ॥১৯॥
তস্যেতি। হযানশ্বান্। উন্মমাথ চিচ্ছেদ। ক্ষুবপ্রেণ তদাখ্যেন বাণেন ॥২০॥
হতেতি। হতা অশ্বা যস্য তস্মাৎ, যানাৎ বথাৎ, মহাবথঃ শিখণ্ডী ॥২১॥
তামিতি। নিশিতৈঃ শিলাঘর্ষণাদিনা তনূকৃতমুখৈঃ সুধাবৈবিত্যর্থঃ ॥২২॥
কর্ণেতি। অপযাতঃ অপসৃতঃ, ততঃ শরপাতস্থানাৎ ॥২৩॥

শিখণ্ডী তখন সেই তিনটা বাণ ভ্রূমধ্যে ধারণ কবতঃ উত্থিত তিনটা শৃঙ্গধারী রৌপ্যময় পর্বতের ন্যায় অত্যন্ত শোভা পাইতে লাগিলেন ॥১৮॥

কর্ণ অত্যন্তবিদ্ধ কবিলে, মহাধনুর্দ্ধর শিখণ্ডী নব্বইটা সুধার বাণদ্বারা কর্ণকে তাড়ন কবিলেন ॥১৯॥

পবে মহাবথ কর্ণ শিখণ্ডীব অশ্বগুলিকে বধ করিয়া তিনটা বাণদ্বারা তাঁহার সারথিকে এবং ক্ষুরপ্রদ্বারা উঁহার ধ্বজটাকে ছেদন করিলেন ॥২০॥

অশ্বগুলি নিহত হইলে, মহাবথ ও শত্রুতাপন শিখণ্ডী অতিশয় ক্রুদ্ধ হইয়া রথ হইতে লাফাইয়া পড়িয়া কর্ণেব উপবে একটা শক্তি নিক্ষেপ করিলেন ॥২১॥

ভরতনন্দন! তদনন্তব কর্ণ তিনটা বাণদ্বারা সেই শক্তিটাকে ছেদন করিয়া নয়টা সুধার বাণদ্বাবা শিখণ্ডীকে বিদ্ধ করিলেন ॥২২॥

তখন অত্যন্তবিক্ষতদেহ নবশ্রেষ্ঠ শিখণ্ডী কর্ণেব কার্ম্মুকনির্গত বাণ সকল পরিত্যাগ কবিবাব জন্য সত্বব সে স্থান হইতে অপসৃত হইলেন ॥২৩॥

(২১) হতাশ্বাৎ স ততো যানাৎ...পি।

ততঃ কর্ণো মহারাজ ! পাণ্ডুসৈন্যান্যপাতয়ৎ ।
তূলরাশিং সমাসাদ্য যথা বায়ুর্মহাবলঃ ॥২৪॥
ধৃষ্টদ্যুম্নো মহারাজ ! তব পুত্রেণ পীড়িতঃ ।
দুঃশাসনং ত্রিভির্বাণৈঃ প্রত্যবিধ্যৎ স্তনান্তরে ॥২৫॥
তস্য দুঃশাসনো বাহুং সব্যং বিব্যাধ মারিষ ! ।
শিতেন রুক্মপুঙ্খেন ভল্লেনানতপর্বণা ॥২৬॥
ধৃষ্টদ্যুম্নস্তু নির্বিদ্ধঃ শরং ঘোরমমর্ষণঃ ।
দুঃশাসনায় সংক্রুদ্ধঃ প্রেষয়ামাস ভারত ! ॥২৭॥
আপতন্তং মহাবেগং ধৃষ্টদ্যুম্নসমীরিতম্ ।
শরৈশ্চিচ্ছেদ পুত্রস্তে ত্রিভিরেব বিশাংপতে ! ॥২৮॥
অথাপরৈঃ সপ্তদশৈর্ভল্লৈঃ কনকভূষণৈঃ ।
ধৃষ্টদ্যুম্নং সমাসাদ্য বাহ্বোরুরসি চার্পয়ৎ ॥২৯॥

ভারতকৌমুদী

তত ইতি। পাণ্ডূনাং পাণ্ডবানাং সৈন্যানি, অপাতয়ৎ অপাসারয়ৎ ॥২৪॥
ধৃষ্টেতি। পুত্রেণ দুঃশাসনেন। স্তনযোরন্তরে মধ্যে বক্ষসি ॥২৫॥
তস্যেতি। সব্যং বামম্। রুক্মং স্বর্ণং পুঙ্খে মূলদেশে যস্য তেন ॥২৬॥
ধৃষ্টেতি। নির্বিদ্ধো দুঃশাসনেন তাড়িতঃ। অমর্ষণঃ অসহিষ্ণুঃ ॥২৭॥
আপতন্তমিতি। ধৃষ্টদ্যুম্নেন সমীরিতং ক্ষিপ্তম্। পুত্রো দুঃশাসন এব ॥২৮॥

মহারাজ! তাহার পর মহাবল বায়ু যেমন তূলরাশি অপসারিত করে, সেইরূপ কর্ণ পাণ্ডবসৈন্য অপসারিত করিতে লাগিলেন ॥২৪॥

মহারাজ! ওদিকে আপনার পুত্র দুঃশাসন পীড়ন করিলে, ধৃষ্টদ্যুম্ন তিনটা বাণদ্বারা তাঁহার বক্ষস্থল প্রতিবিদ্ধ করিলেন ॥২৫॥

মাননীয় রাজা! তখন দুঃশাসন সুধার, স্বর্ণপুঙ্খ ও নতপর্ব্ব একটা ভল্লদ্বারা ধৃষ্টদ্যুম্নের বাম বাহু বিদ্ধ করিলেন ॥২৬॥

ভরতনন্দন! অসহিষ্ণু ধৃষ্টদ্যুম্ন দুঃশাসনের ভল্লে নির্বিদ্ধ ও ক্রুদ্ধ হইয়া দুঃশাসনের উপরে একটা ভয়ঙ্কর বাণ নিক্ষেপ করিলেন ॥২৭॥

নরনাথ! ধৃষ্টদ্যুম্ননিক্ষিপ্ত সেই বাণটা মহাবেগে আসিতে লাগিলে, দুঃশাসন তিনটা বাণদ্বারা সেটাকে ছেদন করিলেন ॥২৮॥

---

(২৪)···পাণ্ডুসৈন্যানপাতয়ৎ···পি,···পাণ্ডুসৈন্যান্যশাতয়ৎ···বা। (২৯) অথাপরৈঃ সপ্তশতৈঃ···পি।

ততঃ স পার্ষতঃ ক্রুদ্ধো ধনুশ্চিচ্ছেদ মারিষ ।।
ক্ষুরপ্রেণ সুতীক্ষ্ণেন তত উচ্চুক্রুশুর্জনাঃ ॥৩০॥
অথান্যদ্ধনুরাদায় পুত্রস্তে প্রহসন্নিব।
ধৃষ্টদ্যুম্নং শরব্রাতৈঃ সমন্তাৎ পর্য্যবারয়ৎ ॥৩১॥
তব পুত্রস্য তে দৃষ্ট্বা বিক্রমং সুমহাত্মনঃ।
ব্যস্ময়ন্ত রণে যোধাঃ সিদ্ধাশ্চাপ্সরসস্তথা ॥৩২॥
ধৃষ্টদ্যুম্নমপশ্যাম ঘটমানং মহাবলম্।
দুঃশাসনেন সংরুদ্ধং সিংহেনেব মহাদ্বিপম্ ॥৩৩॥
ততঃ সরথনাগাশ্বাঃ পাঞ্চালাঃ পাণ্ডুপূর্বজ ।।
সেনাপতিং পরীপ্সন্তো রুরুধুস্তনয়ং তব ॥৩৪॥

ভারতকৌমুদী

অথেতি। সপ্তদশৈবিত্যকাবান্তত্বমার্ষম্। উবসি বক্ষসি, আর্পয়দপীডযৎ ॥২৯॥
তত ইতি। পার্ষতো ধৃষ্টদ্যুম্নঃ, ধনুর্দুঃশাসনস্য। উচ্চুক্রুশুর্বিস্ময়কোলাহলং চক্রুঃ ॥৩০॥
অথেতি। শবাণাং ব্রাতৈঃ সমূহৈঃ, পর্য্যবারযৎ আচ্ছাদয়ৎ ॥৩১॥
তবেতি। ব্যস্ময়ন্ত বিস্মিতা অভবন্। সিদ্ধা দেবযোনিবিশেষাঃ ॥৩২॥
ধৃষ্টেতি। ঘটমানং জযায চেষ্টমানম্। মহাদ্বিপং বিশালহস্তিনম্ ॥৩৩॥
তত ইতি। হে পাণ্ডুপূর্বজ! পাণ্ডোর্জ্যেষ্ঠভ্রাতঃ!। পবীপ্সন্তো বক্ষিতুমিচ্ছন্তঃ ॥৩৪॥

তদনন্তর দুঃশাসন অপব সতরটা স্বর্ণভূষিত ভল্লদ্বারা ধৃষ্টদ্যুম্নেব বাহুযুগলে ও বক্ষস্থলে পীড়ন করিলেন ॥২৯॥

মাননীয় রাজা! তাহাব পর ধৃষ্টদ্যুম্ন ক্রুদ্ধ হইয়া একটা সুতীক্ষ্ণ ক্ষুরপ্রদ্বাবা দুঃশাসনের ধনু ছেদন কবিলেন। তখন তত্রত্য লোকেবা বিস্ময়কোলাহল করিয়া উঠিল ॥৩০॥

বাজা! তৎপরে আপনাব পুত্র দুঃশাসন হাস্য কবতই যেন অন্য একখানা ধনু লইয়া বাণসমূহদ্বাবা ধৃষ্টদ্যুম্নের সকল দিক্ আবৃত করিয়া ফেলিলেন ॥৩১॥

তৎকালে অতিমহাবল দুঃশাসনেব বিক্রম দেখিয়া যোদ্ধাবা, সিদ্ধেবা ও অপ্সবারা বিস্ময়াপন্ন হইলেন ॥৩২॥

তখন আমবা দেখিলাম—সিংহ যেমন মহাহস্তীকে রুদ্ধ কবে, সেইরূপ দুঃশাসন জয়ে যত্নশীল মহাবল ধৃষ্টদ্যুম্নকে রুদ্ধ করিলেন ॥৩৩॥

---

(৩২)···স্থিতাশ্চাপ্সবসাং গণাঃ—পি,···সিদ্ধাশ্চাপ্সবসাং গণাঃ—বা। (৩৩)···ধৃষ্টদ্যুম্নং ন পশ্যাম···সিংহেনেব মহাগজম্—পি বা সো।

ততঃ প্রববৃতে যুদ্ধং তাবকানাং পরৈঃ সহ।
ঘোরং প্রাণভৃতাং কালে ভীমরূপং পরন্তপ! ॥৩৫॥
নকুলং বৃষসেনস্তু ভিত্ত্বা পঞ্চভিরায়সৈঃ।
পিতুঃ সমীপে তিষ্ঠন্ বৈ ত্রিভিরন্যৈরবিধ্যত ॥৩৬॥
নকুলস্তু ততঃ শূরো বৃষসেনং হসন্নিব।
নারাচেন সুতীক্ষ্ণেন বিব্যাধ হৃদয়ে ভৃশম্ ॥৩৭॥
সোঽতিবিদ্ধো বলবতা শত্রুণা শত্রুকর্ষণঃ।
শত্রুং বিব্যাধ বিংশত্যা স চ তং পঞ্চভিঃ শরৈঃ ॥৩৮॥
ততঃ শরসহস্রেণ তাবুভৌ পুরুষর্ষভৌ।
আচ্ছাদয়েতামন্যোন্যমথাভজ্যত বাহিনী ॥৩৯॥
দৃষ্ট্বা তু প্রদ্রুতাং সেনাং ধার্ত্তরাষ্ট্রস্য সূতজঃ।
নিবারয়ামাস বলাদনুসৃত্য বিশাংপতে! ॥৪০॥

ভারতকৌমুদী

তত ইতি। কালে প্রলয়সময়ে, প্রাণভৃতাম্, ভীমরূপং ভীষণনাশরূপম্ ॥৩৫॥
নকুলমিতি। আয়সৈর্লৌহময়ৈর্বাণৈঃ। পিতুঃ কর্ণস্য ॥৩৬॥
নকুল ইতি। হসন্নিব অবজ্ঞয়া। বিব্যাধ তাড়য়ামাস ॥৩৭॥
স ইতি। স বৃষসেনঃ। শত্রুণা নকুলেন। স নকুলশ্চ ॥৩৮॥
তত ইতি। অভজ্যত বিশ্লিষ্টা অভবৎ, বাহিনী কৌরবসেনা ॥৩৯॥

রাজা! তদনন্তর পাঞ্চালেরা হস্তী, অশ্ব ও রথের সহিত সেনাপতি ধৃষ্টদ্যুম্নকে রক্ষা করিবার ইচ্ছা করিয়া দুঃশাসনকে বারণ করিতে লাগিল ॥৩৪॥

পরন্তপ! তৎপরে প্রলয়কালে প্রাণিগণের ভীষণসংহাররূপ, বিপক্ষগণের সহিত আপনার পক্ষীয়গণের ভীষণ যুদ্ধ চলিতে থাকিল ॥৩৫॥

বৃষসেন পিতার (কর্ণের) নিকটে থাকিয়া লৌহময় পাঁচটা বাণদ্বারা নকুলকে বিদীর্ণ করিয়া পুনরায় অপর তিনটা বাণে তাঁহাকে বিদ্ধ করিলেন ॥৩৬॥

তৎপরে বীর নকুল হাসিতে হাসিতেই যেন একটা সুতীক্ষ্ণ নারাচদ্বারা বৃষসেনের হৃদয়ে গুরুতর আঘাত করিলেন ॥৩৭॥

বলবান্ শত্রু (নকুল) অত্যন্ত বিদ্ধ করিলে, শত্রুদমন বৃষসেন কুড়িটা বাণে নকুলকে বিদ্ধ করিলেন; তখন নকুলও পাঁচ বাণে তাঁহাকে প্রতিবিদ্ধ করিলেন ॥৩৮॥

তদনন্তর সেই পুরুষশ্রেষ্ঠেরা দুই জন সহস্র সহস্র বাণদ্বারা পরস্পরকে আচ্ছাদন করিলেন। তৎপরে কৌরবসৈন্য ভগ্ন হইল ॥৩৯॥

(৩৯)···অন্যোন্যমাচ্ছাদয়তাম্···পি বা সো,···অথোঽভজ্যত বাহিনী—বা সো।

নিবৃত্তে তু ততঃ কর্ণে নকুলঃ কৌরবান্ যযৌ।
কর্ণপুত্রস্তু সমরে হিত্বা নকুলমেব তু ॥৪১॥
জুগোপ চক্রং ত্বরিতো রাধেয়স্যৈব মারিষ।।
উলূকস্তু রণে ক্রুদ্ধঃ সহদেবেন বারিতঃ ॥৪২॥ (যুগ্মকম্)
তস্যাশ্বাংশ্চতুরো হত্বা সহদেবঃ প্রতাপবান্।
সারথিং প্রেষয়ামাস যমস্য সদনং প্রতি ॥৪৩॥
উলূকস্তু ততো যানাদবপ্লুত্য বিশাংপতে।।
ত্রিগর্ত্তানাং বলং তূর্ণং জগাম পিতৃনন্দনঃ ॥৪৪॥
সাত্যকিঃ শকুনিং বিদ্ধা বিংশত্যা নিশিতৈঃ শরৈঃ।
ধ্বজং চিচ্ছেদ ভল্লেন সৌবলস্য হসন্নিব ॥৪৫॥
সৌবলস্তস্য সমরে ক্রুদ্ধো রাজন্! প্রতাপবান্।
বিদার্য্য কবচং ভূয়ো ধ্বজং চিচ্ছেদ কাঞ্চনম্ ॥৪৬॥

ভাবতকৌমুদী

দৃষ্ট্বেতি। প্রদ্রুতাং দ্রুতং পলায়মানাম্। সূতজঃ কর্ণঃ ॥৪০॥
নিবৃত্ত ইতি। নিবৃত্তে সৈন্যস্থাপনায। জুগোপ ররক্ষ, চক্রং সৈন্যম্ ॥৪১—৪২॥
তস্যেতি। চতুরঃ চতুঃসংখ্যকান্। সদনং ভবনম্ ॥৪৩॥
উলূক ইতি। যানাৎ রথাৎ। পিতুঃ শকুনেঃ নন্দনঃ স্বভাবেনানন্দজনকঃ ॥৪৪॥
সাত্যকিরিতি। নিশিতৈঃ শিলাঘর্ষণাদিনা তনূকৃতমুখৈঃ সুধারৈঃ ॥৪৫॥

নরনাথ! দুর্য্যোধনের সৈন্য বেগে পলায়ন করিতে লাগিলে, কর্ণ অনুসরণ করিয়া বলপূর্ব্বক তাহাদিগকে বারণ করিতে লাগিলেন ॥৪০॥

কর্ণ সেস্থান হইতে চলিয়া গেলে, নকুল কৌরবগণের দিকে গমন করিলেন এবং বৃষসেন নকুলকে ত্যাগ করিয়া সত্বর কর্ণের সৈন্যই রক্ষা করিতে লাগিলেন। মাননীয় রাজা! আর উলূক ক্রুদ্ধ হইয়া যাইতে থাকিলে, সহদেব তাঁহাকে বারণ করিতে থাকিলেন ॥৪১—৪২॥

ক্রমে প্রতাপশালী সহদেব উলূকের চারিটা অশ্বকে বধ করিয়া তাঁহার সারথিকেও যমালয়ে প্রেরণ করিলেন ॥৪৩॥

নরনাথ! তাহার পর পিতার আনন্দজনক উলূক রথ হইতে লাফাইয়া পড়িয়া সত্বর ত্রিগর্ত্তসৈন্যের দিকে গমন করিলেন ॥৪৪॥

এই সময়ে সাত্যকি হাসিতে হাসিতেই যেন কুড়িটা সুধার বাণদ্বারা শকুনিকে বিদ্ধ করিয়া একটা ভল্লদ্বারা তাঁহার ধ্বজটাকে ছেদন করিলেন ॥৪৫॥

(৪৪) পূর্বার্দ্ধাৎ পরম্ 'রথমন্যং সমাস্থায় জগাম পিতুরন্তিকে' ইত্যর্দ্ধমধিকং পি।

অথৈনং নিশিতৈর্বাণৈঃ সাত্যকিঃ প্রত্যবিধ্যত ।
সারথিঞ্চ মহারাজ ! ত্রিভিরেব সমার্পয়ৎ ॥৪৭॥
অথাস্য বাহাংস্ত্বরিতঃ শরৈর্নিন্যে যমক্ষয়ম্ ।
ততোঽবপ্লুত্য সহসা শকুনির্ভরতর্ষভ ! ॥৪৮॥
আরুরোহ রথং তূর্ণমুলূকস্য মহারথঃ ।
অপোবাহাথ শীঘ্রং স শৈনেয়াদ্‌যুদ্ধশালিনঃ ॥৪৯॥ (যুগ্মকম্)
সাত্যকিস্তু রণে রাজন্ ! তাবকানামনীকিনীম্ ।
অভিদুদ্রাব বেগেন ততোঽনীকমভজ্যত ॥৫০॥
শৈনেয়শরসংছন্নং তব সৈন্যং বিশাংপতে ! ।
ভেজে দশ দিশস্তূর্ণং ন্যপতচ্চ গতাসুবৎ ॥৫১॥

ভারতকৌমুদী

সৌবল ইতি। কাঞ্চনস্য স্বর্ণস্যায়মিতি কাঞ্চনস্তম্। ইদমর্থে অণ্ ॥৪৬॥

অথেতি। ত্রিভির্বাণৈঃ, সমার্পযৎ অপীডযৎ ॥৪৭॥

অথেতি। বাহানশ্বান্। নিন্যে সাত্যকিবেব, যমস্য ক্ষযমালযম্। অবপ্লুত্য রথাৎ প্লবেনাবতীর্য্য। অপোবাহ অপসাবযামাস, স উলূকসাবথিঃ, যুদ্ধশালিনো যুদ্ধপ্রবৃত্তাৎ উলূকস্তু ত্রিগর্ত্তসৈন্যং গত্বা বথান্তবমাৰুঢ় ইতি প্রত্যেতব্যম্ ॥৪৮—৪৯॥

সাত্যকিবিতি। তাবকানাং ত্বৎপুত্রাণাম্, অনীকিনীং সেনাম্ ॥৫০॥

শৈনেয়েতি। শৈনেয়স্য সাত্যকেঃ শবৈঃ সংছন্নমাবৃতম। গতাসুবৎ মৃতমিব ॥৫১॥

রাজা! তখন প্রতাপশালী শকুনি ক্রুদ্ধ হইয়া সাত্যকির কবচ ভেদ করিয়া পুনবায় তাঁহাব স্বর্ণময় ধ্বজটাকে কাটিয়া ফেলিলেন ॥৪৬॥

মহাবাজ! তৎপবে সাত্যকি সুধার 'বাণসমূহদ্বাবা শকুনিকে বিদ্ধ করিলেন এবং তিনটা বাণদ্বাবা তাঁহাব সাবথিকে পীড়ন কবিলেন ॥৪৭॥

ভবতশ্রেষ্ঠ! পবে সাত্যকি বাণসমূহদ্বাবা শকুনিব অশ্বগুলিকে যমালয়ে প্রেবণ কবিলেন; তখন মহাবথ শকুনি বেগে বথ হইতে লাফাইয়া পড়িয়া সত্বব যাইযা উলূকেব বথে আবোহণ কবিলেন; পবে উলূকেব সাবথি যুদ্ধকাবী সাত্যকিব নিকট হইতে শকুনিকে লইয়া গেল ॥৪৮—৪৯॥

বাজা! ক্রমে সাত্যকি বেগে আপনার পুত্রগণেব সৈন্যেব দিকে ধাবিত হইলেন; পবে সেই সৈন্য ভগ্ন হইয়া গেল ॥৫০॥

এবং নবনাথ! আপনাব সৈন্য সাত্যকিব বাণে আবৃত হইয়া সত্বর দশ দিকে পালায়ন কবিতে লাগিল ও প্রাণহীনেব ন্যায় পতিত হইতে থাকিল ॥৫১॥

ভীমসেনং তব সুতো বারয়ামাস সংযুগে।
তং তু ভীমো মুহূর্ত্তেন ব্যশ্বসূতরথধ্বজম্ ॥৫২॥
চক্রে লোকেশ্বরং তত্র তেনাতুষ্যন্ত বৈ জনাঃ।
ততোঽপায়ান্নৃপস্তত্র ভীমসেনস্য গোচরাৎ ॥৫৩॥ (যুগ্মকম্)
কুরুসৈন্যং ততঃ সর্বং ভীমসেনমুপাদ্রবৎ।
তত্র নাদো মহানাসীদ্ভীমসেনং জিঘাংসতাম্ ॥৫৪॥
যুধামন্যুঃ কৃপং বিদ্ধা ধনুরস্যাশু চিচ্ছিদে।
অথান্যদ্ধনুরাদায় কৃপঃ শস্ত্রভৃতাং বরঃ ॥৫৫॥
যুধামন্যোর্ধ্বজং সূতং ছত্রঞ্চাপাতয়ৎ ক্ষিতৌ।
ততোঽপায়াদ্রথেনৈব যুধামন্যুর্মহারথঃ ॥৫৬॥ (যুগ্মকম্)
উত্তমৌজাশ্চ হার্দ্দিক্যং ভীমং ভীমপরাক্রমম্।
ছাদয়ামাস সহসা বৃষ্ট্যা মেঘ ইবাচলম্ ॥৫৭॥

ভাবতকৌমুদী

ভীমেতি। সুতো দুর্য্যোধনঃ। বিগতা অশ্বাঃ সূতঃ সারথিঃ রথো ধ্বজশ্চ যস্য তং তাদৃশম্। জনাঃ পাণ্ডবপক্ষীয়াঃ। অপায়াৎ অপাগচ্ছৎ। গোচরাদস্ত্রবিষয়াৎ ॥৫২—৫৩॥

কুর্বিতি। উপাদ্রবৎ অভ্যধাবৎ। জিঘাংসতাং হন্তুমিচ্ছতাং তেষাং সৈন্যানাম্ ॥৫৪॥

যুধেতি। চিচ্ছিদে চিচ্ছেদ। রথেনৈব স্বয়ং চালিতেন ॥৫৫—৫৬॥

মহারাজ! ওদিকে আপনার পুত্র দুর্য্যোধন যুদ্ধে ভীমসেনকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন। তখন ভীমসেন মুহূর্ত্তমধ্যেই রাজা দুর্য্যোধনের অশ্ব, সারথি, রথ ও ধ্বজ বিনষ্ট করিয়া ফেলিলেন; তাহাতে পাণ্ডবপক্ষের লোকেরা সন্তুষ্ট হইল। তদনন্তর দুর্য্যোধন ভীমের সম্মুখ হইতে অপসৃত হইলেন ॥৫২—৫৩॥

তাহার পর সমস্ত কৌরবসৈন্য ভীমের দিকে ধাবিত হইল এবং তাঁহাকে বধ করিবার ইচ্ছা করিল; তখন তাহাদের বিশাল কোলাহল হইতে লাগিল ॥৫৪॥

অন্য দিকে যুধামন্যু কৃপকে বিদ্ধ করিয়া সত্বর তাঁহার ধনু ছেদন করিলেন। পরে অস্ত্রধারিশ্রেষ্ঠ কৃপ অন্য ধনু লইয়া যুধামন্যুর ধ্বজ, সারথি ও ছত্র ছেদন করিয়া ভূতলে নিপাতিত করিলেন। তখন মহারথ যুধামন্যু নিজেই রথ চালাইয়া রণস্থল হইতে অপসৃত হইলেন ॥৫৫—৫৬॥

অপর দিকে মেঘ যেমন বারি বর্ষণ করিয়া পর্ব্বত আবৃত করে, সেইরূপ উত্তমৌজা বেগে বাণবর্ষণ করিয়া ভীষণমূর্ত্তি ও ভীষণপরাক্রমশালী কৃতবর্ম্মাকে আবৃত করিলেন ॥৫৭॥

(৫৬)···ততোঽপায়াদ্রথেনাজৌ···পি। (৫৭)···মেঘো বৃষ্ট্যেব পর্বতম্—পি বা গো।

তদ্‌যুদ্ধং সুমহচ্চাসীদ্‌ঘোররূপং পরন্তপ ! ।
যাদৃশং ন ময়া যুদ্ধং দৃষ্টপূর্ব্বং বিশাংপতে ! ॥৫৮॥
কৃতবর্ম্মা ততো রাজন্ ! উত্তমৌজসমাহবে ।
হৃদি বিব্যাধ সহসা স রথোপস্থ আবিশৎ ॥৫৯॥
সারথিস্তমপোবাহ রথেন রথিনাং বরম্ ।
কুরুসৈন্যং ততঃ সর্ব্বং ভীমসেনমুপাদ্রবৎ ॥৬০॥
দুঃশাসনঃ সৌবলশ্চ গজানীকেন পাণ্ডবম্ ।
মহতা পরিবার্য্যৈব ক্ষুদ্রকৈরভ্যতাড়য়ৎ ॥৬১॥
ততো ভীমঃ শরশতৈর্দুর্য্যোধনমমর্ষণম্ ।
বিমুখীকৃত্য তরসা গজানীকমুপাদ্রবৎ ॥৬২॥
তমাপতন্তং সহসা গজানীকং বৃকোদরঃ ।
দৃষ্ট্বৈব সুভৃশং ক্রুদ্ধো দিব্যমস্ত্রমুদৈরয়ৎ ।
গজৈর্গজানভ্যহনদ্বজ্রেণেন্দ্র ইবাসুরান্ ॥৬৩॥

ভারতকৌমুদী

উত্তমৌজা ইতি। হার্দ্দিক্যং হৃদিকপুত্রং কৃতবর্ম্মাণম্, ভীমং ভীষণমূর্ত্তিম্ ॥৫৭॥
তদিতি। বিশাং নরাণাম্, "দ্বৌ বিশৌ বৈশ্যমনুজৌ" ইত্যমরঃ ॥৫৮॥
কৃতেতি। বিব্যাধ বাণেন তাড়য়ামাস। রথস্য উপস্থে মধ্যদেশে ॥৫৯॥
সারথিরিতি। অপোবাহ রণস্থলাদপসারয়ামাস। উপাদ্রবদভ্যধাবৎ ॥৬০॥
দুরিতি। সৌবলঃ শকুনিঃ, পাণ্ডবং ভীমম্। পরিবার্য্য পরিবেষ্ট্য, ক্ষুদ্রকৈর্বাণৈঃ ॥৬১॥
তত ইতি। দুর্য্যোধনং প্রাগুক্তরাজানম্, অমর্ষণমসহিষ্ণুম্। তরসা বেগেন ॥৬২॥

পরন্তপ নরনাথ! আমি পূর্ব্বে যেরূপ যুদ্ধ আর দেখি নাই, সেই যুদ্ধ সেইরূপ বিশাল ও ভয়ঙ্করভাবে হইতে লাগিল ॥৫৮॥

রাজা! তাহার পর কৃতবর্ম্মা যুদ্ধে উত্তমৌজার বক্ষস্থলে বেগে আঘাত করিলেন; তখন উত্তমৌজা বেদনায় রথমধ্যে উপবেশন করিলেন ॥৫৯॥

তখন সারথি রথারোহণেই সেই রথিশ্রেষ্ঠকে রণস্থল হইতে লইয়া গেল। এই সময়ে সমস্ত কৌরবসৈন্য ভীমের দিকে ধাবিত হইল ॥৬০॥

এবং দুঃশাসন ও শকুনি বিশাল হস্তিসৈন্যদ্বারা পরিবেষ্টন করিয়া ক্ষুদ্রকবাণে ভীমকে তাড়ন করিতে লাগিলেন ॥৬১॥

তদনন্তর ভীম বহুতর বাণদ্বারা অসহিষ্ণু দুর্য্যোধনকে পরাঙ্মুখ করিয়া বেগে সেই হস্তিসৈন্যের দিকে ধাবিত হইলেন ॥৬২॥

---

(৬১)···ক্ষুরপ্রৈরভ্যতাড়য়ৎ—পি। (৬৩)···দিব্যমস্ত্রমুদীরয়ন্···পি।

ততোঽন্তরীক্ষং বাণৌঘৈঃ শলভৈরিব পাবকম্।
ছাদয়ামাস সমরে গজান্ নিঘ্নন্ বৃকোদরঃ ॥৬৪॥
ততঃ কুঞ্জরযূথানি সমেতানি সহস্রশঃ।
ব্যধমত্তরসা ভীমো মেঘসংঘানিবানিলঃ ॥৬৫॥
স্বুবর্ণজালপিহিতা মণিজালৈশ্চ কুঞ্জরাঃ।
রেজুরভ্যধিকং সংখ্যে বিদ্যুত্বন্ত ইবাম্বুদাঃ ॥৬৬॥
তে বধ্যমানা ভীমেন গজা রাজন্! বিদুদ্রুবুঃ।
কেচিদ্বিভিন্নহৃদয়াঃ কুঞ্জরা ন্যপতন্ ভুবি ॥৬৭॥
পাতিতৈর্নিপতদ্ভিশ্চ গজৈর্হেমবিভূষিতৈঃ।
অশোভত মহী তত্র বিশীর্ণৈরিব পর্বতৈঃ ॥৬৮॥

ভাবতকৌমুদী

তমিতি। উদৈবয়ৎ স্থিপৎ। অভ্যহনদিতি বিকবণলোপাভাব আর্ষঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৩॥

তত ইতি। শলভৈঃ পতঙ্গৈর্বিধাতেব। নিঘ্নন্ হন্তুমিচ্ছন্ ॥৬৪॥

তত ইতি। সমেতানি সমাগতানি। ব্যধমৎ ব্যনাশষৎ, তবসা বলেন ॥৬৫॥

স্বুবর্ণেতি। স্বুবর্ণজালৈঃ পিহিতা আবৃতাঃ, মণিজালৈশ্চ পিহিতা ইতি সম্বন্ধঃ ॥৬৬॥

ত ইতি। বিদুদ্রুবুঃ দ্রুতং পলাযাঞ্চক্রিরে। বিভিন্নহৃদযা বিদীর্ণবক্ষসঃ ॥৬৭॥

পাতিতৈবিতি। বিশীর্ণৈর্ভগ্নপতিতৈঃ ॥৬৮॥

সেই হস্তিসৈন্য বেগে আসিতেছে দেখিয়াই ভীম অত্যন্ত ক্রুদ্ধ হইয়া দিব্য অস্ত্র নিক্ষেপ কবিলেন এবং ইন্দ্র যেমন বজ্রদ্বাবা অসুরগণকে আঘাত কবিতেন, সেইরূপ হস্তিদ্বারাই হস্তিগণকে আঘাত কবিতে লাগিলেন ॥৬৩॥

তাহাব পর বিধাতা যেমন পতঙ্গ-(ফড়িং) দ্বাবা অগ্নিকে আবৃত কবেন, সেইরূপ ভীম হস্তিগণকে বধ কবিবাব ইচ্ছায় বাণসমূহদ্বারা আকাশকে আবৃত কবিলেন ॥৬৪॥

তদনন্তর বায়ু যেমন মেঘসমূহ বিনাশ কবে, তেমন ভীমসেন বলপূর্ব্বক আগত সহস্র সহস্র হস্তিসমূহ বিনাশ করিতে লাগিলেন ॥৬৫॥

স্বর্ণজাল ও মণিজালে আবৃত হস্তিগণ বিদ্যুৎসমন্বিত মেঘসমূহেব ন্যায় রণস্থলে বিশেষ শোভা পাইতে থাকিল ॥৬৬॥

রাজা! ভীমসেন বাণদ্বারা আঘাত করিতে লাগিলে, কতকগুলি হস্তী পলায়ন কবিল, কতকগুলির বক্ষস্থল বিদীর্ণ হইয়া গেল এবং কতকগুলি ভূতলে পতিত হইল ॥৬৭॥

দীপ্তাভৈ রত্নবদ্ভিশ্চ পতিতৈর্গজযোধিভিঃ।
ররাজ ভূমিঃ পতিতৈঃ ক্ষীণপুণ্যৈরিব গ্রহৈঃ ॥৬৯॥
তত্র ভিন্নকটা নাগা ভিন্নকুম্ভকরাস্তথা।
দুদ্রুবুঃ শতশঃ সংখ্যে ভীমসেনশরাহতাঃ ॥৭০॥
কেচিদ্বমন্তো রুধিরং ভয়ার্ত্তাঃ পর্ব্বতোপমাঃ।
ব্যদ্রবন্ শরবিদ্ধাঙ্গা ধাতুচিত্রা ইবাচলাঃ ॥৭১॥
মহাভুজগসঙ্কাশৌ চন্দনাগুরুরূষিতৌ।
অপশ্যন্ ভীমসেনস্য ধনুর্বিক্ষিপতো ভুজৌ ॥৭২॥
তস্য জ্যাতলনির্ঘোষং শ্রুত্বাশনিসমস্বনম্।
বিমুঞ্চন্তঃ শকৃন্মূত্রং গজাঃ প্রাদুদ্রুবুর্ভৃশম্ ॥৭৩॥

ভাবতকৌমুদী

দীপ্তেতি। দীপ্তাভৈঃ বত্নবত্ত্বাদেব উজ্জ্বলকান্তিভিঃ ॥৬৯॥
তত্রেতি। ভিন্নকটা বিদীর্ণগণ্ডাঃ, ভিন্নকুম্ভকবা বিদীর্ণকুম্ভশুণ্ডাঃ ॥৭০॥
কেচিদিতি। বমন্তো দেহান্নিঃসাবযন্তঃ। ব্যদ্রবন্ পলাযন্ত। ধাতুনা গৈবিকেণ চিত্রাঃ ॥৭১॥
মহেতি। চন্দনাগুরুভ্যাং রূষিতৌ বঞ্জিতৌ। অপশ্যন্ সর্বে ॥৭২॥
তস্যেতি। জ্যাতলযোর্ধনুর্গুণতলত্রযোর্নির্ঘোষম্। শকৃদ্বিষ্ঠা তদ্যুক্তং মূত্রম্ ॥৭৩॥

বিশীর্ণ পর্ব্বতসমূহেব ন্যায় পাতিত ও পতনশীল স্বর্ণভূষিত হস্তিগণদ্বারা তত্রত্য ভূমি শোভা পাইতে লাগিল ॥৬৮॥

রত্নধাবী ও উজ্জ্বলকান্তি গজযোধীবা পতিত হইলে, ক্ষীণপুণ্য পতিত গ্রহগণদ্বারাই যেন রণভূমি দীপ্তি পাইতে থাকিল ॥৬৯॥

তখন ভীমসেনের বাণের আঘাতে শত শত হস্তীব গণ্ড, শুণ্ড ও কুম্ভ বিদীর্ণ হইলে, সেগুলি পলায়ন করিতে লাগিল ॥৭০॥

কতকগুলি পর্ব্বতপ্রমাণ হস্তী ভীমেব বাণে বিদ্ধগাত্র ও ভয়ার্ত্ত হইয়া দেহ হইতে রক্ত নিঃসাবণ করিতে থাকিয়া গৈবিকবিচিত্র পর্ব্বতের ন্যায় পলায়ন করিতে লাগিল ॥৭১॥

ভীমসেন যখন ধনু সঞ্চালন করিতেছিলেন, তখন তাঁহাব চন্দনাগুরুরঞ্জিত ও মহাসর্পতুল্য বাহুযুগল সকলে দেখিতে থাকিল ॥৭২॥

বজ্রশব্দেব ন্যায় ভীমসেনেব ধনুষ্টঙ্কাব শুনিয়া হস্তিগণ বিষ্ঠা ও মূত্র ত্যাগ করিতে থাকিয়া বেগে পলায়ন কবিতে লাগিল ॥৭৩॥

(৬৯) দীপ্তাগ্রৈরুৎপতদ্ভিশ্চ···পি। (৭১)···ভুবি ভিন্না ইবাচলাঃ—পি।

ভীমসেনস্য তৎ কর্ম্ম রাজন্নেকস্য ধীমতঃ।
নিঘ্নতঃ সর্বভূতানি রুদ্রস্যেব চ নির্বভৌ ॥৭৪॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈযাসিক্যাং কর্ণপর্ব্বণি
সঙ্কুলযুদ্ধে সপ্তচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

——:-০-:——

অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ।

——:-০-:——

সঞ্জয় উবাচ।

ততঃ শ্বেতাশ্বসংযুক্তে নারায়ণসমাহিতে।
তিষ্ঠন্ রথবরে শ্রীমানর্জ্জুনঃ সমপদ্যত ॥১॥
তদ্বলং নৃপতিশ্রেষ্ঠ! তাবকং বিজয়ো রণে।
ব্যক্ষোভয়দুদীর্ণাশ্বং মহোদধিমিবানিলঃ ॥২॥
দুর্য্যোধনস্তব সুতঃ প্রমত্তে শ্বেতবাহনে।
অভ্যেত্য সহসা ক্রুদ্ধঃ সৈন্যার্দ্ধেনাভিসংবৃতঃ ॥৩॥

ভাবতকৌমুদী

ভীমেতি। সর্বভূতানি প্রলযকালে সর্বপ্রাণিনঃ, নির্বভৌ প্রচকাশে ॥৭৪॥
ইতি মহামহোপাধ্যায-ভাবতাচার্য্য-শ্রীহবিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতাযাং মহাভাবত-
টীকাযাং ভাবতকৌমুদীসমাখ্যাযাং কর্ণপর্ব্বণি সপ্তচত্বাবিংশোঽধ্যাযঃ ॥০॥

——:-০-:——

তত ইতি। নাবাযণসমাহিতে কৃষ্ণাধিষ্ঠিতে। শ্রীমান্ বীবশোভাবান্, সমপদ্যতাগচ্ছৎ ॥১॥
তদিতি। বিজযোঽর্জ্জুনঃ। উদীর্ণা উদ্ধতা অশ্বা যস্মিন্ তৎ, উৎপন্নোচ্চৈঃশ্রবসঞ্চ ॥২॥

বাজা! বুদ্ধিমান্ এক ভীমসেনের সেই কার্য্য, প্রলয়কালে সর্ব্বপ্রাণিসংহারী রুদ্রেব কার্য্যেব ন্যায় প্রকাশ পাইতে থাকিল' ॥৭৪॥

——:*:——

সঞ্জয় বলিলেন—'মহাবাজ! তাহাব পব বীরশোভায় শোভিত অর্জ্জুন শ্বেতাশ্বযুক্ত ও কৃষ্ণাধিষ্ঠিত উত্তম রথে থাকিয়া বণস্থলে উপস্থিত হইলেন ॥১॥

বাজশ্রেষ্ঠ! ক্রমে বায়ু যেমন মহাসমুদ্রকে বিক্ষুব্ধ কবে, সেইরূপ অর্জ্জুন আপনাব উদ্ধতঘোটকযুক্ত সৈন্যগণকে বিক্ষুব্ধ কবিতে লাগিলেন ॥২॥

* '.. একষষ্টিতমোঽধ্যাযঃ' পি বঙ্গ বর্দ্ধ বা সো। (১).. অর্জ্জুনঃ প্রত্যপদ্যত—পি।

পর্য্যবারয়দায়ান্তং যুধিষ্ঠিরমমর্ষণম্ ।
ক্ষুরপ্রাণাং ত্রিসপ্তত্যা ততোঽবিধ্যত পাণ্ডবম্ ॥৪॥ (যুগ্মকম্)
অক্রুধ্যত ভৃশং তত্র কুন্তীপুত্ত্রো যুধিষ্ঠিরঃ ।
স ভল্লাংস্ত্রিংশতস্তূর্ণং তব পুত্ত্রে ন্যবেশয়ৎ ॥৫॥
ততোঽধাবন্ত কৌরব্যা জিঘৃক্ষন্তো যুধিষ্ঠিরম্ ।
দুষ্টভাবান্ পরান্ জ্ঞাত্বা সমবেতা মহারথাঃ ।
আজগ্মুস্তং পরীপ্সন্তঃ কুন্তীপুত্ত্রং যুধিষ্ঠিরম্ ॥৬॥
নকুলঃ সহদেবশ্চ ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ ।
অক্ষৌহিণ্যা পরিবৃতাস্তেঽভ্যধাবন্ যুধিষ্ঠিরম্ ॥৭॥
ভীমসেনশ্চ সমরে মৃদ্নংস্তব মহারথান্ ।
অভ্যধাবদভিপ্রেপ্সূ রাজানং শত্রুনির্জিতম্ ॥৮॥

ভাবতকৌমুদী

দুবিতি । প্রমত্তে প্রকর্ষেণ যুদ্ধমত্তে, শ্বেতবাহনেঽর্জ্জুনে । পাণ্ডবং যুধিষ্ঠিবম্ ॥৩—৪॥
অক্রুধ্যতেতি । ত্রিংশত ইতি বহুবচনমার্ষম্ । ন্যবেশয়ৎ প্রাবেশয়ৎ ॥৫॥
তত ইতি । জিঘৃক্ষন্তো গ্রহীতুমিচ্ছন্তঃ, পুনর্দ্যূতক্রীডার্থমিতি ভাবঃ । দুষ্টো ভাবো গ্রহণাভিপ্রাযো যেষাং তান্, পবান্ কৌরবান্ । মহাবথাঃ পাণ্ডবপক্ষীবাঃ । বট্‌পাদঃ ॥৬॥
নকুল ইতি । পার্ষতঃ পৃষতপৌত্রঃ । যুধিষ্ঠিবমভ্যধাবন্ তস্য রক্ষণায ॥৭॥
ভীমেতি । অভিপ্রেপ্সুঃ বক্ষিতুমিচ্ছুঃ, শত্রুণা কর্ণেন নির্জিতং নির্জিতপূর্বম্ ॥৮॥

অর্জ্জুন যুদ্ধে মত্ত হইয়া উঠিলে এবং যুধিষ্ঠির অসহিষ্ণু হইয়া আসিতে লাগিলে, আপনার পুত্র দুর্য্যোধন হঠাৎ আসিয়া ক্রুদ্ধ ও অর্দ্ধসৈন্যে পরিবেষ্টিত হইয়া যুধিষ্ঠিরকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন এবং পবে তিনি তিয়াত্তবটা ক্ষুবপ্রদ্বাবা যুধিষ্ঠিবকে বিদ্ধ করিলেন ॥৩—৪॥

তখন কুন্তীনন্দন যুধিষ্ঠির অত্যন্ত ক্রুদ্ধ হইলেন এবং তিনি দুর্য্যোধনের প্রতি সত্বর ত্রিশটা ভল্ল নিক্ষেপ করিলেন ॥৫॥

তদনন্তর কৌববেরা যুধিষ্ঠিবকে ধরিবার ইচ্ছা কবিয়া ধাবিত হইলেন । তখন পাণ্ডবপক্ষের মহারথেবা শত্রুপক্ষেব দুবভিসন্ধি জানিয়া কুন্তীনন্দন যুধিষ্ঠিরকে রক্ষা করিবাব ইচ্ছা করিয়া সমবেত হইয়া আগমন কবিতে লাগিলেন ॥৬॥

নকুল, সহদেব এবং পৃষতনন্দন ধৃষ্টদ্যুম্ন ইহারা এক অক্ষৌহিণী সৈন্যে পরিবেষ্টিত হইয়া রক্ষা করিবার জন্য যুধিষ্ঠিবের দিকে ধাবিত হইলেন ॥৭॥

---

(৮)...বাজানং শত্রুভির্বৃতম্—পি বা সো।

তাংস্তু সর্বান্ মহেষ্বাসান্ কর্ণো বৈকর্ত্তনো নৃপ ।।
শরবর্ষেণ মহতা প্রত্যবারয়দাগতান্ ॥৯॥
শরৌঘান্ বিসৃজন্তস্তে প্রেষয়ন্তশ্চ তোমরান্ ।
ন শেকুর্যত্নবন্তোঽপি রাধেয়ং প্রতিবীক্ষিতুম্ ॥১০॥
তাংশ্চ সর্বান্ মহেষ্বাসান্ সর্বশস্ত্রাস্ত্রপারগঃ।
মহতা শরবর্ষেণ রাধেয়ঃ প্রত্যবারয়ৎ ॥১১॥
দুর্য্যোধনস্তু বিংশত্যা শীঘ্রমস্ত্রমুদীরয়ন্ ।
অবিধ্যত্তূর্ণমভ্যেত্য সহদেবো মহামনাঃ ॥১২॥
স বিদ্ধঃ সহদেবেন ররাজাচলসন্নিভঃ ।
প্রভিন্ন ইব মাতঙ্গো রুধিরেণ পরিপ্লুতঃ ॥১৩॥

ভাবতকৌমুদী

তানিতি। দেহাৎ কবচং বিকৃত্য ইন্দ্রায় তদ্দানাদ্বৈকর্ত্তনঃ সূর্য্যপুত্রো বা ॥৯॥
শবেতি। বিসৃজন্তো নিক্ষিপন্তঃ। যত্নবন্তো নকুলাদয়ঃ ॥১০॥
তানিতি। মহেষ্বাসান্ মহাধনুর্দ্ধরান্ নকুলাদীন্ ॥১১॥
দুবিতি। উদীবযন্ নিক্ষিপন্। মহামনা নির্ভযচিত্তঃ ॥১২॥
স ইতি। অচলসন্নিভঃ পর্বততুল্যঃ অবিচলিতঃ। প্রভিন্নো মদস্রাবী ॥১৩॥

মহাবাজ! ভীমসেনও যুদ্ধে আপনাব পক্ষেব মহারথগণকে পীড়ন করিতে করিতে কর্ণনির্জিত যুধিষ্ঠিবকে বক্ষা কবিবার ইচ্ছা করিয়া বেগে গমন করিতে লাগিলেন ॥৮॥

কিন্তু রাজা! বিকর্ত্তননন্দন এক কর্ণই বিশাল বাণবর্ষণ করিতে থাকিয়া আগত সেই সকল মহাধনুর্দ্ধবকে বাবণ করিতে থাকিলেন ॥৯॥

অথ চ তাঁহারা বাণ ও তোমবসমূহ নিক্ষেপ কবিতে থাকিয়া যত্নবান্ হইয়াও কর্ণেব প্রতি দৃষ্টিপাত করিতেও সমর্থ হইলেন না ॥১০॥

সর্ব্বশস্ত্রাস্ত্রপাবদর্শী কর্ণ বিশাল শরবর্ষণদ্বারা সেই সকল মহাধনুর্দ্ধরকেই বারণ করিতে লাগিলেন ॥১১॥

এই সময়ে সহদেব বেগে নির্ভয় চিত্তে আসিয়া সত্বব অস্ত্রক্ষেপ করিতে থাকিয়া কুড়িটা বাণদ্বারা দুর্য্যোধনকে বিদ্ধ কবিলেন ॥১২॥

সহদেব বিদ্ধ কবিলেও, দুর্য্যোধন মদস্রাবী হস্তীব ন্যায় রক্তাক্তদেহে পর্ব্বতের তুল্য অচলই রহিলেন ॥১৩॥

---

(৯)···বৈকর্ত্তনো বৃষঃ···পি,···বৈকর্ত্তনো নৃপঃ···বর্দ্ধ সো। (১১)···সর্ব্বশস্ত্রাস্ত্রপারগান্··· পি বা সো।

দৃষ্ট্বা তব সুতং তত্র গাঢ়বিদ্ধং সুতেজনৈঃ।
অভ্যধাবত সংক্রুদ্ধো রাধেয়ো রথিনাং বরঃ ॥১৪॥
দুর্য্যোধনং তথা দৃষ্ট্বা শীঘ্রমস্ত্রমুদীর্য্য সঃ।
তেন যৌধিষ্ঠিরং সৈন্যমবধীৎ পার্ষতং তথা ॥১৫॥
ততো যৌধিষ্ঠিরং সৈন্যং বধ্যমানং মহাত্মনা।
সহসা প্রাদ্রবদ্রাজন্! সূতপুত্রশরার্দ্দিতম্ ॥১৬॥
বিবিধা বিশিখাস্তত্র সংপতন্তঃ পরস্পরম্।
ফলৈঃ পুঙ্খান্ সমাজগ্মুঃ সূতপুত্রধনুশ্চ্যুতাঃ ॥১৭॥
অন্তরীক্ষে শরৌঘাণাং পততাঞ্চ পরস্পরম্।
সংঘর্ষাচ্চ মহারাজ! পাবকঃ সমজায়ত ॥১৮॥
ততো দশ দিশঃ কর্ণঃ শলভৈরিব যায়িভিঃ।
অভ্যহংস্তরসা রাজন্! শরৈঃ পরশরীরগৈঃ ॥১৯॥

ভারতকৌমুদী

দৃষ্ট্বেতি। সুতেজনৈর্মহাবেগৈর্বাণৈঃ। অভ্যধাবত দুর্য্যোধনরক্ষণায় ॥১৪॥
দুবিতি। উদীর্য্য নিক্ষিপ্য, স রাধেয়ঃ। তেনাস্ত্রেণ। পার্ষতং ধৃষ্টদ্যুম্নম্ ॥১৫॥
তত ইতি। মহাত্মনা কর্ণেন। প্রাদ্রবৎ পলায়ত ॥১৬॥
বিবিধা ইতি। ফলৈর্মুখফলকৈঃ, পুঙ্খান্ মূলদেশান্, সমাজগ্মুঃ প্রাপুঃ ॥১৭॥
অন্তরীক্ষ ইতি। পরস্পরং সংঘর্ষাদিতি সম্বন্ধঃ, পাবকো বহ্নিঃ ॥১৮॥

রাজা! রথিশ্রেষ্ঠ কর্ণ দুর্য্যোধনকে সহদেবের মহাবেগশালী বাণে গাঢ়বিদ্ধ দেখিয়া অত্যন্ত ক্রুদ্ধ হইয়া সেই দিকে ধাবিত হইলেন ॥১৪॥

তিনি দুর্য্যোধনকে সেইরূপ দেখিয়া সত্বর সত্বর অস্ত্রনিক্ষেপ করিয়া তাহাদ্বারা যুধিষ্ঠিরের সৈন্য বধ করিতে লাগিলেন এবং ধৃষ্টদ্যুম্নকেও আঘাত করিতে থাকিলেন ॥১৫॥

রাজা! তখন কর্ণ বধ করিতে লাগিলে, যুধিষ্ঠিরের সৈন্য কর্ণের বাণে পীড়িত হইয়া বেগে পলায়ন করিতে লাগিল ॥১৬॥

সেই সময়ে নানাবিধ বাণ কর্ণের ধনু হইতে নির্গত ও পতিত হইতে থাকিয়া পরস্পর ফলকদ্বারা পুঙ্খদেশ স্পর্শ করিতে থাকিল ॥১৭॥

মহারাজ! ক্রমে আকাশগামী বাণসমূহের পরস্পর সংঘর্ষে অগ্নি উৎপন্ন হইতে লাগিল ॥১৮॥

(১৪)···প্রত্যধাবদ্ভৃশং ক্রুদ্ধঃ···পি,···অভ্যধাবদ্দৃঢ়ং ক্রুদ্ধঃ···বা সো। (১৯)···অভ্যঘ্নংস্তরসা···পি,···অভ্যঘ্নংস্তরসা···বা সো।

রক্তচন্দনসন্দিগ্ধৌ মণিহেমবিভূষিতৌ।
বাহূ ব্যত্যক্ষিপৎ কর্ণঃ পরমাস্ত্রং বিদর্শয়ন্ ॥২০॥
ততঃ সর্বা দিশো রাজন্! সায়কৈর্বিপ্রমোহয়ন্।
অপীড়য়দ্ভৃশং কর্ণো ধর্ম্মরাজং যুধিষ্ঠিরম্ ॥২১॥
ততঃ ক্রুদ্ধো মহারাজ! ধর্ম্মপুত্রো যুধিষ্ঠিরঃ।
নিশিতৈরিষুভিঃ কর্ণং পঞ্চাশদ্ভিঃ সমার্পয়ৎ ॥২২॥
বাণান্ধকারমভবত্তদ্যুদ্ধং ঘোরদর্শনম্।
হাহাকারো মহানাসীত্তাবকানাং বিশাংপতে! ॥২৩॥
বধ্যমানে তথা সৈন্যে ধর্ম্মপুত্রেণ মারিষ!।
সায়কৈর্বিবিধৈস্তীক্ষ্ণৈঃ কঙ্কপত্রৈঃ শিলাশিতৈঃ ॥২৪॥
ভল্লৈরনেকৈর্বিবিধৈঃ শক্ত্যৃষ্টিমুষলৈরপি।
যত্র যত্র স ধর্ম্মাত্মা দুষ্টাং দৃষ্টিং ব্যসর্জয়ৎ ॥২৫॥

ভারতকৌমুদী

তত ইতি। দশদিগভিঘাতেনৈব পবাভিঘাত ইতি ভাবঃ, তবসা বেগেন ॥১৯॥

বক্তেতি। বক্তচন্দনেন সন্দিগ্ধৌ লিপ্তৌ। ব্যত্যক্ষিপৎ উভযপার্শ্বে এবাচালযৎ ॥২০॥

তত ইতি। বিপ্রমোহযন্ সর্ব্বথা আবৃণ্বন্নিত্যর্থঃ ॥২১॥

তত ইতি। পঞ্চাশদ্ভিবিতি বহুবচনমার্ষম্। সমার্পয়দপীডযৎ ॥২২॥

বাণেতি। বাণৈরন্ধকাবো যস্মিংস্তৎ। তাবকানাং সৈন্যানাম্। কথং হাহাকাব আসীদিত্যাহ বধ্যেতি। কঙ্কানাং পক্ষিণাং পত্রাণি পক্ষা যেষু তৈঃ। দুষ্টাং ক্রোধকুটিলাম্।

রাজা! তাহাব পব কর্ণ পতঙ্গেব ন্যায় গমনকারী ও পরশবীবপাতী বাণসমূহদ্বাবা বেগে দশটা দিক্কেই আঘাত কবিতে থাকিলেন ॥১৯॥

তৎকালে কর্ণ উত্তম অস্ত্র সকল দেখাইতে থাকিয়া বক্তচন্দনলিপ্ত ও মণিস্বর্ণভূষিত বাহুযুগলকে উভয়পার্শ্বেই সঞ্চালিত করিতে লাগিলেন ॥২০॥

বাজা! তাহাব পব কর্ণ বাণে বাণে সকল দিক্ আবৃত কবিতে থাকিয়া ধর্ম্মবাজ যুধিষ্ঠিবকে গুরুতর পীড়ন করিতে লাগিলেন ॥২১॥

মহাবাজ! তদনন্তব ধর্ম্মপুত্র যুধিষ্ঠিবও ক্রুদ্ধ হইয়া পঞ্চাশটা সুধাব বাণদ্বাবা কর্ণকে পীড়ন কবিলেন ॥২২॥

নরনাথ! ক্রমে সেই বণস্থলটা বাণে বাণে অন্ধকারময় ও ভীষণ হইয়া পড়িল এবং আপনাব সৈন্যদেব মধ্যে বিশাল হাহাকাব উঠিল। কারণ, মাননীয় রাজা!

---

(২৩)…তুমুলং ঘোবদর্শনম্…পি।

তত্র তত্র ব্যশীর্য্যন্ত তাবকা ভরতর্ষভ ।।
কর্ণোঽপি ভৃশসংক্রুদ্ধো ধর্ম্মরাজং যুধিষ্ঠিরম্ ॥২৬॥
নারাচৈরর্দ্ধচন্দ্রৈশ্চ বৎসদন্তৈশ্চ সংযুগে।
অমর্ষী ক্রোধনশ্চৈব রোষপ্রস্ফুরিতাধরঃ ॥২৭॥
সায়কৈরপ্রমেয়াত্মা যুধিষ্ঠিরমুপাদ্রবৎ।
যুধিষ্ঠিরশ্চাপি স তং স্বর্ণপুঙ্খৈঃ শিলাশিতৈঃ ॥২৮॥ (কুলকম্)
প্রহসন্নিব তং কর্ণঃ কঙ্কপত্রৈঃ শিলাশিতৈঃ।
উরস্যবিধ্যদ্রাজানং ত্রিভির্ভল্লৈশ্চ পাণ্ডবম্ ॥২৯॥
স পীড়িতো ভৃশং তেন ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ।
উপবিশ্য রথোপস্থে সূতং যাহীত্যচোদয়ৎ ॥৩০॥
প্রাক্রোশন্ত ততঃ সর্বে ধার্ত্তরাষ্ট্রাঃ সরাজকাঃ।
গৃহ্নীধ্বমিতি রাজানমভ্যধাবন্ত সর্বশঃ ॥৩১॥

ভারতকৌমুদী

ব্যশীর্য্যন্ত নিস্তেজস্কা অভবন্। অমর্ষী অসহিষ্ণুঃ, রোষেণ প্রস্ফুরিতঃ অধরো যস্য সঃ। অপ্রমেয়াত্মা অজ্ঞেয়শক্তিঃ, উপাদ্রবদপীডয়ৎ। যুধিষ্ঠিরশ্চাপি তমুপাদ্রবদিতি সম্বন্ধঃ ॥২৩—২৮॥

প্রেতি। প্রহসন্নিব অবজ্ঞাকৌতুকাদিতি ভাবঃ। উরসি বক্ষসি ॥২৯॥

স ইতি। রথস্য উপস্থে মধ্যে, সূতং সারথিম্, অচোদয়ৎ প্রৈরয়ৎ ॥৩০॥

যুধিষ্ঠির কঙ্কপক্ষযুক্ত ও শিলাশাণিত নানাবিধ তীক্ষ্ণ বাণ, বহুতর বিবিধ ভল্ল এবং শক্তি, ঋষ্টি ও মুষলদ্বারা আপনার সৈন্যগণকে বধ করিতে লাগিলেন; আর ভরতশ্রেষ্ঠ! ধর্ম্মাত্মা যুধিষ্ঠির যেদিকে যেদিকে কোপকুটিল দৃষ্টিপাত করিতে থাকিলেন, সেই দিকে সেই দিকেই আপনার সৈন্যগণের তেজোহ্রাস হইতে থাকিল। তখন কর্ণও অত্যন্তক্রুদ্ধ ও অসহিষ্ণু হইয়া পড়িলেন; সুতরাং ক্রোধে তাঁহার অধর কম্পিত হইতে লাগিল। অতএব অসাধারণশক্তিশালী কর্ণ নারাচ, অর্দ্ধচন্দ্র ও বৎসদন্তবাণে যুধিষ্ঠিরকে পীড়ন করিতে লাগিলেন। আবার যুধিষ্ঠিরও স্বর্ণপুঙ্খ ও শিলাশাণিত বাণদ্বারা কর্ণকে পীড়ন করিতে থাকিলেন ॥২৩—২৮॥

তখন কর্ণ হাস্য করতই যেন শিলাশাণিত বহুতর বাণ এবং তিনটা ভল্লদ্বারা যুধিষ্ঠিরের বক্ষস্থল বিদ্ধ করিলেন ॥২৯॥

কর্ণ গুরুতর পীড়ন করিলে, ধর্ম্মরাজ যুধিষ্ঠির রথমধ্যে উপবেশন করিয়া সারথিকে বলিলেন—'যাও' ॥৩০॥

---

(২৭)···রোষপ্রস্ফুরিতাননঃ—বর্দ্ধ বা সো।

ততঃ শতাঃ সপ্তদশ কৈকেয়ানাং প্রহারিণাম্।
পাঞ্চালৈঃ সহিতা রাজন্! ধার্ত্তরাষ্ট্রানবারয়ন্ ॥৩২॥
তস্মিংস্তু তুমুলে যুদ্ধে বর্ত্তমানে মহাভয়ে।
দুর্য্যোধনশ্চ ভীমশ্চ সমেয়াতাং মহাবলৌ ॥৩৩॥
কর্ণোঽপি শরজালেন কৈকেয়ানাং মহারথান্।
ব্যধমৎ পরমেষ্বাসানগ্রতঃ পর্য্যবস্থিতান্ ॥৩৪॥
স তেষাং যতমানানাং রাধেয়স্য নিবারণে।
রথান্ পঞ্চশতান্ কর্ণঃ প্রাহিণোদ্‌যমসাদনম্ ॥৩৫॥
অবিষহ্যং ততো দৃষ্ট্বা রাধেয়ং যুধি যোধিনঃ।
ভীমসেনমুপাগচ্ছন্ কর্ণবাণপ্রপীড়িতাঃ ॥৩৬॥

ভাবতকৌমুদী

প্রেতি। বাজানং গৃহ্ণীধ্বমিতি প্রাক্রোশন্ত উচ্চৈববদন্। সবাজকাঃ সদুর্য্যোধনাঃ ॥৩১॥
তত ইতি। প্রহাবিণাং শস্ত্রপ্রহাবনিপুণানাম্ ॥৩২॥
তস্মিন্নিতি। মহৎ ভয়ং যস্মাত্তস্মিন্। সমেযাতাং সম্মিলিতাবভবতাম্ ॥৩৩॥
কর্ণ ইতি। ব্যধমৎ ব্যনাশযৎ, পবমেষ্বাসান্ মহাধনুর্দ্ধবান্ ॥৩৪॥
স ইতি। প্রাহিণোৎ প্রৈরযৎ, যমস্য সাদনং ভবনম্ ॥৩৫॥
অবিষহ্যমিতি। যোধিনো যোদ্ধাবঃ। ভীমসেনমুপাগচ্ছন্ শবণতযা ॥৩৬॥

তাহাব পব দুর্য্যোধনের সহিত ধার্ত্তরাষ্ট্রেবা সকলেই উচ্চস্ববে বলিলেন—'বাজাকে ধব' এই বলিয়া তাঁহাবা সকল দিক্ হইতে ধাবিত হইলেন ॥৩১॥

রাজা! তৎপবে প্রহাবনিপুণ সপ্তদশ শত কৈকেয়বীর পাঞ্চালগণের সহিত মিলিত হইয়া ধার্ত্তবাষ্ট্রগণকে বাবণ কবিতে লাগিলেন ॥৩২॥

সেই তুমুল ও ভয়ঙ্কর যুদ্ধ চলিতে লাগিলে, মহাবল দুর্য্যোধন ও ভীমসেন পবস্পব মিলিত হইলেন ॥৩৩॥

এদিকে কর্ণও বাণজালদ্বাবা সম্মুখবর্ত্তী মহাধনুর্দ্ধব কৈকেয়মহারথগণকে বিনাশ কবিতে থাকিলেন ॥৩৪॥

কৈকেয়েবা কর্ণকে নিবাবণ কবিবাব পক্ষে যত্ন কবিতে লাগিলে, কর্ণ তাহাদের মধ্যে পাঁচ শত বথীকে যমালয়ে প্রেবণ কবিলেন ॥৩৫॥

তাহাব পর কর্ণবাণে প্রপীড়িত যোদ্ধারা কর্ণকে যুদ্ধে অসহ্য দেখিয়া সত্বব যাইয়া ভীমসেনেব শরণাপন্ন হইল ॥৩৬॥

(৩৩)…বর্ত্তমানে জনক্ষযে…পি বা সো। (৩৩) ইতঃ পবম্ '…দ্বিষষ্টিতমোঽধ্যাযঃ। সঞ্জয় উবাচ।' পি বঙ্গ বর্দ্ধ বা সো। (৩৫) তেষাং প্রযতমানানাম্…পি বা সো।

রথানীকং বিদার্য্যৈব শরজালৈরনেকধা।
কর্ণ একরথেনৈব যুধিষ্ঠিরমুপাদ্রবৎ ॥৩৭॥
সেনানিবেশমার্চ্ছন্তং মার্গণৈঃ ক্ষতবিক্ষতম্।
যময়োর্মধ্যগং বীরং নিরীক্ষন্তং বিচেতসম্ ॥৩৮॥
সমাসাদ্য তু রাজানং দুর্য্যোধনহিতেপ্সয়া।
সূতপুত্রস্ত্রিভিস্তীক্ষ্ণৈর্বিব্যাধ পরমেষুভিঃ ॥৩৯॥ (যুগ্মকম্)
তথৈব রাজা রাধেয়ং প্রত্যবিধ্যৎ স্তনান্তরে।
শরৈস্ত্রিভিশ্চ যন্তারং চতুর্ভিশ্চতুরো হয়ান্ ॥৪০॥
চক্ররক্ষৌ তু পার্থস্য মাদ্রীপুত্রৌ পরন্তপৌ।
তাবপ্যধাবতাং কর্ণং রাজানং মা বধীদিতি ॥৪১॥
তৌ পৃথক্ শরজালাভ্যাং রাধেয়মভ্যবর্ষতাম্।
নকুলঃ সহদেবশ্চ পরমং যত্নমাস্থিতৌ ॥৪২॥

ভারতকৌমুদী

রথেতি। রথানীকং রথিসৈন্যম্। উপাদ্রবৎ অভ্যধাবৎ ॥৩৭॥

সেনেতি। সেনানিবেশং শিবিরম্, আর্চ্ছন্তং গচ্ছন্তম্, মার্গণৈঃ কর্ণবাণৈঃ। যময়োর্নকুলসহদেবয়োঃ। বিচেতসং পরাজয়াদ্বিষণ্ণচিত্তম্। রাজানং যুধিষ্ঠিরম্ ॥৩৮—৩৯॥

তথেতি। রাজা যুধিষ্ঠিরঃ। যন্তারং কর্ণস্য সারথিং শল্যম্ ॥৪০॥

চক্রেতি। চক্ররক্ষৌ পার্শ্বয়োঃ সৈন্যরক্ষকৌ, পার্থস্য যুধিষ্ঠিরস্য ॥৪১॥

তাবিতি। পরমং যত্নং রাধেয়নিবারণে, আস্থিতৌ আশ্রিতৌ ॥৪২॥

এদিকে কর্ণ বাণসমূহদ্বারা পাণ্ডবপক্ষের রথিসৈন্যকে অনেক প্রকারে বিদীর্ণ করিয়া একরথেই যুধিষ্ঠিরের দিকে ধাবিত হইলেন ॥৩৭॥

ওদিকে বীর যুধিষ্ঠির কর্ণের বাণে ক্ষতবিক্ষতদেহ ও বিষণ্ণচিত্ত হইয়া নকুল ও সহদেবের মধ্যে থাকিয়া পিছনের দিকে দৃষ্টিপাত করিতে করিতে শিবিরে যাইতেছিলেন, এই সময়ে কর্ণ যাইয়া দুর্য্যোধনের হিতসাধনের ইচ্ছায় তিনটা তীক্ষ্ণ উত্তম বাণদ্বারা যুধিষ্ঠিরকে বিদ্ধ করিলেন ॥৩৮—৩৯॥

তখন যুধিষ্ঠিরও সেইরূপই কর্ণের বক্ষস্থল প্রতিবিদ্ধ করিলেন এবং তিন বাণে কর্ণের সারথিকে ও চারি বাণে চারিটা অশ্বকে তাড়ন করিলেন ॥৪০॥

'কর্ণ যুধিষ্ঠিরকে বধ করিতে না পারেন' ইহা ভাবিয়া যুধিষ্ঠিরের চক্ররক্ষক শত্রুসন্তাপক নকুল এবং সহদেবও কর্ণের দিকে ধাবিত হইলেন ॥৪১॥

---

(৩৮)···শনৈর্যান্তম্···বর্দ্ধ বা সো।

তথৈব তৌ প্রত্যবিধ্যৎ সূতপুত্রঃ প্রতাপবান্।
ভল্লাভ্যাং শিতধারাভ্যাং মহাত্মানাবরিন্দমৌ ॥৪৩॥
দন্তবর্ণাংস্তু রাধেয়ো নিজঘান মনোজবান্।
যুধিষ্ঠিরস্য সংগ্রামে কালবালান্ হয়োত্তমান্ ॥৪৪॥
ততোঽপরেণ ভল্লেন শিরস্ত্রাণমপাতয়ৎ।
কৌন্তেয়স্য মহেষ্বাসঃ প্রহসন্নিব সূতজঃ ॥৪৫॥
তথৈব নকুলস্যাপি হয়ান্ হত্বা প্রতাপবান্।
ঈষাং ধনুশ্চ চিচ্ছেদ মাদ্রীপুত্রস্য ধীমতঃ ॥৪৬॥
তৌ হতাশ্বৌ হতরথৌ পাণ্ডবৌ ভৃশবিক্ষতৌ।
ভ্রাতরাবারুরুহতুঃ সহদেবরথং তদা ॥৪৭॥

ভাবতকৌমুদী

তথেতি। শিতে শিলাঘর্ষণাদিনা তনূকৃতে ধাবে মুখদেশৌ যয়োস্তাভ্যাম্ ॥৪৩॥

দন্তেতি। দন্তবর্ণান্ শুভ্রান্। মনস ইব জবো বেগো যেষাং তান্। কালবালান্ কৃষ্ণকেশবান্ ॥৪৪॥

তত ইতি। কৌন্তেযস্য যুধিষ্ঠিবস্য, মহেষ্বাসো মহাধনুর্দ্ধবঃ, সূতজঃ কর্ণঃ।

অত্র যুধিষ্ঠিবাদীন্ হন্তুং শক্তোঽপি কর্ণঃ কুন্ত্যন্তিকে কৃতাযাঃ প্রতিজ্ঞাযাঃ স্মবণান্নাবধীৎ; দ্রোণোঽপি পাণ্ডবান্ ন হন্মীত্যভিধায প্রাপ্তাবসবোঽপি ন জঘান; ভীষ্মোঽপি স্নেহাদভিমন্যু-প্রভৃতীন্ মুমোচেতি দুর্য্যোধনস্তৈতেষু জযাশা গর্বোক্তিঃ সন্ধ্যনঙ্গীকাবশ্চ যুক্তিযুক্তা এব ॥৪৫॥

তথেতি। প্রতাপবান্ কর্ণঃ। ঈষাং বথগতং দীর্ঘদণ্ডম্ ॥৪৬॥

তাবিতি। পাণ্ডবৌ যুধিষ্ঠিবনকুলৌ ॥৪৭॥

নকুল ও সহদেব বিশেষ যত্নসহকাবে পৃথক্ পৃথক্ ভাবে কর্ণেব উপবে বাণসমূহ বর্ষণ কবিতে লাগিলেন ॥৪২॥

প্রতাপশালী কর্ণও সুধাব দুইটা ভল্লদ্বাবা মহাত্মা ও শত্রুদমনকাবী নকুল ও সহদেবকে প্রতিবিদ্ধ কবিলেন ॥৪৩॥

তৎপরে কর্ণ দন্তেব ন্যায় শুভ্রবর্ণ, মনেব তুল্য বেগবান্ এবং কৃষ্ণবর্ণকেশবযুক্ত যুধিষ্ঠিবেব চাবিটা উত্তম অশ্বকে বধ কবিলেন ॥৪৪॥

তদনন্তর মহাধনুর্দ্ধর কর্ণ হাসিতে হাসিতেই যেন অপব একটা ভল্লদ্বাবা যুধিষ্ঠিরেব শিরস্ত্রাণ নিপাতিত কবিলেন ॥৪৫॥

এবং প্রতাপশালী কর্ণ সেইভাবেই বুদ্ধিমান্ মাদ্রীপুত্র নকুলেবও অশ্বগুলিকে বধ কবিয়া ঈষা (বথদণ্ড) ও ধনু ছেদন করিলেন ॥৪৬॥

তৌ দৃষ্ট্বা মাতুলস্তত্র বিরথৌ পরবীরহা।
অভ্যভাষত রাধেয়ং মদ্ররাজোঽনুকম্পয়া ॥৪৮॥
যোদ্ধব্যমদ্য পার্থেন ফাল্গুনেন ত্বয়া সহ।
কিমর্থং ধর্ম্মরাজেন যুধ্যসে ভৃশরোষিতঃ ॥৪৯॥
ক্ষীণশস্ত্রাস্ত্রকবচঃ ক্ষীণবাণো বিবাণধিঃ।
শ্রান্তসারথিবাহশ্চ ভুগ্নোঽস্ত্রৈররিভিস্তথা।
পার্থমাসাদ্য রাধেয়! উপহাস্যো ভবিষ্যসি ॥৫০॥
এবমুক্তোঽপি কর্ণস্তু মদ্ররাজেন সংযুগে।
তথৈব কর্ণঃ সংরব্ধো যুধিষ্ঠিরমতাড়য়ৎ ॥৫১॥
শরৈস্তীক্ষ্ণৈঃ পরাবিধ্যন্মাদ্রীপুত্রৌ চ পাণ্ডবৌ।
প্রহস্য সমরে কর্ণশ্চকার বিমুখং শরৈঃ ॥৫২॥

ভারতকৌমুদী

তাবিতি। পরবীরহা বিপক্ষবীরহন্তা। অনুকম্পয়া ভাগিনেয়েষু দয়য়া ॥৪৮॥
যোদ্ধব্যমিতি। ত্বয়া যোদ্ধব্যমিতি সম্বন্ধঃ, পার্থেন পৃথাপুত্রেণ, ফাল্গুনেনার্জ্জুনেন ॥৪৯॥
ক্ষীণেতি। বিবাণধিঃ শূন্যতূণঃ। বাহা অশ্বাঃ, ভুগ্নো ব্যথিতঃ। ষট্ পাদঃ শ্লোকঃ ॥৫০॥
এবমিতি। সংরব্ধঃ সোৎসাহঃ, অতাড়য়ৎ শক্তিপ্রদর্শনার্থমিতি ভাবঃ ॥৫১॥
শরৈরিতি। বিমুখং যুধিষ্ঠিরাদিত্রয়মেব ॥৫২॥

অশ্ব নিহত, রথ বিনষ্ট ও দেহ অত্যন্ত ক্ষতবিক্ষত হইলে, যুধিষ্ঠির ও নকুল যাইয়া সহদেবের রথে আরোহণ করিলেন ॥৪৭॥

তাঁহাদিগকে রথবিহীন দেখিয়া বিপক্ষবীরহন্তা মাতুল শল্য দয়াবশতঃ কর্ণকে বলিলেন—॥৪৮॥

'কর্ণ! আজ তোমার পৃথানন্দন অর্জ্জুনের সহিত যুদ্ধ করিতে হইবে। অতএব তুমি অত্যন্তক্রুদ্ধ হইয়া যুধিষ্ঠিরের সহিত যুদ্ধ করিতেছ কেন ॥৪৯॥

রাধানন্দন! ইহাদের সহিত যুদ্ধ করিতে থাকিলে, তোমার অস্ত্র, শস্ত্র, কবচ ও বাণ সকল ক্ষয় পাইবে, তূণগুলি শূন্য হইয়া যাইবে, সারথি ও অশ্বগুলি পরিশ্রান্ত হইয়া পড়িবে এবং তুমিও শত্রুগণের অস্ত্রে ক্ষতবিক্ষত হইবে; তখন অর্জ্জুনকে পাইয়া উপহাস্য হইবে' ॥৫০॥

শল্য এইরূপ বলিলেও কর্ণ সেইরূপই উৎসাহের সহিত যুধিষ্ঠিরকে তাড়ন করিতে থাকিলেন ॥৫১॥

---

(৫০)…ভুগ্নোঽস্ত্রৈঃ…বর্দ্ধ,…ছন্নোঽস্ত্রৈঃ…বা সো।

ততঃ শল্যঃ প্রহস্যেদং কর্ণং পুনরুবাচ হ।
রথস্থমতিসংরব্ধং যুধিষ্ঠিরবধে ধৃতম্ ॥৫৩॥
যদর্থং ধার্ত্তরাষ্ট্রেণ সততং মানিতো ভবান্।
তং পার্থং জহি রাধেয়! কিং তে হত্বা যুধিষ্ঠিরম্ ॥৫৪॥
শঙ্খয়োর্ধ্মাতয়োঃ শব্দঃ সুমহানেষ কৃষ্ণয়োঃ।
শ্রূয়তে চাপঘোষোঽয়ং প্রাবৃষীবাম্বুদস্য হ ॥৫৫॥
অসৌ নিঘ্নন্ রথোদারানর্জ্জুনঃ শরবৃষ্টিভিঃ।
সর্বাং গ্রসতি নঃ সেনাং কর্ণ! পশ্যৈনমাহবে ॥৫৬॥
পৃষ্ঠরক্ষৌ চ শূরস্য যুধামন্যূত্তমৌজসৌ।
উত্তরঞ্চাস্য বৈ শূরশ্চক্রং রক্ষতি সাত্যকিঃ ॥৫৭॥
ধৃষ্টদ্যুম্নস্তথা চাস্য চক্রং রক্ষতি দক্ষিণম্।
ভীমসেনস্তু বৈ রাজ্ঞা ধার্ত্তরাষ্ট্রেণ যুধ্যতে ॥৫৮॥

ভারতকৌমুদী

তত ইতি। অতিসংবব্ধম্ অতীবক্রুদ্ধম্, ধৃতং সাগ্রহম্ ॥৫৩॥
যদিতি। ধার্ত্তবাষ্ট্রেণ দুর্য্যোধনেন। পার্থমর্জ্জুনম্ ॥৫৪॥
শঙ্খযোবিতি। ধ্মাতযোর্বাদিতযোঃ। কৃষ্ণযোঃ কৃষ্ণার্জ্জুনযোঃ। প্রাবৃষি বর্ষাসু ॥৫৫॥
অসাবিতি। বথোদাবান্ মহাবথান্। আহবে বণভূমৌ ॥৫৬॥
পৃষ্ঠেতি। শূবস্য অর্জ্জুনস্য। উত্তবং বামম্। চক্রং সৈন্যসমূহম্ ॥৫৭॥

এবং তিনি তীক্ষ্ণ বাণসমূহদ্বাবা নকুল-সহদেবকেও তাড়ন কবিলেন; ক্রমে হাস্য কবিয়া বাণদ্বারা তিন জনকেই যুদ্ধে বিমুখ কবিলেন ॥৫২॥

রথাবোহী কর্ণ অত্যন্তক্রুদ্ধ ও যুধিষ্ঠিববধে আগ্রহান্বিত হইয়াছেন বুঝিয়া শল্য হাস্য করিয়া পুনবায় কর্ণকে এই কথা বলিলেন—॥৫৩॥

'বাধানন্দন! যে জন্য দুর্য্যোধন তোমার সম্মান কবিয়া আসিতেছেন, তুমি সেই অর্জ্জুনকে বধ কব, যুধিষ্ঠিবকে বধ কবিয়া তোমাব কি হইবে ॥৫৪॥

কৃষ্ণ পাঞ্চজন্যশঙ্খ ও অর্জ্জুন দেবদত্তশঙ্খ বাজাইতেছেন, তাহাব এই বিশাল শব্দ শুনা যাইতেছে এবং বর্ষাকালে মেঘগর্জনেব ন্যায় ধনুষ্টঙ্কাবও হইতেছে ॥৫৫॥

কর্ণ! ঐ অর্জ্জুন বাণবর্ষণ কবিয়া প্রধান প্রধান বথীকে বধ কবতঃ আমাদেব সমস্ত সৈন্য গ্রাস কবিতেছেন; বণস্থলে উঁহাকে দর্শন কব ॥৫৬॥

যুধামন্যু ও উত্তমৌজা ঐ বীবেব পৃষ্ঠবক্ষক হইয়াছেন এবং বীব সাত্যকি উঁহাব বাম চক্র বক্ষা কবিতেছেন ॥৫৭॥

যথা ন হন্যাত্তং ভীমঃ সর্ব্বেষাং নোঽস্য পশ্যতাম্।
তথা রাধেয়! ক্রিয়তাং রাজা মুচ্যেত নো যথা ॥৫৯॥
পশ্যৈনং ভীমসেনেন গ্রস্তমাহবশোভিনা।
যদি ত্বাসাদ্য মুচ্যেত বিস্ময়ঃ সুমহান্ ভবেৎ ॥৬০॥
পরিত্রাহ্যেনমভ্যেত্য সংশয়ং পরমং গতম্।
কিন্নু মাদ্রীসুতৌ হত্বা রাজানং বা যুধিষ্ঠিরম্ ॥৬১॥
ইতি শল্যবচঃ শ্রুত্বা রাধেয়ঃ পৃথিবীপতে!।
দৃষ্ট্বা দুর্য্যোধনঞ্চৈব ভীমগ্রস্তং মহাহবে ॥৬২॥
রাজগৃদ্ধী ভৃশঞ্চৈব শল্যবাক্যপ্রচোদিতঃ।
অজাতশত্রুমুৎসৃজ্য মাদ্রীপুত্রৌ চ পাণ্ডবৌ ॥৬৩॥
তব পুত্রং পরিত্রাতুমভ্যধাবত বীর্য্যবান্।
মদ্ররাজপ্রণুদিতৈরশ্বৈরাকাশগৈরিব ॥৬৪॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

ধৃষ্টেতি। অস্য অর্জ্জুনস্য। ধার্ত্তরাষ্ট্রেণ দুর্য্যোধনেন সহ ॥৫৮॥
যথেতি। নঃ অস্মাকম্। নঃ অস্মাকং রাজা দুর্য্যোধনঃ ॥৫৯॥
পশ্যেতি। আসাদ্য ভীমসেনং প্রাপ্য, মুচ্যেত অসৌ ধার্ত্তরাষ্ট্রঃ ॥৬০॥
পরীতি। এনং ধার্ত্তরাষ্ট্রম্, সংশয়ং জীবনস্থিতৌ ॥৬১॥
ইতীতি। ভীমেন গ্রস্তমাক্রান্তম্। রাজগৃদ্ধী দুর্য্যোধনরক্ষাভিলাষী, শল্যবাক্যেন প্রচোদিতঃ প্রণোদিতঃ। অজাতশত্রুং যুধিষ্ঠিরম্। মদ্ররাজেন প্রণুদিতৈশ্চালিতৈঃ ॥৬২—৬৪॥

আর ধৃষ্টদ্যুম্ন অর্জ্জুনের দক্ষিণ চক্র রক্ষায় প্রবৃত্ত আছেন এবং ভীমসেন রাজা দুর্য্যোধনের সহিত যুদ্ধ করিতেছেন ॥৫৮॥

অতএব রাধানন্দন! ভীমসেন যাহাতে আমাদের সকলের সমক্ষেই আজ দুর্য্যোধনকে বধ না করেন এবং যাহাতে আমাদের রাজা মুক্ত হন, তাহা কর ॥৫৯॥

কর্ণ! দেখ—যুদ্ধশোভী ভীমসেন দুর্য্যোধনকে গ্রাস করিয়াছেন; এই অবস্থায় দুর্য্যোধন যদি মুক্ত হইতে পারেন, তবে তাহা গুরুতর বিস্ময়ের বিষয় হইবে ॥৬০॥

সুতরাং তুমি নিকটবর্ত্তী হইয়া অত্যন্তসংশয়াপন্ন দুর্য্যোধনকে রক্ষা কর; নকুল-সহদেব বা যুধিষ্ঠিরকে বধ করিয়া কি হইবে' ॥৬১॥

রাজা! বলবান্ কর্ণ এইরূপ শল্যের বাক্য শুনিয়া, মহাযুদ্ধে দুর্য্যোধনকে ভীমকর্ত্তৃক আক্রান্ত দেখিয়া তাঁহাকে রক্ষা করিবার জন্য বিশেষ অভিলাষী হইয়া

(৬০)···বিস্ময়ঃ সুমহানভূৎ—বা সো।

গতে কর্ণে তু কৌন্তেয়ঃ পাণ্ডুপুত্রো যুধিষ্ঠিরঃ।
অপায়াজ্জবনৈরশ্বৈঃ সহদেবস্য মারিষ! ॥৬৫॥
তাভ্যাং স সহিতস্তূর্ণং ব্রীড়ন্নিব নরেশ্বরঃ।
প্রাপ্য সেনানিবেশঞ্চ মার্গণৈঃ ক্ষতবিক্ষতঃ ॥৬৬॥
অবতীর্ণো রথাত্তূর্ণমাবিশচ্ছয়নং শুভম্।
বিনীতশল্যঃ সুভৃশং হৃচ্ছল্যাভিনিপীড়িতঃ ॥৬৭॥ (যুগ্মকম্)
সোঽব্রবীদ্ভ্রাতরৌ রাজা মাদ্রীপুত্রৌ মহারথৌ।
অনীকং ভীমসেনস্য পাণ্ডবাবাশু গচ্ছতাম্।
জীমূত ইব নর্দ্দংস্তু যুধ্যতে স বৃকোদরঃ ॥৬৮॥
ততোঽন্যং রথমাস্থায় নকুলো রথপুঙ্গবঃ।
সহদেবশ্চ তেজস্বী ভ্রাতরৌ শত্রুকর্ষণৌ ॥৬৯॥

ভারতকৌমুদী

গত ইতি। অপাযাৎ রণস্থলাদপাগচ্ছৎ, জবনৈর্বেগবদ্ভিঃ, অশ্বৈ রথস্য ॥৬৫॥

তাভ্যামিতি। তাভ্যাং নকুলসহদেবাভ্যাম্। ব্রীড়ন্ পরাজয়াল্লজ্জমানঃ। মার্গণৈঃ কর্ণবাণৈঃ। শয়নং শয্যাম্। বিনীতশল্যো ভৃত্যৈরুদ্ধৃতবাণাগ্রঃ, হৃচ্ছল্যেন মনোদুঃখেনাভিনিপীড়িতঃ ॥৬৬—৬৭॥

স ইতি। হে পাণ্ডবৌ! নকুলসহদেবৌ! জীমূতো মেঘঃ। ষট্পাদঃ শ্লোকঃ ॥৬৮॥

শল্যের প্রেরণায় যুধিষ্ঠির, নকুল ও সহদেবকে পরিত্যাগ করিয়া, দুর্য্যোধনকে রক্ষা করিবার নিমিত্ত ধাবিত হইলেন। তৎকালে শল্যচালিত অশ্বগণ যেন আকাশপথে যাইতে লাগিল ॥৬২—৬৪॥

মাননীয় রাজা! কর্ণ চলিয়া গেলে, কুন্তীনন্দন পাণ্ডুপুত্র যুধিষ্ঠির সহদেব রথের বেগবান অশ্বগণের গুণে সত্বর রণস্থল হইতে অপসৃত হইলেন ॥৬৫॥

কর্ণের বাণে ক্ষতবিক্ষতদেহ যুধিষ্ঠির লজ্জিত হইয়াই যেন নকুল ও সহদেবের সহিত শিবিরে যাইয়া রথ হইতে নামিয়া সত্বর শয়নগৃহে প্রবেশ করিলেন; তখন ভৃত্যেরা আসিয়া তাঁহার দেহ হইতে শল্য (বাণাগ্র) সকল উদ্ধার করিল; কিন্তু তথাপি তিনি হৃচ্ছল্যে (মনোবেদনায়) সর্বতোভাবে পীড়িত থাকিলেন ॥৬৬—৬৭॥

ক্রমে রাজা যুধিষ্ঠির—ভ্রাতা মহারথ নকুল ও সহদেবকে বলিলেন—'নকুল! সহদেব! সত্বর তোমরা ভীমসেনের সৈন্যের দিকে যাও। ঐ ভীমসেন মেঘের ন্যায় গর্জন করিতে থাকিয়া যুদ্ধ করিতেছেন' ॥৬৮॥

(৬৬)…ব্রীড়ন্নিব জনেশ্বরঃ…পি বা। (৬৭)…অপনীতশল্যঃ…বঙ্গ বর্দ্ধ বা সো। (৬৮)…আশু গচ্ছতম্—পি।

তুরগৈরগ্র্যরংহোভির্যাত্বা ভীমস্থ শুষ্মিণৌ।
অনীকং সহিতৌ তত্র ভ্রাতরৌ পর্য্যবস্থিতৌ ॥৭০॥ (যুগ্মকম্)
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং কর্ণপর্ব্বণি
যুধিষ্ঠিরাপযানে অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

—:-০-:—

ঊনপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

—:-০-:—

সঞ্জয় উবাচ।
দ্রৌণিস্তু রথবংশেন মহতা পরিবারিতঃ।
আপতৎ সহসা রাজন্! যত্র পার্থো ব্যবস্থিতঃ ॥১॥
তমাপতন্তং সহসা শূরঃ শৌরিসহায়বান্।
দধার সহসা পার্থো বেলেব মকরালয়ম্ ॥২॥

ভারতকৌমুদী

তত ইতি। রথপুঙ্গবো রথিশ্রেষ্ঠঃ। শত্রুকর্ষণৌ শত্রুজেতারৌ। অগ্র্যং শ্রেষ্ঠং রংহো বেগো যেষাং তৈঃ। শুষ্মিণৌ ক্রোধোদ্ধযুক্তৌ। ভীমস্যানীকং সৈন্যম্ ॥৬৯—৭০॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং কর্ণপর্ব্বণি অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

—:-০-:—

দ্রৌণিরিতি। দ্রৌণিরশ্বত্থামা, রথানাং বংশেন সমূহেন, পরিবারিতঃ পরিবেষ্টিতঃ ॥১॥
তমিতি। শৌরিঃ কৃষ্ণঃ সহায়োঽস্যাস্তীতি সঃ। বেলা তীরম্, মকরালয়ং সমুদ্রম্ ॥২॥

তদনন্তর রথিশ্রেষ্ঠ ও তেজস্বী নকুল ও সহদেব এই শত্রুবিজয়ী দুই ভ্রাতা অন্য রথে আরোহণ করিয়া মহাবেগশালী অশ্বগণের গুণে ভীমসেনের সৈন্যমধ্যে যাইয়া সম্মিলিত হইয়া দুই ভ্রাতাই ক্রোধোত্তেজিত অবস্থায় সেই স্থানে অবস্থান করিতে লাগিলেন' ॥৬৯—৭০॥

— —:*:— —

সঞ্জয় বলিলেন—'রাজা! ওদিকে অর্জ্জুন যে স্থানে ছিলেন, অশ্বত্থামা বিশাল রথসমূহে পরিবেষ্টিত হইয়া বেগে সেই স্থানে উপস্থিত হইলেন ॥১॥

(৭০) তুরগৈর্বাতরংহোভিঃ...সো। অন্তবিধশ্চ তত্র পাঠো দ্রষ্টব্যঃ। * '...ত্রিষষ্টি-তমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ বা সো।

ততঃ ক্রুদ্ধো মহারাজ! দ্রোণপুত্রঃ প্রতাপবান্।
অর্জ্জুনং বাসুদেবঞ্চ চ্ছাদয়ামাস সায়কৈঃ ॥৩॥
অবচ্ছন্নৌ ততঃ কৃষ্ণৌ দৃষ্ট্বা তত্র মহারথাঃ।
বিস্ময়ং পরমং গত্বা প্রৈক্ষন্ত কুরবস্তথা ॥৪॥
অর্জ্জুনস্তু ততো দিব্যমস্ত্রং চক্রে হসন্নিব।
তদস্ত্রং ব্রাহ্মণো যুদ্ধে বারয়ামাস ভারত! ॥৫॥
যদ্যদ্ধি ব্যাক্ষিপদ্যুদ্ধে পাণ্ডবোঽস্ত্রং জিঘাংসয়া।
তত্তদস্ত্রং মহেষ্বাসো দ্রোণপুত্রো ব্যশাতয়ৎ ॥৬॥
অস্ত্রযুদ্ধে ততো রাজন্! বর্ত্তমানে ভয়াবহে।
অপশ্যাম রণে দ্রৌণিং ব্যাত্তাননমিবান্তকম্ ॥৭॥
স দিশঃ প্রদিশশ্চৈব চ্ছাদয়িত্বা হ্যজিহ্মগৈঃ।
বাসুদেবং ত্রিভির্বাণৈরবিধ্যদ্দক্ষিণে ভুজে ॥৮॥

ভারতকৌমুদী

তত ইতি। ক্রুদ্ধঃ পূর্ব্বাবধ্যেবোপচিতক্রোধঃ ॥৩॥
অবেতি। অবচ্ছন্নৌ আবৃতৌ, কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ ॥৪॥
অর্জ্জুন ইতি। দিব্যং স্বর্গীযম্, চক্রে আবিশ্চকাব। ব্রাহ্মণঃ অশ্বথামা ॥৫॥
যদিতি। পাণ্ডবোঽর্জ্জুনঃ। মহেষ্বাসো মহাধনুর্দ্ধবঃ, ব্যশাতযৎ ন্যবাবযৎ ॥৬॥
অস্ত্রেতি। ভযাবহে ভযজনকে। ব্যাত্তাননং প্রকটিতমুখম্ ॥৭॥

তিনি বেগে আসিতে লাগিলে, তীব যেমন সমুদ্রকে গ্রহণ কবে, সেইরূপ বীব ও কৃষ্ণসহায় অর্জ্জুনও বেগে তাঁহাকে গ্রহণ কবিলেন ॥২॥

মহারাজ! তাহাব পব প্রতাপশালী অশ্বথামা ক্রুদ্ধ হইয়া বাণসমূহদ্বাবা কৃষ্ণ ও অর্জ্জুনকে আচ্ছাদন কবিয়া ফেলিলেন ॥৩॥

তদনন্তর পাণ্ডবপক্ষেব মহাবথেবা ও কৌববেবা কৃষ্ণ ও অর্জ্জুনকে আচ্ছাদিত দেখিয়া অত্যন্ত বিস্ময়াপন্ন হইয়া দেখিতেই লাগিলেন ॥৪॥

ভবতনন্দন! পরে অর্জ্জুন হাসিতে হাসিতেই যেন এক দিব্য অস্ত্র আবিষ্কার কবিলেন; তখন অশ্বথামাও সে অস্ত্র বাবণ কবিলেন ॥৫॥

ক্রমে অর্জ্জুন জিঘাংসানিবন্ধন যে যে অস্ত্র নিক্ষেপ করিতে লাগিলেন, মহাধনুর্দ্ধব অশ্বথামাও সেই সেই অস্ত্রই নিবাবণ কবিতে থাকিলেন ॥৬॥

বাজা! সেই ভয়াবহ অস্ত্রযুদ্ধ চলিতে লাগিলে, আমবা অশ্বথামাকে বিকৃতমুখ যমেব ন্যায় দেখিতে লাগিলাম ॥৭॥

তেতোঽর্জ্জুনো হয়ান্ হত্বা সর্বাংস্তস্য মহাত্মনঃ।
চকার সমরে ভূমিং শোণিতৌঘতরঙ্গিণীম্ ॥৯॥
সর্বপ্রাণিবহাং রৌদ্রাং পরলোকবহাং নদীম্।
সরথান্ রথিনঃ সর্বান্ পার্থচাপচ্যুতৈঃ শরৈঃ ॥১০॥
দ্রৌণেরপহৃতান্ সর্বে দদৃশুঃ স চ তাংস্তথা।
প্রাবর্ত্তয়ন্মহাঘোরাং নদীং পরবহাং তদা ॥১১॥ (বিশেষকম্)
তয়োস্তু ব্যাকুলে যুদ্ধে দ্রৌণেঃ পার্থস্য দারুণে।
অমর্য্যাদং যোধয়ন্তঃ পর্য্যধাবন্নিতস্ততঃ ॥১২॥
রথৈর্হতাশ্বসূতৈশ্চ হতারোহৈশ্চ বাজিভিঃ।
দ্বিরদৈশ্চ হতারোহৈর্মহামাত্রৈর্হতদ্বিপৈঃ ॥১৩॥
পার্থেন সমরে রাজন্! কৃতো ঘোরো জনক্ষয়ঃ।
নিহতা রথিনঃ পেতুঃ পার্থচাপচ্যুতৈঃ শরৈঃ ॥১৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

স ইতি। প্রদিশো বিদিশঃ। অজিহ্মগৈর্বাণৈঃ ॥৮॥

তত ইতি। শোণিতৌঘস্য রক্তপ্রবাহস্য তরঙ্গঃ অস্যা অস্তীতি তাম্। পরলোকবহাং লোকান্তরসঞ্চারিণীম্। দ্রৌণে রথিন ইতি সম্বন্ধঃ। স দ্রৌণিশ্চ তাংস্তথা দদর্শ ॥৯—১১॥

তয়োরিতি। ব্যাকুলে সঙ্কুলে। অমর্য্যাদং বিশৃঙ্খলম্, যোধয়ন্তো যোদ্ধারঃ॥ ১২॥

রথৈরিতি। মহামাত্রৈর্হস্তিপকৈঃ। সর্বত্র হেত্বর্থে তৃতীয়া। পার্থেনার্জ্জুনেন ॥১৩-১৪॥

ক্রমে অশ্বত্থামা বাণদ্বারা দিক্ ও বিদিক্ আবৃত করিয়া তিন বাণে কৃষ্ণের দক্ষিণ বাহু বিদ্ধ করিলেন ॥৮॥

তাহার পর অর্জ্জুন মহাত্মা অশ্বত্থামার সমস্ত অশ্ব বধ করিয়া সমরভূমিতে রক্তের তরঙ্গ সৃষ্টি করিলেন; এমন কি পরলোকবাহিনী একটা মহাভীষণ রক্তনদী প্রবর্ত্তিত করিলেন; সেই ভীষণ নদীটা হস্তী ও অশ্বপ্রভৃতি সকল প্রাণী বহন করিতে লাগিল। ক্রমে সকলে দেখিল এবং অশ্বত্থামাও দেখিলেন—অর্জ্জুনের কার্ম্মুকনির্গত বাণ সকল যাইয়া অশ্বত্থামার সমস্ত রথীকে রথের সহিতই বিনাশ করিয়াছে ॥৯—১১॥

অর্জ্জুন ও অশ্বত্থামার এইরূপ দারুণ ও সঙ্কুল যুদ্ধ হইতে লাগিলে, যোদ্ধারা বিশৃঙ্খলভাবে যুদ্ধ করিতে থাকিয়া নানাদিকে ধাবিত হইতে থাকিলেন ॥১২॥

অশ্ব ও সারথি নিহত হইল—রথ থাকিল, আরোহী বিনষ্ট হইল—হস্তী ও

---

(১১) দ্রৌণেরপহৃতান্ সংখ্যে···বা সো। (১২)···পর্য্যধাবন্ত পৃষ্ঠতঃ—বা সো।

হয়াশ্চ পর্য্যধাবন্ত মুক্তযোক্ত্রাস্ততস্ততঃ।
তদ্দৃষ্ট্বা কর্ম্ম পার্থস্য দ্রৌণিরাহবশোভিনঃ ॥১৫॥
অর্জ্জুনং জয়তাং শ্রেষ্ঠং ত্বরিতোঽভ্যেত্য বীর্য্যবান্।
বিধুন্বানো মহচ্চাপং কার্ত্তস্বরবিভূষিতম্ ॥১৬॥
অবাকিরদ্রণে কৃষ্ণৌ সমন্তান্নিশিতৈঃ শরৈঃ।
ভূয়োঽর্জ্জুনং মহারাজ! দ্রৌণিরায়ম্য কার্ম্মুকম্ ॥১৭॥
বক্ষোদেশে পৃষৎকেণ তাড়য়ামাস নির্দ্দয়ম্।
সোঽতিবিদ্ধো রণে তেন দ্রোণপুত্রেণ ভারত! ॥১৮॥
গাণ্ডীবধন্বা প্রসভং শরবর্ষৈরুদারধীঃ।
সংছাদ্য সমরে দ্রৌণিং চিচ্ছেদাস্য চ কার্ম্মুকম্ ॥১৯॥ (কুলকম্)
স চ্ছিন্নধন্বা পরিঘং বজ্রস্পর্শসমং যুধি।
আদায় চিক্ষেপ তদা দ্রোণপুত্রঃ কিরীটিনে ॥২০॥

ভারতকৌমুদী

হযা ইতি। মুক্তযোক্ত্রাঃ স্খলিতবন্ধনবজ্জবঃ। আহবশোভিনো বীবশ্রিযা যুদ্ধে শোভাবতঃ। বিধুন্বানঃ সঞ্চালযন্, কার্ত্তস্বরেণ স্বর্ণেন বিভূষিতম্। অবাকিরৎ অবকীর্য্য প্রাহবৎ। কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ। আয়ম্য আকৃষ্য। পৃষৎকেণ বাণেন, নির্দ্দযং দৃঢম্। গাণ্ডীবধন্বা অর্জ্জুনঃ, প্রসভং বলেন, উদাবধীর্মহাবুদ্ধিঃ। সংছাদ্য আবৃত্য ॥১৫—১৯॥
স ইতি। বজ্রস্য সমঃ স্পর্শো যস্য তম্। অগ্নিস্তোকাদিবদ্বিশেষণস্য পবনিপাতঃ ॥২০॥

অশ্ব বহিল এবং হস্তী নিহত হইল—হস্তিপক থাকিয়া গেল; এইভাবে অর্জ্জুন যুদ্ধে ভীষণ লোকক্ষয় কবিলেন। বাজা! অর্জ্জুনেব কার্ম্মুকনির্গত বাণে নিহত হইয়া রথীরাও পতিত হইলেন ॥১৩—১৪॥

ভ্রাতেতি। তবোপরি, জাতু কদাচিৎ। এবঞ্চ সতি, অনৃতান্মিথ্যাতঃ প্রতিজ্ঞাভঙ্গপাপাদিত্যর্থঃ, ভ্রাতৃবধাৎ তৎপাপাচ্চ মুক্তো ভবিষ্যসি। বধপ্রতিনিধিবত্র ত্বমিত্যুক্তিরিতি ভাবঃ ॥৮৬॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং কর্ণপর্ব্বণি একপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

——:-০-:——

ইতীতি। পরুষং নিষ্ঠুরবাক্যম্, প্রসহ্য বলেন কৃষ্ণোপদেশপ্রভাবেণেত্যর্থঃ ॥১॥

এরূপ করিলেও, ভ্রাতা ও বুদ্ধিমান্ রাজা যুধিষ্ঠির কখনও তোমার উপরে কোন ক্রোধ করিবেন না। এইভাবে তুমি প্রতিজ্ঞাভঙ্গের পাপ ও ভ্রাতৃবধের পাপ হইতে মুক্ত হইয়া হৃষ্টচিত্তে যাইয়া সূতপুত্র কর্ণকে বধ কর' ॥৮৬॥

——:-০-:——

সঞ্জয় কহিলেন—'মহারাজ! কৃষ্ণ এইরূপ বলিলে, পৃথানন্দন অর্জ্জুন সেই সুহৃদ্বাক্যের প্রশংসা করিয়া পরে বলপূর্ব্বক—পূর্ব্বে যাহা কখনও বলেন নাই, সেইরূপ নিষ্ঠুর বাক্য যুধিষ্ঠিরকে বলিতে লাগিলেন ॥১॥

---

(৮৬)…কুর্য্যাদ্রাজা ধর্ম্মমবেক্ষ্য চাপি…বা সো। * '…একোনসপ্ততিতমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ বা সো। (২)…ব্যাহর ব্যাহবৈবম্…যস্তিষ্ঠতে…পি।

কালে হি শত্রূন্ পরিপীড্য সংখ্যে হত্বা চ শূরান্ পৃথিবীপতীংস্তান্।
রথপ্রধানোত্তমনাগমুখ্যান্ সাদিপ্রবেকানমিতাংশ্চ বীরান্ ॥৩॥
যঃ কুঞ্জরাণামধিকং সহস্রং হত্বানদত্তুমুলং সিংহনাদম্।
কাম্বোজানামযুতং পার্বতীয়ান্ মৃগান্ সিংহো বিনিহত্যেব চাজৌ ॥৪॥
সুদুষ্করং কর্ম্ম করোতি বীরঃ কর্ত্তুং যথা নার্হসি ত্বং কদাচিৎ।
রথাদবপ্লুত্য গদাং পরামৃশংস্তয়া নিহত্যাশ্বরথদ্বিপান্ রণে ॥৫॥
বরাসিনা চাপি নরাশ্বকুঞ্জরাংস্তথা রথাঙ্গৈর্ধনুষা দহত্যরীন্।
প্রসৃত্য পদ্ভ্যামহিতান্ নিহন্তি যঃ পুনশ্চ দোর্ভ্যাং শতমন্যুবিক্রমঃ ॥৬॥
মহাবলো বৈশ্রবণান্তকোপমঃ প্রসহ্য হন্তা দ্বিষতামনীকিনীম্।
স ভীমসেনোঽর্হতি গর্হণাং মে ন ত্বং নিত্যং রক্ষ্যতে যঃ সুহৃদ্ভিঃ ॥৭॥
(কুলকম্)

ভারতকৌমুদী

মেতি। ব্যাহর প্রাগুক্তপ্রকারং ব্রূহি। গর্হণায় রণাদাগমনাম্নিন্দায়ৈ ॥২॥

পঞ্চভিঃ শ্লোকৈঃ কুলকেন ভীমং প্রশংসতি কাল ইতি। রথপ্রধানা রথিশ্রেষ্ঠাশ্চ উত্তমনাগমুখ্যা উৎকৃষ্টহস্তিশ্রেষ্ঠাশ্চ তান্, সাদিপ্রবেকান্ অশ্বারোহিপ্রধানান্। অনদৎ অকরোৎ। পার্বতীয়ান্ সৈন্যান্। অবপ্লুত্য প্রবেনাবতীর্য্য, পরামৃশন্ গৃহ্ণন্। বরাসিনা উত্তমকৃপাণেন। রথাঙ্গৈশ্চক্রৈঃ। প্রসৃত্য উপগম্য, অহিতান্ শত্রূন্। দোর্ভ্যাং বাহুভ্যাম্, শতমন্যোরিন্দ্রস্যেব বিক্রমো যস্য সঃ। বৈশ্রবণান্তকোপমঃ কুবেরযমতুল্যঃ, প্রসহ্য বলেন। গর্হণাং নিন্দাম্ ॥৩—৭॥

অর্জ্জুন বলিলেন—'রাজা! তুমি আমাকে এরূপ বলিও না বলিও না; যে তুমি রণস্থল হইতে একক্রোশ দূরে আসিয়া রহিয়াছ। কিন্তু ভীমসেন আমাকে নিন্দা করিতে পারেন। কেন না, যিনি সমগ্র জগতের প্রধান বীরগণের সহিত যুদ্ধ করিতেছেন ॥২॥

যিনি যথাসময়ে শত্রুগণকে পীড়নপূর্ব্বক যুদ্ধে সেই সকল বীর রাজা, প্রধান রথী, উত্তম হস্তী, শ্রেষ্ঠ অশ্বারোহী, অসংখ্য বীর, সমধিক সহস্র-হস্তী, অযুত কাম্বোজদেশীয় অশ্ব ও পার্বত্য সৈন্যগণকে বধ করিয়া—সিংহ যেমন হরিণগণকে বধ করিয়া গর্জন করে, সেইরূপ তুমুল সিংহনাদ করিয়াছেন; যে বীর রথ হইতে লাফাইয়া পড়িয়া গদা লইয়া তাহাদ্বারা যুদ্ধে হস্তী, অশ্ব ও রথ সকল বধ করিয়া অতিদুষ্কর কার্য্য করিতেছেন, তুমি যাহা কখনও করিতে পার না; এবং ইন্দ্রের তুল্য

(৬)…বাজিরথাশ্বকুঞ্জরান্…প্রগৃহ্য পদ্ভ্যাম্…বঙ্গ বর্দ্ধ বা সো। (৭)…বক্ষ্যসে যঃ…পি বা সো।

মহারথান্ নাগবরান্ হয়াংশ্চ পদাতিমুখ্যানপি চ প্রমথ্য।
একো ভীমো ধার্ত্তরাষ্ট্রেষু মগ্নঃ স মামুপালব্ধুমরিন্দমোঽর্হতি ॥৮॥
কলিঙ্গবঙ্গাঙ্গনিষাদমাগধান্ সদামদান্ নীলবলাহকোপমান্।
নিহন্তি যঃ শত্রুগজাননেকান্ স মামুপালব্ধুমরিন্দমোঽর্হতি ॥৯॥
স যুক্তমাস্থায় রথং হি কালে ধনুর্বিধুন্বন্ শরপূর্ণমুষ্টিঃ।
সৃজত্যসৌ শরবর্ষাণি বীরো মহাহবে মেঘ ইবাম্বুধারাঃ ॥১০॥
শতান্যষ্টৌ বারণানামপশ্যং বিশাতিতৈঃ কুম্ভকরাগ্রহস্তৈঃ।
ভীমেনাজৌ নিহতান্যদ্য বাণৈঃ স মাং ক্রূরং বক্তুমর্হত্যরিঘ্নঃ ॥১১॥

ভারতকৌমুদী

মহেতি। নাগবরান্ গজেন্দ্রান্। প্রমথ্য আলোড্য। মগ্নো লীনঃ, উপালব্ধুং নিন্দিতুম্ ॥৮॥

কলিঙ্গেতি। কলিঙ্গাদিদেশীয়ান্, সদা মদো যেষাং তান্, নীলবলাহকোপমান্ নীলমেঘতুল্যান্ ॥৯॥

স ইতি। যুক্তং সজ্জিতম্, আস্থায় আরুহ্য। বিধুন্বন্ চালযন্ ॥১০॥

শতানীতি। বারণানাং গজানাম্, বিশাতিতৈশ্ছিন্নৈঃ, কুম্ভকরাগ্রহস্তৈঃ কুম্ভশুণ্ডাশুণ্ডাগ্রৈঃ ॥১১॥

বিক্রমশালী যে ভীমসেন উত্তম তরবারি, চক্র ও ধনুদ্বারা হস্তী, অশ্ব, পদাতি ও অন্যান্য শত্রুগণকে বিনাশ করিতেছেন, আর অগ্রবর্ত্তী হইয়া হইয়া চরণযুগল ও বাহুযুগলদ্বারা শত্রু সংহার করিতেছেন; সেই মহাবল, কুবের ও যমতুল্য এবং বলপূর্বক শত্রুসৈন্যহন্তা ভীমসেনই আমাকে নিন্দা করিতে পারেন, কিন্তু যাহাকে সর্ব্বদাই সুহৃদ্‌গণ রক্ষা করিয়া থাকেন, সে তুমি পার না ॥৩—৭॥

যিনি বিপক্ষের মহারথ, বিশাল হস্তী, অশ্ব ও প্রধান প্রধান পদাতিগণকে আলোড়ন করিয়া দুর্য্যোধনসৈন্যমধ্যে যাইয়া প্রবেশ করিয়াছেন, সেই শত্রুদমনকারী একমাত্র ভীমসেনই আমাকে তিরস্কার করিতে পারেন ॥৮॥

যিনি—কলিঙ্গ, বঙ্গ, অঙ্গ, নিষাদ ও মগধদেশীয়, সর্ব্বদা মত্ত ও নীলবর্ণমেঘতুল্য অনেক শত্রুহস্তী বিনাশ করিতেছেন, শত্রুদমনকারী সেই ভীমসেনই আমাকে তিরস্কার করিতে পারেন ॥৯॥

ঐ সেই বীর যথাসময়ে সজ্জিত রথে আরোহণ করিয়া বাণদ্বারা মুষ্টি পূরণপূর্বক ধনু সঞ্চালন করিতে থাকিয়া—মেঘ যেমন জলধারা বর্ষণ করে, সেইরূপ বাণধারা বর্ষণ করিতেছেন ॥১০॥

(৮)···ধার্ত্তরাষ্ট্রেষমগ্নঃ···পি। (৯)···সদা মহানীল···পি।

বলন্তু বাচি দ্বিজসত্তমানাং ক্ষাত্রং বুধা বাহুবলং বদন্তি।
ত্বং বাগ্‌বলো ভারত! নিষ্ঠুরশ্চ ত্বমেব মাং বেৎসি যথাবিধোঽহম্ ॥১২॥
যতে হি নিত্যং তব কর্ত্তুমিষ্টং দারৈঃ সুতৈর্জীবিতেনাত্মনা চ।
এবং যন্মাং বাগ্‌বিশিখেন হংসি ত্বত্তঃ সুখং ন বয়ং বিদ্ম কিঞ্চিৎ ॥১৩॥
মা মাবমংস্থা দ্রৌপদীতল্পসংস্থো মহারথান্ প্রতিহন্মি ত্বদর্থে।
তেনাবিশঙ্কী ভারত! নিষ্ঠুরোঽসি ত্বত্তঃ সুখং নাভিজানামি কিঞ্চিৎ ॥১৪॥
প্রোক্তঃ স্বয়ং সত্যসন্ধেন মৃত্যুস্তব প্রিয়ার্থং নরদেব! যুদ্ধে।
বীরঃ শিখণ্ডী দ্রৌপদোঽসৌ মহাত্মা ময়াভিগুপ্তেন হতশ্চ তেন ॥১৫॥

ভারতকৌমুদী

বলমিতি। ত্বং বাগ্‌বলঃ। অতএব ন ক্ষত্রিয় ইতি ভাবঃ। বেৎসি জানাসি ॥১২॥
যত ইতি। যতে যত্নং করোমি। এবং তথাপি, বাগ্‌বিশিখেন বাক্যবাণেন ॥১৩॥
মেতি। মা মাম্, দ্রৌপদীতল্পসংস্থো দ্রৌপদ্যাঃ শয্যাস্থিতঃ। এতেনাকর্ম্মণ্যত্বং সূচিতম্ ॥১৪॥
প্রোক্ত ইতি। সত্যসন্ধেন সত্যপ্রতিজ্ঞেন ভীষ্মেণ। দ্রৌপদো দ্রুপদপুত্রঃ। অভিগুপ্তেন রক্ষিতেন ॥১৫॥

আমি দেখিয়াছি—ভীমসেন অদ্য যুদ্ধে বাণদ্বারা কুম্ভ, শুণ্ড ও শুণ্ডাগ্র ছেদন করিয়া বিপক্ষের আট শত হস্তী বধ করিয়াছেন, সেই শত্রুহন্তাই আমাকে নিষ্ঠুর কথা বলিতে পারেন ॥১১॥

ভরতনন্দন! জ্ঞানীরা বলেন—ব্রাহ্মণের বল বাক্যে, আর ক্ষত্রিয়ের বল বাহুতে। কিন্তু তোমার সেই বল বাক্যে এবং তুমি নিষ্ঠুর। তা'র পর আমি যে রূপ, তাহা তুমি ত জান ॥১২॥

আমি সর্ব্বদাই স্ত্রী, পুত্র এবং নিজের জীবনদ্বারা পর্য্যন্ত তোমার অভীষ্টসম্পাদন করিবার চেষ্টা করি; তথাপি তুমি যখন বাক্যবাণদ্বারা আমাকে আঘাত কর, তখন বুঝিলাম—তোমা হইতে আমরা কোন সুখ পাইব না ॥১৩॥

ভরতনন্দন! তুমি দ্রৌপদীর শয্যায় থাকিয়া আমাকে অবজ্ঞা করিও না। আমি তোমার জন্যই মহারথগণকে বধ করিয়া আসিতেছি; তাহাতেই তুমি বিনা আশঙ্কায় নিষ্ঠুর হইয়াছ। অতএব বুঝিলাম—তোমা হইতে কোন সুখ অনুভব করিতে পারিব না ॥১৪॥

রাজা! সত্যপ্রতিজ্ঞ ভীষ্ম নিজেই বীর ও মহাত্মা দ্রুপদপুত্র শিখণ্ডীকে নিজের মৃত্যুজনক বলিয়া জানাইয়াছিলেন; পরে আমি তোমার প্রীতির জন্যই যুদ্ধে সেই

(১৩) যতামি নিত্যম্…পি। (১৫)…শিখণ্ডিনা দ্রুপদসুতেন সংখ্যে ময়াভিগুপ্তেন হতঃ স বীরঃ—পি।

ন চাভিনন্দামি তবাধিরাজ্যং যতস্ত্বমক্ষেষ্বহিতায় সক্তঃ।
স্বয়ং কৃত্বা পাপমনার্য্যজুষ্টমস্মাভির্বৈ তর্ত্তুমিচ্ছস্যরীংস্ত্বম্ ॥১৬॥
অক্ষেষু দোষা বহবো বিধর্ম্মাঃ শ্রুতাস্ত্বয়া সহদেবোঽব্রবীদ্ যান্।
তান্ নৈষি ত্বং ত্যক্তুমসাধুজুষ্টাং স্তেন স্ম সর্বে নিরয়ং প্রপন্নাঃ ॥১৭॥
সুখং ত্বত্তো নাভিজানীম কিঞ্চিদ্‌যতস্ত্বমক্ষৈর্দেবিতুং সম্প্রবৃত্তঃ।
স্বয়ং কৃত্বা ব্যসনং পাণ্ডব। ত্বং ভূয়স্তীক্ষ্ণাঃ শ্রাবয়স্যদ্য বাচঃ ॥১৮॥
শেতেঽস্মাভির্নিহতা শত্রুসেনা ছিন্নৈর্গাত্রৈর্ভূমিতলে নদন্তী।
ত্বয়া হি তৎ কর্ম্ম কৃতং নৃশংসং যস্মাদ্দোষঃ কৌরবাণাং বধশ্চ ॥১৯॥
হতা উদীচ্যা নিহতাঃ প্রতীচ্যা নষ্টাঃ প্রাচ্যা দাক্ষিণাত্যা বিশস্তাঃ।
কৃতং কর্ম্মাপ্রতিরূপং মহদ্ভিস্তেষাং যোধৈরস্মদীয়ৈশ্চ যুদ্ধে ॥২০॥

ভারতকৌমুদী

নেতি। অক্ষেষু দ্যূতেষু, অহিতায় অমঙ্গলায। অনার্য্যজুষ্টম্ অসজ্জনসেবিতম্ ॥১৬॥
অক্ষেষিতি। বিধর্ম্মা ধর্ম্মবিরুদ্ধাঃ। এষি ইচ্ছসি। নিরয়ং নরকতুল্যং দুঃখম্ ॥১৭॥
সুখমিতি। যতঃ কালাৎ, অক্ষৈর্দ্যূতৈঃ, দেবিতুং ক্রীড়িতুম্। ব্যসনং দোষম্ ॥১৮॥
শেত ইতি। নদন্তী আর্ত্তনাদং কুর্বতী। দোষঃ অস্মাকং মহাশ্রমঃ ॥১৯॥

শিখণ্ডীকে সর্ব্বতোভাবে রক্ষা করিতেছিলাম, সেই অবস্থায় শিখণ্ডী ভীষ্মকে বধ করেন ॥১৫॥

আমি তোমার সাম্রাজ্যের অনুমোদন করি না। যে হেতু তুমি অমঙ্গলের জন্যই দ্যূতক্রীড়ায় আসক্ত। তা'র পর তুমি নিজে অসজ্জনসেবিত পাপ করিয়া আমাদের দ্বারা শত্রুসাগর পার হইবার ইচ্ছা করিতেছ ॥১৬॥

সহদেব দ্যূতক্রীড়ার যে সকল দোষ বলিয়াছিলেন, ধর্ম্মবিরুদ্ধ সেই বহুতর দোষ তুমি শুনিয়াছিলে ; তথাপি তুমি অসজ্জনসেবিত সেই সমস্ত দোষ ত্যাগ করিতে ইচ্ছা কর নাই, তাহাতেই আমরা সকলে নরকে পতিত হইয়াছি ॥১৭॥

পাণ্ডব! তুমি যে সময় হইতে দ্যূতক্রীড়ায় প্রবৃত্ত হইয়াছিলে, সেই সময় হইতেই আমরা তোমা হইতে কোন সুখ হইবে বলিয়া জানি নাই। কি আশ্চর্য্য! তুমি নিজে দোষ করিয়া আবার তুমিই আজ আমাদিগকে রূক্ষ বাক্য শুনাইতেছ! ॥১৮॥

আমরা যাহাদিগকে বধ করিয়াছি, সেই শত্রুসৈন্যেরা ছিন্ন দেহে আর্ত্তনাদ করিতে করিতে ভূতলে শয়ন করিয়াছে। সুতরাং সেই নৃশংস কার্য্য তুমিই করিয়াছ, যাহা হইতে আমাদের প্রাণান্ত পরিশ্রম এবং কৌরবপক্ষের বধ হইতেছে ॥১৯॥

(২০)...প্রাচ্যাঃ প্রণষ্টাঃ...পি।

ত্বং দেবিতা ত্বৎকৃতে রাজ্যনাশস্ত্বংসম্ভবং নো ব্যসনং নরেন্দ্র।।
মাস্মান্ ক্রূরৈর্বাক্‌প্রতোদৈস্তুদংস্ত্বং ভূয়ো রাজন্। কোপয়েস্ত্বল্পভাগ্যঃ॥২১॥

সঞ্জয় উবাচ।

এতা বাচঃ পরুষাঃ সব্যসাচী স্থিরপ্রজ্ঞ, শ্রাবয়িত্বাতিরূক্ষাঃ।
বভূবার্ত্তো বিমনা ধর্ম্মভীরুঃ কৃত্বা প্রাজ্ঞঃ পাতকং কিঞ্চিদেবম্ ॥২২॥
ততোঽনুতেপে সুররাজপুত্রো বিনিশ্বসংশ্চাপ্যসিমুদ্ববর্হ।
তমাহ কৃষ্ণঃ কিমিদং পুনর্ভবান্ বিকোষমাকাশনিভং করোত্যসিম্ ॥২৩॥

ভারতকৌমুদী

হতা ইতি। বিশস্তা বিনাশিতাঃ। "শসু হিংসাযাম্" ইত্যস্ত ক্তে রূপম্ ॥২০॥

ত্বমিতি। দেবিতা দ্যূতকারী। ব্যসনং বিপৎ। বাক্‌প্রতোদৈর্বাক্যকশাভিঃ, তুদন্ ব্যথয়ন্ ॥২১॥

এতা ইতি। স্থিবপ্রজ্ঞঃ অচঞ্চলমতিঃ। এবং গুরৌ অতিরূক্ষভাষণরূপম্ ॥২২॥

তত ইতি। অনুতেপে অনুতাপং চকার, যুধিষ্ঠিবং প্রতি ভর্ৎসনাদিতি ভাবঃ, সুররাজপুত্র ইন্দ্রপুত্রোঽর্জ্জুনঃ। উদ্ববর্হ কোষান্নিষ্কাশযামাস। বিকোষং কোষমুক্তম্, আকাশনিভং নির্ম্মলম্ ॥২৩॥

ভারতভাবদীপঃ

ইত্যেবমিতি ॥১॥ ব্যাহব ব্যাহবস্ব বচনম, ক্রোশমাত্রে ন তিষ্ঠসে অপি তু ততোঽপি দূবে ইত্যর্থঃ ॥২—১৪॥ সত্যসন্ধেন ভীষ্মেণ ॥১৫—২২॥ অনুতেপে অনুতাপং প্রাপ্তবান্,

---

উত্তর, পশ্চিম, পূর্ব ও দক্ষিণদেশীয় সৈন্যেরা অনেকেই নিহত হইয়াছে। সুতরাং বিপক্ষের ও আমাদেব পক্ষের মহাযোদ্ধারা যুদ্ধে অতুলনীয় কার্য্য করিয়াছেন ॥২০॥

রাজা! তুমিই দ্যূতক্রীড়া করিয়াছ, তোমার জন্যই আমাদের রাজ্য নষ্ট হইয়াছে এবং তোমা হইতেই আমাদের বিপদ্ আসিয়াছে; আবার অল্পভাগ্য তুমিই নিষ্ঠুর বাক্যকশাদ্বারা ব্যথিত করিতে থাকিয়া আমাদের ক্রোধ উৎপাদন করিও না' ॥২১॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! স্থিরবুদ্ধি, ধর্ম্মভীরু ও বিচক্ষণ অর্জ্জুন যুধিষ্ঠিরকে এই সকল নিষ্ঠুর ও অতিরূক্ষ বাক্য শুনাইয়া এই প্রকার কিছু পাপ করিয়া বিষণ্ণচিত্ত হইলেন ॥২২॥

তাহার পর অর্জ্জুন অনুতপ্ত হইয়া নিশ্বাস ত্যাগ করিতে করিতে কোষ হইতে তরবারি নিষ্কাশিত করিলেন। তখন কৃষ্ণ তাঁহাকে বলিলেন—'এ কি! তুমি পুনরায় আকাশের ন্যায় নির্ম্মল তরবারি কোষমুক্ত করিলে কেন! ॥২৩॥

---

(২১)…কোপয়স্বাল্পভাগ্যান্—পি। (২২)…কিঞ্চিদেব—পি। (২৩)…বিনিশ্বসংশ্চাপি বিষণ্ণরূপঃ। সমুদ্ধারাসিমুদারকর্ম্মা নিহন্তুমাত্মানমমিত্রহন্তা—পি।

ব্রবীহি মা ত্বং পুনরুত্তরং বচস্তথা প্রবক্ষ্যাম্যহমর্থসিদ্ধয়ে।
ইত্যেবমুক্তঃ পুরুষোত্তমেন সুদুঃখিতঃ কেশবমর্জ্জুনোঽব্রবীৎ ॥২৪॥
অহং হনিষ্যে স্বশরীরমেব প্রসহ্য যেনাহিতমাচরং বৈ।
নিশম্য তৎপার্থবচোঽব্রবীদিদং ধনঞ্জয়ং ধর্ম্মভৃতাং বরিষ্ঠঃ ॥২৫॥
রাজানমেনং ত্বমিতীদমুক্ত্বা কিং কশ্মলং প্রাবিশঃ পার্থ! ঘোরম্।
স্বঞ্চাত্মানং হন্তুমিচ্ছস্যরিঘ্ন! নেদং সদ্ভিঃ সেবিতং বৈ কিরীটিন্! ॥২৬॥
ধর্ম্মাত্মানং ভ্রাতরং জ্যেষ্ঠমদ্য খড়্গেন চৈনং যদি হন্যা নৃবীর!।
ধর্ম্মাদ্ভীতস্তৎ কথং নাম তে স্যাৎ কিঞ্চোত্তরং বাকরিষ্যস্ত্বমেব ॥২৭॥
সূক্ষ্মো ধর্ম্মো দুর্বিদশ্চাপি পার্থ! বিশেষতোঽজ্ঞৈঃ প্রোচ্যমানং নিবোধ।
হত্বাত্মানমাত্মনা প্রাপ্নুয়াস্ত্বং বধাদ্ভ্রাতুর্নরকঞ্চাতিঘোরম্ ॥২৮॥

ভারতকৌমুদী

ব্রবীহীতি। ব্রবীহি ব্রূহি। অর্থসিদ্ধয়ে তবোদ্দেশ্যনিষ্পত্তয়ে ॥২৪॥
অহমিতি। প্রসহ্য বলেন, অহিতং গুরুতিরস্কাররূপমমঙ্গলম্। বরিষ্ঠঃ কৃষ্ণঃ ॥২৫॥
রাজানমিতি। ইদং ভর্ৎসনবাক্যম্। কশ্মলং মোহম্। হে কিরীটিন্! অর্জ্জুন! ॥২৬॥
ধর্ম্মেতি। কথং কীদৃশ্যবস্থা। উত্তরং পরকর্ত্তব্যমকরিষ্যঃ ॥২৭॥
সূক্ষ্ম ইতি। দুর্বিদো দুর্জ্ঞেয়ঃ। গুণাভাব আর্ষঃ। ভ্রাতুর্বধাত্তৎপাপাদপি ॥২৮॥

তোমার উত্তর বাক্য পুনরায় আমাকে বল দেখি; আমি তোমার উদ্দেশ্য-সিদ্ধির উপায় বলিব।' কৃষ্ণ এইরূপ বলিলে, অতিদুঃখিত অর্জ্জুন বলিলেন—॥২৪॥

'কৃষ্ণ! আমি যে শরীরদ্বারা এই অমঙ্গলাচরণ করিলাম, বলপূর্বক সেই নিজ শরীরই বিনষ্ট করিব'। অর্জ্জুনের এই কথা শুনিয়া ধার্ম্মিকশ্রেষ্ঠ কৃষ্ণ তাঁহাকে এইরূপ বলিলেন—॥২৫॥

'অর্জ্জুন! তুমি এই রাজাকে 'তুমি তুমি' এইরূপ বলিয়া কেন ভয়ঙ্কর-মোহাবিষ্ট হইলে? শত্রুহন্তা! তুমি আত্মহত্যা করিবার ইচ্ছা করিয়াছ? কিরীটী! সজ্জনেরা ত ইহা করেন নাই ॥২৬॥

নরবীর! তুমি ধর্ম্মভীরু হইয়া যদি তরবারিদ্বারা এই ধর্ম্মাত্মা জ্যেষ্ঠভ্রাতাকে বধ করিতে, তবে এখন তোমার কি দশা হইত; তুমিই বা পরে কি করিতে? ॥২৭॥

পৃথানন্দন! ধর্ম্ম—সূক্ষ্ম; সুতরাং দুর্জ্ঞেয়; বিশেষতঃ অজ্ঞলোকের পক্ষে। অতএব আমি বলিতেছি, শ্রবণ কর—তুমি আপনি আপনাকে বধ করিয়া ভ্রাতৃবধ-পাপ হইতেও ভয়ঙ্কর পাপভাগী হইতে ॥২৮॥

---

(২৪) ব্রবীহি সত্যং পুনঃ··· ইতীব পৃষ্টঃ পুরুষোত্তমেন···পি।

ব্রবীহি বাচাগু গুণানিহাত্মনস্তথা হতাত্মা ভবিতাসি পার্থ ।।
তথাস্তু কৃষ্ণেত্যভিনন্দ্য তদ্বচো ধনঞ্জয়ঃ প্রাহ ধনুর্বিনাম্য ॥২৯॥
যুধিষ্ঠিরং ধর্ম্মভৃতাং বরিষ্ঠং শৃণুষ্ব রাজন্নিতি শক্রসূনুঃ ।
ন মাদৃশোঽন্যো নরদেব ! বিদ্যতে ধনুর্দ্ধরো দেবমৃতে পিনাকিনম্ ॥৩০॥
(যুগ্মকম্)

অহং হি তেনানুমতো মহাত্মনা ক্ষণেন হন্যাং সচরাচরং জগৎ ।
ময়া হি রাজন্ ! সদিগীশ্বরা দিশো বিজিত্য সর্বা ভবতঃ কৃতা বশে ॥৩১॥
স রাজসূয়শ্চ সমাপ্তদক্ষিণঃ সভা চ দিব্যা ভবতো মমৌজসা ।
পাণৌ পৃষৎকা লিখিতা মমৈব ধনুশ্চ সব্যে বিততং সবাণম্ ॥৩২॥
পাদৌ চ মে সরথৌ সধ্বজৌ চ ন মাদৃশং যুদ্ধগতং জয়ন্তি ।
হতা উদীচ্যা নিহতাঃ প্রতীচ্যাঃ প্রাচ্যা নিরস্তা দাক্ষিণাত্যা বিশস্তাঃ ॥৩৩॥

ভারতকৌমুদী

ব্রবীহীতি। আত্মপ্রশংসৈবাত্মহত্যেতি ভাবঃ। হে কৃষ্ণ!। বিনাম্য আকৃষ্য। শক্রসূনু-বিন্দ্রপুত্রো ধনঞ্জয় ইতি সম্বন্ধঃ। পিনাকিনং শিবং দেবম্, ঋতে বিনা ॥২৯—৩০॥

অহমিতি। তেন পিনাকিনা। হন্যাং পাশুপতাস্ত্রেণ হন্তুং শক্নুয়াম্। কৃতা রাজসূয়াৎ প্রাক্ ॥৩১॥

স ইতি। ওজসা মম তেজসৈব ময়দানবস্য জিতত্বাৎ তেনৈব চ তৎকরণাৎ। পৃষৎকা বাণাঃ বাণচিহ্নানি, লিখিতা বিধাত্রেতি শেষঃ। সব্যে বামে বিততং বিস্তৃতভাবেনাঙ্কিতম্ ॥৩২॥

অর্জ্জুন! তুমি এখন এইখানে নিজের গুণ নিজে বল; তাহাতেই আত্মহত্যা করা হইবে।' 'কৃষ্ণ! তাহাই হউক' এইভাবে কৃষ্ণের বাক্যের প্রশংসা করিয়া ইন্দ্রপুত্র অর্জ্জুন ধনু আকর্ষণ করিয়া ধার্ম্মিকশ্রেষ্ঠ যুধিষ্ঠিরকে বলিতে আরম্ভ করিলেন—'রাজা নরদেব! আপনি শ্রবণ করুন—এই জগতে দেবদেব মহাদেব ব্যতীত আমার তুল্য ধনুর্দ্ধর নাই ॥২৯—৩০॥

আমি সেই মহাদেবের অনুমতিক্রমে ক্ষণকালমধ্যে সমস্ত চরাচর জগৎ সংহার করিতে পারি এবং রাজা! আমিই রাজসূয়যজ্ঞের পূর্ব্বে দিক্‌পালগণের সহিত সমস্ত দিক্ জয় করিয়া আপনার বশীভূত করিয়াছি ॥৩১॥

আমার তেজেই সেই রাজসূয়যজ্ঞ সমাপ্ত হইয়াছিল এবং আমার ক্ষমতাতেই আপনার সেই দিব্য সভা নির্ম্মিত হইয়াছিল; আর আমার দক্ষিণ হস্তে বাণ এবং বাম হস্তে গুণ ও বাণযুক্ত বিস্তৃত ধনু অঙ্কিত রহিয়াছে ॥৩২॥

(২৯) তস্মাদ্‌ব্রবীহ্যাত্মগুণানরিঘ্ন!...পি। (৩২)...নিশিতা মমৈব...বর্দ্ধ বা সো।

সংশপ্তকানাং কিঞ্চিদেবাবশিষ্টং সর্বস্য সৈন্যস্য হতং ময়ার্দ্ধম্।
শেতে ময়া নিহতা ভারতীয়া চমূ রাজন্! দেবচমূপ্রকাশা ॥৩৪॥
যে চাস্ত্রজ্ঞাস্তানহং হন্মি চাস্ত্রৈস্তস্মাল্লোকান্ নেহ করোমি ভস্মসাৎ।
জৈত্রং রথং ভীমমাস্থায় কৃষ্ণ! যাবঃ শীঘ্রং সূতপুত্রং নিহন্তুম্ ॥৩৫॥
রাজা ভবত্বদ্য সুনির্বৃতোঽহয়ং কর্ণং রণে নাশয়িতাস্মি বাণৈঃ।
অদ্যাপুত্রা সূতমাতা ভবিত্রী কুন্তী বাথো ময়া বা তেন বাপি।
সত্যং বদাম্যদ্য ন কর্ণমাজৌ শরৈরহত্বা কবচং বিমোক্ষ্যে ॥৩৬॥

ভারতকৌমুদী

পাদাবিতি। সরথৌ রথচিহ্নযুক্তৌ, সধ্বজৌ ধ্বজচিহ্নাঙ্কিতৌ। তেনৈব জয়াসম্ভব ইতি ভাবঃ ॥৩৩॥

সমিতি। সৈন্যস্য কৌরবীয়স্য। ভারতীয়া কৌরবীযা, চমূঃ সেনা ॥৩৪॥

য ইতি। লোকান্ বিপক্ষান্, ভস্মসান্ন করোমি পাশুপতাস্ত্রেণ। জৈত্রং জয়শীলম্ ॥৩৫॥

রাজেতি। সুনির্বৃতঃ অতীবসুস্থঃ। সূতমাতা কর্ণজননী। তেন কর্ণেন। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৬॥

আমার চরণতলে রথ ও ধ্বজের চিহ্ন আছে। সেই জন্যই বিপক্ষেরা আমার তুল্য লোককে যুদ্ধে জয় করিতে পারে না এবং আমি উত্তর, পশ্চিম, পূর্ব্ব ও দক্ষিণদেশীয় বীরগণকে বধ করিয়াছি ॥৩৩॥

রাজা! সংশপ্তকগণের অল্পমাত্র অবশিষ্ট আছে, আমি কৌরবসৈন্যের অর্দ্ধ বিনাশ করিয়াছি এবং দেবসেনাতুল্য অনেক কৌরবসেনা আমার হাতে নিহত হইয়া শয়ন করিয়াছে ॥৩৪॥

যাহারা অস্ত্রজ্ঞ, তাহাদিগকে আমি অস্ত্রদ্বারাই বধ করি। সেই জন্যই আমি পাশুপতাস্ত্রদ্বারা বিপক্ষদিগকে ভস্ম করি না। সে যাহা হউক, কৃষ্ণ! আইস, আমরা ভয়ঙ্কর ও বিজয়ী রথে আরোহণ করিয়া কর্ণকে বধ করিবার জন্য সত্বর যাই ॥৩৫॥

আজ এই রাজা বিশেষ নির্বৃতি লাভ করুন; আমি বাণদ্বারা যুদ্ধে কর্ণকে বধ করিব। আজ আমাদ্বারা কর্ণের মাতা অপুত্রা হইবেন, কিংবা কর্ণদ্বারা আমার মাতা কুন্তী অর্জ্জুনশূন্যা হইবেন। আমি সত্য বলিতেছি—আজ আমি বাণদ্বারা কর্ণকে বধ না করিয়া কবচ ত্যাগ করিব না' ॥৩৬॥

---

(৩৬)…ইমং ভীমং রথমাস্থায়…পি।

সঞ্জয় উবাচ।

ইত্যেবমুক্ত্বা পুনরেব পার্থো যুধিষ্ঠিরং ধর্ম্মভৃতাং বরিষ্ঠম্।
বিমুচ্য শস্ত্রাণি ধনুর্বিসৃজ্য কোষে চ খড়্গং বিনিধায় তূর্ণম্ ॥৩৭॥
স ব্রীড়য়া নম্রশিরাঃ কিরীটী যুধিষ্ঠিরং প্রাঞ্জলিরভ্যুবাচ।
প্রসীদ রাজন্! ক্ষময়ন্ ময়োক্তং কালে ভবান্ বেৎস্যতি তন্নমস্তে ॥৩৮॥
(যুগ্মকম্)

প্রসাদ্য রাজানমমিত্রসাহং স্থিতোঽব্রবীচ্চৈব পুনঃ প্রবীরঃ।
নেদং চিরাৎ ক্ষিপ্রমিদং ভবিষ্যত্যাবর্ত্ততেঽসাবভিষামি চৈনম্ ॥৩৯॥
যাম্যেষ ভীমং সমরাৎ প্রমোক্তুং সর্বাত্মনা সূতপুত্রঞ্চ হন্তুম্।
তব প্রিয়ার্থং মম জীবিতং হি ব্রবীমি সত্যং তদবেহি রাজন্!।
ইতি প্রযাস্যন্নুপগৃহ্য পাদৌ সমুত্থিতো দীপ্ততেজাঃ কিরীটী ॥৪০॥

ভারতকৌমুদী

ইতীতি। ব্রীড়য়া গুরুং প্রত্যনুচিতোক্তিলজ্জয়া। বেৎস্যতি মমাগমনকারণম্ ॥৩৭—৩৮॥

প্রেতি। অমিত্রং শত্রুং সহত ইতি তম্, স্থিতো দণ্ডায়মানঃ। প্রবীরোঽর্জ্জুনঃ। ইদং কর্ণহননম্। অসৌ কর্ণঃ, আবর্ত্ততে আগচ্ছতি। এনং কর্ণম্ ॥৩৯॥

যামীতি। প্রমোক্তুমুদ্ধর্ত্তুম্, সর্বাত্মনা সর্বপ্রযত্নেন। কিরীটী অর্জ্জুনঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪০॥

সঞ্জয় কহিলেন—'কিরীটধারী অর্জ্জুন ধার্ম্মিকশ্রেষ্ঠ যুধিষ্ঠিরকে এইরূপ বলিয়া সত্বর অস্ত্র ও ধনু ত্যাগ এবং কোষমধ্যে তরবারি স্থাপন করিয়া লজ্জায় অবনত-মস্তক ও কৃতাঞ্জলি হইয়া পুনরায় যুধিষ্ঠিরকে বলিলেন—'রাজা! আমার উক্তি-গুলিকে ক্ষমা করিয়া আপনি প্রসন্ন হউন। যথাসময়ে আপনি আমার আগমনের কারণ জানিতে পারিবেন; আপনাকে নমস্কার' ॥৩৭—৩৮॥

মহাবীর অর্জ্জুন শত্রুসহ যুধিষ্ঠিরকে প্রসন্ন করিয়া দণ্ডায়মান হইয়া পুনরায় বলিলেন—'এই কর্ণবধ দীর্ঘকালে নহে—সত্বরই হইবে। ঐ কর্ণ আসিতেছে, আমি সত্বর উহার অভিমুখে যাই ॥৩৯॥

আমি সর্ব্বপ্রযত্নে যুদ্ধ হইতে ভীমসেনকে উদ্ধার এবং কর্ণকে বধ করিবার জন্য এই যাইতেছি। রাজা! সত্য বলিতেছি, তাহা আপনি জানিয়া রাখুন; আপনার প্রীতির জন্যই আমার জীবন।' এই কথা বলিয়া তেজস্বী অর্জ্জুন যুদ্ধে যাইবার পূর্বে যুধিষ্ঠিরের চরণযুগল ধারণ করিয়া গাত্রোত্থান করিলেন ॥৪০॥

(৩৭)…বিমুক্তশস্ত্রস্ত ধনুর্বিসৃজ্য…পি। (৪০) যাম্যেব…বর্দ্ধ…প্রায়াদুপসংগৃহ্য পাদৌ…পি।

এতচ্ছ্রুত্বা পাণ্ডবো ধর্ম্মরাজো ভ্রাতুর্বাক্যং পরুষং ফাল্গুনস্য।
উত্থায় তস্মাচ্ছয়নাদুবাচ পার্থং ততো দুঃখপরীতচেতাঃ ॥৪১॥
কৃতং ময়া পার্থ! যথা ন সাধু যেন প্রাপ্তং ব্যসনং বঃ সুঘোরম্।
তস্মাচ্ছিরশ্ছিন্ধি মমেদমদ্য কুলান্তকস্যাধমপূরুষস্য ॥৪২॥
পাপস্য পাপব্যসনান্বিতস্য বিমূঢ়বুদ্ধেরলসস্য ভীরোঃ।
বৃদ্ধাবমন্তুঃ পরুষস্য চৈব কিং তে চিরং মে হ্যনুসৃত্য রূক্ষম্ ॥৪৩॥
গচ্ছাম্যহং বনমেবাদ্য পাপঃ সুখং ভবান্ বর্ত্ততাং মদ্বিহীনঃ।
যোগ্যো রাজা ভীমসেনো মহাত্মা ক্লীবস্য বা মম কিং রাজকৃত্যম্ ॥৪৪॥
ন চাস্মি শক্তঃ পরুষাণি সোঢ়ুং পুনস্তবেমানি রুষান্বিতস্য।
ভীমোঽস্তু রাজা মম জীবিতেন ন কার্য্যমদ্যাবমতস্য বীর! ॥৪৫॥

ভারতকৌমুদী

এতদিতি। এতৎ ইতঃ পূর্ব্বমুক্তম্। শয়নাৎ শয্যাতঃ। দুঃখেন পরীতচেতা ব্যাপ্তচিত্তঃ ॥৪১॥
কৃতমিতি। প্রাপ্তমুপস্থিতম্, ব্যসনং বিপৎ। কুলান্তকস্য বৃদ্ধাবন্তাদ্বংশনাশকস্য ॥৪২॥
পাপস্যেতি। পাপব্যসনান্বিতস্য দ্যূতাসক্তস্য। রূক্ষং নীরসং মার্গম্ ॥৪৩॥
অথ শিরশ্ছেদাভাবে কিং করিষ্যসীত্যাহ গচ্ছামীতি। ক্লীবস্য নিস্তেজস্কস্য ॥৪৪॥
নেতি। ভীমো রাজাস্তু আনন্তর্য্যাৎ। এতেন বৃদ্ধান্ন নিবর্ত্তিতব্যমিতি সূচিতম্ ॥৪৫॥

ওদিকে পাণ্ডুনন্দন যুধিষ্ঠির ভ্রাতা অর্জ্জুনের পূর্ব্বোক্ত নিষ্ঠুর বাক্য শ্রবণ করিয়া দুঃখিতচিত্ত হইয়া সেই শয্যা হইতে উঠিয়া পরে অর্জ্জুনকে বলিলেন—॥৪১॥

'অর্জ্জুন! যাহা ভাল নহে, তাহা আমি করিয়াছি; যাহাতে তোমাদের অতিভীষণ বিপদ্ উপস্থিত হইযাছে। সুতরাং আমি বংশনাশক নরাধম। অতএব তুমি আজ আমার এই মস্তক ছেদন কর ॥৪২॥

আমি পাপাত্মা, পাপব্যসনাসক্ত, মূঢ়বুদ্ধি, অলস, ভীরু, বৃদ্ধগণের অবমাননাকারী ও নিষ্ঠুর। অতএব চিরকাল আমার রূক্ষ পথ অনুসরণ করিয়া তোমার কি ফল হইবে ॥৪৩॥

পাপাত্মা আমি অদ্যই বনে যাইব; তুমি আমাকে ছাড়িয়া সুখে থাক; মহাত্মা ভীমসেনই তোমাদের উপযুক্ত রাজা; আমি নপুংসক; সুতরাং আমার কি রাজ্যকার্য্য হইতে পারে ॥৪৪॥

বীর! ক্রুদ্ধ অবস্থায় তোমার এই নিষ্ঠুর উক্তিগুলি আর সহ্য করিতে পারিতেছি না। সুতরাং অপমানিত হইয়া আমার জীবনে আর প্রয়োজন নাই; ভীমই রাজা হউন' ॥৪৫॥

(৪৪)…সুখী ভবান্…পি।

ইত্যেবমুক্ত্বা সহসোৎপপাত রাজা ততস্তচ্ছয়নং বিহায়।
ইয়েষ নির্গন্তুমথো বনায় তং বাসুদেবঃ প্রণতোঽভ্যুবাচ ॥৪৬॥
রাজন্! বিদিতমেতত্তে যথা গাণ্ডীবধন্বনঃ।
প্রতিজ্ঞা সত্যসন্ধস্য গাণ্ডীবং প্রতি বিশ্রুতা ॥৪৭॥
ব্রূয়াদ্য এনং গাণ্ডীবং দেহ্যন্যস্মৈ ত্বমিত্যুত।
বধ্যোঽস্য স পুমাল্লোঁকে ত্বয়া চোক্তোঽয়মীদৃশম্ ॥৪৮॥
ততঃ সত্যাং প্রতিজ্ঞাং তাং পার্থেন প্রতিরক্ষতা।
মচ্ছন্দাদবমানোঽয়ং কৃতস্তব মহীপতে! ॥৪৯॥
গুরূণামবমানো হি বধ ইত্যভিধীয়তে!
তস্মাত্ত্বং বৈ মহাবাহো! মম পার্থস্য চোভয়োঃ ॥৫০॥
ব্যতিক্রমমিমং রাজন্! স সংরক্ষার্জ্জুনং প্রতি।
শরণং ত্বাং মহারাজ! প্রপন্নৌ স্ব উভাবপি ॥৫১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ইতীতি। উৎপপাত উত্তস্থৌ। শয়নং শয্যাম্ ॥৪৬॥
রাজন্নিতি। গাণ্ডীবধন্বনঃ অর্জ্জুনস্য। সত্যসন্ধস্য সত্যপ্রতিজ্ঞস্য। বিশ্রুতা বিখ্যাতা ॥৪৭॥
কাসৌ প্রতিজ্ঞেত্যাহ ব্রূয়াদিতি। উতশব্দঃ পাদপূরণে। অয়মর্জ্জুনঃ ॥৪৮॥
তত ইতি। মম ছন্দাদভিপ্রায়াদেব, "অভিপ্রায়শ্ছন্দ আশয়ঃ" ইত্যমরঃ ॥৪৯॥
গুরূণামিতি। মম প্রণোদনাৎ। সংরক্ষ ক্ষমস্ব। প্রপন্নৌ প্রাপ্তৌ ॥৫০—৫১॥

যুধিষ্ঠির এইরূপ বলিয়া সহসা শয্যা ত্যাগ করিয়া গাত্রোত্থান করিলেন এবং বনে যাইবার ইচ্ছা করিলেন। তাহার পর কৃষ্ণ অবনত হইয়া তাঁহাকে বলিলেন—॥৪৬॥

'রাজা! আপনার জানা আছে যে, সত্যপ্রতিজ্ঞ অর্জ্জুনের গাণ্ডীববিষয়ে এইরূপ প্রসিদ্ধ প্রতিজ্ঞা আছে ॥৪৭॥

যে ব্যক্তি ইঁহাকে বলিবে যে, 'তুমি অন্য লোককে গাণ্ডীব দান কর' সে ব্যক্তি উঁহার বধ্য হইবে। অথ চ আপনি ইঁহাকে এইরূপই বলিয়াছেন ॥৪৮॥

রাজা! তাহার পর অর্জ্জুন সেই সত্য প্রতিজ্ঞা রক্ষা করিবার জন্য আমার অভিপ্রায় অনুসারেই আপনার এই অপমান করিয়াছেন ॥৪৯॥

মনস্বীরা বলেন—'গুরুজনের অপমান করাই বধ'। সুতরাং মহাবাহু! আমার ও অর্জ্জুনের এই অতিক্রম আপনি ক্ষমা করুন; মহারাজ! আমি ও অর্জ্জুন দুই জনই আপনার শরণাপন্ন হইলাম ॥৫০—৫১॥

(৪৬)…রুষান্বিতস্তচ্ছয়নং বিহায…প্রণতো হ্যবাচ —পি। (৪৯) অতঃ সত্যাম্—পি।

ক্ষন্তুমর্হসি মে রাজন্! প্রণতস্যাভিযাচতঃ।
রাধেয়স্যাদ্য পাপস্য ভূমিঃ পাস্যতি শোণিতম্ ॥৫২॥
সত্যং তে প্রতিজানামি হতং বিদ্ধ্যদ্য সূতজম্।
যস্যেচ্ছসি বধং তস্য গতমপ্যদ্য জীবিতম্ ॥৫৩॥
ইতি কৃষ্ণবচঃ শ্রুত্বা ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ।
সসম্ভ্রমং হৃষীকেশমুত্থাপ্য প্রণতং তদা ॥৫৪॥
কৃতাঞ্জলিস্ততো বাক্যমুবাচানন্তরং বচঃ।
এবমেব যথাত্থ ত্বমস্ত্যেবোঽতিক্রমো মম ॥৫৫॥ (যুগ্মকম্)
অনুনীতোঽস্মি গোবিন্দ! তারিতশ্চাস্মি মাধব!।
মোক্ষিতা ব্যসনাদ্‌ঘোরাদ্বয়মদ্য ত্বয়াচ্যুত! ॥৫৬॥
ভবন্তং নাথমাসাদ্য হ্যাবাং ব্যসনসাগরাৎ।
ঘোরাদদ্য সমুত্তীর্ণাবুভাবজ্ঞানমোহিতৌ ॥৫৭॥

ভারতকৌমুদী

ক্ষন্তমিতি। রাধেয়স্য কর্ণস্য। পাস্যতি বধেন তন্নির্গমাৎ ॥৫২॥

সত্যমিতি। বিদ্ধি জানীহি, সূতজং কর্ণম্। জীবিতং জীবনম্ ॥৫৩॥

ইতীতি। সসম্ভ্রমং সচাঞ্চল্যম্। আত্থ ব্রবীষি। অতিক্রমঃ অস্মৈ গাণ্ডীবদানোক্তিঃ ॥৫৪—৫৫॥

অম্বিতি। তারিতো বিপৎসাগরাৎ। ব্যসনাদ্বিপদঃ ॥৫৬॥

ভবন্তমিতি। নাথং রক্ষকম্, আবাম্ অহমর্জ্জুনশ্চ ॥৫৭॥

রাজা! আমি অবনত হইয়া প্রার্থনা করিতেছি, আপনি ক্ষমা করুন। আজ সমরভূমি পাপাত্মা কর্ণের রক্ত পান করিবে ॥৫২॥

আমি আপনার নিকট সত্য প্রতিজ্ঞা করিতেছি—আজ কর্ণকে নিহত বলিয়া অবগত হউন এবং যাহার বধ ইচ্ছা করেন, আজ তাহার জীবন গিয়াছে' ॥৫৩॥

কৃষ্ণের এই কথা শুনিয়া ধর্ম্মরাজ যুধিষ্ঠির তখন ব্যস্ততার সহিত কৃষ্ণকে উত্থাপন করিয়া কৃতাঞ্জলি হইয়া পরে এই কথা বলিলেন—'কৃষ্ণ! তুমি যাহা বলিলে, তাহা সত্য; আমার এই অতিক্রম হইয়াছে বটে ॥৫৪—৫৫॥

গোবিন্দ! তুমি অনুনয় করিয়াছ, মাধব! তুমি উদ্ধার করিয়াছ এবং অচ্যুত! তুমি আজ আমাদিগকে ভীষণ বিপদ্ হইতে মুক্ত করিয়াছ ॥৫৬॥

কৃষ্ণ! আমরা আজ অজ্ঞানে মোহিত হইয়াছিলাম; পরে তোমাকে রক্ষক পাইয়া সেই ভীষণ বিপৎসাগর হইতে দুই জনেই উত্তীর্ণ হইয়াছি ॥৫৭॥

(৫৫)...অস্ত্যেবোঽতিক্রমো মম—পি বর্দ্ধ বা।

ত্বদ্বুদ্ধিপ্লবমাসাদ্য দুঃখশোকার্ণবাদ্বয়ম্ ।
সমুত্তীর্ণাঃ সহামাত্যাঃ সনাথাঃ স্ম ত্বয়াচ্যুত ! ॥৫৮॥

সঞ্জয় উবাচ ।

ধর্ম্মরাজস্য তচ্ছ্রুত্বা প্রীতিযুক্তং বচস্ততঃ ।
পার্থং প্রোবাচ ধর্ম্মাত্মা গোবিন্দো যদুনন্দনঃ ॥৫৯॥
পার্থ ! ধর্ম্মভৃতাং শ্রেষ্ঠং রাজানং ধর্ম্মসংশ্রিতম্ ।
প্রসাদয় কুরুশ্রেষ্ঠং তদেবাদ্য মতং মম ॥৬০॥
ইতি স্ম কৃষ্ণবচনাৎ প্রত্যুচ্চার্য্য যুধিষ্ঠিরম্ ।
বভূব বিমনাঃ পার্থঃ কিঞ্চিৎ কৃত্বেব পাতকম্ ॥৬১॥
ততোঽব্রবীদ্বাসুদেবঃ প্রহসন্নিব পাণ্ডবম্ ।
কথং নাম ভবেদেতদ্যদি ত্বং পার্থ ! ধর্ম্মজম্ ॥৬২॥
অসিনা তীক্ষ্ণধারেণ হন্যা ধর্ম্মে ব্যবস্থিতম্ ।
ত্বমিত্যুক্ত্বাথ রাজানমেবং কশ্মলমাবিশঃ ॥৬৩॥
হত্বা তু নৃপতিং পার্থ ! অকরিষ্যঃ কিমুত্তরম্ ।
এবং হি দুর্বিদো ধর্ম্মো মন্দপ্রজ্ঞৈর্বিশেষতঃ ॥৬৪॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

ত্বদিতি। তব বুদ্ধিরেব প্লবস্তরণিবিশেষস্তম্। সনাথাঃ সরক্ষকাঃ ॥৫৮॥
ধর্ম্মেতি। তৎ 'এবমেব যথাত্থ ত্বম্' ইত্যাদিকম্। পার্থমর্জ্জুনম্ ॥৫৯॥
পার্থেতি। প্রসাদয় মধুরবাক্যেনানুনয়। মতমভিপ্রায়ঃ ॥৬০॥
ইতীতি। প্রত্যুচ্চার্য্য যথেষ্টমনুনয়বাক্যম্। বিমনা বিষণ্ণচিত্তঃ ॥৬১॥

কৃষ্ণ! আমরা তোমার বুদ্ধি-তরণি পাইয়া দুঃখ ও শোকসাগর হইতে উত্তীর্ণ হইয়াছি এবং তোমাদ্বারাই আমরা অমাত্যবর্গের সহিত নাথযুক্ত হইয়াছি' ॥৫৮॥

সঞ্জয় বলিলেন—'ধর্ম্মাত্মা যদুনন্দন কৃষ্ণ যুধিষ্ঠিরের সেই প্রীতিযুক্ত বাক্য শুনিয়া তৎপরে অর্জ্জুনকে কহিলেন—॥৫৯॥

'অর্জ্জুন! ধার্ম্মিকশ্রেষ্ঠ, কৌরবপ্রধান ও ধর্ম্মানুগামী রাজাকে প্রসন্ন কর। ইহাই এখন আমার অভিপ্রায়' ॥৬০॥

অর্জ্জুন কৃষ্ণের এই বাক্য অনুসারে যুধিষ্ঠিরের প্রতি যথেষ্ট অনুনয়বাক্য বলিয়া কোন পাতক করিয়াই যেন বিষণ্ণচিত্ত হইলেন ॥৬১॥

(৫৮) ইতঃ পরম্ '...সপ্ততিতমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ বা সো। (৫৯) শ্লোকঃ বর্দ্ধ পি নাস্তি। (৬০) শ্লোকঃ পি বর্দ্ধ বা সো নাস্তি।

স ভবান্ ধর্ম্মভীরুত্বাদ্ধ্রুবমৈষ্যন্মহত্তমঃ।
নরকং ঘোররূপঞ্চ ভ্রাতুর্জ্যেষ্ঠস্য বৈ বধাৎ ॥৬৫॥
স ত্বং ধর্ম্মভৃতাং শ্রেষ্ঠং রাজানং ধর্ম্মসংহিতম্।
প্রসাদয় কুরুশ্রেষ্ঠমেতদত্র মতং মম ॥৬৬॥
প্রসাদ্য ভক্ত্যা রাজানং প্রীতে চৈব যুধিষ্ঠিরে।
প্রযাবস্ত্বরিতৌ যোদ্ধুং সূতপুত্ত্ররথং প্রতি ॥৬৭॥
হত্বা তু সমরে কর্ণং ত্বমদ্য নিশিতৈঃ শরৈঃ।
বিপুলাং প্রীতিমাধৎস্ব ধর্ম্মপুত্ত্রস্য মানদ! ॥৬৮॥
এতদত্র মহাবাহো! প্রাপ্তকালং মতং মম।
এবং কৃতে কৃতঞ্চৈব তব কার্য্যং ভবিষ্যতি ॥৬৯॥

ভারতকৌমুদী

তত ইতি। ৷ পাণ্ডবমর্জ্জুনম্। কথং কীদৃশম্। ধর্ম্মজ্ঞং যুধিষ্ঠিবম্। কশ্মলং মোহম্। উত্তবং পবং কিনকবিষ্যঃ। দুর্বিদো দুর্জ্ঞেযঃ, মন্দপ্রজ্ঞৈবল্পবুদ্ধিভিঃ ॥৬২—৬৪॥

স ইতি৷ তমো মোহম্, শোকাতিবেকাদিত্যাশযঃ ॥৬৫॥

স ইতি। ধর্ম্মভৃতাং পুণ্যবতাম্। ধর্ম্মসংহিতং ন্যাযযুক্তমিত্যপৌনরুক্ত্যম্ ॥৬৬॥

প্রসাদ্যেতি। ত্ববিতৌ আবাম্। সূতপুত্ত্রস্য কর্ণস্য বথং প্রতি ॥৬৭॥

হত্বেতি। নিশিতৈঃ শিলাঘর্ষণাদিনা তনুকৃতমুখৈঃ সুধারৈবিত্যর্থঃ। আধৎস্ব জনয ॥৬৮॥

তাহাব পব কৃষ্ণ হাসিতে হাসিতেই যেন অর্জ্জুনকে বলিলেন—'অর্জ্জুন! তুমি যদি তীক্ষ্ণধাব তববাবিদ্বাবা ধার্ম্মিক যুধিষ্ঠিবকে বধ কবিতে, তাহা হইলে তাহা কিরূপ হইত বল দেখি; বাজাকে কেবল 'তুমি' বলিয়া এইরূপ মোহাপন্ন হইয়াছ, তাহাতে রাজাকে বধ কবিয়া পবে কি কবিতে? ধর্ম্ম এইরূপই দুর্জ্ঞেয়, বিশেষতঃ অল্পবুদ্ধিব পক্ষে ॥৬২—৬৪॥

নিশ্চয়ই তুমি জ্যেষ্ঠভ্রাতাকে বধ কবিয়া ধর্ম্মভীরুতাবশতঃ গুরুতর মোহাপন্ন হইতে এবং ঘোব নবকে যাইতে ॥৬৫॥

অর্জ্জুন! তুমি এখন ধার্ম্মিকশ্রেষ্ঠ, ন্যাযবান্ ও কৌববপ্রধান বাজাকে প্রসন্ন কব, ইহাই আমাব মত ॥৬৬॥

ভক্তিপূর্ব্বক বাজাকে প্রসন্ন কবিয়া উনি সন্তুষ্ট হইলে আমরা যুদ্ধ কবিবাব জন্য সত্বব কর্ণেব বথেব দিকে যাইব ॥৬৭॥

মানদাতা। তুমি আজ সুধাব বাণসমূহদ্বাবা যুদ্ধে কর্ণকে বধ কবিয়া ধর্ম্মবাজেব প্রচুব আনন্দ উৎপাদন কব ॥৬৮॥

(৬৭ ·· ত্ববিতং যোদ্ধ ম—পি।

ততোঽর্জ্জুনো মহারাজ ! লজ্জয়া বৈ সমন্বিতঃ ।
ধর্ম্মরাজস্য চরণৌ প্রপদ্য শিরসা নতঃ ॥৭০॥
উবাচ ভরতশ্রেষ্ঠং প্রসীদেতি পুনঃ পুনঃ ।
ক্ষমস্ব রাজন্ ! যৎ প্রোক্তং ধর্ম্মকামেণ ভীরুণা ॥৭১॥ (যুগ্মকম্)

সঞ্জয় উবাচ ।

পাদয়োঃ পতিতং দৃষ্ট্বা ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ ।
ধনঞ্জয়মমিত্রঘ্নং রুদন্তং ভরতর্ষভ ! ॥৭২॥
উত্থাপ্য ভ্রাতরং রাজা ধর্ম্মরাজো ধনঞ্জয়ম্ ।
সমাশ্লিষ্য চ সস্নেহং প্ররুরোদ মহীপতিঃ ॥৭৩॥ (যুগ্মকম্)
রুদিত্বা চ চিরং কালং ভ্রাতরৌ সুমহাদ্যুতী ।
কৃতশৌচৌ মহারাজ ! প্রীতিমন্তৌ বভূবতুঃ ॥৭৪॥

ভারতকৌমুদী

এতদিতি । প্রাপ্তকালং বা লোচিতম্ । কার্য্যং বুদ্ধজযাত্মকম্ ॥৬৯॥
তত ইতি । প্রপদ্য প্রাপ্য । ধর্ম্মকামেণ প্রতিজ্ঞারক্ষারূপধর্ম্মাভিলাষিণা ॥৭০—৭১॥
পাদয়োরিতি । অমিত্রঘ্নং শক্রহন্তারম্ । প্ররুরোদ দৈবদুর্ঘটনোপগমাৎ ॥৭২—৭৩॥
রুদিত্বেতি । সুমহাদ্যুতী অতীবতেজস্বিনৌ । কৃতশৌচৌ মার্জনেন কৃতাঙ্গসংস্কারৌ ॥৭৪॥

ভারতভাবদীপঃ

উদ্বর্হ কোশান্নিষ্কাসিতবান্ ॥২৩—২৭॥ আত্মস্তবাদাত্মহত্যা পরহত্যাস্তু কুৎসনাদিত্যধ্যায-তাৎপর্য্যম্ ॥২৮—৭১॥ পদ্ভ্যাং পাদযোঃ ॥৭২—৯৯॥
ইতি কর্ণপর্ব্বণি নৈলকণ্ঠীযে ভারতভাবদীপে দ্বিপঞ্চাশত্তমোঽধ্যাযঃ ॥৫২॥

মহাবাহু ! ইহাই আমার এখন কালোচিত মত । এইরূপ করিলেই তোমার প্রকৃত কার্য্য করা হইবে' ॥৬৯॥

মহারাজ ! তাহার পর অর্জ্জুন লজ্জিত ও অবনত হইয়া মস্তকদ্বারা যুধিষ্ঠিরের চরণযুগল স্পর্শ করিয়া বার বার তাঁহাকে বলিলেন—'রাজা ! আপনি প্রসন্ন হউন, আমি প্রতিজ্ঞারক্ষার্থী ও ধর্ম্মভীরু বলিয়া যাহা বলিয়াছি, তাহা ক্ষমা করুন' ॥৭০—৭১॥

সঞ্জয় বলিলেন—'ভরতশ্রেষ্ঠ ! শক্রহন্তা অর্জ্জুন রোদন করিতে করিতে নিজের চরণযুগলে পতিত হইয়াছেন দেখিয়া ধর্ম্মরাজ রাজা যুধিষ্ঠির ভ্রাতা সেই অর্জ্জুনকে উঠাইয়া সস্নেহে আলিঙ্গন করিয়া রোদন করিতে লাগিলেন ॥৭২—৭৩॥

---

(৭১)···ধর্ম্মকামেণ বৈ মযা—পি। (৭২) দৃষ্ট্বা তু পতিতং পদ্ভ্যাম্···বর্দ্ধ বা সো।
(৭৪) রুদিত্বা সুচিরং কালম্··বর্দ্ধ বা সো,···কৃতশোচৌ নরব্যাঘ্রৌ···পি।

তত আশ্লিষ্য তং প্রেম্ণা মূর্দ্ধ্নি চাঘ্রায় পাণ্ডবঃ।
প্রীত্যা পরময়া যুক্তঃ প্রস্ময়ংশ্চাব্রবীজ্জয়ম্ ॥৭৫॥
কর্ণেন মে মহাবাহো! সর্বসৈন্যস্য পশ্যতঃ।
কবচঞ্চ ধ্বজঞ্চৈব ধনুঃ শক্তির্হয়াঃ শরাঃ ॥৭৬॥
শরৈঃ কৃত্তা মহেম্বাস! যতমানস্য সংযুগে।
সোঽহং জ্ঞাত্বা রণে তস্য কর্ম্ম দৃষ্ট্বা চ ফাল্গুন! ॥৭৭॥
ব্যবসীদামি দুঃখেন ন চ মে জীবিতং প্রিয়ম্।
ন চেদদ্য হি তং বীরং নিহনিষ্যসি সংযুগে ॥৭৮॥
প্রাণানেব পরিত্যক্ষ্যে জীবিতার্থো হি কো মম।
এবমুক্তঃ প্রত্যুবাচ বিজয়ো ভরতর্ষভ! ॥৭৯॥ (কলাপকম্)
সত্যেন তে শপে রাজন্! প্রসাদেন তথৈব চ।
ভীমেন চ নরশ্রেষ্ঠ! যমাভ্যাঞ্চ মহীপতে! ॥৮০॥

ভাবতকৌমুদী

তত ইতি। পাণ্ডবো যুধিষ্ঠিরঃ। প্রস্ময়ন্ ঈষদ্ধসন্, জয়মর্জ্জুনম্ ॥৭৫॥

কর্ণেনেতি। হয়া বথাশ্বাঃ। কৃত্তাশ্ছিন্নাঃ, যতমানস্য জয়ে। হে ফাল্গুন! অর্জ্জুন!। ব্যবসীদামি বিশেষেণাবসন্নো ভবামি। জীবিতস্য অর্থঃ প্রয়োজনম্। বিজয়োঽর্জ্জুনঃ ॥৭৬-৭৯॥

মহারাজ! অত্যন্ত তেজস্বী যুধিষ্ঠির ও অর্জ্জুন দুই ভ্রাতা দীর্ঘকাল রোদন করিয়া গাত্র পরিষ্কারপূর্ব্বক সন্তুষ্ট হইলেন ॥৭৪॥

তাহার পর যুধিষ্ঠির অত্যন্ত আনন্দিত হইয়া ঈষৎ হাস্য করিতে থাকিয়া স্নেহ-বশতঃ অর্জ্জুনকে আলিঙ্গন ও তাঁহার মস্তকাঘ্রাণ করিয়া বলিলেন—॥৭৫॥

'মহাবাহু মহাধনুর্দ্ধর অর্জ্জুন! আমি যুদ্ধে জয়লাভের জন্য যত্ন করিতেছিলাম; সেই অবস্থায় কর্ণ বাণদ্বারা সমস্ত সৈন্যের সমক্ষে আমার কবচ, ধ্বজ, ধনু, শক্তি, অশ্ব ও বাণ সকল ছেদন করিয়াছে। তখন আমি তাহার শক্তি বুঝিয়া এবং যুদ্ধে তাহার কার্য্য দেখিয়া দুঃখে বিশেষ অবসন্ন হইয়াছি; সে অবস্থায় আমার বাঁচিয়া থাকা প্রীতিকর হয় নাই। সুতরাং তুমি যদি আজ যুদ্ধে সেই বীরকে বধ করিতে না পার, তাহা হইলে আমি প্রাণই পরিত্যাগ করিব। কারণ, এ অবস্থায় আমার জীবনে ফল কি?।' ভরতশ্রেষ্ঠ! এইরূপ যুধিষ্ঠির বলিলে, অর্জ্জুন প্রত্যুত্তর করিলেন—॥৭৬—৭৯॥

(৭৮) • তমদ্য যদি বৈ বীর!...পি।

যথাদ্য সমরে কর্ণং হনিষ্যামি হতোঽপি বা।
মহীতলে পতিষ্যামি সত্যেনায়ুধমালভে ॥৮১॥ (যুগ্মকম্)
এবমাভাষ্য রাজানমব্রবীন্মাধবং বচঃ।
অদ্য কর্ণং রণে কৃষ্ণ! সূদয়িষ্যে ন সংশয়ঃ ॥৮২॥
তব বুদ্ধ্যা হি ভদ্রং তে বধস্তস্য দুরাত্মনঃ।
এবমুক্তোঽব্রবীৎ পার্থং কেশবো রাজসত্তম! ॥৮৩॥
শক্তোঽসি ভরতশ্রেষ্ঠ! হন্তুং কর্ণং মহাবলম্।
এষ চাপি হি মে কামো নিত্যমেব মহারথ! ॥৮৪॥
কথং ভবান্ রণে কর্ণং নিহন্যাদিতি সত্তম!।
ভূয়শ্চোবাচ মতিমান্ মাধবো ধর্ম্মনন্দনম্ ॥৮৫॥
যুধিষ্ঠিরেমং বীভৎসুং ত্বং সান্ত্বয়িতুমর্হসি।
অনুজ্ঞাতুঞ্চ কর্ণস্য বধায়াদ্য দুরাত্মনঃ ॥৮৬॥

ভারতকৌমুদী

সত্যেনেতি। যমাভ্যাং নকুলসহদেবাভ্যাম্। আলভে স্পৃশামি ॥৮০—৮১॥
এবমিতি। অব্রবীদর্জ্জুন এব। সূদয়িষ্যে হনিষ্যামি ॥৮২॥
তবেতি। তে তব ভদ্রং মঙ্গলমস্ত্বিতি শেষঃ ॥৮৩॥
শক্ত ইতি। এষ কর্ণবধবিষয়কঃ। নিত্যং সর্বদা ॥৮৪॥
কথমিতি। ভূয়ঃ পুনঃ। ধর্ম্মনন্দনং যুধিষ্ঠিরম্ ॥৮৫॥

নরশ্রেষ্ঠ পৃথিবীপতি রাজা! আমি আপনার নিকট সত্য, আপনার অনুগ্রহ, ভীমসেন, নকুল ও সহদেবদ্বারা শপথ করিতেছি যে, আজ যুদ্ধে কর্ণকে বধ করিব, কিংবা কর্ণকর্ত্তৃক নিহত হইয়া ভূতলে পতিত হইব; এই সত্য শপথে আমি অস্ত্র-স্পর্শও করিতেছি ॥৮০—৮১॥

অর্জ্জুন যুধিষ্ঠিরকে এইরূপ বলিয়া কৃষ্ণকে বলিলেন—'কৃষ্ণ! আজ যুদ্ধে কর্ণকে বধ করিব, এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥৮২॥

তোমার বুদ্ধিতেই সেই দুরাত্মার বধ হইবে। তোমার মঙ্গল হউক'। রাজশ্রেষ্ঠ! অর্জ্জুন এইরূপ বলিলে, কৃষ্ণ অর্জ্জুনকে বলিলেন---॥৮৩॥

'ভরতশ্রেষ্ঠ! তুমি মহাবল কর্ণকে বধ করিতে সমর্থ এবং মহারথ! সর্ব্বদাই আমার এই কামনা রহিয়াছে ॥৮৪॥

বীরশ্রেষ্ঠ! তুমি যুদ্ধে কি প্রকারে কর্ণকে বধ করিবে ইহা চিন্তাও করিতেছি'। ইহার পরে বুদ্ধিমান্ কৃষ্ণ পুনরায় যুধিষ্ঠিরকে বলিলেন---॥৮৫॥

(৮১)···হতোঽথবা···পি। (৮৩) তদস্বুধ্যাহি ভদ্রং তে···পি।

শ্রুত্বা হ্যহময়ঞ্চৈব ত্বাং কর্ণশরপীড়িতম্ ।
প্রবৃত্তিং জ্ঞাতুমায়াতাবিহাবাং পাণ্ডুনন্দন ! ॥৮৭॥
দিষ্ট্যাসি রাজন্ ! ন হতো দিষ্ট্যা ন গ্রহণং গতঃ।
পরিসান্ত্বয় বীভৎসুং জয়মাশাধি চানঘ ! ॥৮৮॥

যুধিষ্ঠির উবাচ।

এহ্যেহি পার্থ ! বীভৎসো ! মাং পরিষ্বজ পাণ্ডব ! ।
বক্তব্যমুক্তোঽস্মি হিতং ত্বয়া ক্ষান্তঞ্চ তন্ময়া ॥৮৯॥
অহং ত্বামনুজানামি জহি কর্ণং ধনঞ্জয় ! ।
মন্যুঞ্চ মা কৃথাঃ পার্থ ! যন্ময়োক্তোঽসি দারুণম্ ॥৯০॥

সঞ্জয় উবাচ।

ততো ধনঞ্জয়ো রাজন্ ! শিরসা প্রণতস্তদা।
পাদৌ জগ্রাহ পাণিভ্যাং ভ্রাতুর্জ্যেষ্ঠস্য মারিষ ! ॥৯১॥

ভারতকৌমুদী

যুধীতি। বীভৎসুমর্জ্জুনম্। অনুজ্ঞাতুঞ্চার্হসীতি সম্বন্ধঃ ॥৮৬॥
ভঙ্গ্যা পলায়নং প্রতিবদতি শ্রুত্বেতি। অযমর্জ্জুনঃ। প্রবৃত্তিং তব বৃত্তান্তম্ ॥৮৭॥
দিষ্ট্যেতি। দিষ্ট্যা ভাগ্যেন। বীভৎসুমর্জ্জুনম্। আশাধি আশীর্বিষযং কুরু ॥৮৮॥
এহীতি। পরিষ্বজ আলিঙ্গ। যযা যদ্‌হুক্তম্, তত্ত্বযা ক্ষান্তমিত্যর্থঃ ॥৮৯॥
অহমিতি। মন্যুং ক্রোধং দৈন্যঞ্চ, "মন্যুর্দৈন্যে ক্রতৌ ক্রুধি" ইত্যমরঃ ॥৯০॥

'মহারাজ ! আপনি অর্জ্জুনকে সান্ত্বনা দান করুন এবং আজ দুরাত্মা কর্ণকে বধ করিবার জন্য অনুমতি করুন ॥৮৬॥

পাণ্ডুনন্দন ! আপনি কর্ণের বাণে পীড়িত হইয়াছেন শুনিয়া আমি এবং ইনি আমরা আপনার বৃত্তান্ত জানিবার জন্য এখানে আসিয়াছিলাম ॥৮৭॥

নিষ্পাপ রাজা ! আপনি ভাগ্যবশতঃ নিহত হন নাই এবং ভাগ্যবশতই কর্ণকর্তৃক ধৃত হন নাই। এখন অর্জ্জুনকে সান্ত্বনা করুন এবং উঁহার জয়াশীর্বাদ করুন' ॥৮৮॥

যুধিষ্ঠির বলিলেন—'পৃথানন্দন অর্জ্জুন ! আইস আইস, পাণ্ডুনন্দন ! আমাকে আলিঙ্গন কর। তুমি আমাকে বক্তব্য হিতের কথাই বলিয়াছ এবং আমি যে সকল কটু কথা বলিয়াছি, তাহাতে তুমি ক্ষমা করিয়াছ ॥৮৯॥

ধনঞ্জয় ! আমি তোমাকে অনুমতি করিতেছি, তুমি কর্ণকে বধ কর। পৃথানন্দন ! আমি যে সকল দারুণ কথা বলিয়াছি, তাহাতে তুমি ক্রোধ বা দৈন্য করিও না' ॥৯০॥

তমুত্থাপ্য ততো রাজা পরিষ্বজ্য চ পীড়িতম্ ।
মূর্দ্ধ্ন্যুপাঘ্রায় চৈবৈনমিদং পুনরুবাচ হ ॥৯২॥
ধনঞ্জয় ! মহাবাহো ! মানিতোঽস্মি দৃঢ়ং ত্বয়া ।
মাহাত্ম্যং বিজয়ঞ্চৈব ভূয়ঃ প্রাপ্নুহি শাশ্বতম্ ॥৯৩॥

অর্জ্জুন উবাচ ।

অদ্য তং পাপকর্ম্মাণং সানুবন্ধং তথা শরৈঃ ।
নয়াম্যন্তং সমাসাদ্য রাধেয়ং বলগর্বিতম্ ॥৯৪॥
যেন ত্বং পীড়িতো বাণৈর্দৃঢ়মায়ম্য কার্ম্মুকম্ ।
তস্যাদ্য কর্ম্মণঃ কর্ণঃ ফলং প্রাপ্স্যতি দারুণম্ ॥৯৫॥
অদ্য ত্বামনুযাস্যামি কর্ণং হত্বা মহীপতে ! ।
সভাজয়িতুমাক্রন্দাদিতি সত্যং ব্রবীমি তে ॥৯৬॥

ভারতকৌমুদী

তত ইতি। হে নাবিষ ! আর্য্য ! "আর্য্যস্তু নাবিষঃ" ইত্যমরঃ ॥৯১॥
তমিতি। পরিষ্বজ্য আলিঙ্গ্য। মূর্দ্ধোপাঘ্রাণং স্নেহদ্যোতনার্থম্ ॥৯২॥
ধনঞ্জয়েতি। মাহাত্ম্যং যশস্বিত্বম্। শাশ্বতং চিরন্তনম্ ॥৯৩॥
অদ্যেতি। সানুবন্ধম্ অনুচরসহিতম্। অন্তং নাশম্ ॥৯৪॥
যেনেতি। আয়ম্য আকৃষ্য। দারুণং ফলং মৃত্যুম্ ॥৯৫॥
অদ্যেতি। সভাজয়িতুং প্রীণয়িতুম্, আক্রন্দাদ্ যুদ্ধাৎ ॥৯৬॥

সঞ্জয় বলিলেন—'মাননীয় রাজা ! তাহার পর অর্জ্জুন মস্তক অবনত করিয়া হস্তযুগলদ্বারা জ্যেষ্ঠভ্রাতার চরণযুগল ধারণ করিলেন ॥৯১॥

তাহার পর যুধিষ্ঠির অর্জ্জুনকে উঠাইয়া গাঢ় আলিঙ্গন ও মস্তকাঘ্রাণ করিয়া পুনরায় অর্জ্জুনকে এই কথা বলিলেন—॥৯২॥

'মহাবাহু ধনঞ্জয় ! তুমি চিরকাল আমার গুরুতর সম্মান করিয়া আসিতেছ। সুতরাং তুমি চিরস্থায়ী প্রচুর যশ ও জয় লাভ কর ॥৯৩॥

অর্জ্জুন বলিলেন—'আজ বলগর্বিত কর্ণকে পাইয়া বাণদ্বারা অনুচরবর্গের সহিত সেই পাপকারীকে বিনষ্ট করিব ॥৯৪॥

যে, ধনু দৃঢ় আকর্ষণ করিয়া বাণদ্বারা আপনাকে পীড়ন করিয়াছে, সেই কর্ণ আজ সেই কার্য্যের দারুণ ফল পাইবে ॥৯৫॥

---

(৯৫)…তাড়িতো বাণৈঃ…পি।

নাহত্বা বিনিবর্ত্তিষ্যে কর্ণমদ্য মহারণাৎ।
ইতি সত্যেন তে পাদৌ স্পৃশামি জগতীপতে! ॥৯৭॥

সঞ্জয় উবাচ।

ইতি ব্রুবাণং সুমনাঃ কিরীটিনং যুধিষ্ঠিরঃ প্রাহ বচো বৃহত্তরম্।
যশোঽক্ষয়ং জীবিতমীপ্সিতং তে জয়ং সদা বীর্য্যমরিক্ষয়ং তথা ॥৯৮॥
প্রযাহি বৃদ্ধিঞ্চ দিশন্তু দেবতা যথাহমিচ্ছামি তবাস্তু তত্তথা।
প্রযাহি তূর্ণং জহি কর্ণমাহবে পুরন্দরো বৃত্রমিবাত্মবৃদ্ধয়ে ॥৯৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং কর্ণপর্ব্বণি যুধিষ্ঠিরার্জ্জুনসংবাদে দ্বিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:*:——

ভারতকৌমুদী

নেতি। সত্যেন সত্যশপথেন ॥৯৭॥

ইতীতি। সুমনাঃ সন্তুষ্টচিত্তঃ। যশঃপ্রভৃতিকমপি প্রাহেতি সম্বন্ধঃ ॥৯৮॥

প্রেতি। দিশন্তু দদতু। বৃত্রমসুরম্, আত্মনো বৃদ্ধয়ে উন্নতয়ে ॥৯৯॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং কর্ণপর্ব্বণি দ্বিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

——:-০-:——

রাজা! আজ কর্ণকে বধ করিয়া আপনাকে আনন্দিত করিবার জন্য যুদ্ধ হইতে আসিব; ইহা আপনার নিকট সত্য বলিতেছি ॥৯৬॥

মহারাজ! আজ কর্ণকে বধ না করিয়া মহাযুদ্ধ হইতে ফিরিব না এই সত্য-শপথের জন্য আপনার চরণস্পর্শ করিতেছি' ॥৯৭॥

সঞ্জয় বলিলেন—'অর্জ্জুন এইরূপ বলিতে লাগিলে, যুধিষ্ঠির সন্তুষ্ট হইয়া তাঁহাকে সুপ্রশস্ত বাক্য বলিলেন—'অর্জ্জুন! তোমার যশ, জীবন অক্ষয়, অভীষ্ট লাভ, সর্বদা বীরত্ব ও শত্রুক্ষয় হউক ॥৯৮॥

বৎস! যাও; দেবতারা তোমার উন্নতি বিধান করুন; আমি যাহা ইচ্ছা করি, তাহা তোমার হউক; ইন্দ্র যেমন আত্মোন্নতির জন্য বৃত্রাসুরকে বধ করিয়াছিলেন, তুমিও তেমন যুদ্ধে কর্ণকে বধ কর, সত্বর যাও' ॥৯৯॥

——:-০-:——

* '...একসপ্ততিতমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ বা সো।

ত্রিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

—:০:—

সঞ্জয় উবাচ।

প্রসাদ্য ধর্ম্মরাজানং প্রহৃষ্টেনান্তরাত্মনা।
পার্থঃ প্রোবাচ গোবিন্দং সূতপুত্রবধোদ্যতঃ ॥১॥
কল্প্যতাং মে রথো ভূয়ো যুজ্যন্তাঞ্চ হয়োত্তমাঃ।
আয়ুধানি চ সর্বাণি সজ্যন্তাং মে মহারথে ॥২॥
উপাবৃত্তাশ্চ তুরগাঃ শিক্ষিতাশ্চাশ্বসাদিভিঃ।
রথোপকরণৈঃ সজ্জা উপায়ান্তু ত্বরান্বিতাঃ ॥৩॥
প্রযাহি শীঘ্রং গোবিন্দ! সূতপুত্রজিঘাংসয়া।
এবমুক্তো মহারাজ! ফাল্গুনেন মহাত্মনা ॥৪॥
উবাচ দারুকং কৃষ্ণঃ কুরু সর্বং যথাব্রবীৎ।
অর্জ্জুনো ভরতশ্রেষ্ঠঃ শ্রেষ্ঠঃ সর্বধনুষ্মতাম্ ॥৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

প্রেতি। প্রসাদ্য প্রসন্নীকৃত্য। সূতপুত্রবধোদ্যতঃ কর্ণবধায়োদ্যুক্তঃ ॥১॥
কল্প্যতামিতি। কল্প্যতাং সজ্জীক্রিয়তাম্। সজ্যন্তাং স্থাপ্যন্তাম্ ॥২॥
উপেতি। উপাবৃত্তা ঘূর্ণনাৎ পরমাগতাঃ। অশ্বসাদিভিরশ্বারোহিভিঃ ॥৩॥
প্রেতি। সূতপুত্রজিঘাংসয়া কর্ণবধেচ্ছয়া। ফাল্গুনেনার্জ্জুনেন। দারুকং স্বসারথিম্ ॥৪-৫॥

সঞ্জয় কহিলেন—'মহারাজ! কর্ণবধোদ্যত অর্জ্জুন যুধিষ্ঠিরকে প্রসন্ন করিয়া হৃষ্টচিত্তে কৃষ্ণকে বলিলেন—॥১॥

'কৃষ্ণ! আমার রথ সজ্জিত কর, পুনরায় উত্তম অশ্বগুলিকে তাহাতে সংযুক্ত কর এবং আমার সেই উত্তম রথে সমস্ত অস্ত্র স্থাপিত কর ॥২॥

অশ্বারোহিগণকর্ত্তৃক শিক্ষিত এবং প্রত্যাগত অশ্বগণ সমস্ত বেশ-ভূষায় সজ্জিত হইয়া সত্বর আগমন করুক ॥৩॥

কৃষ্ণ! তা'র পর তুমি কর্ণকে বধ করিবার ইচ্ছায় সত্বর গমন করিবে'। মহারাজ! মহাত্মা অর্জ্জুন এইরূপ বলিলে, কৃষ্ণ দারুককে কহিলেন—'দারুক! ভরতবংশশ্রেষ্ঠ ও সর্ব্বধনুর্দ্ধরপ্রধান অর্জ্জুন যাহা বলিলেন, সে সমস্ত সম্পাদন কর' ॥৪—৫॥

(৩)···রণোপকরণৈঃ··· পি। (৪) প্রযতস্বাশু গোবিন্দ!···পি।

আজ্ঞপ্তস্ত্বথ কৃষ্ণেন দারুকো রাজসত্তম।।
যোজয়ামাস স রথং বৈয়াঘ্রং শত্রুতাপনম্ ॥৬॥
সজ্জং নিবেদয়ামাস পাণ্ডবস্য মহাত্মনঃ।
যুক্তন্তু তং রথং দৃষ্ট্বা দারুকেণ মহাত্মনা ॥৭॥
আপৃচ্ছ্য ধর্ম্মরাজানং ব্রাহ্মণান্ স্বস্তি বাচ্য চ।
সুমঙ্গলং স্বস্ত্যয়নমারুরোহ রথোত্তমম্ ॥৮॥ (বিশেষকম্)
তস্য রাজা মহাপ্রাজ্ঞো ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ।
আশিষোঽযুঙ্ক্ত স ততঃ প্রায়াৎ কর্ণরথং প্রতি ॥৯॥
তং প্রয়ান্তং মহেষ্বাসং দৃষ্ট্বা ভূতানি ভারত।।
নিহতং মেনিরে কর্ণং পাণ্ডবেন মহাত্মনা ॥১০॥
বভূবুর্বিমলাঃ সর্বাঃ দিশো রাজন্। সমন্ততঃ।
চাষাশ্চ শতপত্রাশ্চ ক্রৌঞ্চাশ্চৈব জনেশ্বর।।
প্রদক্ষিণমকুর্বন্ত তদা বৈ পাণ্ডুনন্দনম্ ॥১১॥

ভারতকৌমুদী

আজ্ঞপ্ত ইতি। বৈযাঘ্রং ব্যাঘ্রচর্ম্মাবৃতম্। পাণ্ডবস্যার্জ্জুনস্য। আপৃচ্ছ্য আমন্ত্র্য অনুমতিং গৃহীত্বেত্যর্থঃ। সুমঙ্গলমতীবমঙ্গলকবম্, স্বস্তি মঙ্গলস্য অযনং প্রাপ্তির্যস্মিন্ তত্তথা ॥৬—৮॥

তস্যেতি। অযুঙ্ক্ত অকবোৎ, সঃ অর্জ্জুনঃ ॥৯॥

তমিতি। মহেষ্বাসং মহাধনুর্দ্ধবম, ভূতানি প্রাণিনঃ। পাণ্ডবেনার্জ্জুনেন ॥১০॥

বভূবুরিতি। চাষাদযঃ পক্ষিবিশেষাঃ। পাণ্ডুনন্দনমর্জ্জুনম্। ষট্পাদোঽযং শ্লোকঃ ॥১১॥

রাজশ্রেষ্ঠ! কৃষ্ণ আদেশ করিলে, দারুক ব্যাঘ্রচর্ম্মাবৃত ও শত্রুতাপক রথ সজ্জিত করিলেন এবং 'রথ সজ্জিত হইয়াছে' বলিয়া মহাত্মা অর্জ্জুনকে জানাইলেন। মহাত্মা দারুক সেই রথ সজ্জিত কবিয়াছেন দেখিয়া অর্জ্জুন যুধিষ্ঠিবের অনুমতি লইয়া ব্রাহ্মণগণদ্বাবা স্বস্তিবাচন করাইয়া যাহাতে মঙ্গললাভ হয়, তেমন ভাবে সেই মঙ্গলজনক বথে আরোহণ করিলেন ॥৬—৮॥

তখন মহাপ্রাজ্ঞ ধর্ম্মবাজ বাজা যুধিষ্ঠিব অর্জুনসম্বন্ধে বহুতর আশীর্বাদ করিলেন। তাহার পর অর্জ্জুন কর্ণেব রথেব দিকে প্রস্থান করিলেন ॥৯॥

ভবতনন্দন! তৎকালে তত্রত্য লোকেবা অর্জ্জুনকে প্রস্থান কবিতে দেখিয়া মনে করিল যে, মহাত্মা অর্জুন কর্ণকে বধ কবিয়াছেন ॥১০॥

নবনাথ বাজা! ক্রমে সকল দিক্ নির্ম্মল হইল এবং চাষ, শতপত্র (কাঠকুরুলিয়া) ও ক্রৌঞ্চ (কোঁচবক) পক্ষী সকল অর্জুনকে প্রদক্ষিণ কবিতে লাগিল ॥১১॥

(৯) তস্য বাজন্।...আশিষোঽযুঙ্ক্ত পবমা যুক্তাঃ কর্ণবধং প্রতি—পি।

ততো দশ সহস্রাণি গজানাং ভীমকর্ম্মণাম্।
জঘান গদয়া ভীমস্তস্য রাজ্ঞঃ পরিচ্ছদম্ ॥২৫॥
ততোঽন্যেঽভিহতা নাগা রথাশ্চ শতশো বলাৎ।
তদেবং সমরে পার্থ! বর্ত্তমানে মহাভয়ে ॥২৬॥
ভীমসেনং সমাসাদ্য ত্বাঞ্চ পাণ্ডব! কৌরবাঃ।
সবাজিরথমাতঙ্গা মৃত্যুলোকমিতো গতাঃ ॥২৭॥
তথা সেনামুখে তত্র নিহতে পার্থ! পাণ্ডবৈঃ।
ভীষ্মঃ প্রাসৃজদুগ্রাণি শরজালানি মারিষ! ॥২৮॥
স চেদিকাশিপাঞ্চালান্ করূষান্ মৎস্যকেকয়ান্।
শরৈঃ প্রচ্ছাদ্য নিধনমনয়ৎ পরমাস্ত্রবিৎ ॥২৯॥
তস্য চাপচ্যুতৈর্বাণৈঃ পরদেহবিদারণৈঃ।
পূর্ণমাকাশমভবদ্রুক্মপুঙ্খৈরজিহ্মগৈঃ ॥৩০॥

ভারতকৌমুদী

তত ইতি। তস্য জয়ৎসেনস্য, পরিচ্ছদং পরিবেষ্টকম্ ॥২৫॥
তত ইতি। অভিহতা ভীমেনৈব, নাগা গজাঃ ॥২৬॥
ভীমেতি। বাজিভিরশ্বৈঃ রথৈর্মাতঙ্গৈর্গজৈশ্চ সহেতি তে ॥২৭॥
তথেতি। তত্র ভীষ্মযুদ্ধকালে, সেনায়াঃ কৌরবসৈন্যস্য মুখে অগ্রভাগে ॥২৮॥
স ইতি। পরমাস্ত্রবিত্ত্বাদেব তথা নিধনং নেতুমশক্নোদিতি ভাবঃ ॥২৯॥

আজ সাত দিন অতীত হইল, অভিমন্যু যুদ্ধে মগধসৈন্যের নায়ক মহাবল জয়ৎসেনকে বধ করিয়া গিয়াছেন ॥২৪॥

তাহার পর ভীমসেন গদাদ্বারা সেই জয়ৎসেনরাজার পরিবেষ্টক দশ সহস্র ভীমকর্ম্মা হস্তীকে বধ করিয়াছিলেন ॥২৫॥

পৃথানন্দন! তৎপরে সেইরূপ মহাভীষণ যুদ্ধ চলিতে লাগিলে, আবার ভীমসেনই বলপূর্ব্বক অপর শত শত হস্তী ও রথ বিনাশ করিয়াছিলেন ॥২৬॥

পাণ্ডুনন্দন! বহু কৌরবসৈন্য ভীমকে ও তোমাকে পাইয়া হস্তী, অশ্ব ও রথের সহিত ইহলোক হইতে যমলোকে গিয়াছে ॥২৭॥

মাননীয় বীর! ভীষ্মের যুদ্ধের সময়ে পাণ্ডবেরা কৌরবসৈন্যের সম্মুখভাগ বিনষ্ট করিলে, ভীষ্ম ভীষণ শরজাল বর্ষণ করিতেছিলেন ॥২৮॥

পরমাস্ত্রজ্ঞ ভীষ্ম বাণদ্বারা চেদি, কাশী, পাঞ্চাল, করূষ, মৎস্য ও কেকয়দেশীয় সৈন্যগণকে আবৃত করিয়া বিনাশ করিয়াছিলেন ॥২৯॥

দৃষ্ট্বা হি বহবঃ শূরাঃ শক্রতুল্যপরাক্রমাঃ।
ত্বাং প্রাপ্য সমরে শূরং যে গতাঃ পরমাং গতিম্ ॥১৮॥
কো হি দ্রোণঞ্চ ভীষ্মঞ্চ ভগদত্তঞ্চ মারিষ!।
বিন্দানুবিন্দাবাবন্ত্যৌ কাম্বোজঞ্চ সুদক্ষিণম্ ॥১৯॥
শ্রুতায়ুধং মহাবীর্য্যমচ্যুতায়ুষমেব চ।
প্রত্যুদ্‌গম্য ভবেৎ ক্ষেমী যো ন স্যাত্ত্বমিব প্রভো!॥২০॥ (যুগ্মকম্)
তব হ্যস্ত্রাণি দিব্যানি লাঘবং বলমেব চ।
অসম্মোহশ্চ যুদ্ধেষু বিজ্ঞানস্য চ সন্ততিঃ ॥২১॥
বেধঃ পাতশ্চ লক্ষ্যেষু যোগশ্চৈব তবার্জ্জুন!।
ভবান্ দেবান্ সগন্ধর্বান্ নিহন্যাৎ সচরাচরান্ ॥২২॥ (যুগ্মকম্)
পৃথিব্যাং হি রণে পার্থ! ন যোদ্ধা ত্বৎসমঃ পুমান্।
ধনুর্গ্রহা হি যে কেচিৎ ক্ষত্রিয়া যুদ্ধদুর্ম্মদাঃ ॥২৩॥

ভারতকৌমুদী

গাণ্ডীবেতি। যে নিবাতকবচাদয়ঃ ॥১৭॥

দৃষ্ট্বা ইতি। শূরা জয়দ্রথাদয়ঃ। পরমাং গতিং স্বর্গম্ ॥১৮॥

ক ইতি। হে মারিষ! বীরশ্রেষ্ঠমাননীয়!। আবন্ত্যৌ অবন্তিদেশীয়ৌ। ক্ষেমী কুশলী ॥১৯—২০॥

তবেতি। দিব্যানি স্বর্গীয়াণি, লাঘবং দ্রুতাস্ত্রক্ষেপশক্তিঃ। বিজ্ঞানস্য জয়োপায়-নির্দ্ধারণস্য, সন্ততিরবিচ্ছিন্নতা। বেধো লক্ষ্যভেদঃ। যোগঃ সন্নহনম্, বিদ্যত ইতি শেষঃ ॥২১—২২॥

কৃষ্ণ বলিলেন—'অর্জুন! তুমি গাণ্ডীবদ্বারা যুদ্ধে যে বীরগণকে জয় করিয়াছ, তুমি ভিন্ন তাঁহাদের বিজয়ী মানুষ এ জগতে নাই ॥১৭॥

ইন্দ্রের তুল্য পরাক্রমশালী বহু বীরকে দেখিয়াছি, যাঁহারা যুদ্ধে তোমাকে পাইয়া পরম গতি লাভ করিয়াছেন ॥১৮॥

মাননীয় বীর! যিনি তোমার তুল্য নহেন, সেরূপ কোন্ লোক—ভীষ্ম, দ্রোণ, ভগদত্ত এবং অবন্তিদেশীয় বিন্দ ও অনুবিন্দ, কাম্বোজদেশীয় সুদক্ষিণ, শ্রুতায়ুধ ও মহাবীর অচ্যুতায়ুর সম্মুখে যাইয়া কুশলে থাকিতে পারেন? ॥১৯—২০॥

কারণ, দিব্য অস্ত্র, লঘুহস্ততা, শক্তি, যুদ্ধে সাবধানতা, অবিচ্ছিন্ন জয়োপায়-নির্দ্ধারণ, লক্ষ্যভেদ, লক্ষ্যে অস্ত্রপাত এবং যুদ্ধসজ্জা এ সমস্তই তোমার রহিয়াছে ॥২১—২২॥

---

(২০)…অযুতায়ুধমেব চ…বর্দ্ধ।

আ দেবাত্ত্বৎসমং তেষাং ন পশ্যামি শৃণোমি বা।
ব্রহ্মণা চ প্রজাঃ সৃষ্টা গাণ্ডীবঞ্চ মহদ্ধনুঃ ॥২৪॥ (যুগ্মকম্)
যেন ত্বং যুধ্যসে পার্থ! তস্মান্নাস্তি ত্বয়া সমঃ।
অবশ্যন্তু ময়া বাচ্যং যৎ পথ্যং তব পাণ্ডব! ॥২৫॥
মাবমংস্থা মহাবাহো! কর্ণমাহবশোভিনম্।
কর্ণো হি বলবান্ দৃপ্তঃ কৃতাস্ত্রশ্চ মহারথঃ ॥২৬॥
কৃতী চ চিত্রযোধী চ দেশকালস্য কোবিদঃ।
বহুনাত্র কিমুক্তেন সংক্ষেপাচ্ছৃণু পাণ্ডব! ॥২৭॥ (যুগ্মকম্)
ত্বৎসমং ত্বদ্বিশিষ্টং বা মন্যে কর্ণং মহারথম্।
পরমং যত্নমাস্থায় ত্বয়া বধ্যো মহাহবে ॥২৮॥

ভারতকৌমুদী

পৃথিব্যামিতি। ন বর্ত্তত ইত্যর্থঃ। তেষাং মধ্যে ত্বৎসমং যোদ্ধারম্ ॥২৩—২৪॥

যেনেতি। যেন গাণ্ডীবেন। পথ্যং হিতম্ ॥২৫॥

মেতি। অবমংস্থা অবজানীহি। দৃপ্তো গর্বিতঃ, কৃতাস্ত্রঃ শিক্ষিতাস্ত্রঃ। কৃতী যুদ্ধনিপুণঃ। দেশেন যুক্তঃ কালো দেশকালস্তস্য। মধ্যপদলোপী সমাসঃ ॥২৬—২৭॥

ত্বদিতি। বিশিষ্টং প্রধানম্। বধ্যঃ স কর্ণঃ ॥২৮॥

সুতরাং অর্জুন! তোমার তুল্য যোদ্ধা পুরুষ পৃথিবীতে নাই। এই জন্যই দেবতা হইতে যে কোন যুদ্ধদুর্দ্ধর্ষ ধনুর্দ্ধর ক্ষত্রিয় আছেন, তাঁহাদের মধ্যে তোমার তুল্য যোদ্ধা দেখিও না, শুনিও না। ব্রহ্মা লোক সকল ও বিশাল গাণ্ডীব ধনু সৃষ্টি করিয়াছেন ॥২৩—২৪॥

যাহা দ্বারা তুমি যুদ্ধ করিয়া থাক। সুতরাং তোমার তুল্য যোদ্ধা নাই। তথাপি পাণ্ডুনন্দন অর্জুন! তোমার যাহা হিত, তাহা আমার অবশ্যই বলিতে হইবে ॥২৫॥

অতএব মহাবাহু! তুমি যুদ্ধশোভী কর্ণকে অবজ্ঞা করিও না। কারণ, কর্ণ—বলবান্, দর্পশালী, অস্ত্রে সুশিক্ষিত, মহারথ, যুদ্ধনিপুণ, বিচিত্রযোধী এবং দেশ ও কালনিরূপণে অভিজ্ঞ। সুতরাং পাণ্ডুনন্দন! বহু বলিয়া কি হইবে, সংক্ষেপে শোন—॥২৬—২৭॥

আমি মনে করি—মহারথ কর্ণ—তোমার তুল্য, কিংবা তোমা অপেক্ষা প্রধান। অতএব তুমি বিশেষ যত্ন অবলম্বন করিয়া মহাযুদ্ধে কর্ণকে বধ করিবে ॥২৮॥

(২৪)…গাণ্ডীবঞ্চ মহাদ্ভুতম্—পি। (২৮)…কর্ণং মন্যে মহাবলম্…পি।

তেজসা বহ্নিসদৃশো বায়ুবেগসমো জবে।
অন্তকপ্রতিমঃ কোপে সিংহসংহননো বলী ॥২৯॥
অষ্টরত্নির্মহাবাহুর্ব্যূঢ়োরস্কঃ সুদুর্জ্জয়ঃ।
অভিমানী চ শূরশ্চ প্রবীরঃ প্রিয়দর্শনঃ ॥৩০॥
সর্বৈর্যোধগুণৈর্যুক্তো মিত্রাণামভয়ঙ্করঃ।
সততং পাণ্ডবদ্বেষী ধার্ত্তরাষ্ট্রহিতে রতঃ ॥৩১॥
সর্বৈরবধ্যো রাধেয়ো দেবৈরপি সবাসবৈঃ।
ঋতে ত্বামিতি মে বুদ্ধিস্তদদ্য জহি সূতজম্ ॥৩২॥ (কলাপকম্)
দেবৈরপি হি সংযত্তৈর্বিভ্রদ্ভির্মাংসশোণিতম্।
অশক্যঃ স রথো জেতুং সর্বৈরপি যুযুৎসুভিঃ ॥৩৩॥

ভারতকৌমুদী

তেজসেতি। জবে বেগে, বায়ুবেগসমো বেগবদ্বায়ুতুল্যঃ। সিংহস্যেব সংহননং দৃঢ়ং শরীরং যস্য সঃ। অষ্টৌ রত্নয়ো মুষ্টিবদ্ধহস্তা দৈর্ঘ্যপরিমাণং যস্য সঃ, "মুষ্ট্যা তু বদ্ধয়া। স রত্নিঃ স্যাৎ" ইত্যমরঃ। ব্যূঢোরস্কো বিশালবক্ষাঃ। শূরঃ শৌর্য্যশালী, প্রবীরঃ প্রধানবীরঃ। ধার্ত্তরাষ্ট্রস্য দুর্য্যোধনস্য হিতে। ঋতে বিনা। সূতজং কর্ণম্ ॥২৯—৩২॥

দেবৈরিতি। সংযত্তৈর্জয়ে যত্নবদ্ভিঃ, মাংসশোণিতং বিভ্রদ্ভিঃ শরীরিভিরিত্যর্থঃ। এতেন দেবৈরৈশ্বর্য্যপ্রভাবেণ তু জেতুং শক্য এবেতি সূচিতম্। যুযুৎসুভির্যোদ্ধুমিচ্ছুভিঃ ॥৩৩॥

ভারতভাবদীপঃ

প্রগাঢ়েতি ॥১—২৯॥ অষ্টরত্নিরিত্যস্য বিবরণং মহাবাহুর্ব্যূঢোরস্ক ইতি। তথা হি সর্বস্য পুরুষস্য ব্যামমাত্রং দৈর্ঘ্যং তচ্চ পঞ্চহস্তং বিংশত্যধিকশতাঙ্গুলম্, রত্নিস্ত্বেকবিংশত্যঙ্গুলঃ, অষ্টানাং রত্নীনামষ্টষষ্ট্যধিকং শতমঙ্গুলানি চ ভবন্তি; আজানুবাহুপুরুষস্য ব্যামমষ্টরত্নিমিতং

অর্জ্জুন! কর্ণ তেজে অগ্নির তুল্য, বেগে বায়ুর সমান, ক্রোধে যমের সদৃশ, সিংহের ন্যায় দৃঢ়শরীর, বলবান্, অষ্টরত্নিপরিমিতদেহ (উহার শরীর দৈর্ঘ্যে আট মুঠম হাত পরিমিত), মহাবাহু, বিশালবক্ষা, অতিদুর্জ্জয়, অভিমানী, শৌর্য্যশালী, প্রধান বীর, প্রিয়দর্শন, সমস্ত যোদ্ধৃগুণযুক্ত, মিত্রপক্ষের অভয়দাতা, সর্ব্বদা পাণ্ডবদ্বেষী এবং দুর্য্যোধনের হিতসাধনে নিরত। অতএব আমার ধারণা এই যে, তুমি ব্যতীত ইন্দ্রের সহিত সমস্ত দেবগণেরও অবধ্য কর্ণ। সুতরাং তুমি আজ সেই কর্ণকে বধ কর ॥২৯—৩২॥

মাংসশোণিতধারী সমস্ত দেবতারাও যুদ্ধাভিলাষী হইয়া জয়ে যত্নবান্ থাকিয়া কর্ণের রথ জয় করিতে সমর্থ হন না ॥৩৩॥

দুরাত্মানং পাপবৃত্তং নৃশংসং দুষ্টপ্রজ্ঞং পাণ্ডবেয়েষু নিত্যম্।
হীনস্বার্থং পাণ্ডবেয়ৈর্বিরোধে হত্বা কর্ণং নিশ্চিতার্থো ভবাদ্য ॥৩৪॥
তং সূতপুত্রং রথিনাং বরিষ্ঠং নিষ্কালিকং কালবশং নয়াদ্য।
সদাবজানাতি হি পাণ্ডুপুত্রানসৌ দর্পাৎ সূতপুত্রো দুরাত্মা ॥৩৫॥
আত্মানং মন্যতে বীরং যেন পাপঃ সুযোধনঃ।
ত্বমদ্য মূলং পাপানাং জহি সৌতিং ধনঞ্জয়! ॥৩৬॥
খড়্গজিহ্বং ধনুরাস্যং শরদংষ্ট্রং তরস্বিনম্।
দৃপ্তং পুরুষশার্দ্দূলং জহি কর্ণং ধনঞ্জয়! ॥৩৭॥

ভারতকৌমুদী

দুরিতি। পাপবৃত্তং পাপচরিত্রম্। নিশ্চিতঃ অর্থো রাজ্যলাভো যস্য সঃ ॥৩৪॥

তমিতি। নির্ন বিদ্যতে কালিকঃ কালয়িতা বিজেতা যস্য তম্, কালবশং যমাধীনতাম্ ॥৩৫॥

আত্মানমিতি। পাপানাং যুষ্মান্ প্রত্যত্যাচারাণাম্, সৌতিং সূতপুত্রং কর্ণম্ ॥৩৬॥

খড়্গেতি। হে ধনঞ্জয়! খড়্গা এব জিহ্বা যস্য তম্, আকৃষ্টং ধনুরেব আস্যং প্রকটিতমুখং যস্য তম্, শরা এব দংষ্ট্রা দন্তা যস্য তম্, তরস্বিনং বলবন্তম্, দৃপ্তং দর্পান্বিতম্, পুরুষশার্দ্দূলং তৎস্বরূপং কর্ণম্, জহি বিনাশয় ॥৩৭॥

ভারতভাবদীপঃ

ভবন্তি অষ্টাচত্বারিংশদঙ্গুলা তত্র বৃদ্ধিঃ, তত্রাপি পঞ্চমাংশেন বক্ষসি বিশালতা শেষমংসাদারভ্য বাহ্বোর্বৃদ্ধিরিতি জ্ঞেয়ম্ ॥৩০—৩৪॥ নিষ্কালিকং নির্গতঃ কালয়িতা জেতাস্মেতি তম্ ॥৩৫—৩৭॥

ইতি কর্ণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥৫৩॥

অর্জ্জুন! তুমি আজ দুরাত্মা, পাপচরিত্র, নৃশংস, সর্ব্বদা পাণ্ডববিষয়ে দুষ্টবুদ্ধি এবং পাণ্ডবগণের সহিত বিরোধে স্বার্থবিহীন কর্ণকে বধ কর; তাহাতে তোমাদের রাজ্যলাভ অবশ্যম্ভাবী হইবে ॥৩৪॥

অর্জ্জুন! তুমি আজ সেই রথিশ্রেষ্ঠ, বিজয়িবিহীন সূতপুত্র কর্ণকে যমালয়ে প্রেরণ কর। কারণ, ঐ দুরাত্মা কর্ণ দর্পবশতঃ সর্বদাই পাণ্ডবগণকে অবজ্ঞা করিয়া থাকে ॥৩৫॥

ধনঞ্জয়! পাপাত্মা দুর্য্যোধন যাহাদ্বারা আপনাকে বীর বলিয়া মনে করে, তুমি আজ সমস্ত অত্যাচারের মূল সেই কর্ণকে বধ কর ॥৩৬॥

অর্জ্জুন! তরবারি যাহার জিহ্বা, আকৃষ্ট ধনু যাহার প্রকটিত মুখ এবং বাণ যাহার দন্ত, বলবান্ ও দর্পান্বিত সেই পুরুষসিংহ কর্ণকে বধ কর ॥৩৭॥

(৩৪) দুরাত্মানং পাপমতিম্···হীনপ্রতিজ্ঞং পাণ্ডবানাং বিনাশে···পি। (৩৬) বীরবন্মন্যতেত্মানং যেন···পি।

অহং ত্বামনুজানামি বীর্য্যেণ চ বলেন চ।
জহি কর্ণং রণে শূরং মাতঙ্গমিব কেশরী ॥৩৮॥
যস্য বীর্য্যেণ বীর্য্যং তে ধার্ত্তরাষ্ট্রোঽবমন্যতে।
তমদ্য পার্থ! সংগ্রামে কর্ণং বৈকর্ত্তনং জহি ॥৩৯॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং কর্ণপর্ব্বণি
কৃষ্ণার্জ্জুনসংবাদে ত্রিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:*:——

চতুঃপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

——:-০-:——

সঞ্জয় উবাচ।
ততঃ পুনরমেয়াত্মা কেশবোঽর্জ্জুনমব্রবীৎ।
কৃতসঙ্কল্পমায়ান্তং বধে কর্ণস্য ভারত! ॥১॥

ভারতকৌমুদী

অহমিতি। বীর্য্যেণ দৈহিকশক্ত্যা, বলেন মানসিকশক্ত্যা চ ॥৩৮॥
যস্যেতি। ধার্ত্তরাষ্ট্রো দুর্য্যোধনঃ। বৈকর্ত্তনং বিকর্ত্তনেন্দ্রায় কবচদানাত্তদাখ্যম্ ॥৩৯॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং কর্ণপর্ব্বণি ত্রিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

——:-০-:——

তত ইতি। অমেয়াত্মা অজ্ঞেয়স্বভাবঃ। আয়ান্তং রণাঙ্গনং প্রতি ॥১॥

আমি তোমাকে অনুমতি করিতেছি—সিংহ যেমন হস্তীকে বধ করে, সেইরূপ তুমি দৈহিকশক্তি ও মানসিকশক্তি প্রয়োগ করিয়া যুদ্ধে বীর কর্ণকে বধ কর ॥৩৮॥
পৃথানন্দন! দুর্য্যোধন যাহার বলে তোমার বলকে অবজ্ঞা করে, তুমি আজ যুদ্ধে সেই বৈকর্ত্তন কর্ণকে বধ কর' ॥৩৯॥

——:-০-:——

সঞ্জয় বলিলেন—'ভরতনন্দন! তাহার পর অর্জ্জুন কর্ণবধে কৃতসঙ্কল্প হইয়া রণস্থলে যাইতে লাগিলে, অজ্ঞেয়স্বভাব কৃষ্ণ পুনরায় তাঁহাকে বলিতে লাগিলেন—॥১॥

(৩৯) যস্য বীর্য্যেণ ত্বাং নিত্যম্…পি। * '…দ্বিসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ বা লো। (১)…বধে কর্ণস্য সর্বতঃ—পি।

অদ্য সপ্তদশাহানি বর্ত্তমানস্য ভারত ! ।
বিনাশস্যাতিঘোরস্য নরবারণবাজিনাম্ ॥২॥
ভূত্বা হি বিপুলা সেনা তাবকানাং পরৈঃ সহ ।
অন্যোন্যং সমরং প্রাপ্য কিঞ্চিচ্ছেষা বিশাংপতে ! ॥৩॥
ভূত্বা হি কৌরবাঃ পার্থ ! প্রভূতগজবাজিনঃ ।
ত্বাং বৈ শত্রুং সমাসাদ্য বিনষ্টা রণমূর্দ্ধনি ॥৪॥
এতে তু পৃথিবীপালাঃ সৃঞ্জয়াশ্চ সমাগতাঃ ।
ত্বাং সমাসাদ্য দুর্দ্ধর্ষং পাণ্ডবাশ্চ ব্যবস্থিতাঃ ॥৫॥
পাঞ্চালৈঃ পাণ্ডবৈর্মৎস্যৈঃ কারূষৈশ্চেদিভিঃ সহ ।
ত্বয়া গুপ্তৈরমিত্রঘ্ন ! কৃতঃ শত্রুগণক্ষয়ঃ ॥৬॥
কো হি শক্তো রণে জেতুং কৌরবাংস্তাত ! সঙ্গতান্ ।
অন্যত্র পাণ্ডবান্ যুদ্ধে ত্বয়া গুপ্তান্ মহারথান্ ॥৭॥

ভারতকৌমুদী

শল্যঃ কর্ণমবাসাদয়ৎ কৃষ্ণস্তর্জ্জুনং প্রোৎসাহয়ত্যধ্যায়সমাপ্তিং যাবৎ। অদ্যেতি। সপ্তদশ অহানি দিনানি বর্ত্তন্তে। বারণো গজঃ ॥২॥

ভূত্বেতি। কিঞ্চিদল্পঃ শেষো যস্যাঃ সা। বিশাংপত ইতি রাজসহোদরত্বাৎ ॥৩॥

ভূত্বেতি। প্রভূতাঃ প্রচুরা গজা বাজিনঃ অশ্বাশ্চ যেষাং তে ॥৪॥

এত ইতি। ব্যবস্থিতা বিশেষেণাধিক্যেন অবস্থিতাঃ, ত্বয়া রক্ষ্যমাণত্বাৎ ॥৫॥

পাঞ্চালৈরিতি। মৎস্যাদয়ো দেশবাচিনঃ শব্দাস্তদ্দেশিসৈন্যেষু লক্ষ্যন্তে। গুপ্তৈ রক্ষিতৈঃ ॥৬॥

'ভরতনন্দন! মনুষ্য, হস্তী ও অশ্বের অতিভীষণ বিনাশের আজ সপ্তদশ দিন চলিতেছে ॥২॥

নরনাথ! তোমাদের ও বিপক্ষের সৈন্য প্রচুর হইয়াও পরস্পর যুদ্ধে উপস্থিত হইয়া অল্পমাত্রই অবশিষ্ট রহিয়াছে ॥৩॥

পৃথানন্দন! কৌরবপক্ষের প্রচুর হস্তী ও অশ্ব তোমাকে শত্রু পাইয়া রণস্থলে বিনষ্ট হইয়াছে ॥৪॥

কিন্তু সমাগত এই সকল রাজা, সৃঞ্জয়গণ ও পাণ্ডবগণ দুর্দ্ধর্ষ তোমাকে পাইয়া অধিক পরিমাণে রহিয়াছে ॥৫॥

শত্রুহন্তা! তুমি রক্ষা করিতে থাকায় পাণ্ডব, পাঞ্চাল, মৎস্য, কারূষ ও চেদি-সৈন্যেরা বহু শত্রু বিনাশ করিয়াছে ॥৬॥

---

(৪)...ত্বাং বৈ বীরম্...পি। (৫)...সৃঞ্জয়াশ্চ সহানুগাঃ... পি। (৬)...অমিত্রঘ্নৈঃ...বা সো।

শক্তস্ত্বং হি রণে জেতুং সসুরাসুরমানুষান্।
ত্রীল্লোঁকান্ সমরে যুক্তান্ কিং পুনঃ কৌরবং বলম্ ॥৮॥
ভগদত্তঞ্চ রাজানং কোঽন্যঃ শক্তস্ত্বয়া বিনা।
জেতুং পুরুষশার্দ্দূল! যোঽপি স্যাদ্বাসবোপমঃ ॥৯॥
তথেমাং বিপুলাং সেনাং গুপ্তাং পার্থ! ত্বয়ানঘ!।
ন শেকুঃ পার্থিবাঃ সর্বে চক্ষুর্ভিরপি বীক্ষিতুম্ ॥১০॥
তথৈব সততং পার্থ! রক্ষিতাভ্যাং ত্বয়া রণে।
ধৃষ্টদ্যুম্নশিখণ্ডিভ্যাং ভীষ্মদ্রোণৌ নিপাতিতৌ ॥১১॥
কো হি শক্তো রণে পার্থ! ভারতানাং মহারথৌ।
ভীষ্মদ্রোণৌ যুধা জেতুং শক্রতুল্যপরাক্রমৌ ॥১২॥

ভারতকৌমুদী

ক ইতি। অন্যত্রেতি বিনার্থে নিপাতঃ। অতএব পাণ্ডবানিত্যাদৌ দ্বিতীয়া ॥৭॥
শক্ত ইতি। যুক্তান্ সম্মিলিতান্ ॥৮॥
ভগেতি। বাসবোপম ইন্দ্রতুল্যঃ ॥৯॥
তথেতি। ইমাং পাণ্ডবীযাম্। গুপ্তাং রক্ষিতাম্। পার্থিবা বিপক্ষীযাঃ ॥১০॥
তথেতি। অত্র বস্তুবৃত্ত্যা আসত্তিক্রমেণান্বযঃ ॥১১॥
ক ইতি। ভারতানাং কৌরবাণাম্। যুধা যুদ্ধেন ॥১২॥

বৎস! তোমার রক্ষিত মহারথ পাণ্ডবগণ ব্যতীত কোন্ ব্যক্তি সম্মিলিত কৌরবগণকে জয় করিতে সমর্থ হয়? ॥৭॥

অর্জ্জুন! তুমি যুদ্ধে দেবতা, অসুর ও মানুষগণের সহিত সম্মিলিত ত্রিভুবনকেও জয় করিতে সমর্থ; তাহাতে কৌরবসৈন্যের কথা আর কি বলিব ॥৮॥

পুরুষশ্রেষ্ঠ! যিনি ইন্দ্রের তুল্য, তুমি ব্যতীত সেরূপ অন্য কোন্ লোক ভগদত্ত রাজাকে জয় করিতে সমর্থ হন? ॥৯॥

শিখণ্ডী, ভীমসেন, পৃষতনন্দন ধৃষ্টদ্যুম্ন, নকুল, সহদেব, দ্রৌপদীর পুত্রগণ ও সাত্যকি ইঁহারা বাণবর্ষণদ্বারা কর্ণকে বধ করিবার ইচ্ছা করিয়া তাঁহাকে পরিবেষ্টন করিয়াছিলেন। তখন বীর ও নরশ্রেষ্ঠ সাত্যকি কুড়িটা সুধার বাণদ্বারা কর্ণের স্কন্ধসন্ধিদেশে তাড়ন করিলেন; পরে শিখণ্ডী পঁচিশটা, ধৃষ্টদ্যুম্ন সাতটা, দ্রৌপদীর পুত্রগণ চৌষট্টিটা, সহদেব সাতটা এবং নকুল একশত বাণদ্বারা যুদ্ধে কর্ণকে বিদ্ধ করিলেন ॥১৬—১৯॥

কিন্তু মহাবল ভীমসেন ক্রুদ্ধ হইয়া যুদ্ধে নব্বইটা নতপর্ব বাণদ্বারা কর্ণের স্কন্ধসন্ধিদেশে তাড়ন করিলেন ॥২০॥

তাহার পর মহাবল কর্ণ হাস্য করিয়া বিপক্ষগণকে পীড়ন করিবার জন্য অনবরত ধনু আকর্ষণ করিতে থাকিয়া সুধার বাণ সকল নিক্ষেপ করিতে লাগিলেন ॥২১॥

ভরতশ্রেষ্ঠ! ক্রমে কর্ণ ক্রুদ্ধ হইয়া পাঁচ পাঁচটা বাণে তাঁহাদের প্রত্যেককে প্রতিবিদ্ধ করিলেন। তৎপরে তিনি সাত্যকির ধনু ও ধ্বজ ছেদন করিয়া নয়টা বাণে তাঁহার বক্ষস্থলে আঘাত করিলেন এবং ত্রিশটা বাণে ভীমকে তাড়ন করিলেন ॥২২—২৩॥

(২৪)...আজঘান পরন্তপ!—পি।

বিরথান্ দ্রৌপদেয়াংশ্চ চকার ভরতর্ষভ ।।
অক্ষোর্নিমেষমাত্রেণ তদদ্ভুতমিবাভবৎ ॥২৫॥
বিমুখীকৃত্য তান্ শূরান্ শরৈঃ সন্নতপর্বভিঃ।
পাঞ্চালানহনচ্ছূরশ্চেদীনাঞ্চ মহারথান্ ॥২৬॥
তে বধ্যমানাঃ সমরে চেদিমৎস্যা বিশাংপতে।।
কর্ণমেকমভিদ্রুত্য শরসংঘৈঃ সমার্পয়ন্।
তান্ জঘান শিতৈর্বাণৈঃ সূতপুত্রো মহারথঃ ॥২৭॥
এতদত্যদ্ভুতং কর্ম্ম দৃষ্টবানস্মি ভারত।।
যদেকঃ সমরে শূরান্ সূতপুত্রঃ প্রতাপবান্ ॥২৮॥
যতমানান্ পরং শক্ত্যা যোধয়ংস্তাংশ্চ ধন্বিনঃ।
পাণ্ডবেয়ান্ মহারাজ! শরৈর্বারিতবান্ রণে ॥২৯॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

সহেতি। হে মারিষ! আর্য্য! "আর্য্যস্তু মারিষঃ" ইত্যমরঃ ॥২৪॥
বিরথানিতি। দ্রৌপদেযান্ দ্রৌপদ্যাঃ পুত্রান্। অক্ষোশ্চক্ষুষোঃ ॥২৫॥
বিমুখীতি। অহনৎ ব্যনাশয়ৎ। বিকরণলোপাভাব আর্ষঃ ॥২৬॥
ত ইতি। অভিদ্রুত্য দ্রুতমভিগত্য, সমার্পযন্ অপীডযন্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৭॥
এতদিতি। সূতপুত্রঃ কর্ণঃ। যতমানান্ কর্ণং জেতুমিতি শেষঃ ॥২৮—২৯॥

মাননীয় রাজা! শত্রুসন্তাপক কর্ণ একটা ভল্লদ্বারা সহদেবের ধ্বজ ছেদন করিলেন এবং তিন বাণে তাঁহার সারথিকে আঘাত করিলেন ॥২৪॥

ভরতশ্রেষ্ঠ! পরে কর্ণ চক্ষুর নিমেষকালমধ্যে দ্রৌপদীর পুত্রগণকে রথবিহীন করিয়া ফেলিলেন; তাহা যেন অদ্ভুত বলিয়া বোধ হইল ॥২৫॥

এইভাবে মহাবীর কর্ণ নতপর্ব বাণসমূহদ্বারা সেই বীরগণকে পরাঙ্মুখ করিয়া পাঞ্চাল ও চেদিদেশীয় মহারথগণকে বধ করিতে লাগিলেন ॥২৬॥

নরনাথ! সেই চেদি ও মৎস্যদেশীয় বীরেরা যুদ্ধে নিহত হইতে থাকিয়া বেগে কর্ণের অভিমুখে যাইয়া বাণসমূহদ্বারা কর্ণকে পীড়ন করিতে থাকিলেন। তখন মহারথ কর্ণও সুধার বাণসমূহদ্বারা তাঁহাদিগকে বধ করিতে লাগিলেন ॥২৭॥

ভরতনন্দন মহারাজ! তখন আমি এই অতি অদ্ভুত ব্যাপার দেখিতে লাগিলাম যে, পাণ্ডবপক্ষের বীর ও ধনুর্দ্ধর যোদ্ধারা কর্ণকে জয় করিবার জন্য শক্তি অনুসারে যথেষ্ট চেষ্টা করিতেছিলেন বটে, কিন্তু প্রতাপশালী কর্ণ একাকী বাণদ্বারা যুদ্ধে তাঁহাদিগকে বারণ করিতে থাকিলেন ॥২৮—২৯॥

তত্র ভারত। কর্ণস্থ লাঘবেন মহাত্মনঃ।
তুতুষুর্দেবতাঃ সর্বাঃ সিদ্ধাশ্চ সহ চারণৈঃ ॥৩০॥
অপূজয়ন্ মহেষ্বাসা ধার্ত্তরাষ্ট্রা নরোত্তম।।
কর্ণং রথবরশ্রেষ্ঠং শ্রেষ্ঠং সর্বধনুষ্মতাম্ ॥৩১॥
ততঃ কর্ণো মহারাজ। দদাহ রিপুবাহিনীম্।
কক্ষমিদ্ধো যথা বহ্নির্নিদাঘে জ্বলিতো মহান্ ॥৩২॥
তে বধ্যমানাঃ কর্ণেন পাণ্ডবেয়াস্ততস্ততঃ।
প্রাদ্রবন্ত রণে ভীতাঃ কর্ণং দৃষ্ট্বা মহারথম্ ॥৩৩॥
তত্রাক্রন্দো মহানাসীৎ পাঞ্চালানাং মহারণে।
বধ্যতাং সায়কৈস্তীক্ষ্ণৈঃ কর্ণচাপবরচ্যুতৈঃ ॥৩৪॥
তেন শব্দেন বিত্রস্তা পাণ্ডবানাং মহাচমূঃ।
কর্ণমেকং রণে যোধং মেনিরে তত্র শাত্রবাঃ ॥৩৫॥

ভারতকৌমুদী

তত্রেতি। লাঘবেন ক্রুতাস্ত্রক্ষেপেণ। দেবতাদয়ো যুদ্ধদর্শনায়াগতা গগনস্থাঃ ॥৩০॥
অপূজয়ন্নিতি। অপূজয়ন্ প্রাশংসন্, মহেষ্বাসা মহাধনুর্দ্ধরাঃ ॥৩১॥
তত ইতি। কক্ষং তৃণরাশিম্, ইদ্ধো দীপ্তিমান্, নিদাঘে গ্রীষ্মকালে ॥৩২॥
ত ইতি। পাণ্ডবেয়াঃ পাণ্ডবযোদ্ধারঃ। প্রাদ্রবন্ত পলায়ন্ত ॥৩৩॥
তত্রেতি। আক্রন্দ আর্ত্তনাদঃ। বধ্যতাং বধ্যমানানাম্ ॥৩৪॥
তেনেতি। বিত্রস্তা অভবৎ। একমদ্বিতীয়ম্, যোধং যোদ্ধারম্ ॥৩৫॥

ভরতনন্দন! তখন মহাত্মা কর্ণের লঘুহস্ততা দেখিয়া আকাশস্থ সমস্ত দেবতা, সিদ্ধ ও চারণেরা সন্তুষ্ট হইলেন ॥৩০॥

আর নরশ্রেষ্ঠ! তৎকালে মহাধনুর্দ্ধর ধার্ত্তরাষ্ট্রেরা রথিশ্রেষ্ঠ ও সমগ্র ধনুর্দ্ধর-প্রধান কর্ণের প্রশংসা করিতে লাগিলেন ॥৩১॥

মহারাজ! তাহার পর গ্রীষ্মকালে প্রজ্বলিত ও দীপ্তিমান্ মহাবহ্নি যেমন তৃণরাশি দগ্ধ করে, তেমন কর্ণ শত্রুসৈন্য দগ্ধ করিতে লাগিলেন ॥৩২॥

কর্ণ বধ করিতে লাগিলে, পাণ্ডবযোদ্ধারা মহারথ কর্ণকে দেখিয়া ভীত হইয়া নানাদিকে পলায়ন করিতে থাকিলেন ॥৩৩॥

ক্রমে মহাযুদ্ধে কর্ণের উত্তম ধনু হইতে নির্গত তীক্ষ্ণ বাণসমূহে নিহত হইতে থাকিলে, পাঞ্চালগণমধ্যে বিশাল আর্ত্তনাদ হইতে লাগিল ॥৩৪॥

(৩১)···ধার্ত্তরাষ্ট্রা নরোত্তমম্···পি বা সো।

তত্রাদ্ভুতং পুনশ্চক্রে রাধেয়ঃ শত্রুকর্ষণঃ।
যদেনং পাণ্ডবাঃ সর্বে ন শেকুরভিবীক্ষিতুম্ ॥৩৬॥
যথৌঘঃ পর্বতশ্রেষ্ঠমাসাদ্যাভিপ্রদীর্য্যতে।
তথা তৎ পাণ্ডবং সৈন্যং কর্ণমাসাদ্য দীর্য্যতে ॥৩৭॥
কর্ণোঽপি সমরে রাজন্! বিধূমোঽগ্নিরিব জ্বলন্।
দহংস্তস্থৌ মহাবাহুঃ পাণ্ডবানাং মহাচমূম্ ॥৩৮॥
শিরাংসি চ মহারাজ! কর্ণাংশ্চৈব সকুণ্ডলান্।
বাহূংশ্চ বীরো বীরাণাং চিচ্ছেদ লঘু চেষুভিঃ ॥৩৯॥
হস্তিদন্তৎসরূন্ খড়্গান্ ধ্বজান্ শক্তীর্হয়ান্ গজান্।
রথাংশ্চ বিবিধান্ রাজন্! পতাকা ব্যজনানি চ ॥৪০॥
অক্ষঞ্চ যুগযোক্ত্রাণি চক্রাণি বিবিধানি চ।
চিচ্ছেদ বহুধা কর্ণো যোধব্রতমনুষ্ঠিতঃ ॥৪১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত্রেতি। অদ্ভুতং বিক্রমম্। রাধেয়ঃ কর্ণঃ ॥৩৬॥
যথেতি। ওঘো জলপ্রবাহঃ। অভিপ্রদীর্য্যতে বিভক্তো ভবতি ॥৩৭॥
কর্ণ ইতি। বিধূমো ধূমশূন্যঃ। দহন্ বিনাশয়ন্ ॥৩৮॥
শিরাংসীতি। লঘু দ্রুতম্, ইষুভির্বাণৈঃ ॥৩৯॥
হস্তীতি। হস্তিদন্তানাং ত্সরবো মুষ্টিদেশা যেষাং তান্। ব্যজনানি চামরাণি। অক্ষং রথদারুবিশেষম্, যুগযোক্ত্রাণি দীর্ঘদণ্ডবন্ধনরশ্মীন্। অনুষ্ঠিত আশ্রিতঃ ॥৪০—৪১॥

সেই শব্দে পাণ্ডবগণের বিশাল সৈন্য ভীত হইয়া পড়িল এবং তখন শত্রুগণ কর্ণকে অদ্বিতীয় যোদ্ধা বলিয়া মনে করিতে লাগিল ॥৩৫॥

ক্রমে শত্রুহন্তা কর্ণ পুনরায় অদ্ভুত বিক্রম প্রকাশ করিতে লাগিলেন; যাহাতে সমস্ত পাণ্ডবপক্ষ উঁহার দিকে দৃষ্টিপাত করিতেও পারিল না ॥৩৬॥

জলপ্রবাহ যেমন বিশাল পর্ব্বতে সংঘর্ষ পাইয়া বিভক্ত হইয়া যায়, সেইরূপ সেই পাণ্ডবসৈন্য কর্ণকে পাইয়া বিভক্ত হইতে থাকিল ॥৩৭॥

রাজা! মহাবাহু কর্ণও রণস্থলে ধূমশূন্য অগ্নির ন্যায় জ্বলিতে থাকিয়া পাণ্ডবগণের বিশাল সৈন্য দগ্ধ করিতে লাগিলেন ॥৩৮॥

মহারাজ! ক্রমে মহাবীর কর্ণ বাণদ্বারা সত্বর সত্বর বীরগণেব মস্তক, কুণ্ডলযুক্ত কর্ণ ও বাহু ছেদন করিতে থাকিলেন ॥৩৯॥

(৩৯)···বাহূ চ···সো।

তত্র ভারত! কর্ণেন নিহতৈর্গজবাজিভিঃ।
অগম্যরূপা পৃথিবী মাংসশোণিতকর্দ্দমা ॥৪২॥
বিষমঞ্চ সমঞ্চৈব হতৈরশ্বপদাতিভিঃ।
রথৈশ্চ কুঞ্জরৈশ্চৈব ন প্রাজ্ঞায়ত কিঞ্চন ॥৪৩॥
নাপি স্বে ন পরে যোধাঃ প্রাজ্ঞায়ন্ত পরস্পরম্।
ঘোরে শরান্ধকারে তু কর্ণাস্ত্রে চ বিজৃম্ভিতে ॥৪৪॥
রাধেয়চাপনির্ম্মুক্তৈঃ শরৈঃ কাঞ্চনভূষণৈঃ।
সংছাদিতা মহারাজ! পাণ্ডবানাং মহারথাঃ ॥৪৫॥
তে পাণ্ডবেয়াঃ সমরে রাধেয়েন পুনঃ পুনঃ।
অভজ্যন্ত তদা রাজন্! যতমানা মহারথাঃ ॥৪৬॥

ভারতকৌমুদী

তত্রেতি। পৃথিবী সমরভূমিঃ, মাংসশোণিতৈঃ কর্দ্দমো যস্যাং সা অভবৎ ॥৪২॥
বিষমমিতি। বিষমম্ উচ্চাবচম্, সমঞ্চ স্থানম্। ন প্রাজ্ঞায়ত তত্তদ্রূপেণ ॥৪৩॥
নেতি। স্বে স্বপক্ষীয়াঃ, পরে পরপক্ষীয়াশ্চ। বিজৃম্ভিতে বৃদ্ধিং প্রাপ্তে ॥৪৪॥
রাধেয়েতি। রাধেয়চাপনির্ম্মুক্তৈঃ কর্ণধনুর্নিক্ষিপ্তৈঃ। সংছাদিতা অভবন্ ॥৪৫॥
ত ইতি। অভজ্যন্ত বিশ্লিষ্টা অভবন্। যতমানা জয়ায় ॥৪৬॥

তখন কর্ণ যোদ্ধার নিয়ম অবলম্বন করিয়া হস্তিদন্তের মুষ্টিযুক্ত তরবারি, ধ্বজ, শক্তি, অশ্ব, হস্তী, নানাবিধ রথ, পতাকা, চামর, রথের দীর্ঘদণ্ড, দণ্ডবন্ধনরজ্জু ও নানাবিধ চক্র বহুভাবে ছেদন করিতে লাগিলেন ॥৪০—৪১॥

ভরতনন্দন! তখন কর্ণ যে সকল হস্তী ও অশ্ব বধ করিতে লাগিলেন, সেগুলি পতিত হওয়ায় সমরভূমি অগম্য হইয়া গেল এবং রক্তে ও মাংসে কর্দ্দম হইয়া পড়িল ॥৪২॥

নিহত হস্তী, অশ্ব, রথ ও পদাতি পতিত হওয়ায় সমান ও অসমান স্থানগুলির কোন ভেদ জানা গেল না ॥৪৩॥

ভয়ঙ্কর বাণান্ধকার হইলে এবং কর্ণের অস্ত্র বৃদ্ধি পাইলে, স্বপক্ষ বা বিপক্ষের যোদ্ধারা পরস্পর চিনিতে লাগিলেন না ॥৪৪॥

মহারাজ! কর্ণকার্ম্মুকনিক্ষিপ্ত স্বর্ণভূষিত বাণসমূহে পাণ্ডবপক্ষের মহারথেরা আবৃত হইয়া গেলেন ॥৪৫॥

রাজা! তখন কর্ণ জয়ে যত্নবান্ পাণ্ডবপক্ষের মহারথগণকে যুদ্ধে বার বার ভগ্ন করিতে লাগিলেন ॥৪৬॥

মৃগসংঘান্ যথা ক্রুদ্ধঃ সিংহো দ্রাবয়তে বনে।
পাঞ্চালানাং রথশ্রেষ্ঠান্ দ্রাবয়চ্ছাত্রবাংস্তথা ॥৪৭॥
কর্ণস্তু সমরে যোধাংস্তত্র তত্র মহাযশাঃ।
কালয়ামাস পাণ্ডূনাং যথা পশুগণান্ বৃকঃ ॥৪৮॥
দৃষ্ট্বা তু পাণ্ডবীং সেনাং ধার্ত্তরাষ্ট্রাঃ পরাঙ্মুখীম্।
অভিজগ্মুর্মহেষ্বাসা রুবন্তো ভৈরবান্ রবান্ ॥৪৯॥
দুর্য্যোধনো হি রাজেন্দ্র! মুদা পরময়া যুতঃ।
বাদয়ামাস সংহৃষ্টো নানাবাদ্যানি সর্বশঃ ॥৫০॥
পাঞ্চালাপি মহেষ্বাসা ভগ্নাস্তত্র নরোত্তমাঃ।
ন্যবর্ত্তন্ত যথাশূরং মৃত্যুং কৃত্বা নিবর্ত্তনম্ ॥৫১॥
তান্ নিবৃত্তান্ রণে শূরান্ রাধেয়ঃ শত্রুতাপনঃ।
অনেকশো মহারাজ! বভঞ্জ পুরুষর্ষভঃ ॥৫২॥

ভারতকৌমুদী

মৃগেতি। দ্রাবয়তে পীড়য়তি। দ্রাবয়দিত্যড়াগমাভাব আর্ষঃ ॥৪৭॥
কর্ণ ইতি। কালয়ামাস পীড়য়ামাস। বৃকো ব্যাঘ্রবিশেষঃ ॥৪৮॥
দৃষ্ট্বেতি। মহেষ্বাসা মহাধনুর্দ্ধরাঃ, রুবন্তঃ কুর্বন্তঃ, ভৈরবান্ ভীষণান্ ॥৪৯॥
দুর্য্যোধন ইতি। ভয়োদ্বেগয়োরিব মুৎসংহর্ষয়োর্ভেদ উন্নেয়ঃ ॥৫০॥
পাঞ্চালা ইতি। বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ। শূরং শৌর্য্যমনতিক্রম্যেতি তৎ ॥৫১॥
তানিতি। রাধেয়ঃ কর্ণঃ। বভঞ্জ বিশ্লেষয়ামাস ॥৫২॥

ক্রুদ্ধ সিংহ যেমন বনমধ্যে হরিণগণকে পীড়ন করে, তেমন কর্ণ পাঞ্চালদেশীয় শ্রেষ্ঠ রথিগণকে ও অপর শত্রুদিগকে পীড়ন করিতে থাকিলেন ॥৪৭॥

ব্যাঘ্র যেমন শত্রুগণকে পীড়ন করে, সেইরূপ মহাযশা কর্ণ ভিন্ন ভিন্ন স্থানে পাণ্ডবসৈন্যগণকে পীড়ন করিতে লাগিলেন ॥৪৮॥

মহাধনুর্দ্ধর ধার্ত্তরাষ্ট্রেরা পাণ্ডবসৈন্যগণকে পরাঙ্মুখ দেখিয়া ভীষণ গর্জন করিতে করিতে তাহাদের দিকে ধাবিত হইলেন ॥৪৯॥

রাজশ্রেষ্ঠ! এই সময়ে দুর্য্যোধন অত্যন্ত আনন্দিত ও হৃষ্ট হইয়া সকল দিকে নানাবিধ বাদ্যবাদন করাইতে লাগিলেন ॥৫০॥

তখন মহাধনুর্দ্ধর ও নরশ্রেষ্ঠ পাঞ্চালেরা ভগ্ন হইয়াও বীরত্ব অনুসারে মৃত্যুকে নিবৃত্তির কারণ করিয়া ফিরিলেন ॥৫১॥

(৪৭)…দ্রাবয়ংচ্ছাত্রবাংস্তথা—বর্দ্ধ বা সো। (৫২)…বভঞ্জ পুরুষর্ষভ!—পি

তত্র ভারত ! কর্ণেন পাঞ্চালা বিংশতী রথাঃ।
নিহতাঃ সায়কৈর্যোধাশ্চেদয়শ্চ পরঃশতাঃ ॥৫৩॥
কৃত্বা শূন্যান্ রথোপস্থান্ বাজিপৃষ্ঠাংশ্চ ভারত ! ।
নির্মনুষ্যান্ গজস্কন্ধান্ পাদাতাংশ্চৈব বিদ্রুতান্ ॥৫৪॥
আদিত্য ইব মধ্যাহ্নে দুর্নিরীক্ষ্যঃ পরন্তপঃ।
কালান্তকবপুঃ শূরঃ সূতপুত্রো ব্যরাজত ॥৫৫॥ (যুগ্মকম্)
এবমেতন্মহারাজ ! নরবাজিরথদ্বিপান্।
হত্বা তস্থৌ মহেষ্বাসঃ কর্ণোঽরিগণসূদনঃ ॥৫৬॥
যথা ভূতগণান্ হত্বা কালস্তিষ্ঠেন্মহাবলঃ।
তথা স সোমকান্ হত্বা তস্থাবেকো মহারথঃ ॥৫৭॥

ভারতকৌমুদী

তত্রেতি। রথা রথারোহিণঃ। শতাৎ পরে ইতি পরঃশতাঃ শতাদধিকা ইত্যর্থঃ ॥৫৩॥

কৃত্বেতি। রথানামুপস্থান্ মধ্যদেশান্। বিদ্রুতান্ পলায়িতান্। কালে আয়ুঃশেষসময়ে অন্তকো বন্ধনকারী যো যমস্তস্য বপুরিব বপুর্যস্য সঃ, সূতপুত্রঃ কর্ণঃ ॥৫৪—৫৫॥

এবমিতি। এতদিতি হত্বেতিক্রিয়াবিশেষণম্। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ ॥৫৬॥

যথেতি। ভূতানাং প্রাণিনাং গণান্, হত্বা প্রলয়কালে, কালো রুদ্রঃ ॥৫৭॥

মহারাজ ! সেই সময়ে পুরুষশ্রেষ্ঠ ও শত্রুতাপন কর্ণ সেই নিবৃত্ত পাঞ্চালবীরগণকে অনেকবার ভগ্ন করিলেন ॥৫২॥

ভরতনন্দন ! তখন কর্ণ বাণদ্বারা পাঞ্চালদেশীয় কুড়িজন রথারোহীকে এবং চেদিদেশীয় শতাধিক যোদ্ধাকে বধ করিলেন ॥৫৩॥

ভরতনন্দন ! ক্রমে বীর ও শত্রুসন্তাপক কর্ণ রথমধ্য ও অশ্বপৃষ্ঠগুলিকে শূন্য, হস্তিস্কন্ধগুলিকে মনুষ্যবিহীন এবং পদাতিগণকে পলায়নপ্রবৃত্ত করিয়া মধ্যাহ্ন-সূর্য্যের ন্যায় দুর্নিরীক্ষ্য হইয়া কালান্তক যমের তুল্য প্রকাশ পাইতে লাগিলেন ॥৫৪—৫৫॥

মহারাজ ! মহাধনুর্দ্ধর ও শত্রুহন্তা কর্ণ এইভাবে পাণ্ডবপক্ষের হস্তী, অশ্ব, রথ ও পদাতি সংহার করিয়া রণস্থলে অবস্থান করিতে লাগিলেন ॥৫৬॥

প্রলয়কালে মহাবল রুদ্র যেমন প্রাণিগণ সংহার করিয়া অবস্থান করেন, সেইরূপ মহারথ কর্ণ একাকী সোমকদিগকে সংহার করিয়া সমরভূমিতে অবস্থান করিতে থাকিলেন ॥৫৭॥

---

(৫৩)···নিহতাঃ শাস্ত্রৈঃ ক্রোধাৎ···পি বা সো।

তত্রাদ্ভুতমপশ্যাম পাঞ্চালানাং পরাক্রমম্‌।
বধ্যমানাপি যৎ কর্ণং নাজহু রণমূর্দ্ধনি ॥৫৮॥
রাজা দুঃশাসনশ্চৈব কৃপঃ শারদ্বতস্তথা।
অশ্বত্থামা কৃতবর্ম্মা শকুনিশ্চ মহাবলঃ ॥৫৯॥
ন্যহনন্‌ পাণ্ডবীং সেনাং শতশোঽথ সহস্রশঃ।
কর্ণপুত্রৌ তু রাজেন্দ্র! ভ্রাতরৌ সত্যবিক্রমৌ ॥৬০॥
নিজঘ্নাতে বলং ক্রুদ্ধৌ পাণ্ডবানামিতস্ততঃ।
তত্র যুদ্ধং মহচ্চাসীৎ ক্রূরং বিশসনং মহৎ ॥৬১॥ (বিশেষকম্‌)
তথৈব পাণ্ডবাঃ শূরা ধৃষ্টদ্যুম্নশিখণ্ডিনৌ।
দ্রৌপদেয়াশ্চ সংক্রুদ্ধা অভ্যঘ্নংস্তাবকং বলম্‌ ॥৬২॥
এবমেষ ক্ষয়ো বৃত্তঃ পাণ্ডবানামিতস্ততঃ।
তাবকানামপি রণে ভীমং প্রাপ্য মহাবলম্‌ ॥৬৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং কর্ণপর্ব্বণি সঙ্কুলযুদ্ধে অষ্টপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

তত্রেতি। বধ্যমানাপীতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ। নাজহুঃ নাত্যজন্‌ ॥৫৮॥
রাজেতি। রাজা দুর্য্যোধনঃ। শারদ্বতঃ শরদ্বতঃ পুত্রঃ। ন্যহনন্‌ ন্যঘ্নন্‌। বিকরণ-লোপাভাব আর্ষঃ। বিশস্যতে হিংস্যতে অস্মিন্নিতি বিশসনম্‌ ॥৫৯—৬১॥
তথেতি। পাণ্ডবা নকুলাদয়ঃ। দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পুত্রাঃ। তাবকং ত্বদীয়ম্‌ ॥৬২॥

তখন আমরা পাঞ্চালগণের অদ্ভুত পরাক্রম দেখিলাম, যে হেতু তাহারা নিহত হইতে থাকিয়াও রণস্থলে কর্ণকে ত্যাগ করে নাই ॥৫৮॥

রাজশ্রেষ্ঠ! এদিকে দুর্য্যোধন, দুঃশাসন, শরদ্বানের পুত্র কৃপ, অশ্বত্থামা, কৃতবর্ম্মা ও মহাবল শকুনি ইঁহারাও পাণ্ডবপক্ষের শত শত ও সহস্র সহস্র সৈন্য বধ করিলেন; আবার যথার্থবিক্রমশালী কর্ণের দুই পুত্রও ক্রুদ্ধ হইয়া নানাদিকের পাণ্ডবসৈন্য সংহার করিলেন। এইভাবে তখন নিষ্ঠুর ও গুরুতর হিংসাজনক মহাযুদ্ধ হইতেছিল ॥৫৯—৬১॥

মহারাজ! সেইরূপই বীর পাণ্ডবগণ, ধৃষ্টদ্যুম্ন, শিখণ্ডী এবং দ্রৌপদীর পুত্রগণ ইঁহারাও ক্রুদ্ধ হইয়া আপনার সৈন্য সংহার করিলেন ॥৬২॥

---

(৫৮)···বধ্যমানাশ্চ···ন জহুঃ···পি। (৬৩)···পাণ্ডবানাং ততস্ততঃ···পি বা সো। *
'...অষ্টসপ্ততিতমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ বা সো।

ঊনষষ্টিতমোঽধ্যায়ঃ।

——ঃ-০-ঃ——

সঞ্জয় উবাচ।

অর্জ্জুনস্তু মহারাজ! হত্বা সৈন্যং চতুর্বিধম্।
সূতপুত্রঞ্চ সংরব্ধং দৃষ্ট্বা চৈব মহারণে ॥১॥
শোণিতোদাং নদীং কৃত্বা মাংসমজ্জাস্থিপঙ্কিলাম্।
মনুষ্যশীর্ষপাষাণাং হস্ত্যশ্বকৃতরোধসম্ ॥২॥
শূরাস্থিচয়সঙ্কীর্ণাং কাকগৃধ্রানুনাদিতাম্।
ছত্রহংসপ্লবোপেতাং বীরবৃক্ষাপহারিণীম্ ॥৩॥
হারপদ্মোৎপলবতীমুষ্ণীষবরফেনিলাম্।
ধনুঃশরঝষোপেতাং নরক্ষুদ্রকপালিনীম্ ॥৪॥
চর্ম্মবর্ম্মভ্রমোপেতাং রথোড়ুপসমাকুলাম্।
জয়ৈষিণাস্তু সুতরাং ভীরূণাঞ্চ সুদুস্তরাম্ ॥৫॥
তাং নদীং পারয়িত্বা তু বীভৎসুঃ পরবীরহা।
বাসুদেবমিদং বাক্যমব্রবীৎ পুরুষর্ষভঃ ॥৬॥ (কুলকম্)

ভারতকৌমুদী

এবমিতি। বৃত্তো জাতঃ। তাবকানামপি ক্ষয়ো বৃত্ত ইতি সম্বন্ধঃ ॥৬৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং কর্ণপর্ব্বণি অষ্টপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

——ঃ-০-ঃ——

অর্জ্জুন ইতি। চতুর্বিধং হস্ত্যশ্বরথপদাতিরূপম্। সংরব্ধং ক্রুদ্ধম্। শোণিতমেব উদকং যস্যাস্তাম্, মাংসমজ্জাস্থীন্যেব পঙ্কাঃ কর্দ্দমা অস্যাঃ সন্তীতি তাম্। মনুষ্যাণাং শীর্ষাণ্যেব পাষাণা

রাজা! এইভাবে নানাদিকে পাণ্ডবপক্ষের ক্ষয় হইল; আবার মহাবল ভীমসেনের হস্তে আপনার পক্ষেরও ক্ষয় হইল' ॥৬৩॥

——ঃ-০-ঃ——

সঞ্জয় বলিলেন—'মহারাজ! ওদিকে বিপক্ষবীরহন্তা ও পুরুষশ্রেষ্ঠ অর্জ্জুনও মহাযুদ্ধে কর্ণকে ক্রুদ্ধ দেখিয়া কৌরবপক্ষের হস্তী, অশ্ব, রথ ও পদাতিরূপ চতুর্বিধ

(১)···সূতপুত্রঞ্চ সংক্রুদ্ধম্···বা সো। (৪) হারপদ্মাকরবতীম্···বর্দ্ধ বা সো। (৬) তাং নদীং প্রাপয়িত্বা তু···বর্দ্ধ, নদীং প্রবর্ত্তয়িত্বা তু···বা সো।

অর্জ্জুন উবাচ।

এষ কেতূ রণে কৃষ্ণ! সূতপুত্রস্য দৃশ্যতে।
ভীমসেনাদয়শ্চৈতে যোধয়ন্তি মহারথান্ ॥৭॥
এতে দ্রবন্তি পাঞ্চালাঃ কর্ণত্রস্তা জনার্দ্দন!।
এষ দুর্য্যোধনো রাজা শ্বেতচ্ছত্রেণ রাজতে ॥৮॥

ভারতকৌমুদী

যস্যাস্তাম্, হস্তিভিবশ্বৈশ্চ কৃতানি বোধাংসি তীবাণি যস্যাস্তাম্। শূবাণামস্থিচয়েন সঙ্কীর্ণাং ব্যাপ্তাম্, কাকৈর্গৃধ্রৈশ্চ অনুনাদিতাং শব্দিতাম্। ছত্রাণ্যেব হংসাঃ প্লবাঃ ক্ষুদ্রনৌকাশ্চ তৈকপেতাম্, বীবা এব বৃক্ষাস্তান্ অপহবতীতি তাম্। হারা এব পদ্মানি উৎপলানি চ তদ্বতীম্, উষ্ণীষবরা এব ফেনা অস্যাঃ সন্তীতি তাম্। ধনুঃশবা এব ঝষা মৎস্যাস্তৈকপেতাম্, নরাণাং ক্ষুদ্রাণি কপালানি শিবোঽস্থীনি অস্যাঃ সন্তীতি তাম্। চর্ম্মবর্ম্মাণ্যেব ভ্রমা আবর্ত্তাস্তৈকপেতাম্, বথা এব উডুপানি ক্ষুদ্রনৌকাস্তৈঃ সমাকুলাং ব্যাপ্তাম্। সুখেন তীর্য্যত ইতি তাম্, সুদুঃখেন তীর্য্যত ইতি তাঞ্চ। পাবয়িত্বা উত্তীর্য্য বীভৎসুস্তন্নামা চ। ঈদৃশং বিবিধদোষদূষিতং বহুত্র বর্ণনমতীববিরক্তিকবম্ ॥১—৬॥

পঞ্চভির্দ্বাদর্শনং বিবৃণোতি এষ ইতি। কেতুর্ধ্বজঃ। সূতপুত্রস্য কর্ণস্য ॥৭॥

এত ইতি। দ্রবন্তি দ্রুতং পলায়ন্তে। শ্বেতচ্ছত্রেণ উপবি ধৃতেন ॥৮॥

সৈন্য সংহারপূর্ব্বক একটা রক্তের নদী কবিয়া এবং তাহা উত্তীর্ণ হইয়া কৃষ্ণকে এই কথা বলিলেন। রক্ত ছিল—সেই নদীর জল; মাংস, মজ্জা ও অস্থি ছিল—তাহাব কর্দ্দম; মানুষের মস্তক ছিল—পাষাণ এবং হস্তী ও অশ্ব ছিল—তীব; আব সে নদীটা বীরগণেব অস্থিরাশিতে ব্যাপ্ত, কাক ও গৃধ্রগণেব রবযুক্ত, ছত্ররূপ হংস ও ক্ষুদ্র নৌকাসমন্বিত, বীররূপ বৃক্ষাপহারিণী ও হাররূপ পদ্ম ও উৎপলবিশিষ্ট ছিল এবং উষ্ণীষ ছিল—তাহাব ফেন, ধনু ও বাণ ছিল—মৎস্য, চর্ম্ম ও বর্ম্ম ছিল—আবর্ত্ত (ঘোলা) ও রথ ছিল—ক্ষুদ্র নৌকা; আব তাহাতে ক্ষুদ্র ক্ষুদ্র নরকপাল ভাসিতেছিল। জিগীষু বীরেবা তাহা অনায়াসে তবণ কবিতেছিলেন এবং ভীরুজনেব তাহা তরণ করা অতিদুষ্কর ছিল ॥১—৬॥

অর্জ্জুন বলিলেন—'কৃষ্ণ! এই কর্ণেব বথেব ধ্বজ দেখা যাইতেছে, এই ভীমসেনপ্রভৃতি মহারথগণেব সহিত যুদ্ধ কবিতেছেন ॥৭॥

জনার্দ্দন! এই পাঞ্চালেরা কর্ণের ভয়ে বেগে পলায়ন করিতেছে, এই রাজা দুর্য্যোধন মস্তকোপবিধৃত শ্বেতচ্ছত্রদ্বারা শোভা পাইতেছেন ॥৮॥

---

(৮)…শ্বেতচ্ছত্রেণ ধার্য্যতা—বর্দ্ধ বা,… শ্বেতচ্ছত্রেণ বাজতা—পি।

কর্ণেন ভগ্নান্ পাঞ্চালান্ দ্রাবয়ন্ বহু শোভতে।
কৃপশ্চ কৃতবর্ম্মা চ দ্রৌণিশ্চৈব মহারথঃ ॥৯॥
এতে রক্ষন্তি রাজানং সূতপুত্রেণ রক্ষিতাঃ।
অবধ্যমানাস্তেঽস্মাভিঃ পাতয়িষ্যন্তি সোমকান্ ॥১০॥ (যুগ্মকম্)
এষ শল্যো রথোপস্থে রশ্মিসঞ্চারকোবিদঃ।
সূতপুত্ররথং কৃষ্ণ! বাহয়ন্ বহু শোভতে ॥১১॥
তত্র মে বুদ্ধিরুৎপন্না বাহয়াত্র মহারথম্।
নাহত্বা সমরে কর্ণং নিবর্ত্তিষ্যে কথঞ্চন ॥১২॥
রাধেয়োঽপ্যন্যথা পার্থান্ সৃঞ্জয়াংশ্চ মহারথান্।
নিঃশেষান্ সমরে কুর্য্যাৎ পশ্যতাং নো জনার্দ্দন! ॥১৩॥
ততঃ প্রায়াদ্রথেনাশু কেশবস্তব বাহিনীম্।
কর্ণং প্রতি মহেষ্বাসং দ্বৈরথে সব্যসাচিনা ॥১৪॥

ভারতকৌমুদী

কর্ণেনেতি। ভগ্নান্ বিশ্লেষিতান্, দ্রাবয়ন্ পীড়য়ন্। রাজানং দুর্য্যোধনম্ ॥৯—১০॥
এষ ইতি। রথস্য উপস্থে উপবেশনস্থানে, রশ্মিসঞ্চারকোবিদঃ অশ্বরজ্জুচালনদক্ষঃ ॥১১॥
তত্রেতি। কা সা বুদ্ধিরিত্যাহ বাহযেতি। মহারথং কর্ণং প্রতি ॥১২॥
রাধেয় ইতি। রাধেয় এব কর্ণঃ, পার্থান্ পাণ্ডবান্। নঃ অস্মাকম্ ॥১৩॥
তত ইতি। সব্যসাচিনা সহ দ্বৈরথে যুদ্ধে উৎসুকং কর্ণং প্রতীতি সম্বন্ধঃ ॥১৪॥

কর্ণ যাহাদিগকে সংঘচ্যুত করিয়াছে, দুর্য্যোধন সেই পাঞ্চালগণকে পীড়ন করিতে থাকিয়া অত্যন্ত বীরশোভা লাভ করিতেছেন; এই কৃপ, কৃতবর্ম্মা ও মহারথ অশ্বত্থামা ইঁহারা কর্ণকর্ত্তৃক রক্ষিত হইয়া দুর্য্যোধনকে রক্ষা করিতেছেন। কৃষ্ণ! আমরা উঁহাদিগকে আক্রমণ না করিলে, উঁহারা সোমকদিগকে নিপাত করিবেন ॥৯—১০॥

কৃষ্ণ! রশ্মিচালনদক্ষ এই শল্য রথনীড়ে থাকিয়া কর্ণের রথ চালন করতঃ অত্যন্ত শোভা পাইতেছেন ॥১১॥

কেশব! আমার এই বুদ্ধি হইয়াছে—তুমি কর্ণের দিকে রথ চালন কর, আমি যুদ্ধে কর্ণকে বধ না করিয়া কোন প্রকারে ফিরিব না ॥১২॥

জনার্দ্দন! না হইলে, আমাদের সমক্ষেই কর্ণও যুদ্ধে মহারথ পাণ্ডব ও সৃঞ্জয়গণকে নিঃশেষ করিবে ॥১৩॥

(৯)···দ্রাবয়ন্ বহ্বশোভত··· বর্দ্ধ। (১০) ··ঘাতয়িষ্যন্তি সোমকান্—পি।

প্রয়াতশ্চ মহাবাহুঃ পাণ্ডবানুজ্ঞয়া হরিঃ।
আশ্বাসয়ন্ রথেনৈব পাণ্ডুসৈন্যানি সর্বশঃ ॥১৫॥
রথঘোষঃ স সংগ্রামে পাণ্ডবেয়স্য সংবভৌ।
বাসবাশনিতুল্যস্য মহৌঘস্যেব মারিষ! ॥১৬॥
মহতা রথঘোষেণ পাণ্ডবঃ সত্যবিক্রমঃ।
অভ্যয়াদপ্রমেয়াত্মা নির্জয়ংস্তব বাহিনীম্ ॥১৭॥
তমায়ান্তং সমীক্ষ্যৈব শ্বেতাশ্বং কৃষ্ণসারথিম্।
মদ্ররাজোঽব্রবীৎ কর্ণং কেতুং দৃষ্ট্বা মহাত্মনঃ ॥১৮॥
অয়ং স রথ আয়াতি শ্বেতাশ্বঃ কৃষ্ণসারথিঃ।
নিঘ্নন্নমিত্রান্ সমরে যং কর্ণ! পরিপৃচ্ছসি ॥১৯॥

ভাবতকৌমুদী

প্রয়াত ইতি। পাণ্ডবস্য অর্জ্জুনস্য অনুজ্ঞয়া। রথেনৈব রথপ্রদর্শনেনৈব ॥১৫॥
রথেতি। বাসবাশনিতুল্যস্য শব্দে, মহৌঘস্য মহাজলপ্রবাহস্য ঘোষ ইব ॥১৬॥
মহতেতি। পাণ্ডবোঽর্জ্জুনঃ। অপ্রমেয়াত্মা অজ্ঞেয়স্বভাবঃ ॥১৭॥
তমিতি। শ্বেতাশ্বমর্জ্জুনম্। কেতুং ধ্বজম্, মহাত্মনোঽর্জ্জুনস্য ॥১৮॥
অয়মিতি। শ্বেতা অশ্বা যস্য সঃ, কৃষ্ণঃ সারথির্যস্য সঃ। অমিত্রান্ শত্রূন্ ॥১৯॥

মহারাজ! তাহার পর কৃষ্ণ রথারোহণে আপনার সৈন্যের দিকে সত্বর প্রস্থান করিলেন; ওদিকে মহাধনুর্দ্ধর কর্ণও অর্জ্জুনের সহিত দ্বৈরথ যুদ্ধে উৎসুক ছিলেন ॥১৪॥

মহাবাহু কৃষ্ণ রথপ্রদর্শনদ্বারাই সমস্ত পাণ্ডবসৈন্যকে আশ্বস্ত করিতে থাকিয়া অর্জ্জুনের অনুমতিক্রমে গমন করিতে লাগিলেন ॥১৫॥

মাননীয় রাজা! রণস্থলে অর্জ্জুনের সেই রথশব্দ—ইন্দ্রের বজ্রশব্দের ন্যায় এবং মহাজলপ্রবাহের শব্দের সদৃশ হইয়া প্রকাশ পাইতে থাকিল ॥১৬॥

রাজা! অজ্ঞেয়স্বভাব ও যথার্থবিক্রমশালী অর্জ্জুন বিশাল রথশব্দদ্বারাই আপনার সৈন্য জয় করিতে থাকিয়া কর্ণের দিকে যাইতে লাগিলেন ॥১৭॥

এদিকে শল্য দূর হইতে অর্জ্জুনের ধ্বজ দেখিয়া কৃষ্ণসারথি অর্জ্জুন আসিতেছেন এইরূপ ধারণা করিয়াই কর্ণকে বলিলেন—॥১৮॥

'কর্ণ! তুমি যাহার কথা জিজ্ঞাসা করিয়াছিলে, এই সেই শ্বেতাশ্ব ও কৃষ্ণসারথিযুক্ত রথ শত্রুসংহার করিতে করিতে আসিতেছে ॥১৯॥

(১৮)···কেতুং দৃষ্ট্বা মহারথঃ—পি।

এষ তিষ্ঠতি কৌন্তেয়ঃ সংস্পৃশন্ গাণ্ডিবং ধনুঃ।
তং হনিষ্যসি চেদদ্য তন্নঃ শ্রেয়ো ভবিষ্যতি ॥২০॥
ত্বামভিপ্রেপ্সুরায়াতি কর্ণ! নিঘ্নন্ বরান্ বরান্।
অসহ্যমানো রাধেয়! তং যাহি প্রতি ভারতম্ ॥২১॥
এষা বিদীর্য্যতে সেনা ধার্ত্তরাষ্ট্রী সমন্ততঃ।
অর্জ্জুনস্য ভয়াত্তূর্ণং নিঘ্নতঃ শাত্রবান্ বহূন্ ॥২২॥
বর্জয়ন্ সর্বসৈন্যানি ত্বরতে হি ধনঞ্জয়ঃ।
ত্বদর্থমিতি মন্যেঽহং যথাস্যোদীর্য্যতে বপুঃ ॥২৩॥
নহ্যবস্থাস্যতে পার্থো যুযুৎসুঃ কেনচিৎ সহ।
ত্বামৃতে ক্রোধদীপ্তো হি পীড্যমানে বৃকোদরে ॥২৪॥
বিরথং ধর্ম্মরাজঞ্চ দৃষ্ট্বা সুদৃঢ়বিক্ষতম্।
শিখণ্ডিনং সাত্যকিঞ্চ ধৃষ্টদ্যুম্নঞ্চ পার্ষতম্ ॥২৫॥

ভারতকৌমুদী

এষ ইতি। হনিষ্যসি হন্তুং শক্ষ্যসি, তত্তদা, নঃ অস্মাকম্, শ্রেয়ো মঙ্গলম্ ॥২০॥
ত্বামিতি। অভিপ্রেপ্সুঃ প্রাপ্তুমিচ্ছুঃ। বরান্ বরান্ বীরানিতি শেষঃ ॥২১॥
এষেতি। বিদীর্য্যতে বিভজ্যতে। সমন্ততঃ অর্জ্জুনস্য সর্বাসু দিক্ষু ॥২২॥
বর্জয়ন্নিতি। সর্বসৈন্যানি যুদ্ধার্থীনি। উদীর্য্যতে উদযতে ॥২৩॥
নহীতি। যুযুৎসুর্যোদ্ধুমিচ্ছুঃ। ঋতে বিনা, ক্রোধেন দীপ্ত উত্তেজিতঃ ॥২৪॥

এই অর্জ্জুন গাণ্ডীবধনু ধারণ করতঃ অবস্থান করিতেছেন। কর্ণ! তুমি যদি আজ ইহাকে বধ করিতে পার, তবে আমাদের বড়ই মঙ্গল হইবে ॥২০॥

কর্ণ! অর্জ্জুন তোমাকে পাইবার জন্য প্রধান প্রধান বীরকে বধ করিতে করিতে আসিতেছেন। উনি অন্যের অসহ্য; অতএব রাধানন্দন! তুমি উঁহার দিকে যাও ॥২১॥

অর্জ্জুন সত্বর বহু শত্রু সংহার করিতেছেন। সুতরাং উঁহার ভয়ে এই কৌরব-সৈন্য সকল দিকে ভগ্ন হইতেছে ॥২২॥

অর্জ্জুনের দেহ যেরূপ প্রকাশ পাইতেছে, তাহাতে আমি মনে করি---অর্জ্জুন যুদ্ধার্থী সমস্ত সৈন্য বর্জন করতঃ তোমার জন্যই সত্বর আসিতেছেন ॥২৩॥

ভীমসেন পীড়িত হইতে থাকায় ক্রোধে উত্তেজিত অর্জ্জুন তুমি ভিন্ন অন্য কাহারও সহিত যুদ্ধাভিলাষী হইয়া দাঁড়াইবেন না ॥২৪॥

---

(২৩)···যথাস্যোদ্দীপ্যতে বপুঃ—পি।

দ্রৌপদেয়ান্ যুধামন্যুমুত্তমৌজসমেব চ।
নকুলং সহদেবঞ্চ ভ্রাতরৌ দ্বৌ সমীক্ষ্য চ ॥২৬॥
সহসৈকরথঃ পার্থস্ত্বামভ্যেতি পরন্তপঃ।
ক্রোধরক্তেক্ষণঃ ক্রুদ্ধো জিঘাংসুঃ সর্বপার্থিবান্ ॥২৭॥ (বিশেষকম্)
ত্বরিতোঽভিপতত্যস্মাংস্ত্যক্ত্বা সৈন্যান্যসংশয়ম্।
তং কর্ণ! প্রতিযাহ্যেনং নাস্ত্যন্যো হি ধনুর্দ্ধরঃ ॥২৮॥
ন তং পশ্যামি লোকেঽস্মিংস্ত্বত্তো হ্যন্যং ধনুর্দ্ধরম্।
অর্জ্জুনং সমরে ক্রুদ্ধং যো বেলামিব ধারয়েৎ ॥২৯॥
ন চাস্য রক্ষাং পশ্যামি পার্শ্বতো ন চ পৃষ্ঠতঃ।
এক এবাভিযাতি ত্বাং পশ্য সাফল্যমাত্মনঃ ॥৩০॥
ত্বং হি কৃষ্ণৌ রণে শক্তঃ সংসাধয়িতুমাহবে।
তবৈষ ভারো রাধেয়! প্রত্যুদ্‌যাহি ধনঞ্জয়ম্ ॥৩১॥

ভারতকৌমুদী

বিরথমিতি। পার্ষতং পৃষতপৌত্রম্। দ্রৌপদেয়ান্ দ্রৌপদ্যাঃ পুত্রান্। সর্বত্র সুদৃঢ়-বিক্ষতমিতি যথাসম্ভবং বচনবিপরিণামেন সম্বন্ধঃ। জিঘাংসুর্হন্তুমিচ্ছুঃ ॥২৫—২৭॥

ত্বরিত ইতি। অন্যস্ত্বিতরঃ, যোঽর্জ্জুনং প্রতিযায়াদিত্যাশয়ঃ ॥২৮॥

নেতি। বেলাং সমুদ্রজলোচ্ছাসম্, "অব্ধ্যম্বুবিকৃতৌ বেলা" ইত্যমরঃ ॥২৯॥

নেতি। আত্মনঃ সাফল্যম্ অর্জ্জুনবধরূপাং যুদ্ধসফলতাম্, অস্য রক্ষকাভাবাৎ ॥৩০॥

ত্বমিতি। কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ। সংসাধয়িতুং বিনাশয়িতুম্ ॥৩১॥

যুধিষ্ঠিরকে রথবিহীন ও অত্যন্ত ক্ষত-বিক্ষত দেখিয়া এবং শিখণ্ডী, সাত্যকি, পৃষতনন্দন ধৃষ্টদ্যুম্ন, দ্রৌপদীর পুত্রগণ, যুধামন্যু, উত্তমৌজা, আর নকুল ও সহদেব দুই ভ্রাতা ইঁহাদের প্রত্যেককে বিশেষ ক্ষত-বিক্ষত দর্শন করিয়া ক্রুদ্ধ ও ক্রোধে আরক্তনয়ন হইয়া সমস্ত রাজাকে বধ করিবার ইচ্ছা করিয়া শত্রুসন্তাপক অর্জ্জুন একরথে বেগে তোমার দিকেই আসিতেছেন ॥২৫---২৭॥

কর্ণ! অর্জ্জুন কৌরবসৈন্যগণকে পরিত্যাগ করিয়া নিশ্চয়ই আমাদের দিকে বেগে আসিতেছেন। সুতরাং তুমিও উঁহার অভিমুখে যাও। কারণ, তুমি ভিন্ন এমন অন্য কোন ধনুর্দ্ধর নাই, যিনি উঁহার অভিমুখে যাইতে পারেন ॥২৮॥

যিনি সমুদ্রের জলোচ্ছ্বাসের ন্যায় ক্রুদ্ধ অর্জ্জুনকে যুদ্ধে গ্রহণ করিতে পারেন, তুমি ভিন্ন এমন অন্য কোন ধনুর্দ্ধরকে আমি এই জগতে দেখি না ॥২৯॥

উঁহার পার্শ্বরক্ষক বা পৃষ্ঠরক্ষক দেখিতেছে না; উনি একাকীই তোমার দিকে আসিতেছেন। সুতরাং তুমি নিজের যুদ্ধসফলতার দিকে দৃষ্টিপাত কর ॥৩০॥

সমানো হ্যসি ভীষ্মেণ দ্রোণদ্রৌণিকৃপৈরপি।
সব্যসাচিনমায়ান্তং নিবারয় মহারণে ॥৩২॥
লেলিহানং যথা সর্পং গর্জন্তমৃষভং যথা।
বনস্থিতং যথা ব্যাঘ্রং জহি কর্ণ! ধনঞ্জয়ম্ ॥৩৩॥
এতে দ্রবন্তি সমরে ধার্ত্তরাষ্ট্রা মহারথাঃ।
অর্জ্জুনস্য ভয়াত্তূর্ণং নিরপেক্ষা নরাধিপাঃ ॥৩৪॥
দ্রবতামথ তেষান্তু নান্যোঽস্তি যুধি মানবঃ।
ভয়হা যো ভবেদ্বীরস্ত্বামৃতে সূতনন্দন! ॥৩৫॥
এতে ত্বাং কুরবঃ সর্বে দ্বীপমাসাদ্য সংযুগে।
বিষ্ঠিতাঃ পুরুষব্যাঘ্র! ত্বত্তঃ শরণকাঙ্ক্ষিণঃ ॥৩৬॥

ভারতকৌমুদী

সমান ইতি। দ্রৌণিরশ্বত্থামা। অতএবায়ান্তং সব্যসাচিনং বারয় ॥৩২॥
লেলীতি। লেলিহানং রসনামাবিষ্কৃত্য পুনঃ পুনর্বায়ুমাস্বদমানম্ ॥৩৩॥
এত ইতি। দ্রবন্তি পলায়ন্তে। নিরপেক্ষা আত্মীয়াপেক্ষারহিতাঃ ॥৩৪॥
দ্রবতামিতি। দ্রবতাং পলায়মানানাম্। ভয়ং হন্তীতি ভয়হা। ঋতে বিনা ॥৩৫॥
এত ইতি। দ্বীপং দ্বীপবদাশ্রয়ম্। শরণকাঙ্ক্ষিণো রক্ষৈষিণঃ ॥৩৬॥

রাধানন্দন! তুমি যুদ্ধে কৃষ্ণ ও অর্জ্জুনকে বধ করিতে সমর্থ এবং তোমার উপরেই এই ভার রহিয়াছে। অতএব তুমি অর্জ্জুনের অভিমুখে গমন কর ॥৩১॥

কর্ণ! তুমি ভীষ্মের সমান এবং দ্রোণ, অশ্বত্থামা ও কৃপাচার্য্যেরও তুল্য। সুতরাং অর্জ্জুন আসিতেছেন; মহাযুদ্ধে তুমি উঁহাকে বারণ কর ॥৩২॥

কর্ণ! লেলিহান সর্প, গর্জনকারী বৃষ এবং বনস্থিত ব্যাঘ্রের তুল্য অর্জ্জুনকে তুমি বধ কর ॥৩৩॥

এই কুরুপক্ষীয় মহারথ রাজারা অর্জ্জুনের ভয়ে আত্মীয়গণের প্রতীক্ষা না করিয়া বেগে পলায়ন করিতেছেন ॥৩৪॥

সূতনন্দন! যিনি পলায়মান এই রাজাদের ভয় দূর করিতে পারেন, তুমি ভিন্ন এমন অন্য বীর মানুষ নাই ॥৩৫॥

পুরুষশ্রেষ্ঠ! এই কৌরবেরা সকলে যুদ্ধে তোমাকে দ্বীপের ন্যায় আশ্রয় পাইয়া তোমা হইতেই আত্মরক্ষার্থী হইয়া অবস্থান করিতেছেন ॥৩৬॥

---

(৩২)…দ্রোণদ্রৌণিকৃপেণ চ…পি বা সো। (৩৩)…লয়স্থিতং যথা ব্যাঘ্রম্…পি। (৩৬)… ধিষ্ঠিতাঃ পুরুষব্যাঘ্র।…বর্দ্ধ বা সো।

বৈদেহাম্বষ্ঠকাম্বোজাস্তথা নগ্নজিতস্ত্বয়া ।
গান্ধারাশ্চ যয়া ধৃত্যা জিতাঃ সংখ্যে সুদুর্জ্জয়াঃ ।
তাং ধৃতিং কুরু রাধেয় ! ততঃ প্রত্যেহি পাণ্ডবম্ ॥৩৭॥
বাসুদেবঞ্চ বাষ্ণেয়ং প্রীয়মাণং কিরীটিনা ।
প্রত্যুদ্যাহি মহাবাহো ! পৌরুষে মহতি স্থিতঃ ॥৩৮॥

কর্ণ উবাচ ।

প্রকৃতিস্থোঽসি মে শল্য ! ইদানীং সম্মতস্তথা ।
প্রতিভাসি মহাবাহো ! বিভীশ্চৈব ধনঞ্জয়াৎ ॥৩৯॥
পশ্য বাহ্বোর্বলং মেঽস্ত্র শিক্ষিতস্য চ পশ্য মে ।
একোঽদ্য নিহনিষ্যামি পাণ্ডবানাং মহাচমূম্ ॥৪০॥
কৃষ্ণৌ চ পুরুষব্যাঘ্রৌ তৎ সত্যং প্রব্রবীমি তে ।
নাহত্বা যুধি তৌ বীরৌ ব্যপযাস্যে কথঞ্চন ॥৪১॥

ভারতকৌমুদী

বৈদেহেতি । ধৃত্যা ধৈর্য্যেণ । প্রত্যেহি অভিযাহি, পাণ্ডবমর্জ্জুনম্ । ষট্পাদঃ ॥৩৭॥
বাস্বিতি । কিরীটিনা অর্জ্জুনেন তস্য ভক্ত্যেত্যর্থঃ ॥৩৮॥
প্রেতি । পূর্ব্বং ন প্রকৃতিস্থ আসীঃ কটূক্তিকরণাদিতি ভাবঃ । বিভীর্নির্ভয়ঃ ॥৩৯॥
পশ্যেতি । শিক্ষিতস্য গুরোর্গৃহীতস্যাস্ত্রস্য ॥৪০॥
কৃষ্ণাবিতি । কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ নিহনিষ্যামীত্যনুবৃত্তিঃ । ব্যপযাস্যে নির্বর্ত্তিষ্যে ॥৪১॥

রাধানন্দন ! তুমি যে ধৈর্য্যের গুণে অতিদুর্জ্জয় বৈদেহ, অম্বষ্ঠ, কাম্বোজ, নগ্নজিৎ ও গান্ধারগণকে যুদ্ধে জয় করিয়াছিলে, এখন সেই ধৈর্য্য অবলম্বন কর; তাহার পর অর্জ্জুনের দিকে যাও ॥৩৭॥

মহাবাহু ! বৃষ্ণিনন্দন কৃষ্ণ অর্জ্জুনের গুণে উঁহার উপরে সর্বদাই সন্তুষ্ট আছেন। সুতরাং তুমি মহাপুরুষকার অবলম্বন করিয়া উঁহার প্রতিও গমন কর' ॥৩৮॥

কর্ণ বলিলেন—'মহাবাহু মদ্ররাজ ! আপনি এখন প্রকৃতিস্থ হইয়াছেন, আমার প্রিয় বলিয়াও ধারণা হইতেছে এবং অর্জ্জুনের ভয়ও পরিত্যাগ করিয়াছেন ॥৩৯॥

আজ আপনি আমার বাহুবল দর্শন করুন এবং অস্ত্রের বলও দেখুন। আজ আমি একাকীই পাণ্ডবগণের বিশাল সৈন্য সংহার করিব ॥৪০॥

এবং পুরুষশ্রেষ্ঠ কৃষ্ণ ও অর্জ্জুনকেও বধ করিব। ইহা আমি আপনার নিকট সত্য বলিতেছি—যুদ্ধে ঐ বীর দুই জনকে বধ না করিয়া কোন প্রকারে ফিরিব না ॥৪১॥

---

(৩৯)···মহাবাহো ! যথা পার্থস্য কেশবঃ—পি,···মা ভৈবীস্ত্বং ধনঞ্জয়াৎ—বা গো।

শিয্যে বা নিহতস্তাভ্যামনিত্যো হি রণে জয়ঃ।
কৃতার্থোঽদ্য ভবিষ্যামি হত্বা বাপ্যথবা হতঃ ॥৪২॥

শল্য উবাচ।

অজয্যমেনং প্রবদন্তি যুদ্ধে মহারথাঃ কর্ণ। রথপ্রবীরম্।
একাকিনং কিমু কৃষ্ণাভিগুপ্তং বিজেতুমেনং ক ইহোৎসহেত ॥৪৩॥

কর্ণ উবাচ।

নৈতাদৃশো জাতু বভূব লোকে রথোত্তমো যাবদুপশ্রুতং নঃ।
তমীদৃশং প্রতিযোৎস্যামি পার্থং মহাহবে পশ্য চ পৌরুষং মে ॥৪৪॥
রণে চরত্যেষ রথপ্রবীরঃ সিতৈর্হয়ৈঃ কৌরবরাজপুত্রঃ।
স বাদ্য মাং নেষ্যতি কৃচ্ছ্রমেতৎ কর্ণস্যান্তাদেতদন্তাঃ স্থ সর্ব্বে ॥৪৫॥

ভারতকৌমুদী

শিষ্য ইতি। শিয্যে শযিষ্যে। গুণেডাগমাভাব আর্ষঃ। তাভ্যাং কৃষ্ণার্জ্জুনাভ্যাম্ ॥৪২॥

যুধিষ্ঠিবান্তিকে কৃতাযাঃ প্রতিজ্ঞাযাঃ শ্রবণাৎ পুনঃ কর্ণমবসাদয়তি অজয্যমিতি। অজয্যং জেতুমশক্যম্, এনমর্জ্জুনম্। কৃষ্ণেন অভিগুপ্তং রক্ষিতম্। উৎসহেত শক্নুযাৎ ॥৪৩॥

নেতি। জাতু কদাচিৎ। উপশ্রুতমাকর্ণিতম্, নঃ অস্মাভিঃ ॥৪৪॥

বণ ইতি। সিতৈঃ শুভ্রবর্ণৈঃ, হযৈবশ্বৈঃ, কৌববরাজপুত্রঃ পাণ্ডুপুত্রোঽর্জ্জুনঃ। কৃচ্ছ্রং মৃত্যুকষ্টম্। অন্তাৎ নাশাৎ, অযমেব অন্তঃ শেষকালো যেষাং তে যূযম্ ॥৪৫॥

কিংবা তাঁহাদের হস্তে নিহত হইয়া শয়ন করিব। কারণ, যুদ্ধে জয় অনিত্য। অতএব আজ তাঁহাদিগকে বধ কবিয়া অথবা তাঁহাদেব হস্তে নিহত হইয়া কৃতার্থ হইব' ॥৪২॥

শল্য বলিলেন—'কর্ণ! মহারথেরা একাকী এই রথিশ্রেষ্ঠকেই যুদ্ধে অজেয় বলেন; তাহাতে ইনি কৃষ্ণকর্ত্তৃক বক্ষিত হইলে আর কি বলিব। সুতরাং এই জগতে কোন্ ব্যক্তি অর্জ্জুনকে জয় করিতে সমর্থ হয়?' ॥৪৩॥

কর্ণ বলিলেন—'আমরা যতদূব শুনিয়াছি, তাহাতে এইরূপ রথিশ্রেষ্ঠ জগতে আর কখনও হয় নাই। কিন্তু মহাযুদ্ধে এইরূপ সেই অর্জ্জুনের সহিত আমি যুদ্ধ করিব; আপনি আমাব পুরুষকাব দেখুন ॥৪৪॥

এই বথিশ্রেষ্ঠ কৌববরাজপুত্র শ্বেতবর্ণ অশ্বে বণস্থলে বিচরণ করেন। আজ তিনিই বা আমাকে এই মৃত্যুকষ্ট ভোগ কবাইবেন। তাহাতে কর্ণেব বিনাশবশতই আপনাদেব সকলেরও ইহাই শেষকাল হইবে ॥৪৫॥

---

(৪৫)···এতদন্তাস্থ সর্ব্বে—বা সো।

অস্বেদিনৌ রাজপুত্রস্য হস্তাববেপমানৌ জাতকিণৌ বৃহন্তৌ।
দৃঢ়ায়ুধঃ কৃতিমান্ ক্ষিপ্রহস্তো ন পাণ্ডবেয়েন সমোঽস্তি যোধঃ ॥৪৬॥
গৃহ্লাত্যনেকানপি কঙ্কপত্রানেকং যথা তান্ প্রহিণোতি চাশু।
তে ক্রোশমাত্রে নিপতন্ত্যমোঘাঃ কস্তেন যোধোঽস্তি সমঃ পৃথিব্যাম্ ॥৪৭॥
অতোষয়ৎ খাণ্ডবে যো হুতাশং কৃষ্ণদ্বিতীয়োঽতিরথস্তরস্বী।
লেভে চক্রং যত্র কৃষ্ণো মহাত্মা ধনুর্গাণ্ডীবং পাণ্ডবঃ সব্যসাচী ॥৪৮॥
শ্বেতাশ্বযুক্তঞ্চ সুঘোষমুগ্রং রথং মহাবাহুরদীনসত্ত্বঃ।
মহেষুধী চাক্ষয়ে দিব্যরূপে শস্ত্রাণি দিব্যানি চ হব্যবাহাৎ ॥৪৯॥
তথেন্দ্রলোকে নিজঘান দৈত্যানসংখ্যেয়ান্ কালকেয়াংশ্চ সর্বান্।
লেভে শঙ্খং দেবদত্তং স্ম তত্র কো নাম তেনাভ্যধিকঃ পৃথিব্যাম্ ॥৫০॥

ভারতকৌমুদী

অস্বেদিনাবিতি। অস্বেদিনৌ ভাগ্যবশাদ্ঘর্ম্মশূন্যৌ, রাজপুত্রস্যার্জ্জুনস্য, অবেপমানৌ অকম্পমানৌ, জাতৌ কিণৌ গুণাদিঘর্ষণাচ্চিহ্নবিশেষৌ যয়োস্তৌ। কৃতিমান্ যুদ্ধনিপুণঃ ॥৪৬॥

গৃহ্লাতীতি। অয়মর্জ্জুনঃ, একং কঙ্কপত্রং যথা, তথা অনেকানপি কঙ্কপত্রান্ বাণান্ তূণাদ্গৃহ্লাতি; তাংশ্চ আশু শীঘ্রং প্রহিণোতি নিক্ষিপতি। অমোঘা অব্যর্থাঃ সন্তঃ ॥৪৭॥

অতোষয়দিতি। হুতাশমগ্নিম্, কৃষ্ণো দ্বিতীয়ো যস্য সঃ, তরস্বী বলবান্ ॥৪৮॥

শ্বেতেতি। সুঘোষমতীবশব্দায়মানম্। অদীনসত্ত্বঃ অনল্পবলঃ। হব্যবাহাদগ্নেঃ ॥৪৯॥

তথেতি। কালকেয়ান্ কালকবংশ্যান্। দেবদত্তং নাম। তেন ততঃ ॥৫০॥

অর্জ্জুনের হস্তযুগলে ঘর্ম্ম জন্মে না এবং উহা কাঁপে না, আর ঐ বিশাল হস্তযুগলে কড় পড়িয়াছে। বিশেষতঃ অর্জ্জুন দৃঢ়াস্ত্র, যুদ্ধনিপুণ এবং লঘুহস্ত। সুতরাং অর্জ্জুনের সমান যোদ্ধা নাই ॥৪৬॥

অর্জ্জুন একটী বাণের ন্যায় একদা অনেক বাণও গ্রহণ করেন এবং তৎক্ষণাৎ তাহা নিক্ষেপ করেন, আবার সেগুলি অব্যর্থ হইয়া যাইয়া একক্রোশ দূরে পতিত হয়। সুতরাং অর্জ্জুনের তুল্য যোদ্ধা পৃথিবীতে কে আছে? ॥৪৭॥

অতিরথ ও বলবান্ যে অর্জ্জুন কৃষ্ণের সহিত মিলিত হইয়া খাণ্ডবদাহে অগ্নিদেবকে সন্তুষ্ট করিয়াছিলেন; তাহাতে মহাত্মা কৃষ্ণ সুদর্শনচক্র এবং সব্যসাচী অর্জ্জুন গাণ্ডীবধনু লাভ করেন ॥৪৮॥

আর যাহাতে মহাবাহু ও মহাবল অর্জ্জুন অগ্নিদেবের নিকট হইতে শ্বেতবর্ণঘোটকযুক্ত, অত্যন্তশব্দকারী ও ভীষণ রথ, অলৌকিক দুইটা অক্ষয় তূণ এবং দিব্য অস্ত্র সকল লাভ করিয়াছিলেন ॥৪৯॥

---

(৪৭)···অনেকানথ···বর্দ্ধ,···তান্ প্রতিযোজ্য চাশু···বর্দ্ধ বা সো।

মহাদেবং তোষয়ামাস যো বৈ সাক্ষাৎ সুযুদ্ধেন মহানুভাবঃ।
লেভে ততঃ পাশুপতং সুঘোরং ত্রৈলোক্যসংহারকরং মহাস্ত্রম্ ॥৫১॥
পৃথক্ পৃথগ্লোকপালাঃ সমেতা দদুর্হ্যস্ত্রাণ্যপ্রমেয়াণি যস্মৈ।
যৈস্তান্ জঘানাশু রণে নৃসিংহঃ স কালকঞ্জানসুরান্ সমেতান্ ॥৫২॥
তথা বিরাটস্য পুরে সমেতান্ সর্বানস্মানেকরথেন জিত্বা।
জহার তদ্গোধনমাজিমধ্যে বস্ত্রাণি চাদত্ত মহারথেভ্যঃ ॥৫৩॥
তমীদৃশং বীর্য্যগুণোপপন্নং কৃষ্ণদ্বিতীয়ং পরমং নৃপাণাম্।
সমাহ্বয়ন্ সাহসমুত্তমং বৈ জানে স্বয়ং সর্বলোকস্য শল্য ! ॥৫৪॥
অনন্তবীর্য্যেণ চ কেশবেন নারায়ণেনাপ্রতিমেন গুপ্তঃ।
বর্ষাযুতৈর্যস্য গুণা ন শক্যা বক্তুং সমেতৈরপি সর্বলোকৈঃ ॥৫৫॥

ভাবতকৌমুদী

মহেতি। মহাননুভাবঃ প্রভাবো যস্য সঃ। পাশুপতং নাম ॥৫১॥
পৃথগিতি। অপ্রমেয়াণি অজ্ঞেয়শক্তীনি। নৃসিংহো নবশ্রেষ্ঠঃ, কালকঞ্জান্ নাম ॥৫২॥
তথেতি। সমেতান্ উত্তবগোগ্রহে। মহারথেভ্যোঽস্মদাদিগাত্রেভ্যঃ ॥৫৩॥
তমিতি। নৃপাণাং ক্ষত্রিয়াণাং মধ্যে পরমং প্রধানম্। সমাহ্বয়ন্ যুদ্ধার্থে ॥৫৪॥

বিশেষতঃ অর্জ্জুন দেবলোকে 'কালকেয-'নামক অসংখ্য অসুর সকল বধ করেন এবং তাহাতে 'দেবদত্ত-'নামে শঙ্খ প্রাপ্ত হন; পৃথিবীতে কে তাঁহা হইতে প্রধান হইতে পাবে ? ॥৫০॥

মহাপ্রভাবশালী যে অর্জুন গুরুতর যুদ্ধ করিয়া সাক্ষাৎ মহাদেবকে সন্তুষ্ট করিয়াছিলেন এবং তাঁহার নিকট হইতে ত্রিভুবনসংহারক্ষম অতিভয়ানক 'পাশুপত-' নামক মহাস্ত্র প্রাপ্ত হন ॥৫১॥

ইন্দ্রপ্রভৃতি লোকপালেরা পৃথক্ পৃথক্ আসিয়া যাঁহাকে অজ্ঞেয়শক্তি অস্ত্র সকল দান করিয়াছিলেন, যে অস্ত্রগুলিদ্বারা নবশ্রেষ্ঠ সেই অর্জ্জুন যুদ্ধে সমাগত কালকঞ্জ-নামক অসুরগণকে সত্বর বিনাশ করিয়াছিলেন ॥৫২॥

আমরা সকলে বিরাটরাজ্যে উত্তরগোগ্রহে গিয়াছিলাম; তখন অর্জুন একরথে আমাদের সকলকে জয় করিয়া সেই গোধন লইয়াছিলেন এবং যুদ্ধমধ্যেই মহারথ-গণের বস্ত্র গ্রহণ করিয়াছিলেন ॥৫৩॥

মদ্ররাজ! এইরূপ শক্তি ও গুণসম্পন্ন, কৃষ্ণের সহিত সম্মিলিত এবং ক্ষত্রিয়-শ্রেষ্ঠ সেই অর্জুনকে আমি যুদ্ধে আহ্বান করিয়া নিজেই বুঝিতেছি যে, সমস্ত লোকের মধ্যে আমার সাহসই অধিক ॥৫৪॥

(৫২)···দদুর্মহাস্ত্রাণ্যপ্রমেয়াণি সংখ্যে···বা সো। (৫৪)··তমাহ্বয়ন্···বা সো।

মহাত্মনঃ শঙ্খচক্রাসিপাণেবিষ্ণোর্জিষ্ণোর্বসুদেবাত্মজস্য।
ভয়ঞ্চ মে জায়তেঽসাধ্বসঞ্চ দৃষ্ট্বা কৃষ্ণাবেকরথে সমেতৌ ॥৫৬॥ (যুগ্মকম্)
অতীব পার্থো যুধি কার্ম্মুকিভ্যো নারায়ণশ্চাপ্রতি চক্রযুদ্ধে।
এবংবিধৌ পাণ্ডববাসুদেবৌ চলেৎ স্বদেশাদ্ধিমবান্ ন কৃষ্ণৌ ॥৫৭॥
উভৌ হি শূরৌ কৃতিনৌ দৃঢ়াস্ত্রৌ মহারথৌ সংহননোপপন্নৌ।
এতাদৃশৌ ফাল্গুনবাসুদেবৌ কোঽন্যঃ প্রতীযান্মদৃতে তু শল্য! ॥৫৮॥
মনোরথো যস্তু মমাদ্য তস্য মদ্রেশ! যুদ্ধং প্রতি পাণ্ডবস্য।
নৈবং চিরাদাশু ভবিষ্যতীদমত্যদ্ভুতং চিত্রমতুল্যরূপম্ ॥৫৯॥

ভাবতকৌমুদী

অনন্তেতি। অপ্রতিমেন অনুপমেন, গুপ্তো রক্ষিতোঽর্জ্জুনঃ। সমেতৈঃ সম্মিলিতৈঃ। জিষ্ণোর্জয়শীলস্য। ভয়ং জায়তে কৃষ্ণার্জ্জুনযোর্বীর্য্যস্মরণাৎ, অসাধ্বসং নির্ভয়তা চ জায়তে আত্মশক্তিজ্ঞানাৎ স্বর্গলাভরূপভাববোধাচ্চেতি ভাবঃ। কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ, সমেতা-বাগতৌ ॥৫৫—৫৬॥

অতীবেতি। পার্থোঽর্জ্জুনঃ, যুধি, কার্ম্মুকিভ্যঃ অন্যধনুর্দ্ধরেভ্যঃ, অতীব অত্যধিকঃ, তথা নারায়ণঃ কৃষ্ণশ্চ, চক্রযুদ্ধে, অপ্রতি প্রতিপক্ষরহিতঃ। অতএব হিমবান্ পর্বতোঽপি স্বদেশাৎ, চলেৎ অপসরেৎ, কিন্তু এবংবিধৌ পাণ্ডববাসুদেবৌ কৃষ্ণৌ অর্জ্জুনকৃষ্ণৌ, যুদ্ধান্ন চলেতাম্ ॥৫৭॥

উভাবিতি। কৃতিনৌ যুদ্ধনিপুণৌ। সংহননোপপন্নৌ দৃঢ়দেহযুক্তৌ। ঋতে বিনা ॥৫৮॥

মন ইতি। মনোরথো ধারণা, যঃ স শ্রূয়তামিতি শেষঃ। ইদং যুদ্ধম্ ॥৫৯॥

সমস্ত লোক সম্মিলিত হইয়া সহস্র সহস্র বৎসরেও যাঁহার গুণ বলিতে সমর্থ হয় না এবং যিনি মহাত্মা, শঙ্খ-চক্র-তরবারিধারী, বিষ্ণু, জিষ্ণু ও বসুদেবপুত্র, সেই অনন্তশক্তি ও তুলনাহীন স্বয়ং নারায়ণ কৃষ্ণ অর্জুনকে রক্ষা করিতেছেন। সুতরাং সেই কৃষ্ণ ও অর্জুনকে আসিতে দেখিয়া আমার ভয়ও হইতেছে, আবার নির্ভয়তাও আসিতেছে ॥৫৫—৫৬॥

অর্জুন যুদ্ধে অন্যান্য ধনুর্দ্ধর অপেক্ষা অত্যন্ত শ্রেষ্ঠ এবং কৃষ্ণও চক্রযুদ্ধে অপ্রতিদ্বন্দ্বী। সুতরাং হিমালয়পর্ব্বতও স্বস্থান হইতে অপসৃত হইতে পারে, কিন্তু ঈদৃশ পাণ্ডুপুত্র অর্জুন এবং বসুদেবনন্দন কৃষ্ণ কখনও যুদ্ধ হইতে অপসৃত হইতে পারেন না ॥৫৭॥

মদ্ররাজ! উঁহারা দুই জনই বীর, যুদ্ধনিপুণ, দৃঢ়াস্ত্র, মহারথ এবং দৃঢ়শরীর। অতএব আমি ভিন্ন অন্য কোন্ ব্যক্তি এইরূপ অর্জুন ও কৃষ্ণের সম্মুখে যাইতে পারে? ॥৫৮॥

(৫৭)···যুধি কার্ম্মুকেভ্যঃ··· পি সো।

এতাবহং বা যুধি পাতয়িষ্যে মাং বাপি কৃষ্ণৌ নিহনিষ্যতোঽদ্য।
ইতি ব্রুবন্ শল্যমমিত্রহন্তা কর্ণো রণে মেঘ ইবোন্ননাদ ॥৬০॥
অভ্যেত্য পুত্রেণ তবাভিনন্দিতঃ সমেত্য চোবাচ কুরুপ্রবীরম্।
কৃপঞ্চ ভোজঞ্চ মহাভুজাবুভৌ তথৈব গান্ধারপতিং সহাত্মজম্ ॥৬১॥
গুরোঃ সুতঞ্চাবরজং তথাত্মনঃ পদাতিনোঽথ দ্বিপসাদিনশ্চ তান্।
নিরুন্ধতাভিদ্রবতাচ্যুতার্জ্জুনৌ শ্রমেণ সংযোজয়তাশু সর্বশঃ ॥৬২॥
(যুগ্মকম্)

যথা ভবদ্ভির্ভৃশবিক্ষতাবুভৌ সুখেন হন্যামহমদ্য ভূমিপাঃ।।
তথেতি চোক্ত্বা ত্বরিতাঃ স্ম তেঽর্জ্জুনং জিঘাংসবো বীরতমাঃ সমভ্যয়ুঃ ॥৬৩॥

ভারতকৌমুদী

এতাবিতি। কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ। অমিত্রহন্তা শত্রুনাশকঃ। উন্ননাদ জগর্জ ॥৬০॥

অভ্যেত্যেতি। পুত্রেণ দুর্য্যোধনেন, অভিনন্দিতঃ কর্ণঃ। ভোজং কৃতবর্ম্মাণম্। গান্ধারপতিং শকুনিম্। গুরোঃ সুতমশ্বত্থামানম্, অবরজং কনিষ্ঠভ্রাতরম্। দ্বিপসাদিনো গজারোহিণঃ। নিরুন্ধত বারয়ত, অভিদ্রবত অভিধাবত, শ্রমেণ সংযোজয়ত শ্রান্তৌ কুরুত যূয়ম্ ॥৬১—৬২॥

যথেতি। সুখেনানায়াসেন। স্মশব্দঃ পাদপূরণে। জিঘাংসবো হন্তুমিচ্ছবঃ ॥৬৩॥

অতএব মদ্ররাজ! সেই অর্জ্জুনের সহিত যুদ্ধবিষয়ে আমার আজ যে ধারণা, তাহা আপনি শ্রবণ করুন—অত্যাশ্চর্য্য, নানাবিধ ও অতুলনীয় এরূপ যুদ্ধ দীর্ঘকালের পর শীঘ্র আর হইবে না ॥৫৯॥

তা'র পর আমিই আজ যুদ্ধে কৃষ্ণ ও অর্জ্জুনকে নিপাত করিব, কিংবা উঁহারাই আমাকে বধ করিবেন'। এইরূপ শল্যকে বলিয়া শত্রুহন্তা কর্ণ রণস্থলে মেঘের ন্যায় গর্জন করিলেন ॥৬০॥

মহারাজ। এই সময়ে আপনার পুত্র দুর্য্যোধন আসিয়া অভিনন্দিত করিলে, কর্ণ নিকটবর্ত্তী হইয়া কুরুশ্রেষ্ঠ দুর্য্যোধন, মহাবাহু কৃপ ও কৃতবর্ম্মা, পুত্রগণের সহিত শকুনি, অশ্বত্থামা, নিজের কনিষ্ঠ ভ্রাতা, পদাতিগণ, গজারোহিগণ ও অশ্বারোহিগণকে বলিলেন—'আপনারা সত্বর সকল দিক্ হইতে কৃষ্ণ ও অর্জ্জুনকে নিরুদ্ধ করুন, ধাবিত হউন এবং উঁহাদিগকে পরিশ্রান্ত করুন ॥৬১—৬২॥

রাজগণ! যাহাতে আপনারা উঁহাদিগকে গুরুতর ক্ষত-বিক্ষত করিলে, আমি আজ উঁহাদিগকে অনায়াসে বধ করিতে পারি'। 'তাহাই হউক' এই কথা বলিয়া সেই বীরশ্রেষ্ঠেরা অর্জ্জুনকে বধ করিবার ইচ্ছা করিয়া সত্বর ধাবিত হইলেন ॥৬৩॥

(৬৩)···বীরতমাঃ সমাযযুঃ—বা সো।

শরৈশ্চ জঘ্নুর্যুধি তং মহারথা ধনঞ্জয়ং কর্ণনিদেশকারিণঃ।
নদীনদং ভূরিজলো মহার্ণবো যথা তথা তান্ সমরেঽর্জ্জুনোঽগ্রসৎ ॥৬৪॥
ন সন্দধানো ন তথা শরোত্তমান্ প্রমুঞ্চমানো রিপুভিঃ প্রদৃশ্যতে।
ধনঞ্জয়াস্তৈস্তু শরৈর্বিদারিতা হতা নিপেতুর্নরবাজিকুঞ্জরাঃ ॥৬৫॥
শরার্চ্চিষং গাণ্ডিবচারুমণ্ডলং যুগান্তসূর্য্যপ্রতিমানতেজসম্।
ন কৌরবাঃ শেকুরুদীক্ষিতুং জয়ং যথা রবিং ব্যাধিতচক্ষুষো জনাঃ ॥৬৬॥
শরোত্তমান্ স প্রহিতান্ মহারথৈশ্চিচ্ছেদ পার্থঃ প্রহসন্ শরৌঘৈঃ।
ভূয়শ্চ তানহনদ্বাণসংঘান্ গাণ্ডীবধন্বায়তপূর্ণমণ্ডলঃ ॥৬৭॥

ভাবকৌমুদী

শরৈরিতি। নদ্যশ্চ নদাশ্চেতি নদীনদম্ "অনপুংসকলিঙ্গানাম্" ইতি দ্বন্দ্বৈকবদ্ভাবঃ ॥৬৪॥

নেতি। প্রমুঞ্চমানো নিক্ষিপন্। ধনঞ্জয়েন অস্তৈঃ ক্ষিপ্তৈঃ ॥৬৫॥

শরেতি। শরা অর্চ্চীংষীব তস্য তম্, গাণ্ডিবং চারুমণ্ডলমিব যস্য তম্, যুগান্তে প্রলয়কালে সূর্য্যস্য সূর্য্যতেজসঃ প্রতিমানং তুল্যং তেজো যস্য তম। উদীক্ষিতুং দ্রষ্টুম্, জয়মর্জ্জুনম্। ব্যাধিরনয়োঃ সঞ্জাত ইতি ব্যাধিতে চক্ষুষী যেষাং তে। তারকাদিত্বাদিতচ্ ॥৬৬॥

শরেতি। প্রহিতান্ ক্ষিপ্তান্, মহারথৈঃ কৃপাদিভিঃ। অহনৎ আহতবান্, বাণসংঘান্ নিক্ষিপ্যেতি শেষঃ, আয়তমনবরতাকর্ষণাৎ বিস্তৃতম্ অতএব পূর্ণং মণ্ডলং যস্য তৎ আয়তপূর্ণমণ্ডলং গাণ্ডীবধনুর্যস্য স তথোক্তঃ। অগ্নিষ্টোকাদিবদ্বিশেষণস্য পরনিপাতঃ ॥৬৭॥

ক্রমে কর্ণের আদেশকারী সেই মহারথেরা বাণদ্বারা যুদ্ধে অর্জুনকে আঘাত করিতে লাগিলেন। তখন প্রভূতজলশালী মহাসমুদ্র যেমন নদী ও নদগুলিকে গ্রহণ করে, সেইরূপ অর্জুন যুদ্ধে তাঁহাদিগকে গ্রহণ করিলেন ॥৬৪॥

এই সময়ে অর্জুন যে বাণ সন্ধান ও নিক্ষেপ করিতে লাগিলেন, তাহা বিপক্ষেরা দেখিতেই পারিতে লাগিল না। কেবল অর্জুননিক্ষিপ্ত বাণে বিদারিত হইয়া হস্তী, অশ্ব ও পদাতিরা পতিত হইতে থাকিল ॥৬৫॥

তখন অর্জুনের বাণ সকল কিরণের ন্যায় নির্গত হইতে লাগিল, গাণ্ডীবধনু সুন্দর মণ্ডলের তুল্য দৃষ্টিগোচর হইতে থাকিল এবং প্রলয়কালীন সূর্য্যের তেজের সমান অর্জুনের তেজ বাহির হইতে লাগিল; তাহাতে রুগ্নচক্ষু লোকেরা যেমন সূর্য্যের প্রতি দৃষ্টিপাত করিতে পারে না, সেইরূপ কৌরবেরা অর্জুনের প্রতি দৃষ্টিপাতই করিতে পারিলেন না ॥৬৬॥

---

(৬৪)···নদীং নদম···পি বা।

যথোগ্ররশ্মিঃ শুচিশুক্রমধ্যগঃ সুখং বিবস্বান্ হরতে জলৌঘান্।
তথার্জ্জুনো বাণগণান্ নিরস্য দদাহ সেনাং তব পার্থিবেন্দ্র! ॥৬৮॥
তমভ্যধাবদ্বিসৃজন্ কৃপঃ শরাংস্তথৈব ভোজস্তব চাত্মজঃ স্বয়ম্।
মহারথো দ্রোণসুতশ্চ সায়কৈরবাকিরংস্তোযধরা যথাচলম্ ॥৬৯॥
জিঘাংসুভিস্তান্ কুশলৈঃ শরোত্তমান্ মহাহবে সংপ্রহিতান্ প্রযত্নতঃ।
শরৈঃ প্রচিচ্ছেদ স পাণ্ডবস্ত্বরন্ পরাভিনদ্বক্ষসি চেষুভিস্ত্রিভিঃ ॥৭০॥
স গাণ্ডিবব্যায়তপূর্ণমণ্ডলস্তপন্ রিপূনর্জ্জুনভাস্করো বভৌ।
শরোগ্ররশ্মিঃ শুচিশুক্রমধ্যগো যথৈব সূর্য্যঃ পরিবেশবাংস্তথা ॥৭১॥

ভারতকৌমুদী

যথেতি। শুচিশুক্রমধ্যগ আষাঢ়জ্যৈষ্ঠমধ্যবর্ত্তী। নিরস্য নিক্ষিপ্য ॥৬৮॥

তমিতি। ভোজঃ কৃতবর্ম্মা, আত্মজো দুর্য্যোধনঃ। অবাকিরন্ প্রাহরন্ ॥৬৯॥

জিঘাংসুভিরিতি। কুশলৈর্যুদ্ধনিপুণৈঃ কৃপাদিভিঃ। সংপ্রহিতান্ নিক্ষিপ্তান্। পরাভিনৎ কৃপাদীনাং প্রত্যেকং ব্যদারয়ৎ, ইষুভির্বাণৈঃ, ত্রিভিঃ ত্রিভিস্ত্রিভিরিত্যর্থঃ ॥৭০॥

স ইতি। গাণ্ডিবেত্যত্র পূর্ব্ববৎ সমাসঃ। অর্জ্জুন এব ভাস্করঃ অর্জ্জুনভাস্করঃ। শরা এবোগ্ররশ্মযো যস্য স ইতি পূর্ব্বেণান্বয়ঃ। শুচিশুক্রমধ্যগ আষাঢ়জ্যৈষ্ঠমধ্যবর্ত্তী ॥৭১॥

মহারথ কৃপপ্রভৃতি যে সকল উত্তম উত্তম বাণ নিক্ষেপ করিতে লাগিলেন, অর্জ্জুন হাস্য করতঃ বাণসমূহদ্বারা সেগুলি ছেদন করিতে থাকিলেন; আবার নিজে বাণসমূহ নিক্ষেপ করিয়া করিয়া তাঁহাদিগকেও আঘাত করিতে লাগিলেন। তৎকালে গাণ্ডীবধনু অনবরত আকর্ষণ করায় তাহা একটী পূর্ণমণ্ডলের ন্যায় দেখা যাইতে থাকিল ॥৬৭॥

রাজশ্রেষ্ঠ! জ্যৈষ্ঠ ও আষাঢ়মাসের মধ্যবর্ত্তী প্রখরকিরণ সূর্য্য যেমন অনায়াসে জলরাশি হরণ করেন, সেইরূপ অর্জ্জুন বাণসমূহ নিক্ষেপ করিয়া আপনার সৈন্যগণের প্রাণ হরণ করিতে থাকিলেন ॥৬৮॥

ক্রমে কৃপাচার্য্য বাণক্ষেপ করিতে করিতে অর্জ্জুনের দিকে ধাবিত হইলেন এবং মেঘ যেমন বৃষ্টিদ্বারা পর্ব্বতকে প্রহার করে, সেইরূপ কৃতবর্ম্মা, স্বয়ং দুর্য্যোধন ও মহারথ অশ্বত্থামা বাণদ্বারা অর্জ্জুনকে প্রহার করিতে লাগিলেন ॥৬৯॥

যুদ্ধনিপুণ কৃপপ্রভৃতি মহাযুদ্ধে অর্জ্জুনকে বধ করিবার ইচ্ছা করিয়া যত্নপূর্ব্বক উত্তম উত্তম বাণ নিক্ষেপ করিতে লাগিলে, অর্জ্জুন ত্বরান্বিত হইয়া বাণদ্বারাই সেগুলি ছেদন করিতে থাকিলেন এবং মধ্যে মধ্যে তিন তিনটা বাণদ্বারা তাঁহাদের প্রত্যেকের বক্ষস্থল বিদীর্ণ করিতে লাগিলেন ॥৭০॥

জ্যৈষ্ঠ ও আষাঢ়মাসের মধ্যবর্ত্তী পরিধি-(মণ্ডল)-যুক্ত সূর্য্য যেমন প্রকাশ পান,

(৭০)...পরাভিনদ্বক্ষসি চ ত্রিভিস্ত্রিভিঃ—পি।

অথাগ্র্যবাণৈর্দশভির্ধনঞ্জয়ং পরাভিনদ্দ্রোণসুতোঽচ্যুতং ত্রিভিঃ।
চতুর্ভিরশ্বাংশ্চতুরঃ কপিং ততঃ শিতৈশ্চ নারাচবরৈরবাকিরৎ ॥৭২॥
তথাপি তং প্রস্ফুরদাত্তকার্ম্মুকং ত্রিভিঃ শরৈর্যন্তৃশিরঃ ক্ষুরেণ হ।
হয়াংশ্চতুর্ভিশ্চতুরস্ত্রিভির্ধ্বজং ধনঞ্জয়ো দ্রৌণিরথাদপাতয়ৎ ॥৭৩॥
স রোষপূর্ণো মণিবজ্রহাটকৈরলঙ্কৃতং তক্ষকভোগবর্চ্চসম্।
মহাধনং কার্ম্মুকমন্যদাদদে যথা মহাহিপ্রবরং গিরেস্তটাৎ ॥৭৪॥
স্বমায়ুধঞ্চোপনিকীর্য্য ভূতলে ধনুশ্চ কৃত্বা সগুণং গুণাধিকঃ।
সমার্দ্দয়ত্তাবজিতৌ নরোত্তমৌ শরোত্তমৈর্দ্রৌণিরবিধ্যদন্তিকাৎ ॥৭৫॥

ভারতকৌমুদী

অথেতি। অগ্র্যা উত্তমা বাণাস্তৈঃ। অচ্যুতং কৃষ্ণম্। কপিং ধ্বজস্থং বানরম্ ॥৭২॥
তথেতি। প্রস্ফুরৎ চলৎ আত্তকার্ম্মুকং ধৃতধনুঃ। যন্তুঃ সারথেঃ শিরঃ ॥৭৩॥
স ইতি। সঃ অশ্বত্থামা, মণযো বজ্রাণি হীরকাণি হাটকানি স্বর্ণানি চ তৈঃ, তক্ষকস্য নাগস্য ভোগবৎ দেহবৎ বর্চ্চস্তেজো যস্য তৎ। মহাধনং মহামূল্যম্। মহাহিপ্রবরং বৃহৎ-সর্পশ্রেষ্ঠম্, গিরেঃ পর্ব্বতস্য, তটাৎ গাত্রাৎ ॥৭৪॥

ভারতভাবদীপঃ

অর্জ্জুন ইতি ॥১—৬৭॥ শুচিশুক্রযোঃ আষাঢজ্যৈষ্ঠযোর্মধ্যে গতঃ ॥৬৮—৭৪॥ আয়ুধম্ আয়ুধজাতম্ উপনিকীর্য্য নিষঙ্গকোশাদিভ্যো নিষ্কাস্য ভূতলে ভূতলতুল্যে হতাশ্বসারথিধ্বজস্য রথস্যোপস্থে ॥৭৫—৮৫॥

ইতি কর্ণপর্ব্বণি নৈলকণ্ঠীযে ভারতভাবদীপে ঊনষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৫৯॥

সেইরূপ অর্জ্জুনরূপ সূর্য্য বাণরূপ কিরণদ্বারা শত্রুগণকে সন্তপ্ত করতঃ আয়তগাণ্ডীব-রূপ পূর্ণমণ্ডলযুক্ত হইয়া প্রকাশ পাইতে থাকিলেন ॥৭১॥

তাহার পর অশ্বত্থামা উত্তম দশটা বাণদ্বারা অর্জ্জুনকে, তিনটাদ্বারা কৃষ্ণকে, চারিটাদ্বারা চারিটা অশ্বকে এবং পরে বহুতর সুধার শ্রেষ্ঠ নারাচদ্বারা ধ্বজস্থিত বানরকে প্রহার করিলেন ॥৭২॥

সেরূপ হইলেও অর্জ্জুন তিন বাণে অশ্বত্থামার হস্তস্থিত স্ফুরিত ধনু, একটা ক্ষুরপ্রদ্বারা সারথির মস্তক, চারি বাণে চারিটা অশ্ব এবং তিন বাণে ধ্বজটাকে অশ্বত্থামার রথ হইতে নিপাতিত করিলেন ॥৭৩॥

তখন অশ্বত্থামা ক্রোধে পরিপূর্ণ হইয়া পর্ব্বতগাত্র হইতে বিশাল সর্পের ন্যায় মণি, হীরক ও স্বর্ণে ভূষিত, তক্ষকনাগের শরীরের ন্যায় উজ্জ্বল এবং মহামূল্য অন্য একখানা ধনু গ্রহণ করিলেন ॥৭৪॥

(৭২)…তথাগ্র্যবাণৈঃ…পি,…শরৈশ্চ নারাচবরৈঃ…বর্দ্ধ বা সো। (৭৩)…তথা তু… পি। (৭৪)…মহাবলং কার্ম্মুকমন্যমাদদে…পি।

কৃপশ্চ ভোজশ্চ তবাত্মজশ্চ তে শরৈরনেকৈর্যুধি পাণ্ডুবর্ষভম্।
মহারথাঃ সংযুগমূর্দ্ধনি স্থিতাস্তমোনুদং বারিধরা ইবাপতন্ ॥৭৬॥
কৃপস্য পার্থঃ সশরং শরাসনং হয়ান্ ধ্বজান্ সারথিমেব পত্রিভিঃ।
সমার্পয়দ্বাহুসহস্রবিক্রমস্তথা যথা বজ্রধরঃ পুরা বলেঃ ॥৭৭॥
স পার্থবাণৈর্বিনিপাতিতায়ুধো ধ্বজাবমর্দ্দে চ কৃতে মহাহবে।
কৃতঃ কৃপো বাণসহস্রযন্ত্রিতো যথাপগেয়ঃ প্রথমং কিরীটিনা ॥৭৮॥
শরৈঃ প্রচিচ্ছেদ তবাত্মজস্য চ ধ্বজং ধনুশ্চ প্রচকর্ত্ত নর্দ্দতঃ।
জঘান চাশ্বান্ কৃতবর্ম্মণঃ শুভান্ ধ্বজঞ্চ চিচ্ছেদ ততঃ প্রতাপবান্ ॥৭৯॥

ভাবতকৌমুদী

স্বমিতি। আয়ুধং পূর্ব্বচ্ছিন্নং ধনুঃ, উপনিকীর্য্য নিক্ষিপ্য। তৌ কৃষ্ণার্জ্জুনৌ ॥৭৫॥
কৃপেতি। ভোজঃ কৃতবর্ম্মা, আত্মজো দুর্য্যোধনঃ। তমোনুদং সূর্য্যম্ ॥৭৬॥
কৃপস্যেতি। শবাসনং ধনুঃ। পত্রিভির্বাণৈঃ। সমার্পযদপীড়য়ৎ, বাহুসহস্রঃ কার্ত্তবীর্য্যার্জ্জুনস্তস্য বিক্রম ইব বিক্রমো যস্য সঃ। বজ্রধব ইন্দ্রঃ, বলেবসুবস্য ॥৭৭॥
স ইতি। বিনিপাতিতান্যায়ুধানি যস্য সঃ, ধ্বজস্য অবমর্দ্দে ক্ষযে। বাণসহস্রেণ যন্ত্রিতো বেষ্টিতঃ, আপগাযা নদ্যা গঙ্গাযাঃ পুত্র ইত্যাপগেয়ো ভীষ্মঃ, প্রথমং পূর্বম্ ॥৭৮॥
শরৈবিতি। তবাত্মজস্য দুর্য্যোধনস্য। প্রচকর্ত্ত চিচ্ছেদ। শুভান্ সুন্দবান্ ॥৭৯॥

পরে অনেকগুণশালী অশ্বত্থামা সেই স্বকীয় ছিন্ন ধনু ভূতলে নিক্ষেপ করিয়া গৃহীত ধনুতে গুণাবোপণপূর্ব্বক উত্তম বাণসমূহদ্বারা অপবাজিত ও নরশ্রেষ্ঠ কৃষ্ণ এবং অর্জ্জুনকে নিকট হইতে পীড়ন ও বিদাবণ কবিলেন ॥৭৫॥

এই সময়ে মেঘসমূহ যেমন সূর্য্যের উপবে যাইয়া পতিত হয়, সেইরূপ কৃপ, কৃতবর্ম্মা ও দুর্য্যোধন এই রণস্থলস্থিত তিন মহারথ অনেক বাণদ্বাবা প্রহাব কবিতে কবিতে যাইয়া অর্জ্জুনের উপবে পতিত হইলেন ॥৭৬॥

পূর্ব্বকালে ইন্দ্র যেমন বলিব পীড়ন করিয়াছিলেন, সেইরূপ কার্ত্তবীর্য্যার্জ্জুনের তুল্য বিক্রমশালী অর্জ্জুন বাণদ্বারা কৃপাচার্য্যের ধনু, বাণ, অশ্ব, ধ্বজ ও সারথিকে পীড়ন করিলেন ॥৭৭॥

মহাযুদ্ধে অর্জ্জুনেব বাণে কৃপাচার্য্যের অস্ত্র নিপাতিত ও ধ্বজ ক্ষীণ হইলে, অর্জ্জুন পূর্ব্বে যেমন ভীষ্মকে বাণবেষ্টিত করিয়াছিলেন, সেইরূপ তখন কৃপাচার্য্যকেও বাণবেষ্টিত কবিলেন ॥৭৮॥

মহাবাজ! তাহাব পর প্রতাপশালী অর্জ্জুন বাণদ্বাবা গর্জনকারী দুর্য্যোধনের

---

(৭৬)···বাবিধবা ইবাকিবন্—পি।

সবাজিসূতেষ্বসনান্ সকেতনান্ জঘান নাগাশ্বরথাংস্ত্বরংশ্চ সঃ।
ততঃ প্রকীর্ণং সুমহদ্বলং তব প্রদারিতঃ সেতুরিবাম্ভসা যথা।
ততোঽর্জ্জুনস্যাশু রথেন কেশবশ্চকার শত্রূনপসব্যমাতুরান্ ॥৮০॥
ততঃ প্রয়াতং ত্বরিতং ধনঞ্জয়ং শতক্রতুং বৃত্রনিজঘ্নুষং যথা।
সমভ্যধাবন্ পুনরুচ্ছ্রিতৈর্ধ্বজৈঃ রথৈঃ প্রযুক্তৈরপরে যুযুৎসবঃ ॥৮১॥
অথাভিসৃত্য প্রতিবার্য্য তানরীন্ ধনঞ্জয়স্যাভিমুখং মহারথাঃ।
শিখণ্ডিশৈনেয়যমাঃ শিতৈঃ শরৈর্বিদারয়ন্তো ব্যনদন্ সুভৈরবম্ ॥৮২॥
ততোঽভিজঘ্নুঃ কুপিতাঃ পরস্পরং শরৈস্তদাঞ্জোগতিভিঃ সুতেজনৈঃ।
কুরুপ্রবীরাঃ সহ সৃঞ্জয়ৈর্যথাসুরাঃ পুরা দেবগণৈস্তথাহবে ॥৮৩॥

ভারতকৌমুদী

সেতি। বাজিভিরশ্বৈঃ সূতৈঃ সারথিভিঃ ইম্বসনৈর্ধনুর্ভিশ্চ সহেতি তান্, সকেতনান্ ধ্বজসহিতান্, নাগা গজা। প্রকীর্ণং সর্ব্বতো বিক্ষিপ্তম্। অপসব্যং বামান্। ষট্পাদঃ ॥৮০॥

তত ইতি। বৃত্রনিজঘ্নুষং বৃত্রাসুরং হতবন্তম্। উচ্ছ্রিতৈরুত্তোলিতৈঃ ॥৮১॥

অথেতি। ধনঞ্জয়স্যাভিমুখং গচ্ছতস্তানরীনিত্যর্থঃ। যমৌ নকুলসহদেবৌ ॥৮২॥

তত ইতি। অঞ্জো দ্রুতা গতির্যেষাং তৈঃ। সৃঞ্জয়ৈঃ সহ মিলিতা ইতি শেষঃ ॥৮৩॥

ধ্বজ ও ধনু ছেদন করিলেন, কৃতবর্ম্মার সুন্দর অশ্বগুলিকে বধ করিলেন এবং তাঁহারও ধ্বজ ছেদন করিলেন ॥৭৯॥

ক্রমে অর্জ্জুন ত্বরান্বিত হইয়া অন্যান্য বীরগণেরও অশ্ব, সারথি, ধনু, ধ্বজ, হস্তী, অশ্ব ও রথ সকল বিনাশ করিতে লাগিলেন। রাজা! তখন জলভগ্ন সেতুর ন্যায় আপনার বিশাল সৈন্য নানাদিকে বিক্ষিপ্ত হইয়া পড়িল। পরে কৃষ্ণ সত্বর অর্জুনের রথদ্বারা পীড়িত শত্রুগণকে বামদিগ্‌বর্ত্তী করিলেন ॥৮০॥

তৎপরে বৃত্রাসুরহন্তা ইন্দ্রের ন্যায় অর্জ্জুন সত্বর গমন করিতে লাগিলে, অন্য যুদ্ধার্থীরা ধ্বজ উত্তোলনপূর্ব্বক রথ সুসজ্জিত করিয়া পুনরায় অর্জ্জুনের দিকে ধাবিত হইলেন ॥৮১॥

সেই শত্রুরা অর্জ্জুনের অভিমুখে যাইতে লাগিলে, মহারথ শিখণ্ডী, সাত্যকি, নকুল ও সহদেব অগ্রবর্ত্তী হইয়া তাহাদিগকে বাধা দিয়া সুধার বাণসমূহে বিদারণ করিতে থাকিয়া অতিভীষণ গর্জ্জন করিতে থাকিলেন ॥৮২॥

তদনন্তর অসুরগণ যেমন দেবগণের সহিত যুদ্ধে মিলিত হইয়া পূর্ব্বকালে পরস্পর আঘাত করিয়াছিল, সেইরূপ কৌরবপক্ষের প্রধান বীরেরা যুদ্ধে সৃঞ্জয়গণের

---

(৮০) ··নাগাংশ্চ রথান্···বর্দ্ধ। (৮১)···সমভ্যধাবন্ ··পি বা সো। (৮২) তথাভিসৃত্য···পি।

জয়েপ্সবঃ স্বর্গমনায় চোৎসুকাঃ পতন্তি নাগাশ্বরথাঃ পরন্তপাঃ।
জগর্জ্জুরুচ্চৈর্বলবচ্চ বিব্যধুঃ শরৈঃ সুমুক্তৈরিতরেতরং পৃথক্ ॥৮৪॥
শরান্ধকারে তু মহাত্মভিঃ কৃতে মহামৃধে যোধবরৈঃ পরস্পরম্।
চতুর্দ্দিশো বৈ বিদিশশ্চ পার্থিব! প্রভা চ সূর্য্যস্য তমোবৃতাভবৎ ॥৮৫॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং কর্ণপর্ব্বণি সঙ্কুলযুদ্ধে ঊনষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

— — ঃ*ঃ — —

ষষ্টিতমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

রাজন্! কুরূণাং প্রবরৈর্বলৈর্ভীমমভিদ্রুতম্।
মজ্জন্তমিব কৌন্তেয়মুজ্জিহীর্ষু র্ধনঞ্জয়ঃ ॥১॥

ভারতকৌমুদী

জযেতি। স্বর্গমনায স্বর্গে গমনায, পতন্তি অভিধাবন্তি স্ম। বলবদ্ভৃশম্ ॥৮৪॥
শবেতি। মহামৃধে মহাযুদ্ধে। তমসা অন্ধকাবেণ বৃতা নিরুদ্ধা ॥৮৫॥
ইতি মহামহোপাধ্যায-ভাবতাচার্য্য-শ্রীহবিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতাযাং মহাভাবত-টীকায়াং ভাবতকৌমুদীসমাখ্যাযাং কর্ণপর্ব্বণি ঊনষষ্টিতমোঽধ্যাযঃ ॥০॥

—:-০-:—

বাজন্নিতি। ভীমং ভীমসেনম্, অভিদ্রুতমাক্রান্তম্। উজ্জিহীর্ষুরুদ্ধর্ত্তুমিচ্ছুবাসীৎ ॥১॥

সহিত মিলিত ও কুপিত হইয়া দ্রুতগামী ও উজ্জ্বল বাণসমূহদ্বাবা পবস্পব আঘাত কবিতে লাগিলেন ॥৮৩॥

ক্রমে হস্তী, অশ্ব ও বথে আরোহী শত্রুসন্তাপক বীবেরা জয়াভিলাষী ও স্বর্গ-গমনেচ্ছু হইয়া পবস্পবের উপরে যাইয়া পতিত হইতে লাগিলেন, উচ্চ স্বরে গর্জ্জন কবিতে থাকিলেন এবং সম্যক্ নিক্ষিপ্ত বাণসমূহদ্বাবা পৃথক্ পৃথক্ ভাবে পরস্পর গুরুতর বিদ্ধ করিতে লাগিলেন ॥৮৪॥

বাজা! তৎকালে মহাযুদ্ধে মহাত্মা প্রধান যোদ্ধারা পবস্পর বাণান্ধকাব কবিলে, চাবিটা দিক্ ও বিদিক্ এবং সূর্য্যেব প্রভা অন্ধকারে আবৃত হইয়া গেল ॥৮৫॥

—:-০-:—

---

* '.. ঊনাশীতিতমোঽধ্যাযঃ' পি বঙ্গ বর্দ্ধ বা সো।

বিসৃজ্য সূতপুত্রস্য সেনাং ভারত! সায়কৈঃ।
প্রাহিণোন্মৃত্যুলোকায় পরবীরান্ ধনঞ্জয়ঃ ॥২॥
ততোঽস্যাম্বরমাশ্রিত্য শরজালানি ভাগশঃ।
অদৃশ্যন্ত তথান্যে চ নিঘ্নন্তস্তব বাহিনীম্ ॥৩॥
স পক্ষিসংঘাচরিতমাকাশং পূরয়ন্ শরৈঃ।
ধনঞ্জয়ো মহারাজ! কুরূণামন্তকোঽভবৎ ॥৪॥
ততো ভল্লৈঃ ক্ষুরপ্রৈশ্চ নারাচৈর্বিমলৈরপি।
গাত্রাণি প্রাক্ষিণোৎ পার্থঃ শিরাংসি চ চকর্ত্ত হ ॥৫॥
ছিন্নগাত্রৈর্বিকবচৈর্বিশিরস্কৈঃ সমন্ততঃ।
পতিতৈশ্চ পতদ্ভিশ্চ যোধৈরাসীৎ সমাবৃতা ॥৬॥
ধনঞ্জয়শরাভ্যস্তৈঃ স্যন্দনাশ্বরথদ্বিপৈঃ।
সংছিন্নভিন্নবিধ্বস্তৈর্ব্যঙ্গাঙ্গাবয়বৈঃ স্তৃতা ॥৭॥

ভারতকৌমুদী

বিসৃজ্যেতি। প্রাহিণোৎ প্রৈরয়ৎ। পরবীরান্ ভীমমাক্রামতো বিপুশূরান্ ॥২॥
তত ইতি। অস্য অর্জ্জুনস্য, অম্বরং গগনম্। অন্যে চ শরাঃ ॥৩॥
স ইতি। পক্ষিসংঘেন আচরিতং বিচরণাস্পদীকৃতম্ ॥৪॥
তত ইতি। প্রাক্ষিণোৎ ব্যদারয়ৎ। চকর্ত্ত চিচ্ছেদ ॥৫॥
ছিন্নেতি। সমাবৃতা সমরভূমিরিতি শেষঃ ॥৬॥

সঞ্জয় বলিলেন—'রাজা! কুরুপক্ষের প্রধান যোদ্ধারা ভীমসেনকে আক্রমণ করিয়াছিলেন; তাহাতে তিনি যেন বিপৎসাগরে মগ্ন হইতেছিলেন। সুতরাং অর্জ্জুন উপস্থিত হইয়াই তাঁহাকে উদ্ধার করিবার ইচ্ছা করিলেন ॥১॥

ভরতনন্দন! অর্জ্জুন কর্ণের সৈন্য পরিত্যাগ করিয়া বাণদ্বারা বিপক্ষবীরগণকে যমলোকে প্রেরণ করিতে লাগিলেন ॥২॥

তদনন্তর অর্জ্জুনের বাণজাল আকাশে ভাগে ভাগে দৃষ্টিগোচর হইতে লাগিল এবং অন্য কতকগুলি বাণ আপনার সৈন্য সংহার করিতেছে দেখা গেল ॥৩॥

মহারাজ! ক্রমে অর্জ্জুন বাণদ্বারা পক্ষিগণের বিচরণস্থান আকাশকে পূর্ণ করতঃ কুরুপক্ষের যমস্বরূপ হইলেন ॥৪॥

তৎপরে অর্জ্জুন ভল্ল, ক্ষুরপ্র ও নির্ম্মল নারাচদ্বারা শত্রুগণের দেহ বিদারণ এবং মস্তক ছেদন করিতে লাগিলেন ॥৫॥

ক্রমে ছিন্নগাত্র, কবচশূন্য ও মস্তকবিহীন যোদ্ধারা পতিত হওয়ায় এবং পতিত হইতে থাকায় সকল দিকের সমরভূমি আবৃত হইয়া গেল ॥৬॥

সুদুর্গমা সুবিষমা ঘোরাত্যর্থং সুদুর্দৃশা।
রণভূমিরভূদ্রাজন্! মহাবৈতরণী যথা ॥৮॥
ঈশাচক্রাক্ষভগ্নৈশ্চ ব্যশ্বৈঃ সাশ্বৈশ্চ যুধ্যতাম্।
সসূতৈর্হতসূতৈশ্চ রথৈঃ স্তীর্ণাভবন্মহী ॥৯॥
সুবর্ণবর্ণসন্নাহৈর্যোধৈঃ কনকভূষণৈঃ।
আস্থিতাঃ ক্লৃপ্তবর্ম্মাণো ভদ্রা নিত্যমদা দ্বিপাঃ ॥১০॥
ক্রুদ্ধাঃ ক্রূরৈর্মহামাত্রৈঃ পার্ষ্ণ্যঙ্গুষ্ঠপ্রচোদিতাঃ।
চতুঃশতাঃ শরবরৈর্হতাঃ পেতুঃ কিরীটিনা ॥১১॥
পর্য্যস্তানীব শৃঙ্গাণি সসত্ত্বানি মহাগিরেঃ।
ধনঞ্জয়শরাভ্যস্তৈঃ স্তীর্ণা ভূর্বরবারণৈঃ ॥১২॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

ধনেতি। ধনঞ্জয়স্য শরৈরভ্যস্তৈঃ ক্ষিপ্তৈরাহতৈরিত্যর্থঃ। স্যন্দনো বৃহদ্রথঃ, রথশ্চ ক্ষুদ্রঃ। বিগতানি অঙ্গানি হস্তপদাদীনি অঙ্গাবয়বা অঙ্গুল্যাদীনি প্রত্যঙ্গানি চ যেষাং তৈর্যোধৈঃ, স্তৃতা রণভূমিরাচ্ছাদিতাসীৎ ॥৭॥

সুদুর্গমেতি। সুবিষমা অতিশয়েনোচ্চাবচা। সুদুর্দৃশেতি গুণাভাব আর্ষঃ ॥৮॥

ঈশেতি। ঈশা যুগধারণদণ্ডাঃ চক্রাণি অক্ষা দীর্ঘদণ্ডাশ্চ ভগ্না যেষাং তৈঃ, ব্যশ্বৈর্হতাশ্বৈঃ, যুধ্যতাং যুধ্যমানানাম্। সহতৈর্জীবৎসারথিভিঃ। স্তীর্ণা আচ্ছাদিতা, মহী রণভূমিঃ ॥৯॥

সুবর্ণেতি। সুবর্ণবর্ণাঃ সন্নাহা যুদ্ধসজ্জা যেষাং তৈঃ। আস্থিতা আরূঢাঃ, ক্লৃপ্তানি আরোপিতানি বর্ম্মাণি যেষু তে, ভদ্রাঃ সুলক্ষণাঃ। মহামাত্রৈশ্চালকৈঃ, পার্ষ্ণিভিঃ পাদমূলৈঃ অঙ্গুষ্ঠৈশ্চ প্রচোদিতাঃ প্রেরিতাঃ। পর্য্যস্তানি বজ্রাঘাতক্ষিপ্তানি, সসত্ত্বানি প্রাণিযুক্তানি। ধনঞ্জয়েন শরৈরভ্যস্তা আহতাস্তৈঃ, স্তীর্ণা আবৃতা, ভূঃ সমরভূমিঃ, বরবারণৈঃ শ্রেষ্ঠগজৈঃ ॥১০—১২॥

অর্জ্জুনের বাণে আহত, ছিন্ন, ভিন্ন, বিধ্বস্ত, অঙ্গহীন ও প্রত্যঙ্গশূন্য হস্তী, অশ্ব, বৃহৎ রথ ও ক্ষুদ্র রথে রণভূমি আচ্ছাদিত হইল ॥৭॥

রাজা! তখন সমরভূমি মহাবৈতরণীনদীর ন্যায় অতিদুর্গম, অতি উঁচু-নীচু, অতিভীষণ ও অতিশয় দুর্দর্শনীয় হইয়া পড়িল ॥৮॥

ক্রমে রণভূমি যুধ্যমান বীরগণের রথে আবৃত হইয়া উঠিল; সে রথগুলির তির্য্যক্ দণ্ড, চক্র ও দীর্ঘদণ্ড ভগ্ন হইয়াছিল, কতকগুলির অশ্ব ও সারথি জীবিত ছিল এবং কতকগুলির অশ্ব ও সারথি নিহত হইয়াছিল ॥৯॥

দৃঢ়চিত্ত চালকেরা পার্ষ্ণি (গোড়ালি) ও অঙ্গুষ্ঠদ্বারা তাড়ন করিলে, বর্ম্মবেষ্টিত-দেহ, সুলক্ষণযুক্ত ও সর্ব্বদা মদজলবর্ষী চারি শত হস্তী ক্রুদ্ধ হইয়া অর্জ্জুনের দিকে

সমস্তাজ্জলদপ্রখ্যান্ বারণান্ মদবর্ষিণঃ।
অভিপেদেঽর্জ্জুনরথো ঘনান্ ভিন্দন্নিবাংশুমান্ ॥১৩॥
হতৈর্গজমনুষ্যাশ্বৈর্ভিন্নৈশ্চ বহুধা রথৈঃ।
বিশস্ত্রযন্ত্রকবচৈর্যুদ্ধশৌণ্ডৈর্গতাসুভিঃ।
অপবিদ্ধায়ুধৈর্মার্গঃ স্তীর্ণোঽভূৎ ফাল্গুনেন হ ॥১৪॥
ব্যস্ফারয়ত গাণ্ডীবং সুমহদ্ভৈরবং রবম্।
ঘোরবজ্রবিনিষ্পেষঃ স্তনয়িত্নোরিবাম্বরে ॥১৫॥
ততঃ প্রাদীর্য্যত চমূর্ধনঞ্জয়শরাহতা।
মহাবাতসমাবিদ্ধা মহানৌরিব সাগরে ॥১৬॥

ভারতকৌমুদী

সমস্তাদিতি। জলদপ্রখ্যান্ মেঘতুল্যান্। অভিপেদে অধঃ প্রাপ্তঃ, ঘনান্ মেঘান্ ॥১৩॥

হতৈরিতি। ভিন্নৈর্বিদারিতৈঃ। বিগতানি শস্ত্রাণি যন্ত্রাণি গুলিকাক্ষেপকাণি কবচানি চ যেষাং তৈঃ, যুদ্ধেষু শৌণ্ডৈর্দক্ষৈঃ, গতাসুভির্নির্গতপ্রাণৈঃ। অপবিদ্ধায়ুধৈঃ পতিতাস্ত্রৈঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৪॥

বীতি। ব্যস্ফারয়ত অতিশয়েনাকরোৎ। স্তনয়িত্নোর্মেঘস্যোপরি, ঘোরো বজ্রস্য নিষ্পেষঃ পাত ইব ॥১৫॥

তত ইতি। প্রাদীর্য্যত অভজ্যত। মহাবাতেন সমাবিদ্ধা তাড়িতা ॥১৬॥

যাইতে লাগিল; তখন অর্জ্জুন উত্তম উত্তম বাণদ্বারা সেগুলিকে বধ করিলেন; পরে বজ্রভগ্ন জন্তুযুক্ত মহাপর্ব্বতের শৃঙ্গের ন্যায় সেই হস্তী সকল পতিত হইল; তৎকালেও স্বর্ণভূষণে ভূষিত ও স্বর্ণবর্ণ যুদ্ধসজ্জায় সজ্জিত যোদ্ধারা সেই হাতীগুলির উপরে আরূঢ় ছিলেন। এইভাবে অর্জ্জুনবাণাহত উত্তম হস্তিসমূহে রণভূমি আচ্ছাদিত হইয়া পড়িল ॥১০—১২॥

সূর্য্য যেমন মেঘ ভেদ করিয়া গমন করেন, সেইরূপ অর্জ্জুনের রথ মদজলবর্ষী ও মেঘতুল্য হস্তিগণকে ভেদ করিয়া সকল দিকে গমন করিতে লাগিল ॥১৩॥

নিহত হস্তী, অশ্ব ও মনুষ্য, বহুভাবে বিদারিত রথ এবং অস্ত্র, যন্ত্র ও কবচশূন্য, যুদ্ধমত্ত, পতিতাস্ত্র ও প্রাণশূন্য বীরগণের দেহদ্বারা অর্জ্জুন পথগুলিকেও আবৃত করিয়া ফেলিলেন ॥১৪॥

(৬২)···দৃষ্ট্বা জনাঃ শোণিতং পীযমানম্·· বা।

সংক্রান্তভোগ ইব লেলিহানো মহোরগঃ ক্রোধবিষং সিসৃক্ষুঃ।
নিবৃত্য পাঞ্চালজমভ্যবিধ্যত্রিভিঃ শরৈঃ সারথিমস্য ষড়্ভিঃ ॥৬৪॥
ততঃ সুপুঙ্খেন সুপত্রিতেন সুশংসিতাগ্রেণ শরেণ শূরঃ।
আকর্ণমুক্তেন সমাহিতেন যুধামন্যুস্তস্য শিরো জহার ॥৬৫॥
তস্মিন্ হতে ভ্রাতরি চিত্রসেনে ক্রুদ্ধঃ কর্ণঃ পৌরুষং দর্শয়ানঃ।
ব্যদ্রাবয়ৎ পাণ্ডবানামনীকং প্রত্যুদ্যাতো নকুলেনামিতৌজাঃ ॥৬৬॥
ভীমোঽপি হত্বা তত্রৈব দুঃশাসনমমর্ষণম্।
পূরয়িত্বাঞ্জলিং ভূয়ো রুধিরস্যোগ্রনিস্বনঃ।
শৃণ্বতাং লোকবীরাণামিদং বচনমব্রবীৎ ॥৬৭॥

ভারতকৌমুদী

সমিতি। সংক্রান্তঃ পাদাক্রান্তো ভোগঃ শরীরং যস্য সঃ, লেলিহানো রসনয়া পুনঃ পুনরোষ্ঠং লিহন্, ক্রোধপ্রযুক্তং বিষং ক্রোধবিষম্, সিসৃক্ষুঃ স্রষ্টুং ত্যক্তুমিচ্ছুঃ ॥৬৪॥

তত ইতি। শোভনানি পত্রাণি পক্ষিপক্ষা অস্য সঞ্জাতানীতি তেন, সুশংসিতাগ্রেণ প্রশস্তধারেণ। আকর্ণং নীত্বা মুক্তেন আকর্ণমুক্তেন, সমাহিতেন সুসংহিতেন। তস্য চিত্রসেনস্য ॥৬৫॥

তস্মিন্নিতি। দর্শয়ানো দর্শয়মানঃ। ব্যদ্রাবয়ৎ অপীডয়ৎ, অনীকং সৈন্যম্ ॥৬৬॥

ভীম ইতি। অমর্ষণং কোপনম্। রুধিরস্য রুধিরেণ, করণে ষষ্ঠী। ষট্পাদঃ শ্লোকঃ ॥৬৭॥

তখন চরণাক্রান্তদেহ, বার বার রসনানির্গমনকারী এবং ক্রোধে বিষোদ্গার করিবার অভিলাষী মহাসর্পের ন্যায় চিত্রসেন ফিরিয়া তিন বাণে যুধামন্যুকে এবং ছয় বাণে উহার সারথিকে বিদ্ধ করিলেন ॥৬৪॥

তাহার পর বীর যুধামন্যু ধনুখানা কর্ণপর্য্যন্ত আকর্ষণ করিয়া একটা সুন্দরপুঙ্খ, শোভনপক্ষিপক্ষযুক্ত ও সুধার বাণ সম্যক্ সন্ধানপূর্ব্বক নিক্ষেপ করিলেন এবং তাহাদ্বারা চিত্রসেনের মস্তক ছেদন করিলেন ॥৬৫॥

ভ্রাতা সেই চিত্রসেন নিহত হইলে, অমিততেজা কর্ণ ক্রুদ্ধ হইয়া পুরুষকার দেখাইতে থাকিয়া পাণ্ডবসৈন্য পীড়ন করিতে লাগিলেন; তখন নকুল তাঁহার প্রতি ধাবিত হইলেন ॥৬৬॥

ওদিকে ভীষণগর্জনকারী ভীমও সেই সময়েই কোপনস্বভাব দুঃশাসনকে বধ করিয়া পুনরায় তাঁহার রক্তে অঞ্জলি পূরণ করিয়া শ্রবণকারী বীরগণের সমক্ষে এই সকল কথা বলিলেন—॥৬৭॥

---

(৬৬)···দুদ্রাব তৎ পাণ্ডবানামনীকম্···পি।

এষ তে রুধিরং কণ্ঠাৎ পিবামি পুরুষাধম ! ।
ব্রূহীদানীং সুসংহৃষ্টঃ পুনর্গৌরিতি গৌরিতি ॥৬৮॥
যে তদাস্মান্ প্রনৃত্যন্তি পুনর্গৌরিতি গৌরিতি।
তান্ বয়ং প্রতিনৃত্যামঃ পুনর্গৌরিতি গৌরিতি ॥৬৯॥
প্রমাণকোট্যাং শয়নং কালকূটস্য ভোজনম্।
দংশনঞ্চাহিভিঃ কৃষ্ণৈর্দাহশ্চ জতুবেশ্মনি ॥৭০॥
দ্যূতেন রাজ্যহরণমরণ্যে বসতিশ্চ যা।
দ্রৌপদ্যাঃ কেশপক্ষস্য গ্রহণঞ্চ সুদারুণম্ ॥৭১॥
ইষ্বস্ত্রাণি চ সংগ্রামেম্বসুখানি চ বেশ্মনি।
বিরাটভবনে যশ্চ ক্লেশোঽস্মাকং পৃথগ্বিধঃ ॥৭২॥
শকুনের্ধার্ত্তরাষ্ট্রস্য রাধেয়স্য চ মন্ত্রিতে।
অনুভূতানি দুঃখানি তেষাং হেতুস্ত্বমেব হি ॥৭৩॥ (কলাপকম্)
দুঃখান্যেতানি জানীমো ন সুখানি কদাচন।
ধৃতরাষ্ট্রস্য দৌরাত্ম্যাৎ সপুত্রস্য সদা বয়ম্ ॥৭৪॥

ভারতকৌমুদী

এষ ইতি। ব্রূহি দ্যূতজয়াৎ পবমিবেতি ভাবঃ। গৌর্গোসদৃশস্ত্বম্ ॥৬৮॥

য ইতি। তদা দ্যূতজয়কালে, অস্মান্ লক্ষ্যীকৃত্যেতি শেষঃ, প্রনৃত্যন্তি স্ম। ইতি ব্রুবন্তঃ। তান্ লক্ষ্যীকৃত্য বয়মপীদানীং পুনর্গৌরিতি গৌরিতি ব্রুবন্তঃ প্রতিনৃত্যামঃ ॥৬৯॥

প্রমাণেতি। প্রমাণকোট্যাং তদাখ্যে স্থানে। কেশপক্ষস্য কেশপাশস্য। ইষবো বাণা অপবাণি চাস্ত্রাণীতি ইষ্বস্ত্রাণি। ধার্ত্তরাষ্ট্রস্য দুর্য্যোধনস্য, রাধেয়স্য কর্ণস্য ॥৭০—৭৩॥

দুঃখানীতি। দৌরাত্ম্যাৎ দুরাত্মতানিবন্ধনদুর্ব্যবহারাৎ ॥৭৪॥

'পুরুষাধম! এই আমি তোর কণ্ঠ হইতে রক্ত পান করিতেছি। এখন অত্যন্ত আনন্দিত হইয়া আবার 'গরুটা গরুটা' এই কথা বল্ দেখি ॥৬৮॥

তখন যাহারা আমাদিগকে লক্ষ্য করিয়া 'গরু গরু' এই কথা বলিয়া নৃত্য করিয়াছিল; এখন আমরাও তাহাদিগকে লক্ষ্য করিয়া আবার 'গরু গরু' বলিয়া প্রতিনৃত্য করিব ॥৬৯॥

প্রমাণকোটিতে শয়ন, কালকূটবিষ ভক্ষণ, কৃষ্ণসর্পদ্বারা দংশন, জতুগৃহে দাহ, দ্যূতক্রীড়ায় রাজ্যহরণ, বনবাস, অতিদারুণ দ্রৌপদীর কেশাকর্ষণ, যুদ্ধে বাণ ও অন্যান্য অস্ত্রপ্রয়োগ, গৃহে দুঃখভোগ, বিরাটরাজার গৃহে নানাবিধ কষ্ট, এবং শকুনি, দুর্য্যোধন ও কর্ণের মন্ত্রণা অনুসারে আমাদের অন্যান্য যত দুঃখভোগ হইয়াছে, একমাত্র তু-ই তাহার কারণ ছিলি ॥৭০—৭৩॥

ইত্যুক্ত্বা বচনং রাজন্ ! জয়ং প্রাপ্য বৃকোদরঃ ।
পুনরাহ মহারাজ ! স্ময়ংস্তৌ কেশবার্জ্জুনৌ ॥৭৫॥
অসৃগ্দিগ্ধো বিস্রবল্লোহিতাস্যঃ ক্রুদ্ধোঽত্যর্থং ভীমসেনস্তরস্বী ।
দুঃশাসনে যদ্রণে সংশ্রুতং মে তদ্বৈ সত্যং কৃতমদ্যেহ বীরৌ ! ॥৭৬॥
(যুগ্মকম্)

অত্রৈব দাস্যাম্যপরং দ্বিতীয়ং দুর্য্যোধনং যজ্ঞপশুং বিশস্য ।
শিরো মৃদিত্বা চ পদা দুরাত্মনঃ শান্তিং লপ্স্যে কৌরবাণাং সমক্ষম্ ॥৭৭॥
এতাবদুক্ত্বা বচনং প্রহৃষ্টো ননাদ চোচ্চৈ রুধিরার্দ্রগাত্রঃ ।
ননর্দ্দ চৈবাতিবলো মহাত্মা বৃত্রং নিহত্যেব সহস্রনেত্রঃ ॥৭৮॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং কর্ণপর্ব্বণি
দুঃশাসনবধে একষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

ইতীতি। স্ময়ন্ স্ময়মান ঈষদ্ধসন্। অসৃজা দুঃশাসনরক্তেন দিগ্ধো লিপ্তগাত্রঃ, বিস্রবৎ ক্ষরৎ লোহিতং রক্তং যস্মাত্তত্তাদৃশম্ আস্যং মুখং যস্য সঃ। তরস্বী বলবান্। সংশ্রুতং প্রতিশ্রুতং রক্তং পাস্যামীতি প্রতিজ্ঞাতমিত্যর্থঃ, মে ময়া ॥৭৫—৭৬॥

অত্রেতি। দাস্যামি রণদেবতায়ৈ। বিশস্য হিংসিত্বা। মৃদিত্বা আমর্দ্দ্য ॥৭৭॥

এতাবদিতি। ননাদ সিংহনাদং চকার। ননর্দ্দ জগর্জ্জ। সহস্রনেত্র ইন্দ্রঃ ॥৭৮॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং কর্ণপর্ব্বণি একষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

পুত্রগণের সহিত ধৃতরাষ্ট্রের দুর্ব্যবহারনিবন্ধন সর্ব্বদাই আমরা এই সকল দুঃখই অনুভব করিয়া আসিতেছি, কিন্তু কখনও সুখ অনুভব করিতে পারি নাই' ॥৭৪॥

রাজা ! বলবান্ ভীমসেন জয়লাভ করিয়া এই সকল কথা বলিয়া ঈষৎ হাস্য করতঃ পুনরায় কৃষ্ণ ও অর্জ্জুনকে বলিলেন—তৎকালে তাঁহার সমস্ত অঙ্গ রক্তাক্ত ছিল, মুখ হইতে রক্ত নির্গত হইতেছিল এবং তিনি অত্যন্ত ক্রুদ্ধ ছিলেন। 'বীর ! কৃষ্ণ ! অর্জ্জুন ! আমি যুদ্ধে দুঃশাসনের বিষয়ে যে প্রতিজ্ঞা করিয়াছিলাম, তাহা আজ সত্য করিলাম ॥৭৫—৭৬॥

এখন অপর দ্বিতীয় দুর্য্যোধনরূপ যজ্ঞপশুকে বিনাশ করিয়া রণদেবতাকে দান করিব এবং কৌরবগণের সমক্ষে চরণদ্বারা ঐ দুরাত্মার মস্তক দলন করিয়া শান্তি লাভ করিব' ॥৭৭॥

(৭৫)···স্ময়ন্তৌ কেশবার্জ্জুনৌ—পি। (৭৬)···ক্রুদ্ধোঽভ্যভাষৎ···পি। * '···ত্র্যশীতি-তমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ বা সো।

দ্বিষষ্টিতমোঽধ্যায়ঃ।

——ঃ-০-ঃ——

সঞ্জয় উবাচ।

দুঃশাসনে তু নিহতে পুত্রাস্তব মহারথাঃ।
মহাক্রোধবিষা বীরাঃ সমরেষ্বপলায়িনঃ।
দশ রাজন্! মহাবীর্য্যা ভীমং প্রাচ্ছাদয়ন্ শরৈঃ ॥১॥
নিষঙ্গী কবচী পাশী দণ্ডধারো ধনুর্গ্রহঃ।
অলোলুপঃ সহঃ ষণ্ডো বাতবেগসুবর্চ্চসৌ ॥২॥
এতে সমেত্য সহিতা ভ্রাতৃব্যসনকর্ষিতাঃ।
ভীমসেনং মহাবাহুং মার্গণৈঃ সমবারয়ন্ ॥৩॥
স বার্য্যমাণো বিশিখৈঃ সমন্তাত্তৈর্মহারথৈঃ।
ভীমঃ ক্রোধাগ্নিরক্তাক্ষঃ ক্রুদ্ধঃ কাল ইবাবভৌ ॥৪॥

ভারতকৌমুদী

দুবিতি। মহান্ ক্রোধো বিষমিব যেষাং তে। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১॥
তেষাং নামান্যাহ নিষঙ্গীতি। আদিপর্বোক্তনামবিবোধো নামান্তরাঙ্গীকারান্নিরাস্তঃ ॥২॥
এত ইতি। ভ্রাতুর্দুঃশাসনস্য ব্যসনেন মৃত্যুনা কর্ষিতাঃ শোকাক্রান্তাঃ ॥৩॥

মহাবল, মহাত্মা ও রক্তাক্তদেহ ভীমসেন হৃষ্টচিত্তে এই সকল কথা বলিয়া উচ্চস্বরে সিংহনাদ করিলেন এবং ইন্দ্র যেমন বৃত্রাসুরকে বধ করিয়া গর্জন করিয়াছিলেন, সেইরূপ গর্জন করিলেন' ॥৭৮॥

——ঃ-০-ঃ——

সঞ্জয় বলিলেন—'রাজা! দুঃশাসন নিহত হইলে, মহারথ, বিষতুল্য-মহাক্রোধশালী, বীর, মহাবল ও যুদ্ধে অপলায়ী আপনার দশ জন পুত্র বাণদ্বারা ভীমকে আবৃত করিয়া ফেলিলেন ॥১॥

তাঁহাদের নাম—নিষঙ্গী, কবচী, পাশী, দণ্ডধার, ধনুর্গ্রহ, অলোলুপ, সহ, ষণ্ড, বাতবেগ ও সুবর্চ্চা ॥২॥

ইঁহারা ভ্রাতৃশোকে আক্রান্ত হইয়া সম্মিলিতভাবে আসিয়া বাণদ্বারা মহাবাহু ভীমসেনকে বারণ করিতে লাগিলেন ॥৩॥

---

(২)…অলোলুপঃ সমঃ সন্ধঃ…পি।

তাংস্তু ভল্লৈর্মহাবেগৈর্দশভির্দশ ভারতান্।
রুক্মাঙ্গদান্ রুক্মপুঙ্খৈঃ পার্থো নিন্যে যমক্ষয়ম্ ॥৫॥
হতেষু তেষু বীরেষু প্রদুদ্রাব বলং তব।
পশ্যতঃ সূতপুত্রস্য পাণ্ডবস্য ভয়ার্দ্দিতম্ ॥৬॥
ততঃ কর্ণং মহারাজ! প্রবিবেশ মহদ্ভয়ম্।
দৃষ্ট্বা ভীমস্য বিক্রান্তমন্তকস্য প্রজাস্বিব ॥৭॥
তস্য ত্বাকারভাবজ্ঞঃ শল্যঃ সমিতিশোভনঃ।
উবাচ বচনং কর্ণং প্রাপ্তকালমরিন্দমম্ ॥৮॥
মা ব্যথাং কুরু রাধেয়! নৈতত্ত্বয্যুপপদ্যতে।
এতে দ্রবন্তি রাজানো ভীমসেনভয়ার্দ্দিতাঃ ॥৯॥

ভাবতকৌমুদী

স ইতি। ক্রোধেন অগ্নিবৎ রক্তবচ্চ অক্ষিণী চক্ষুষী যস্য সঃ, কালো যমঃ ॥৪॥
তানিতি। রুক্মাঙ্গদান্ স্বর্ণময়কেয়ূরবান্, পার্থো ভীমঃ, যমস্য ক্ষয়মালয়ম্ ॥৫॥
হতেম্বিতি। প্রদুদ্রাব দ্রুতং পলায়াঞ্চক্রে। সূতপুত্রস্য কর্ণস্য ॥৬॥
তত ইতি। বিক্রান্তং বিক্রমম্, ভাবে ক্তপ্রত্যয়াৎ। প্রজাসু জনেষু ॥৭॥
তস্যেতি। সমিতিশোভনো বীরশ্রিয়া যুদ্ধশোভী। প্রাপ্তকালং তৎকালোচিতম্ ॥৮॥
মেতি। এতৎ ভয়বৈক্লব্যম্, উপপদ্যতে সঙ্গচ্ছতে। দ্রবন্তি পলায়ন্তে ॥৯॥

সেই মহারথেরা সকল দিক্ হইতে বাণদ্বারা বারণ করিতে লাগিলে, ক্রোধে ভীমের নয়নযুগল অগ্নি ও রুধিরের ন্যায় রক্তবর্ণ হইল; তখন তিনি ক্রুদ্ধ যমের ন্যায় প্রকাশ পাইতে থাকিলেন ॥৪॥

ক্রমে ভীমসেন মহাবেগশালী ও স্বর্ণপুঙ্খ দশটা ভল্লদ্বারা স্বর্ণকেয়ূরধারী সেই দশ জন ভরতবংশীয়কে যমালয়ে প্রেরণ করিলেন ॥৫॥

মহারাজ! সেই বীরেরা নিহত হইলে, আপনার সৈন্যেরা ভীমের ভয়ে কর্ণের সমক্ষেই বেগে পলায়ন করিতে লাগিল ॥৬॥

মহারাজ! তাহার পর লোকের উপরে যমের ন্যায় ভীমের বিক্রম দেখিয়া কর্ণের গুরুতর ভয় জন্মিল ॥৭॥

কিন্তু যুদ্ধশোভী শল্য কর্ণের আকার ও অভিপ্রায় বুঝিয়া শত্রুদমন কর্ণকে তৎকালোচিত বাক্য বলিলেন—॥৮॥

'রাধানন্দন! তুমি ভয় করিও না, তোমাতে ভয় সঙ্গত হয় না। এই রাজারা ভীমের ভয়ে পলায়ন করিতেছেন ॥৯॥

(৭) ততঃ কর্ণে মহারাজ!...পি, ততঃ কর্ণো মহারাজ!...বা।

দুর্য্যোধনশ্চ সম্মূঢ়ো ভ্রাতৃব্যসনকর্শিতঃ।
দুঃশাসনস্য রুধিরে পীয়মানে মহাত্মনা ॥১০॥
ব্যাপন্নচেতসশ্চৈব শোকোপহতমন্যবঃ।
দুর্য্যোধনমুপাসন্তে পরিবার্য্য সমন্ততঃ।
কৃপপ্রভৃতয়ঃ কর্ণ! হতশেষাশ্চ সোদরাঃ ॥১১॥
পাণ্ডবা লব্ধলক্ষ্যাশ্চ ধনঞ্জয়পুরোগমাঃ।
ত্বামেবাভিমুখাঃ শূরা যুদ্ধায় সমুপস্থিতাঃ ॥১২॥
স ত্বং পুরুষশার্দ্দূল! পৌরুষে মহতি স্থিতঃ।
ক্ষত্রধর্ম্মং পুরস্কৃত্য প্রত্যুদ্যাহি ধনঞ্জয়ম্ ॥১৩॥
ভারো হি ধার্ত্তরাষ্ট্রেণ ত্বয়ি সর্বঃ সমর্পিতঃ।
তমুদ্বহ মহাবাহো! যথাশক্তি যথাবলম্।
জয়ে স্যাদ্বিপুলা কীর্ত্তির্ধ্রুবঃ স্বর্গঃ পরাজয়ে ॥১৪॥

ভারতকৌমুদী

দুরিতি। সম্মূঢ়ঃ কর্ত্তব্যজ্ঞানহীনো জাতঃ। মহাত্মনা ভীমসেনেন ॥১০॥

ব্যাপন্নেতি। ব্যাপন্নচেতস আকুলচিত্তাঃ, শোকেনোপহতো মন্যুঃ ক্রোধো যেষাং তে। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১১॥

পাণ্ডবা ইতি। লব্ধলক্ষ্যাঃ প্রাপ্তশরব্যাঃ ॥১২॥

স ইতি। পৌরুষে বীরত্বে। পুরস্কৃত্য প্রাধান্যেনাশ্রিত্য ॥১৩॥

ভার ইতি। শক্তির্মানসং সামর্থ্যম্, বলঞ্চ দৈহিকী শক্তিঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৪॥

মহাবল ভীম দুঃশাসনের রক্ত পান করিতে লাগিলে, ভ্রাতৃশোকে আক্রান্ত দুর্য্যোধন কর্ত্তব্যবিমূঢ় হইয়া পড়িয়াছেন ॥১০॥

কর্ণ। কৃপপ্রভৃতি বীরগণের এবং হতাবশিষ্ট সহোদরদিগের মন শোকে আকুল হইয়াছে, আর শোকেই উঁহাদের ক্রোধ নিবৃত্ত করিয়াছে; এই অবস্থায় উঁহারা সকল দিকে বেষ্টন করিয়া দুর্য্যোধনের সেবা করিতেছেন ॥১১॥

অথ চ অর্জ্জুনপ্রভৃতি পাণ্ডববীরগণ লক্ষ্য পাইয়া যুদ্ধ করিবার জন্যই তোমার অভিমুখে উপস্থিত হইতেছেন ॥১২॥

অতএব পুরুষশ্রেষ্ঠ! তুমি মহাপুরুষকারে থাকিয়া ক্ষত্রিয়ধর্ম্মকে অগ্রবর্ত্তী করিয়া অর্জ্জুনের অভিমুখে গমন কর ॥১৩॥

মহাবাহু! দুর্য্যোধন তোমার উপরে যুদ্ধের সমস্ত ভার অর্পণ করিয়া রাখিয়াছেন। সুতরাং তুমি উৎসাহ ও শক্তি অনুসারে তাহা বহন কর। জয় হইলে বিপুল কীর্ত্তি হইবে, আর পরাজয় হইলে নিশ্চিত স্বর্গ হইবে ॥১৪॥

বৃষসেনশ্চ রাধেয় ! সংক্রুদ্ধস্তনয়স্তব ।
ত্বয়ি মোহং সমাপন্নে পাণ্ডবানভিধাবতি ॥১৫॥
এতচ্ছ্রুত্বা তু বচনং শল্যস্যামিততেজসঃ ।
হৃদি চাবশ্যকং ভাবং চক্রে যুদ্ধায় সুস্থিরম্ ॥১৬॥
ততঃ ক্রুদ্ধো বৃষসেনোঽভ্যধাবদবস্থিতঃ স্বরথে পাণ্ডবং তম্ ।
বৃকোদরং কালমিবাত্তদণ্ডং গদাহস্তং পোথয়ন্তং ত্বদীয়ান্ ॥১৭॥
অথাভ্যধাবন্নকুলঃ প্রবীরো রোষাদমিত্রং প্রতুদন্ পৃষৎকৈঃ ।
কর্ণস্য পুত্রং সমরে প্রহৃষ্টো জিষ্ণুর্জিঘাংসুর্মঘবেব জম্ভম্ ॥১৮॥
ততো ধ্বজং স্ফাটিকবিন্দুচিত্রং চিচ্ছেদ বীরো নকুলঃ ক্ষুরেণ ।
কর্ণাত্মজস্যেষ্বসনঞ্চ চিত্রং ভল্লেন জাম্বূনদপট্টনদ্ধম্ ॥১৯॥

ভারতকৌমুদী

বৃষেতি। বৃষসেনো নাম। মোহং কর্ত্তব্যমূঢ়তাম্, সমাপন্নে দুঃশাসনাদিবধাৎ ॥১৫॥
এতদিতি। আবশ্যকম্ অসন্দিগ্ধম্, ভাবমভিপ্রায়ম্ ॥১৬॥
তত ইতি। কালং যমম্, আত্তো গৃহীতো দণ্ডো যেন তম্ ॥১৭॥
অথেতি। অমিত্রং শত্রুম্, প্রতুদন্ ব্যথয়ন্, পৃষৎকৈর্বাণৈঃ। জিষ্ণুর্জয়শীলঃ, জিঘাংসু-র্হন্তুমিচ্ছুঃ, মঘবা ইন্দ্রঃ, জম্ভং নামাসুরম্ ॥১৮॥
তত ইতি। ইষ্বসনং ধনুঃ। জাম্বূনদপট্টনদ্ধং স্বর্ণপট্টবেষ্টিতম্ ॥১৯॥

রাধানন্দন ! তুমি কর্ত্তব্যমূঢ় হইয়া পড়িলে, তোমার পুত্র বৃষসেন অত্যন্ত ক্রুদ্ধ হইয়া পাণ্ডবগণের দিকে ধাবিত হইয়াছেন' ॥১৫॥

কর্ণ অমিততেজা শল্যের এই কথা শুনিয়া মনে মনে অসন্দিগ্ধভাবে যুদ্ধের স্থির অভিপ্রায় করিলেন ॥১৬॥

মহারাজ ! এই সময়ে গদাধারী পাণ্ডুনন্দন ভীমসেন দণ্ডধারী যমের ন্যায় আপনার সৈন্যগণকে পোথিত করিতেছিলেন। সুতরাং বৃষসেন ক্রুদ্ধ হইয়া আপন রথে থাকিয়া তাঁহার দিকে ধাবিত হইলেন ॥১৭॥

তাহার পর জয়শীল ইন্দ্র যেমন বধ করিবার ইচ্ছা করিয়া জম্ভাসুরের দিকে ধাবিত হইয়াছিলেন, সেইরূপ প্রধান বীর নকুল হৃষ্টচিত্তে ও ক্রোধে বাণদ্বারা শত্রু বৃষসেনকে পীড়ন করিতে থাকিয়া ধাবিত হইলেন ॥১৮॥

তদনন্তর বীর নকুল একটা ক্ষুরপ্রদ্বারা বৃষসেনের স্ফটিকবিন্দুবিচিত্র ধ্বজটাকে

(১৬)…অত্যমানুষকং ভাবং চক্রে যুদ্ধায় সংস্থিতঃ—পি। (১৭)…অবস্থিতং প্রমুখে পাণ্ডবং তম্…পি বা।

অথান্যদাদায় ধনুঃ সুশীঘ্রং কর্ণাত্মজঃ পাণ্ডবমভ্যবিধ্যৎ।
দিব্যৈর্মহাস্ত্রৈর্নকুলং মহাস্ত্রো দুঃশাসনস্যাপচিতিং যিযাসুঃ ॥২০॥
ততঃ স ক্রুদ্ধো নকুলো মহাত্মা শরৈর্মহোল্কাপ্রতিমৈরবিধ্যৎ।
দিব্যৈরস্ত্রৈরভ্যবর্ষচ্চ সোঽপি কর্ণস্য পুত্রো নকুলং কৃতাস্ত্রঃ ॥২১॥
শরাভিঘাতাচ্চ রুষা চ রাজন্! স্বয়া চ ভাসাস্ত্রসমীরণাচ্চ।
জজ্বাল কর্ণস্য সুতোঽতিমাত্রমিদ্ধো যথাজ্যাহুতিভির্হুতাশঃ ॥২২॥
কর্ণস্য পুত্রো নকুলস্য রাজন্! সর্বানশ্বানক্ষিণোদুত্তমাস্ত্রৈঃ।
বনায়ুজান্ সুকুমারস্য শুভ্রানলঙ্কৃতান্ জাতরূপেণ চিত্রান্ ॥২৩॥
ততো হতাশ্বাদবরুহ্য যানাদাদায় চর্ম্মামলরুক্মচন্দ্রম্।
আকাশসঙ্কাশমসিং গৃহীত্বা পোপ্লূয়মানঃ খগবচ্চচার ॥২৪॥

ভারতকৌমুদী

অথেতি। অপচিতিং নিষ্ক্রয়ম্, যিযাসুর্যাতুমিচ্ছুঃ, দুঃশাসনবধপ্রতিশোধং কর্ত্তুমিচ্ছুঃ ॥২০॥
তত ইতি। অভ্যবর্ষৎ প্রাহরৎ। কৃতাস্ত্রঃ কৃতসর্বাস্ত্রশিক্ষঃ ॥২১॥
শরেতি। ভাসা কান্ত্যা, অস্ত্রাণাং সমীরণাৎ ক্ষেপাৎ। ইদ্ধঃ প্রজ্বলিতঃ ॥২২॥
কর্ণস্যেতি। অক্ষিণোৎ ব্যনাশয়ৎ। বনায়ুজান্ বনায়ুদেশোদ্ভবান্, সুকুমারস্য কোমল-দেহস্য। জাতরূপেণ স্বর্ণেন স্বর্ণালঙ্কারেণ, চিত্রান্ বিচিত্রদেহান্ ॥২৩॥

ছেদন করিলেন এবং একটা ভল্লদ্বারা বিচিত্র ও স্বর্ণপট্টবেষ্টিত ধনুখানাকে কাটিয়া ফেলিলেন ॥১৯॥

তৎপরে মহাস্ত্রধারী বৃষসেন সত্বর অন্য ধনু লইয়া দুঃশাসনবধের প্রতিশোধ লইবার ইচ্ছা করিয়া অলৌকিক মহাস্ত্রসমূহদ্বারা পাণ্ডুনন্দন নকুলকে বিদ্ধ করিলেন ॥২০॥

তদনন্তর মহাত্মা নকুল ক্রুদ্ধ হইয়া বিশাল উল্কার তুল্য বাণসমূহদ্বারা বৃষসেনকে তাড়ন করিলেন। তখন সমস্ত অস্ত্রে সুশিক্ষিত বৃষসেনও অলৌকিক অস্ত্র সকলদ্বারা নকুলকে প্রহার করিলেন ॥২১॥

রাজা! ঘৃতাহুতিদ্বারা প্রজ্বলিত অগ্নি যেমন অত্যন্ত জ্বলিয়া উঠে, সেইরূপ বৃষসেন নকুলের বাণাঘাতে, ক্রোধে, আপন কান্তিতে এবং অস্ত্রক্ষেপে অত্যন্ত জ্বলিয়া উঠিলেন ॥২২॥

রাজা! পরে বৃষসেন উত্তম অস্ত্রসমূহদ্বারা বনায়ুদেশজাত, শুভ্রবর্ণ, স্বর্ণালঙ্কারে অলঙ্কৃত ও বিচিত্র সুকুমারদেহ নকুলের সমস্ত অশ্ব বিনাশ করিলেন ॥২৩॥

(২১)···নকুলং কৃতাস্ত্রম্—পি। (২৪) ততো হতাশ্বাদবপ্লুত্য বেগাৎ···পি।

ততোঽন্তরীক্ষে নৃবরাশ্বনাগাংশ্চিচ্ছেদ মার্গান্ বিচরন্ বিচিত্রান্।
তে প্রাপতন্নসিনা গাং বিশস্তা যথাশ্বমেধে পশবঃ শমিত্রা ॥২৫॥
দ্বিসাহস্রা বিদিতা যুদ্ধশৌণ্ডা নানাদেশ্যাঃ সুভৃতাঃ সত্যসন্ধাঃ।
একেন শীঘ্রং নকুলেন কৃত্তাঃ সারেপ্সুনেবোত্তমচন্দনাস্তে ॥২৬॥
তমাপতন্তং নকুলং জবেন কর্ণস্য পুত্রঃ সহসাভিপত্য।
রণে জিঘাংসন্ নিশিতৈরনেকৈঃ সমন্ততঃ সায়কৈঃ প্রত্যবিধ্যৎ ॥২৭॥
স তুদ্যমানো নকুলঃ পৃষৎকৈর্বিব্যাধ বীরং স চুকোপ বিদ্ধঃ।
মহাভয়ে রক্ষ্যমাণো মহাত্মা ভ্রাত্রা ভীমেনাকরোত্তত্র ভীমম্ ॥২৮॥

ভারতকৌমুদী

তত ইতি। হতা অশ্বা যস্য তস্মাৎ, যানাৎ রথাৎ, অমলা কল্পচন্দ্রাঃ স্বর্ণঘটিতচন্দ্রাকার-চিহ্নানি যত্র তৎ। পোপ্লূয়মানঃ পুনঃ পুনরুৎপ্লবমানঃ, খগবৎ পক্ষিবৎ ॥২৪॥

তত ইতি। উৎপ্লবনকালে চ্ছেদনাদন্তরীক্ষে চ্ছেদনম্। নৃবরাঃ পদাতিশ্রেষ্ঠাঃ, নাগা গজাঃ। অবহুত্বে সমাসান্ন দ্বন্দ্বৈকবদ্ভাবঃ। গাং ভূমিম্, বিশস্তাশ্ছিন্নাঃ। শমিত্রা ঘাতকেন ॥২৫॥

দ্বীতি। বিদিতা বীরত্বেন সর্বৈরবগতাঃ, যুদ্ধে শৌণ্ডা মত্তাঃ, সুভৃতা বেতনাদিনা সম্যক্ পালিতাঃ, সত্যসন্ধা যথার্থপ্রতিজ্ঞাঃ। কৃত্তাশ্ছিন্নাঃ, সারেপ্সুনা সারগ্রহণার্থিনা জনেন ॥২৬॥

তমিতি। আপতন্তমাগচ্ছন্তম্, জবেন বেগেন। জিঘাংসন্ হন্তুমিচ্ছন্ ॥২৭॥ —

স ইতি। তুদ্যমানো বৃষসেনেন ব্যথ্যমানঃ, পৃষৎকৈর্বাণৈর্যেন হি বৃষসেনো বীরং নকুলং বিব্যাধ ; অতএব স নকুলো বিদ্ধঃ সন্ চুকোপ। ভীমং ভয়ঙ্করং কার্য্যম্ ॥২৮॥

অশ্বগুলি নিহত হইলে, নকুল রথ হইতে অবতীর্ণ হইয়া নির্ম্মলস্বর্ণচন্দ্রচিহ্নযুক্ত চর্ম্ম (ঢাল) লইয়া এবং আকাশের ন্যায় নির্ম্মল তরবারি ধারণ করিয়া পক্ষীর ন্যায় লাফাইয়া লাফাইয়া রণস্থলে বিচরণ করিতে লাগিলেন ॥২৪॥

তদনন্তর নকুল বিচিত্র পথে বিচরণ করিতে থাকিয়া আকাশেই হস্তী, অশ্ব ও প্রধান প্রধান পদাতিকে ছেদন করিতে লাগিলেন। তখন—অশ্বমেধযজ্ঞে ঘাতক ছেদন করিলে পশুগণ যেমন ভূতলে পতিত হয়, সেইরূপ নকুলতরবারিচ্ছিন্ন পদাতি-প্রভৃতি ভূতলে পতিত হইতে লাগিল ॥২৫॥

সারগ্রহণার্থী লোক যেমন চন্দনবৃক্ষ সকল ছেদন করে, তেমন এক নকুলই সত্বর বীর বলিয়া বিখ্যাত, যুদ্ধে মত্ত, নানাদেশীয়, বেতনাদিদ্বারা সম্যক্ পালিত ও সত্যপ্রতিজ্ঞ দুই সহস্র পদাতিকে ছেদন করিলেন ॥২৬॥

নকুল বেগে আসিতে লাগিলে, বৃষসেন তৎক্ষণাৎ উপস্থিত হইয়া নকুলকে বধ করিবার ইচ্ছা করিয়া সুধার অনেক বাণদ্বারা তাঁহাকে সকল দিকে বিদ্ধ করিলেন ॥২৭॥

তং কর্ণপুত্রো বিধমন্তমেকং নরাশ্বমাতঙ্গরথপ্রবেকান্।
ক্রীড়ন্তমষ্টাদশভিঃ পৃষৎকৈর্বিব্যাধ বীরং নকুলং সরোষঃ ॥২৯॥
স তেন বিদ্ধোঽতিভৃশং তরস্বী মহাহবে বৃষসেনেন রাজন্!।
ক্রুদ্ধোঽভ্যধাবৎ সমরে জিঘাংসুঃ কর্ণাত্মজং পাণ্ডুসুতো নৃবীরঃ ॥৩০॥
বিতত্য পক্ষৌ সহসাপতন্তং শ্যেনং যথৈবামিষলুব্ধমাজৌ।
অবাকিরদ্বৃষসেনস্ততস্তং শিতৈঃ শরৈর্নকুলমুদারবীর্য্যম্ ॥৩১॥
স তান্ মোঘাংস্তস্য কুর্বন্ শরৌঘাংশ্চচার মার্গান্ নকুলশ্চিত্ররূপান্।
অথাস্য তূর্ণং চরতো নরেন্দ্র! খড়্গেন চিত্রং নকুলস্য তস্য ॥৩২॥
মহেষুভির্ব্যধমৎ কর্ণপুত্রো মহারণে চর্ম্ম সহস্রতারম্।
তস্যায়সং নিশিতং তীক্ষ্ণধারমসিং বিকোষং গুরুভারসাহম্ ॥৩৩॥
দ্বিষচ্ছরীরাপহরং সুঘোরমাধুন্বতঃ সর্পমিবোগ্ররূপম্।
ক্ষিপ্রং শরৈঃ ষড়্ভিরমিত্রসাহশ্চকর্ত্ত খড়্গং নিশিতৈঃ ক্ষুরগ্রৈঃ ॥৩৪॥
(বিশেষকম্)

ভারতকৌমুদী

তমিতি। বিধমন্তং বিনাশয়ন্তম্, নরাশ্বমাতঙ্গরথানাং প্রবেকান্ প্রধানানি ॥২৯॥
স ইতি। তরস্বী বলবান্, "তরো বলে চ বেগে চ" ইতি মেদিনী ॥৩০॥
বিতত্যেতি। বিতত্য বিস্তীর্য্য। অবাকিরৎ প্রাহরৎ। উদারবীর্য্যং মহাবলম্ ॥৩১॥
স ইতি। মোঘান্ ব্যর্থান্। খড়্গেন চরতঃ। ব্যধমৎ ব্যনাশয়ৎ। সহস্রং তারা

বৃষসেন বাণদ্বারা বীর নকুলকে বিদ্ধ করিলেন বলিয়া তিনি বেদনা অনুভব করিতে থাকিয়া ক্রুদ্ধ হইলেন এবং সেই মহাভয়ের সময়ে ভ্রাতা ভীমসেন রক্ষা করিতে লাগিলেন বলিয়া মহাত্মা নকুল ভীষণ কার্য্য করিতে পারিলেন ॥২৮॥

তখন বীর নকুল একাকী প্রধান প্রধান হস্তী, অশ্ব, রথ ও পদাতিকে বিনাশ করিতে থাকিয়া যেন ক্রীড়া করিতে লাগিলে, বৃষসেন ক্রুদ্ধ হইয়া আঠারটা বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন ॥২৯॥

রাজা! মহাযুদ্ধে বৃষসেন অত্যন্ত বিদ্ধ করিলে, বলবান্ মনুষ্যবীর নকুল ক্রুদ্ধ হইয়া বৃষসেনকে বধ করিবার ইচ্ছা করিয়া তাঁহার দিকে ধাবিত হইলেন ॥৩০॥

মাংসলোভী শ্যেনপক্ষী যেমন পক্ষযুগল বিস্তৃত করিয়া বেগে আসিতে থাকে, সেইরূপ মহাবল নকুল বেগে আসিতে থাকিলে, বৃষসেন সুধার বাণসমূহদ্বারা তাঁহাকে প্রহার করিতে লাগিলেন ॥৩১॥

---

(২৯)···রথপ্রবেকম্···। (৩০)···ক্রুদ্ধেন ধাবন্···বা। (৩৪)···নিশিতৈঃ সুবেগৈঃ—বা।

পুনশ্চ পীতৈর্নিশিতৈঃ পৃষৎকৈঃ স্তনান্তরে গাঢ়মথাভ্যবিধ্যৎ।
কৃত্বা চ তদ্দুষ্করমার্য্যজুষ্টং নরৈরন্যৈঃ কর্ম্ম রণে মহাত্মা ॥৩৫॥
যযৌ রথং ভীমসেনস্য রাজন্! শরাভিতপ্তো নকুলস্ত্বরাবান্।
স ভীমসেনস্য রথং হতাশ্বো মাদ্রীসুতঃ কর্ণসুতাভিতপ্তঃ ॥৩৬॥
আপুপ্লুবে সিংহ ইবাচলাগ্রং সংপ্রেক্ষমাণস্য ধনঞ্জয়স্য।
ততঃ ক্রুদ্ধো বৃষসেনো মহাত্মা ববর্ষ তাবিষুজালেন বীরঃ ॥৩৭॥
মহারথাবেকরথে সমেতৌ শরৈঃ প্রভিন্দন্নিব পাণ্ডবেয়ৌ।
তস্মিন্ রথে বিহতে পাণ্ডবস্য ক্ষিপ্রঞ্চ খড়্গে বিশিখৈর্নিকৃত্তে ॥৩৮॥
অথাব্রবীন্মারুতিঃ ফাল্গুনস্তু পশ্যস্বৈনং নকুলং পীড্যমানম্।
অয়ঞ্চ নো ধাবতি কর্ণপুত্রস্তস্মাদ্ভবান্ প্রত্যুপযাতু কার্ণিম্ ॥৩৯॥

(কুলকম্)

ভারতকৌমুদী

নক্ষত্রাকারচিহ্নানি যত্র তৎ। আয়সং লৌহময়ম্। গুরুভারং দুষ্করং বিপক্ষসংহারং সহতে কর্ত্তুং শক্নোতীতি তম্। আধুন্বতশ্চালয়তঃ। অমিত্রসাহঃ শত্রুসহো বৃষসেনঃ ॥৩২—৩৪॥

পুনরিতি। পীতৈঃ প্রাক্পীতরক্তৈঃ, পৃষৎকৈর্বাণৈঃ। অভ্যবিধ্যন্নকুলমিতি শেষঃ। অন্যৈর্নরৈর্দুষ্করম্, আর্য্যজুষ্টং সজ্জনসেবিতম্। হতা অশ্বা যস্য সঃ। আপুপ্লুবে উৎপ্লুত্যারুরোহ। তৌ ভীমনকুলৌ। প্রভিন্দন্ বিদারয়ন্। পাণ্ডবস্য নকুলস্য। নিকৃত্তে ছিন্নে। মারুতির্মরুতো বায়োঃ পুত্রো ভীমঃ, ফাল্গুনমর্জ্জুনম্। নঃ অস্মান্। কার্ণিং কর্ণস্যাপত্যং বৃষসেনম্ ॥৩৫—৩৯॥

নরনাথ! তখন নকুল চর্ম্ম-(ঢাল) দ্বারা বৃষসেনের সেই বাণগুলিকে ব্যর্থ করিতে থাকিয়া বিচিত্র পথে বিচরণ করিতে থাকিলেন। নকুল তরবারি লইয়া বিচিত্র পথে বিচরণ করিতে থাকিলে, বৃষসেন উত্তম উত্তম বাণদ্বারা তাঁহার সেই সহস্রতারাযুক্ত চর্ম্ম বিনষ্ট করিলেন এবং শত্রুসহ বৃষসেন ছয়টা সুধার ক্ষুরপ্রবাণদ্বারা সত্বর নকুলের সেই লৌহময়, শিলাশাণিত, তীক্ষ্ণধার, কোষমুক্ত, দুষ্করকার্য্যকারী, শত্রুশরীরনাশক ও সর্পের ন্যায় ভীষণ তরবারিখানা কাটিয়া ফেলিলেন ॥৩২—৩৪॥

বৃষসেন পুনরায় সুধার ও রক্তপায়ী বাণসমূহদ্বারা গাঢ়ভাবে নকুলের বক্ষস্থল বিদ্ধ করিলেন। রাজা! ওদিকে মহাত্মা নকুল যুদ্ধে অন্য মানুষের দুষ্কর ও সজ্জন-সেবিত সেই কার্য্য করিয়া বৃষসেনের বাণে পীড়িত হইয়া সত্বর যাইয়া ভীমসেনের

(৩৮)···প্রভিন্নাবিব পাণ্ডবেয়ৌ···বর্দ্ধ। (৩৯)···পশ্যস্বৈনং নকুলং পীডয়ন্তম্···পি।

স তন্নিশম্যৈব বচঃ কিরীটী রথং সমাসাদ্য বৃকোদরস্য।
কপিধ্বজং কেশবসংগৃহীতং প্রৈষীদুগ্রো বৃষসেনায় বাহম্ ॥৪০॥

নকুলমথ বিদিত্বা ছিন্নবাণাসনাসিং
বিরথমতিশরার্ত্তং কর্ণপুত্রাস্ত্রভগ্নম্।
পবনধুতপতাকা হ্লাদিনো বল্গিতাশ্বা
বরপুরুষনিযুক্তাস্তে রথাঃ শীঘ্রমীয়ুঃ ॥৪১॥

দ্রুপদসুতবরিষ্ঠাঃ পঞ্চ শৈনেয়ষষ্ঠা
দ্রুপদদুহিতৃপুত্রাঃ পঞ্চ চামিত্রসাহাঃ।
দ্বিরদরথনরাশ্বান্ সূদয়ন্তস্ত্বদীয়ান্
ভুজগপতিনিকাশৈর্মার্গণৈরাত্তশস্ত্রাঃ ॥৪২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

স ইতি। কিরীটী অর্জ্জুনঃ। প্রৈষীৎ প্রেরিতবান্। বাহং রথম্ ॥৪০॥

নকুলমিতি। অথ নকুলম্, ছিন্নৌ বাণাসনাসী ধনুঃখড়্গৌ যস্য তম্, বিরথম্ অশ্বনাশাদেব রথবিহীনম্, অতিশয়েন শরৈর্বৃষসেনবাণৈরার্ত্তং পীড়িতম্, কর্ণপুত্রস্য বৃষসেনস্য অস্ত্রৈর্ভগ্নং পরাজিতঞ্চ বিদিত্বা, বরপুরুষেণ ভীমসেনেন নিযুক্তাঃ পূর্ব্বমর্জ্জুন ইবাদিষ্টাঃ, আত্তশস্ত্রা ধৃতাস্ত্রাঃ, অতএব অমিত্রান্ শত্রূন্ সহন্ত ইত্যমিত্রসাহাঃ, তে প্রসিদ্ধাঃ, দ্রুপদসুতেষু মধ্যে বরিষ্ঠাঃ শ্রেষ্ঠাঃ, ধৃষ্টদ্যুম্ন-শিখণ্ডি-যুধামন্যূত্তমৌজোজনমেজয়াখ্যাঃ পঞ্চ, শৈনেয়ঃ শিনেঃ পৌত্রঃ সাত্যকিঃ ষষ্ঠো যেষাং তে, পঞ্চ, দ্রুপদদুহিতুর্দ্রৌপদ্যাঃ পুত্রাশ্চ, এতে একাদশ রথাঃ, পবনেন বায়ুনা ধুতাঃ কম্পিতাঃ পতাকা যেষাং তে, হ্লাদিনঃ সৌন্দর্য্যেণাহ্লাদজনকাঃ, বল্গিতা উৎপ্লুতা অশ্বা যেষাং তে, ভুজগপতিনিকাশৈর্বৃহৎসর্পতুল্যৈঃ, মার্গণৈর্বাণৈঃ ত্বদীয়ান্ দ্বিরদ-

রথে উঠিলেন। নিজের রথের অশ্বগুলি নিহত হইলে, নকুল বৃষসেনের বাণে পীড়িত হইয়া অর্জ্জুনের সমক্ষে—সিংহ যেমন লাফ দিয়া পর্ব্বতের উপরে উঠে, সেইরূপ লাফ দিয়া ভীমের রথে উঠিয়াছিলেন। এই সময়ে মহারথ ভীমসেন ও নকুল একরথে মিলিত হইলেন; তখন ক্রুদ্ধ, মহাবল ও বীর বৃষসেন বাণদ্বারা বিদীর্ণ করতই যেন তাঁহাদের উপরে বাণজাল বর্ষণ করিতে লাগিলেন। বৃষসেন বাণদ্বারা সত্বর নকুলের রথ অকর্ম্মণ্য ও তরবারি ছিন্ন করিলে, ভীমসেন অর্জ্জুনকে বলিলেন—'অর্জ্জুন! দেখ—বৃষসেন নকুলকে পীড়ন করিয়াছে, আমার দিকেও ধাবিত হইয়াছে। অতএব তুমি উহার দিকে যাও' ॥৩৫—৩৯॥

তখন অর্জ্জুন ভীমের সেই কথা শুনিয়াই উগ্রমূর্ত্তি হইয়া ভীমের রথের নিকট দিয়া কৃষ্ণনিয়মিত স্বকীয় কপিধ্বজ রথ বৃষসেনের দিকে চালাইয়া দিলেন ॥৪০॥

(৪০) ইতঃ পরম্ 'চতুরশীতিতমোঽধ্যায়ঃ। সঞ্জয় উবাচ।' বঙ্গ বর্দ্ধ বা সো।

অথ তব রথমুখ্যাস্তান্ প্রতীয়ুস্ত্বরন্তো
হৃদিকসুতকৃপৌ চ দ্রৌণিদুর্য্যোধনৌ চ।
শকুনিসুতবৃকৌ চ ক্রাথদেবাবৃধৌ চ
দ্বিরদজলদঘোষৈঃ স্যন্দনৈঃ কার্ম্মুকৈশ্চ ॥৪৩॥
নরবররথবর্য্যাংস্তান্ দশৈকঞ্চ বীরান্
নৃবর! শরবরাগ্রৈস্তাড়য়ন্তোঽভ্যরুন্ধন্।
নবজলদসবর্ণৈর্হস্তিভিস্তানুদীয়ু-
র্গিরিশিখরনিকাশৈর্ভীমবেগৈঃ কুলিন্দাঃ ॥৪৪॥

ভারতকৌমুদী

রথনরাশ্বান্, হৃদয়ন্তঃ পীডয়ন্তশ্চ সন্তঃ, শীঘ্রম্, ঈয়ুর্নকুলসাহায্যার্থমাজগ্মুঃ। এবু চতুর্ষু মালিনী বৃত্তম্, "ননমযযযুতেয়ং মালিনী ভোগিলোকৈঃ" ইতি লক্ষণাৎ ॥৪১—৪২॥

অথেতি। অথ হৃদিকসুতঃ কৃতবর্ম্মা কৃপশ্চ তৌ, দ্রৌণিরশ্বত্থামা দুর্য্যোধনশ্চ তৌ, শকুনিসুত উলূকঃ বৃকশ্চ তৌ, ক্রাথো দেবাবৃধশ্চ তৌ, এতে অষ্টৌ তব রথমুখ্যা রথিশ্রেষ্ঠাঃ, ত্বরন্তঃ ত্বরমাণাঃ সন্তঃ, দ্বিরদানাং গজানাং জলদানাং মেঘানামিব চ ঘোষো ধ্বনির্যেষাং তৈঃ, স্যন্দনৈ রথৈঃ, কার্ম্মুকৈশ্চ সহ, তান্ পাণ্ডববীরান্ প্রতি, ঈয়ুর্জগ্মুঃ ॥৪৩॥

নরেতি। হে নৃবর! পরঞ্চ কৃপাদয়ঃ শরবরাগ্রৈঃ, তান্, দশ একঞ্চ একাদশ, নরবরাশ্চ তে রথবর্য্যাশ্চেতি তান্ বীরান্, তাডয়ন্তঃ সন্তঃ, অভ্যরুন্ধন্। ততশ্চ কুলিন্দাঃ কুলিন্দদেশীয়যোদ্ধারঃ, নবজলদসবর্ণৈঃ নূতনমেঘতুল্যনীলবর্ণৈঃ, গিরিশিখরনিকাশৈঃ পর্বতশৃঙ্গসমানৈঃ, ভীমবেগৈশ্চ হস্তিভিঃ, তান্ কৌরববীরান্, উদীয়ুঃ প্রত্যুদ্জগ্মুঃ ॥৪৪॥

রাজা! বৃষসেন নকুলের ধনু ও তরবারি ছেদন করিয়াছেন, রথ বিকল করিয়াছেন এবং শরপ্রহারে তাঁহাকে অতিশয়পীড়িত ও পরাভূত করিয়াছেন, ইহা জানিয়া ভীমসেনের নিয়োগ অনুসারে অস্ত্রধারী ও শত্রুবেগসহনক্ষম, দ্রুপদরাজার পুত্রগণমধ্যে প্রধান পাঁচ জন, সাত্যকি ও দ্রৌপদীর পঞ্চ পুত্র এই এগার জন বীর বৃহৎসর্পতুল্য বাণসমূহদ্বারা আপনার পক্ষের হস্তী, অশ্ব, রথ ও পদাতিগণকে পীড়ন করিতে করিতে সত্বর আগমন করিলেন। তখন তাঁহাদের পতাকাগুলি বায়ুভরে দুলিতেছিল, অশ্বগণ লাফাইতেছিল এবং তাঁহারা স্বপক্ষের আনন্দ উৎপাদন করিতেছিলেন ॥৪১—৪২॥

মহারাজ! তাহার পর কৃতবর্ম্মা, কৃপাচার্য্য, অশ্বত্থামা, দুর্য্যোধন, উলূক, বৃক, ক্রাথ ও দেবাবৃধ, আপনার পক্ষের এই আট জন রথিশ্রেষ্ঠ ধনু লইয়া হস্তী ও মেঘের ন্যায় গম্ভীরনাদী রথে আরোহণ করিয়া সত্বর তাঁহাদের অভিমুখে আগমন করিলেন ॥৪৩॥

(৪৪) ইতঃ পরম্ অধ্যায়সমাপ্তিঃ নি।

সুকল্পিতা হৈমবতা মদোৎকটা রণাভিকামৈঃ কৃতিভিঃ সমাস্থিতাঃ।
সুবর্ণজালাবততা বভুর্গজাস্তথা যথা খে জলদাঃ সবিদ্যুতঃ ॥৪৫॥
বিথর্দ্দিপুত্রো দশভির্মহায়সৈঃ কৃপং সসূতাশ্বমপীড়য়দ্ভৃশম্।
ততঃ শরদ্বৎসুতসায়কৈর্হতঃ সহৈব নাগেন পপাত ভূতলে ॥৪৬॥
বিথর্দ্দিপুত্রাবরজশ্চ তোমরৈর্দিবাকরাংশুপ্রতিমৈরয়স্ময়ৈঃ।
রথঞ্চ বিক্ষোভ্য ননাদ নর্দ্দতস্ততোঽস্য গান্ধারপতিঃ শিরোঽহরৎ ॥৪৭॥
ততঃ কুলিন্দেষু হতেষু তেষ্বথ প্রহৃষ্টরূপাস্তব তে মহারথাঃ।
ভৃশং প্রদধ্মুর্লবণাম্বুসম্ভবান্ পরাংশ্চ বাণাসনপাণয়োঽভ্যয়ুঃ ॥৪৮॥

ভারতকৌমুদী

স্বিতি। সুকল্পিতাঃ সুসজ্জিতাঃ, হৈমবতা হিমালয়প্রদেশোৎপন্নাঃ, মদোৎকটা মদমত্তাঃ, রণাভিকামৈঃ কৃতিভির্যুদ্ধনিপুণৈঃ, সমাস্থিতা আরূঢ়াঃ, সুবর্ণজালৈঃ অবততা আবৃতগাত্রাঃ, কুলিন্দানাং গজাঃ, খে আকাশে সবিদ্যুতো জলদা যথা ভান্তি, তথা বভুঃ ॥৪৫॥

বিথর্দ্দীতি। মহায়সৈর্লৌহময়ৈর্বিশালবাণৈঃ। শরদ্বৎসুতস্য কৃপস্য সায়কৈঃ ॥৪৬॥

বিথর্দ্দীতি। বিথর্দ্দিপুত্রস্য হতস্য অবরজঃ অনুজঃ, দিবাকরাংশুপ্রতিমৈঃ সূর্য্যকিরণনির্ম্মলৈঃ, অয়স্ময়ৈর্লৌহময়ৈঃ। রথং কৃপস্য, বিক্ষোভ্য প্রহারেণ সঞ্চাল্য ॥৪৭॥

তত ইতি। প্রদধ্মুর্বাদয়ামাসুঃ, লবণাম্বুসম্ভবান্ শঙ্খান্। বাণাসনপাণয়ো ধনুর্হস্তাঃ ॥৪৮॥

নরশ্রেষ্ঠ! পরে কৃপপ্রভৃতি বীরেরা উত্তম উত্তম বাণদ্বারা তাড়ন করিতে থাকিয়া সেই এগার জন নরশ্রেষ্ঠ ও রথিশ্রেষ্ঠ বীরকে রুদ্ধ করিলেন। ওদিকে কুলিন্দদেশীয় যোদ্ধারা নূতন মেঘের ন্যায় নীলবর্ণ, পর্বতশৃঙ্গতুল্য বিশাল ও ভীষণবেগশালী হস্তিগণে আরোহণ করিয়া কৌরবগণের দিকে আগমন করিলেন ॥৪৪॥

যুদ্ধাভিলাষী ও যুদ্ধনিপুণ কুলিন্দবীরগণকর্ত্তৃক অধিষ্ঠিত, সুসজ্জিত, হিমালয়প্রদেশোৎপন্ন, মদমত্ত ও স্বর্ণজালবেষ্টিতদেহ হস্তিগণ—আকাশে বিদ্যুৎসমন্বিত মেঘসমূহের ন্যায় শোভা পাইতে লাগিল ॥৪৫॥

ক্রমে বিথর্দ্দিপুত্র দশটা লৌহময় মহাবাণদ্বারা অশ্ব ও সারথির সহিত কৃপাচার্য্যকে গুরুতর পীড়ন করিলেন; তাহার পর তিনি কৃপাচার্য্যের বাণে নিহত হইয়া হস্তীর সহিতই ভূতলে পতিত হইলেন ॥৪৬॥

পরে বিথর্দ্দিপুত্রের কনিষ্ঠ সহোদর সূর্য্যকিরণের ন্যায় নির্ম্মল লৌহময় তোমরসমূহদ্বারা প্রহারপূর্ব্বক কৃপাচার্য্যের রথ বিক্ষুব্ধ করিয়া সিংহনাদ করিয়া উঠিলেন। সেই সিংহনাদ করিবার সময়েই শকুনি তাহার মস্তক ছেদন করিলেন ॥৪৭॥

(৪৬)…ততঃ স শারদ্বতসায়কৈর্হতঃ…পি। (৪৮)…বাণাসনপাণয়ো যযুঃ—পি বা।

অথাভবদ্যুদ্ধমতীব দারুণং পুনঃ কুরূণাং সহ পাণ্ডুসৃঞ্জয়ৈঃ।
শরাসিশক্ত্যৃষ্টিগদাপরশ্বধৈর্নরাশ্বনাগাসুহরং ভৃশাকুলম্ ॥৪৯॥
রথাশ্বমাতঙ্গপদাতিভিস্ততঃ পরস্পরং বিপ্রহতাঃ পতন্ ক্ষিতৌ।
যথা সবিদ্যুৎস্তনিতা বলাহকাঃ সমাহতা দিগ্ভ্য ইবোগ্রমারুতৈঃ ॥৫০॥
ততঃ শতানীকমতান্ মহাগজাংস্তথা রথান্ পত্তিগণাংশ্চ তান্ বহূন্।
জঘান ভোজস্তু হয়ানথাপতন্ ক্ষণাদ্বিশস্তাঃ কৃতবর্ম্মণঃ শরৈঃ ॥৫১॥
অথাপরে দ্রৌণিশরাহতা দ্বিপাস্ত্রয়ঃ সসর্বায়ুধযোধকেতনাঃ।
নিপেতুরুর্ব্যাং ব্যসবঃ প্রপাতিতাস্তথা যথা বজ্রহতা মহাচলাঃ ॥৫২॥

ভারতকৌমুদী

অথেতি। নরাণামশ্বানাং নাগানাং গজানাঞ্চ অসুহরং প্রাণনাশকম্ ॥৪৯॥

রথেতি। বিপ্রহতা নিহতাঃ, পতন্ অপতন্। অড়াগমাভাব আর্ষঃ। বিদ্যুদ্ভিঃ স্তনিতৈর্গর্জিতৈশ্চ সহেতি তে, বলাহকা মেঘাঃ। যথাশব্দস্থিতেবিবশব্দঃ সম্ভাবনায়াম্ ॥৫০॥

তত ইতি। শতানীকেন বীরেণ মতা যোদ্ধৃত্বেনাঙ্গীকৃতাঃ। ভোজঃ কৃতবর্ম্মা। বিশস্তাঃ হতাঃ ॥৫১॥

অথেতি। সর্ব্বৈরায়ুধৈরস্ত্রৈঃ যোধৈর্যোদ্ধৃভিঃ কেতনৈর্ধ্বজৈশ্চ সহেতি তে। ব্যসবো নিষ্প্রাণাঃ ॥৫২॥

মহারাজ! এইভাবে সেই কুলিন্দেরা নিহত হইলে, আপনার পক্ষের সেই মহারথেরা আনন্দিত হইয়া শঙ্খধ্বনি করিলেন এবং কার্ম্মুকহস্তে বিপক্ষগণের দিকে ধাবিত হইলেন ॥৪৮॥

তাহার পর পুনরায় পাণ্ডব ও সৃঞ্জয়গণের সহিত কৌরবগণের অতিদারুণ ও অতিসঙ্কুল যুদ্ধ হইতে লাগিল; তাহাতে বাণ, তরবারি, শক্তি, ঋষ্টি, গদা ও পরশু-প্রহারে হস্তী, অশ্ব ও পদাতিগণের প্রাণ বিনষ্ট হইতে থাকিল ॥৪৯॥

ক্রমে বিদ্যুৎ ও গর্জনযুক্ত মেঘ সকল যেমন ভীষণবায়ুবেগে তাড়িত হইয়া দিক্ হইতে পতিত হয়, সেইরূপ হস্তী, অশ্ব, রথ ও পদাতিকর্তৃক পরস্পর নিহত হইয়া সেগুলি ভূতলে পতিত হইতে লাগিল ॥৫০॥

তাহার পর কৃতবর্ম্মা শতানীকসম্মত বহুতর মহাহস্তী, অশ্ব, রথ ও পদাতিগণকে বধ করিতে থাকিলেন। তখন সে সকল কৃতবর্ম্মার বাণে নিহত হইয়া ক্ষণকাল-মধ্যেই পতিত হইল ॥৫১॥

তদনন্তর বজ্রাহত মহাপর্ব্বত যেমন নিপাতিত হয়, সেইরূপ অন্য তিনটা হাতী

---

(৫২)···সসজ্জায়ুধযোধকেতবঃ···পি নি।

কুলিন্দরাজাবরজাদনন্তরঃ স্তনান্তরে পত্রিবরৈরতাড়য়ৎ।
তবাত্মজং তস্য তবাত্মজঃ শরৈঃ শিতৈঃ শরীরং বিভিদে দ্বিপঞ্চ তম্ ॥৫৩॥
স নাগরাজঃ সহ রাজসূনুনা পপাত রক্তং বহু সর্বতঃ ক্ষরন্।
শচীশবজ্রপ্রহতোঽম্বুদাগমে যথা জলং গৈরিকপর্বতস্তথা ॥৫৪॥
কুলিন্দপুত্রপ্রহিতোঽপরো দ্বিপঃ শকং সসূতাশ্বরথং ব্যপোথয়ৎ।
ততোঽপতৎ ক্রাথশরাভিদারিতঃ সহেশ্বরো বজ্রহতো যথা গিরিঃ ॥৫৫॥
রথী দ্বিপস্থেন হতোঽপতচ্ছরৈঃ ক্রাথাধিপঃ পর্বতজেন দুর্জয়ঃ।
সবাজিসূতেষ্বসনধ্বজস্তথা যথা মহাবাতহতো মহাদ্রুমঃ ॥৫৬॥
বৃকো দ্বিপস্থং গিরিরাজবাসিনং ভৃশং শরৈর্দ্বাদশভিঃ পরাভিনৎ।
ততো বৃকং সাশ্বরথং মহাদ্বিপো দ্রুতং চতুর্ভিশ্চরণৈর্ব্যপোথয়ৎ ॥৫৭॥

ভারতকৌমুদী

কুলিন্দেতি। কুলিন্দরাজস্য অবরজাদনুজাৎ অনন্তরঃ অনুজঃ, পত্রিবরৈর্বাণশ্রেষ্ঠৈঃ ॥৫৩॥
স ইতি। সর্বতো গাত্রাৎ। শচীশস্য ইন্দ্রস্য বজ্রেণ প্রহতঃ, অম্বুদাগমে বর্ষাসু ॥৫৪॥
কুলিন্দেতি। অপতৎ স দ্বিপঃ, ঈশ্বরেণ স্বামিনা আরোহিণা সহেতি সঃ ॥৫৫॥
রথীতি। বাজিভিরশ্বৈঃ সূতেন সারথিনা ইষ্বসনেন ধনুষা ধ্বজেন চ সহেতি সঃ ॥৫৬॥
বৃক ইতি। পরাভিনৎ ব্যদারয়ৎ। মহাদ্বিপো গিরিরাজবাসিন এব ॥৫৭॥

অশ্বত্থামার বাণে আহত ও প্রাণশূন্য হইয়া সমস্ত অস্ত্র, যোদ্ধা ও ধ্বজের সহিত ভূতলে নিপাতিত হইল ॥৫২॥

মহারাজ! কুলিন্দরাজের কনিষ্ঠের কনিষ্ঠ সহোদর কতকগুলি উত্তম বাণদ্বারা আপনার পুত্র দুর্য্যোধনের বক্ষস্থলে আঘাত করিলেন; তখন দুর্য্যোধনও সুধার বাণসমূহদ্বারা তাঁহার দেহ ও হস্তী বিদীর্ণ করিলেন ॥৫৩॥

তখন বর্ষাকালে ইন্দ্রের বজ্রাহত গৈরিকপর্ব্বত যেমন জল নিঃসারণ করিতে থাকিয়া পতিত হয়, তেমন সেই মহাহস্তী সমস্ত অঙ্গ হইতে রক্ত নিঃসারণ করিতে থাকিয়া রাজপুত্রের সহিত পতিত হইল ॥৫৪॥

কুলিন্দরাজপুত্রপ্রেরিত অপর একটা হাতী যাইয়া অশ্ব, সারথি ও রথের সহিত শককে নিষ্পেষিত করিল; তৎপরে সেই হাতীটা ক্রাথের বাণে বিদীর্ণ হইয়া বজ্রাহত পর্ব্বতের ন্যায় কুলিন্দরাজপুত্রের সহিত পতিত হইল ॥৫৫॥

আবার গজারোহী কোন পার্ব্বত্য বীর বাণদ্বারা আঘাত করিলে, মহাবায়ু-তাড়িত মহাবৃক্ষের ন্যায় অশ্ব, সারথি, ধনু ও ধ্বজের সহিত রথারোহী দুর্জয় সেই ক্রাথদেশাধিপতি পতিত হইলেন ॥৫৬॥

(৫৭)···সাশ্বরথং মহাজরং ত্বরংশ্চতুর্ভিঃ···পি।

স নাগরাজঃ সনিয়ন্তৃকোঽপতৎ পরাহতো বভ্রুসুতেষুভির্ভৃশম্।
স চাঙ্গদো মাগধসূনুরর্দ্দিতঃ পপাত বাণৈঃ সহদেবসূনুনা ॥৫৮॥
বিষাণপুচ্ছাবরগাত্রঘাতিনা গজেন বাহাঃ শকুনেঃ কুলিন্দজাঃ।
সুপর্ণবাতপ্রহতা যথা নগাস্তথা গতা গামবশা বিচূর্ণিতাঃ ॥৫৯॥
ততোঽভ্যবিধ্যদ্বহুভিঃ শিতৈঃ শরৈঃ কুলিন্দপুত্রো নকুলাত্মজং স্ময়ন্।
ততোঽস্য কায়াদ্বিচকর্ত্ত নাকুলিঃ শিরঃক্ষুরেণাম্বুজসন্নিভাননম্ ॥৬০॥
ততঃ শতানীকমবিধ্যদায়সৈস্ত্রিভিঃ শরৈঃ কর্ণসুতোঽর্জ্জুনং ত্রিভিঃ।
ত্রিভিশ্চ ভীমং নকুলঞ্চ সপ্তভির্জনার্দ্দনং দ্বাদশভিশ্চ সায়কৈঃ ॥৬১॥

ভারতকৌমুদী

স ইতি। নিযন্ত্রা চালকেন সহেতি সঃ। বভ্রুর্নাম মগধরাজস্তস্য সুতোঽঙ্গদস্তস্যেষুভির্বাণৈঃ। সহদেবস্য পাণ্ডবস্য সূনুনা পুত্রেণ শ্রুতসেনেন ॥৫৮॥

বিষাণেতি। বিষাণাভ্যাং দন্তাভ্যাং পুচ্ছেন লাঙ্গুলেন অবরেণ শুণ্ডয়া গাত্রেণ চ হন্তীতি তেন, বাহা অশ্বাঃ। সুপর্ণস্য গরুড়স্য বাতেন পক্ষবায়ুনা প্রহতাস্তাড়িতাঃ, নগা বৃক্ষাঃ, গাং ভূমিম্ ॥৫৯॥

তত ইতি। স্ময়ন্ ঈষদ্ধসন্। বিচকর্ত্ত চিচ্ছেদ, নাকুলির্নকুলপুত্রঃ শতানীকঃ ॥৬০॥

তত ইতি। আয়সৈর্লৌহময়ৈঃ। কর্ণসুতো বৃষসেনঃ ॥৬১॥

এই সময়ে বৃক বারটা বাণদ্বারা সেই গজারোহী পার্বত্য বীরকে গুরুতর বিদীর্ণ করিলেন। তৎপরে পার্ব্বত্য বীরেব মহাহস্তী যাইয়া চারি চরণদ্বারা অশ্ব ও রথের সহিত বৃককে সত্বর নিষ্পেষিত করিল ॥৫৭॥

তখন বভ্রুর পুত্র অঙ্গদ বাণদ্বারা গুরুতর আঘাত করিলে, আরোহীর সহিত সেই মহাহস্তী পতিত হইল। তৎপরে আবার সহদেবের পুত্র শ্রুতসেন বাণদ্বারা পীড়ন করিলে, মগধরাজপুত্র সেই অঙ্গদ পতিত হইলেন ॥৫৮॥

দন্ত, পুচ্ছ, শুণ্ড ও গাত্রদ্বারা আঘাতকারী কোন হাতী আঘাত করিলে, কুলিন্দদেশজাত শকুনির অশ্বগুলি, গরুড়ের পক্ষবায়ুতাড়িত বৃক্ষসমূহের ন্যায় বিচূর্ণিত ও অবশ হইয়া ভূতলে পতিত হইল ॥৫৯॥

তাহার পর কুলিন্দরাজপুত্র ঈষৎ হাস্য করিতে থাকিয়া বহুতর সুধার বাণদ্বারা নকুলপুত্র শতানীককে বিদ্ধ করিলেন। পরে শতানীক একটা ক্ষুরপ্রবাণদ্বারা কুলিন্দরাজপুত্রের দেহ হইতে পদ্মতুল্যমুখযুক্ত মস্তকটী ছেদন করিলেন ॥৬০॥

তদনন্তর কর্ণের পুত্র বৃষসেন লৌহময় তিন বাণে শতানীককে, তিন বাণে অর্জ্জুনকে, তিন বাণে ভীমকে, সাত বাণে নকুলকে এবং বার বাণে কৃষ্ণকে তাড়ন করিলেন ॥৬১॥

তদস্য কর্ম্মাতিমনুষ্যকর্ম্মণঃ সমীক্ষ্য হৃষ্টাঃ কুরবোঽভ্যপূজয়ন্‌।
পরাক্রমজ্ঞাস্তু ধনঞ্জয়স্য যে হুতোঽয়মগ্নাবিতি তে তু মেনিরে ॥৬২॥
ততঃ কিরীটী পরবীরঘাতী হতাশ্বমালোক্য নরপ্রবীরম্‌।
মাদ্রীসুতং নকুলং লোকমধ্যে সমীক্ষ্য কৃষ্ণং ভৃশবিক্ষতঞ্চ।
তমভ্যধাবদ্‌বৃষসেনমাহবে স সূতজস্য প্রমুখে স্থিতং তদা ॥৬৩॥
তমাপতন্তং নরবীরমুগ্রং মহাহবে বাণসহস্রধারিণম্‌।
অভ্যাপতৎ কর্ণসুতো মহারথো যথৈব চেন্দ্রং নমুচিস্তথৈব তম্‌ ॥৬৪॥
ততো দ্রুতং চৈকরথেন পার্থং শরেণ বিদ্ধ্বা যুধি কর্ণপুত্রঃ।
ননাদ নাদং সুমহানুভাবো বিদ্ধেব শক্রং নমুচিঃ পুরা বৈ ॥৬৫॥
পুনঃ স পার্থং বৃষসেন উগ্রৈর্বাণৈরবিধ্যদ্ভুজমূলে তু সব্যে।
তথৈব কৃষ্ণং নবভিঃ সমার্পয়ৎ পুনশ্চ পার্থং দশভিঃ পৃষৎকৈঃ ॥৬৬॥

ভাবতকৌমুদী

তদিতি। অতিমনুষ্যকর্ম্মণঃ অলৌকিককার্য্যকারিণঃ। অভ্যপূজয়ন্‌ প্রাশংসন্‌। অয়ং বৃষসেনঃ অগ্নৌ হুতো নিক্ষিপ্ত ইতি মেনিরে অর্জ্জুনেনাস্য বধাবশ্যম্ভাবাদিতি ভাবঃ ॥৬২॥

তত ইতি। কিরীটী অর্জ্জুনঃ। সূতজস্য কর্ণস্য, প্রমুখে সম্মুখে। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৬৩॥

তমিতি। তং প্রস্তুতম্‌। নমুচির্নাম দানবঃ। তং মহাবীরত্বেন প্রসিদ্ধম্‌ ॥৬৪॥

তত ইতি। একরথেনাগ্রেসরীভূয়েতি শেষঃ। সুমহানুভাবঃ অতীবপ্রভাবশালী ॥৬৫॥

তখন কৌরবেরা অলৌকিককার্য্যকারী বৃষসেনের সেই কার্য্য দেখিয়া তাঁহার প্রশংসা করিতে লাগিলেন। কিন্তু যাঁহারা অর্জ্জুনের পরাক্রম জানিতেন, তাঁহারা মনে করিলেন যে, বৃষসেনকে অগ্নিতে নিক্ষেপ করা হইয়াছে ॥৬২॥

বৃষসেন লোকমধ্যে মাদ্রীপুত্র নরপ্রবীর নকুলের অশ্বগুলিকে বধ করিয়াছেন এবং কৃষ্ণকেও অত্যন্ত ক্ষত-বিক্ষত করিয়াছেন ইহা দেখিয়া বিপক্ষবীরহন্তা অর্জ্জুন তখনই কর্ণের সম্মুখস্থিত বৃষসেনের দিকে ধাবিত হইলেন ॥৬৩॥

বাণসহস্রধারী প্রসিদ্ধ নরবীর অর্জ্জুন উগ্রমূর্ত্তি হইয়া মহাযুদ্ধে আসিতে লাগিলে, পূর্ব্বকালে নমুচিদানব যেমন ইন্দ্রের দিকে ধাবিত হইয়াছিল, সেইরূপ মহারথ বৃষসেনও অর্জ্জুনের দিকে ধাবিত হইলেন ॥৬৪॥

তাহার পর অত্যন্তপ্রভাবশালী বৃষসেন বেগে একরথেই অগ্রবর্ত্তী হইয়া এক বাণে অর্জ্জুনকে বিদ্ধ করিয়া—পূর্ব্বকালে নমুচিদানব যেমন ইন্দ্রকে বিদ্ধ করিয়া সিংহনাদ করিয়াছিল, সেইরূপ সিংহনাদ করিলেন ॥৬৫॥

(৬২)…পরাক্রমজ্ঞাস্তু ততোঽর্জ্জুনস্য তে হুতোঽয়মগ্নাবিতি তং তু মেনিরে—পি। (৬৫)…শরেণ বিদ্ধ্বা সূতপুত্রস্য পুত্রঃ…পি।

পূর্বং তথা বৃষসেনেন বিদ্ধো মহাজবৈঃ শ্বেতহয়ঃ শরৈস্তৈঃ।
সংরম্ভমীষদ্‌গমিতো বধায় কর্ণাত্মজস্যাথ মনঃ প্রদধ্রে ॥৬৭॥
ততঃ কিরীটী রণমূর্দ্ধ্নি কোপাৎ কৃত্বা ত্রিশাখাং ভ্রুকুটিং ললাটে।
মুমোচ তূর্ণং বিশিখান্ মহাত্মা বধায় রাজন্! কর্ণসুতস্য সংখ্যে ॥৬৮॥
আরক্তনেত্রোঽন্তকশক্রহন্তা উবাচ কর্ণং ভৃশমুৎস্ময়ংস্তদা।
দুর্য্যোধনং দ্রৌণিমুখাংশ্চ সর্বানহং রণে বৃষসেনং তমুগ্রম্ ॥৬৯॥
সংপশ্যতঃ কর্ণ! তবাদ্য সংখ্যে নয়ামি লোকং নিশিতৈঃ পৃষৎকৈঃ।
নূনঞ্চ তাবদ্ধি জনা বদন্তি সর্বৈর্ভবদ্ভির্মম সূনুর্হতোঽসৌ ॥৭০॥
একো রথো মদ্বিহীনস্তরস্বী অহং হনিষ্যে ভবতাং সমক্ষম্।
সংরক্ষ্যতাং রথসংস্থাঃ! সুতোঽয়মহং হনিষ্যে বৃষসেনমুগ্রম্ ॥৭১॥
(বিশেষকম্)

ভারতকৌমুদী

পুনবিতি। সব্যে বামে। নবভির্বাণৈঃ, সমার্পয়দপীড়যৎ। পৃষৎকৈর্বাণৈঃ ॥৬৬॥

পূর্ব্বমিতি। মহাজবৈবতিবেগযুক্তৈঃ, শ্বেতা হযা যস্য সঃ অর্জ্জুনঃ। সংবম্ভং ক্রোধম্, গমিতো বৃষসেনেনৈব প্রাপিতঃ, কর্ণাত্মজস্য তস্য বৃষসেনস্য, প্রদধ্রে চকাব ॥৬৭॥

তত ইতি। কিবীটী অর্জ্জুনঃ। তিস্রঃ শাখা বেখা যস্যাং তাম্ ॥৬৮॥

আরক্তেতি। অন্তকো যম ইব শক্রহন্তা অন্তকশক্রহন্তা। উৎস্ময়ন্ ঈষদ্ধসন্। দ্রৌণিমুখান্ অশ্বত্থামাদীন্। তং বীবত্বেন প্রসিদ্ধম্। লোকং পবলোকম্, পৃষৎকৈর্বাণৈঃ। তাবদ্ধি সর্ব এব। সূনুঃ পুত্রোঽভিমন্যুঃ। তবস্বী বলবান্। হে বথসংস্থা বীবাঃ। যুষ্মাভিবষং কর্ণস্য সুতঃ সংবক্ষ্যতাম্। উগ্রং ভীষণং বীবম্ ॥৬৯—৭১॥

বৃষসেন পুনরায় ভীষণ কতকগুলি বাণদ্বারা অর্জ্জুনেব বামবাহুমূল বিদ্ধ করিলেন এবং সেইরূপই নয়টা বাণদ্বাবা কৃষ্ণকে, আবার দশটা বাণদ্বাবা অর্জ্জুনকে তাড়ন করিলেন ॥৬৬॥

বৃষসেন পূর্ব্বে সেইরূপ বিদ্ধ কবিয়াছিলেন, আবাবও সেই সকল মহাবেগশালী বাণদ্বাবা বিদ্ধ কবায় অর্জ্জুন ঈষৎ ক্রুদ্ধ হইলেন, পবে বৃষসেনকে বধ কবিবার জন্য মন স্থিব করিলেন ॥৬৭॥

রাজা! তাহাব পর মহাত্মা অর্জ্জুন রণমধ্যে কোপবশতঃ ললাটে বেখাত্রয়যুক্ত ভ্রুকুটি কবিয়া যুদ্ধে বৃষসেনকে বধ কবিবার জন্য সত্বব কতকগুলি বাণ নিক্ষেপ করিলেন ॥৬৮॥

---

(৬৮)···সসর্জ্জ তূর্ণম্···পি বর্দ্ধ। (৬৯) ইতঃ প্রভৃতি সার্দ্ধাঃ পঞ্চ শ্লোকাঃ পি বর্দ্ধ ন সন্তি। (৭০)···উনঞ্চ তাবদ্ধি জনা বদন্তি···বঙ্গ।

পশ্চাদ্বধিষ্যে ত্বামপি সম্প্রমূঢ়মহং হনিষ্যেঽর্জ্জুন আজিমধ্যে।
তমস্য মূলং কলহস্য সংখ্যে দুর্য্যোধনাপাশ্রয়জাতদর্পম্ ॥৭২॥
ত্বামদ্য হন্তাস্মি রণে প্রসহ্য অস্যৈব হন্তা যুধি ভীমসেনঃ।
দুর্য্যোধনস্যাধমপূরুষস্য যস্যানযাদেষ মহান্ ক্ষয়োঽভবৎ ॥৭৩॥
স এবমুক্ত্বা বিনিস্মৃজ্য চাপং লক্ষ্যং হি কৃত্বা বৃষসেনমাজৌ।
সসর্জ্জ তূর্ণং বিশিখান্ মহাত্মা বধায় রাজন্! কর্ণসুতস্য সংখ্যে ॥৭৪॥
বিব্যাধ চৈনং দশভিঃ পৃষৎকৈর্মর্ম্মস্বশঙ্কং প্রসভং কিরীটী।
চিচ্ছেদ চাস্যেষ্বসনং ভুজৌ চ ক্ষুরৈশ্চতুর্ভিঃ শির এব চোগ্রৈঃ ॥৭৫॥

ভারতকৌমুদী

পশ্চাদিতি। পশ্চাৎ বৃষসেনবধাৎ পরম্, অহমর্জ্জুনঃ, আজের্যুদ্ধস্য মধ্যে, সম্প্রমূঢ়ম্ অতিশয়েন কর্ত্তব্যজ্ঞানহীনম্, অস্য কলহস্য মূলম্, দুর্য্যোধনস্য অপাশ্রয়েণ নিকৃষ্টাবলম্বনেন জাতো দর্পো যস্য তম্, অদ্য ত্বাং কর্ণমপি বধিষ্যে। ক্রোধেনাধৈর্য্যাদ্ধনিষ্যে ইতি পুনরুক্তিঃ ॥৭২॥

ত্বামিতি। প্রসহ্য বলেন। অস্য দুর্য্যোধনস্য, হন্তৈব। অনযাৎ দুর্নীতেঃ ॥৭৩॥

স ইতি। স মহাত্মাঽর্জ্জুনঃ। সসর্জ্জ চিক্ষেপ, বিশিখান্ বাণান্ ॥৭৪॥

বিব্যাধেতি। পৃষৎকৈর্বাণৈঃ, মর্ম্মসু দেহস্য প্রত্যেকপ্রধানসংযোগস্থানেষু কণ্ঠে, বক্ষসি,

---

ক্রমে যমের ন্যায় শক্রহন্তা অর্জ্জুন আরক্তনয়ন হইয়া ঈষৎ হাস্য করিয়া উচ্চস্বরে কর্ণ, দুর্য্যোধন ও অশ্বত্থামাদি সমস্ত বীরকে বলিলেন—'কর্ণ! আজ আমি সুধার বাণসমূহদ্বারা তোমার সমক্ষেই তোমার পুত্র উগ্রমূর্ত্তি বৃষসেনকে পরলোকে প্রেরণ করিব। সকল লোকই নিশ্চিতভাবে বলে—'আমার পুত্র অভিমন্যু একমাত্র রথী ছিল, আমি নিকটে ছিলাম না; সেই অবস্থায় তোমরা সকলে মিলিত হইয়া সেই বীরকে বধ করিয়াছ।' কিন্তু আমি তোমাদের সমক্ষেই তোমার পুত্রকে বধ করিব। হে রথারোহিগণ! আপনারা এই কর্ণপুত্রকে রক্ষা করুন; আমি এই উগ্রমূর্ত্তি বৃষসেনকে বধ করিব ॥৬৯—৭১॥

কর্ণ! তুমি এই কলহের মূল, দুর্য্যোধনের নিকৃষ্ট আশ্রয়েই তোমার দর্প হইয়াছে এবং তুমি চিরদিনই অতিশয় কর্ত্তব্যজ্ঞানহীন। অতএব বৃষসেনের বধের পরেই আমি অর্জ্জুন আজ তোমাকেও বধ করিব ॥৭২॥

আমি আজ যুদ্ধে বলপূর্ব্বক তোমাকে বধ করিব এবং যাহার দুর্নীতিবশতঃ এই মহালোকক্ষয় হইয়া আসিতেছে, সেই অধমপুরুষ দুর্য্যোধনকে যুদ্ধে ভীমসেন নিশ্চয়ই বধ করিবেন' ॥৭৩॥

রাজা! মহাত্মা অর্জ্জুন এইরূপ বলিয়া ধনু মাজিয়া বৃষসেনকে লক্ষ্য করিয়া তাহাকে বধ করিবার জন্য সত্বর বহুতর বাণ নিক্ষেপ করিলেন ॥৭৪॥

স পার্থবাণাভিহতঃ পপাত রথাদ্বিবাহুর্বিশিরা ধরায়াম্।
সুপুষ্পিতো বৃক্ষবরোঽতিকায়ো বাতেরিতঃ শাল ইবাদ্রিশৃঙ্গাৎ ॥৭৬॥
তং প্রেক্ষ্য বাণাভিহতং পতন্তং রথাৎ সুতং সূতজঃ ক্ষিপ্রকারী।
রথং রথেনাশু জগাম রোষাৎ কিরীটিনঃ পুত্রবধাভিতপ্তঃ ॥৭৭॥
ততঃ সমক্ষং স্বসুতং বিলোক্য কর্ণো হতং শ্বেতহয়েন সংখ্যে।
সংরম্ভমাগম্য পরং মহাত্মা কৃষ্ণার্জ্জুনৌ সহসৈবাভ্যধাবৎ ॥৭৮॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং কর্ণপর্ব্বণি
বৃষসেনবধে দ্বিষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

বাহুমূলদ্বয়ে, কফোণিদ্বয়ে, উরুমূলদ্বয়ে, জানুদ্বয়ে চেত্যর্থঃ, প্রসভং বলেন। একেন ক্ষুরেণ ইম্বসনং ধনুঃ, দ্বাভ্যাং ক্ষুবাভ্যাং ভুজৌ, একেন চ ক্ষুবেণ শির ইতি তাৎপর্য্যম্। অর্জ্জুনস্যাতি-লঘুহস্ততয়া যুধ্যমানস্যাপি বৃষসেনস্যৈবমবস্থা জাতা; কর্ণাদীনান্তু ব্যক্ত্যন্তবৈর্যুদ্ধব্যাপৃতত্বান্ন তৎসাহায্যসম্ভব আসীদিত্যাদিকমালোচনীয়ম্ ॥৭৫॥

স ইতি। সুপুষ্পিত ইত্যনেন বৃষসেনস্য নানালঙ্কারভূষিতত্বমাক্ষিপ্যতে ॥৭৬॥

তমিতি। সূতজঃ কর্ণঃ। স্বরথেন কিরীটিনো রথং জগামেতি সম্বন্ধঃ ॥৭৭॥

তত ইতি। শ্বেতা হয়া অশ্বা যস্য তেনার্জ্জুনেন। সংরম্ভং ক্রোধম্, পরমত্যন্তম্ ॥৭৮॥

ইতি মহামহোপাধ্যায-ভাবতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতায়াং মহাভারত-টীকায়াং ভাবতকৌমুদীসমাখ্যাযাং কর্ণপর্ব্বণি দ্বিষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

অর্জ্জুন দশটা বাণদ্বারা বলপূর্ব্বক নিঃশঙ্কভাবে বৃষসেনের দশটী মর্ম্মস্থান বিদ্ধ করিলেন এবং চারিটা ভীষণ ক্ষুরপ্রদ্বারা তাঁহার ধনু, বাহুযুগল ও মস্তক ছেদন করিলেন ॥৭৫॥

তখন বহুপুষ্পসমন্বিত ও অতিবিশাল উত্তম শালবৃক্ষ যেমন বায়ুসঞ্চালিত হইয়া পর্ব্বতশৃঙ্গ হইতে পতিত হয়, সেইরূপ বৃষসেন অর্জ্জুনের বাণে নিহত এবং বাহুযুগল ও মস্তকশূন্য হইয়া রথ হইতে পতিত হইলেন ॥৭৬॥

পরে ক্ষিপ্রকারী কর্ণ পুত্র বৃষসেনকে অর্জ্জুনেব বাণে নিহত ও রথ হইতে পতিত হইতে দেখিয়া পুত্রশোকে সন্তপ্ত হইয়া ক্রোধে সত্বর আপন বথে অর্জ্জুনেব রথেব দিকে গমন করিলেন ॥৭৭॥

তাহার পর মহাত্মা কর্ণ নিজের সমক্ষেই নিজেব পুত্রকে অর্জ্জুনকর্ত্তৃক যুদ্ধে নিহত দেখিয়া অত্যন্তক্রুদ্ধ হইয়া বেগে কৃষ্ণ ও অর্জ্জুনেব দিকে ধাবিত হইলেন ॥৭৮॥

---

(৭৬)...সুপুষ্পিতোঽপর্ণধরোঽতিকায়ঃ...পি। (৭৮) এব শ্লোকঃ পি বর্দ্ধ নাস্তি।

* 'চতুরশীতিতমোঽধ্যায়ঃ' পি, '...পঞ্চাশীতিতমোঽধ্যাযঃ' বঙ্গ বর্দ্ধ বা সো।

ত্রিষষ্টিতমোঽধ্যায়ঃ।

——ঃ-০-ঃ——

সঞ্জয় উবাচ।

তমায়ান্তমভিপ্রেক্ষ্য বেলোদ্বৃত্তমিবার্ণবম্।
গর্জ্জন্তং সুমহাকায়ং দুর্নিবারং সুরৈরপি।
অর্জ্জুনং প্রাহ দাশার্হঃ প্রহস্য পুরুষর্ষভঃ ॥১॥
অয়ং স রথ আয়াতি শ্বেতাশ্বঃ শল্যসারথিঃ।
যেন তে সহ যোদ্ধব্যং স্থিরো ভব ধনঞ্জয়। ॥২॥
পশ্য চৈনং সমাযুক্তং রথং কর্ণস্য পাণ্ডব।।
শ্বেতবাজিসমাযুক্তং যুক্তং রাধাসুতেন চ ॥৩॥
নানাপতাকাকলিলং কিঙ্কিণীজালমালিনম্।
উহ্যমানমিবাকাশে বিমানং পাণ্ডরৈর্হয়ৈঃ ॥৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তমিতি। বেলায়াং তীরে উদ্বৃত্তমুদ্গতং পূর্ণপূর্ণমিত্যর্থঃ। দাশার্হঃ কৃষ্ণঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১॥

অয়মিতি। শ্বেতা অশ্বা যস্য সঃ, শল্যঃ সারথির্যস্য স চ। যেন সহ তে যোদ্ধব্যম্ ॥২॥

পশ্যেতি। সমাযুক্তং নানাসজ্জাভিঃ। রাধাসুতেন কর্ণেন। নানাপতাকাভিঃ কলিলং ব্যাপ্তম্, কিঙ্কিণীজালস্য ক্ষুদ্রঘণ্টিকাসমূহস্য মালাস্যাস্তীতি তম্। পাণ্ডরৈঃ শ্বেতৈঃ ॥৩—৪॥

সঞ্জয় কহিলেন—'মহারাজ! অতিবিশালদেহ, দেবগণেরও দুর্নিবারণীয় ও গর্জনকারী কর্ণকে, তীরোদ্গত সমুদ্রের ন্যায় আসিতে দেখিয়া পুরুষশ্রেষ্ঠ কৃষ্ণ হাস্য করিয়া অর্জ্জুনকে বলিলেন—॥১॥

'অর্জ্জুন! শ্বেতাশ্ব ও শল্যসারথি এই সেই রথ আসিতেছে, যাহার সহিত তোমার যুদ্ধ করিতে হইবে। অতএব স্থির হও ॥২॥

পাণ্ডুনন্দন! কর্ণের এই রথখানা দেখ—ইহা নানাসজ্জায় সজ্জিত, শ্বেতবর্ণ ঘোটক ও কর্ণসংযুক্ত, নানাপতাকাব্যাপ্ত এবং কিঙ্কিণীসমূহের মালাসমন্বিত রহিয়াছে। অতএব আকাশে শ্বেতবর্ণঘোটকচালিত বিমানের ন্যায় ইহা দৃষ্টিগোচর হইতেছে ॥৩—৪॥

---

(৪) নানাপতাককলিলম্...বা।

ধ্বজঞ্চ পশ্য কর্ণস্য নাগকক্ষং মহাত্মনঃ।
আখণ্ডলধনুঃপ্রখ্যমুল্লিখন্তমিবাম্বরম্ ॥৫॥
পশ্য কর্ণং সমায়ান্তং ধার্ত্তরাষ্ট্রপ্রিয়ৈষিণম্।
শরধারা বিমুঞ্চন্তং ধারাসারমিবাম্বুদম্ ॥৬॥
এষ মদ্রেশ্বরো রাজা রথাগ্রে পর্য্যবস্থিতঃ।
নিয়চ্ছতি হয়ানস্য রাধেয়স্যামিতৌজসঃ ॥৭॥
শৃণু দুন্দুভিনির্ঘোষং শঙ্খশব্দঞ্চ দারুণম্।
সিংহনাদাংশ্চ বিবিধান্ শৃণু পাণ্ডব! সর্বতঃ ॥৮॥
অন্তর্দ্ধায় মহাশব্দান্ কর্ণেনামিততেজসা।
দোধূয়মানস্য ভৃশং ধনুষঃ শৃণু নিস্বনম্ ॥৯॥
এতে দীর্য্যন্তি সগণাঃ পাঞ্চালানাং মহারথাঃ।
দৃষ্ট্বা কেশরিণং ক্রুদ্ধং মৃগা ইব মহাবনে ॥১০॥

ভারতকৌমুদী

ধ্বজমিতি। নাগস্য হস্তিনঃ কক্ষা চিহ্নভূতা মধ্যবন্ধনবজ্জুর্যত্র তম্। আখণ্ডলধনুঃপ্রখ্যম্ উপরি ইন্দ্রধনুস্তুল্যম্, তৎকক্ষায়া গোলাকারত্বাৎ, উল্লিখন্তং কর্ষন্তমিব স্থিতম্ ॥৫॥

পশ্যেতি। বিমুঞ্চন্তং নিক্ষিপন্তম্, ধারাসারং বৃষ্টিধারাপাতম্ ॥৬॥

এষ ইতি। নিযচ্ছতি নিযময়তি যথাযথং চালযতীত্যর্থঃ, হয়ানশ্বান্ ॥৭॥

শৃণ্বিতি। সর্ব্বতঃ সর্বাসু দিক্ষু ॥৮॥

অন্তরিতি। অন্তর্দ্ধায় তিরোধায। দোধূয়মানস্য পুনঃ পুনশ্চাল্যমানস্য ॥৯॥

এত ইতি। দীর্য্যন্তি বিভজ্যন্তে, সগণাঃ সানুচরাঃ। কেশরিণং সিংহম্ ॥১০॥

মহাত্মা কর্ণের ধ্বজটাও দেখ; উহার উপরে ইন্দ্রধনুর ন্যায় গোলাকারে হস্তি-বন্ধনরজ্জু রহিয়াছে এবং ঐ ধ্বজটা যেন আকাশ বিদারণ করিতেছে ॥৫॥

বৃষ্টিধারাবর্ষী মেঘের ন্যায় শরধারাবর্ষী ও দুর্য্যোধনহিতৈষী কর্ণ আসিতেছেন দেখ ॥৬॥

এই মদ্ররাজ শল্য রথের সম্মুখে থাকিয়া এই অমিততেজা কর্ণের অশ্বগুলিকে চালাইতেছেন ॥৭॥

পাণ্ডুনন্দন! সকল দিকে দুন্দুভিধ্বনি, দারুণ শঙ্খশব্দ ও নানাবিধ সিংহনাদ শ্রবণ কর ॥৮॥

অমিততেজা কর্ণ গুরুতরভাবে ধনু আকর্ষণ করিতেছেন, তাহার শব্দ অন্যান্য বিশাল শব্দকে তিরোহিত করিয়া প্রকাশ পাইতেছে শোন ॥৯॥

সর্বযত্নেন কৌন্তেয়! হন্তুমর্হসি সূতজম্।
ন হি কর্ণশরানন্যঃ সোঢ়ুমুৎসহতে নরঃ ॥১১॥
সদেবাসুরগন্ধর্বাংস্ত্রীল্লোঁকান্ সচরাচরান্।
ত্বং হি জেতুং রণে শক্তস্তথৈব বিদিতং মম ॥১২॥
ভীমমুগ্রং মহাত্মানং ত্র্যক্ষং সর্বং কপর্দ্দিনম্।
ন শক্তা দ্রষ্টুমীশানং কিং পুনর্যোধিতুং প্রভুম্ ॥১৩॥
ত্বয়া সাক্ষান্মহাদেবঃ সর্বভূতশিবঃ শিবঃ।
যুদ্ধেনারাধিতঃ স্থাণুর্দেবাশ্চ বরদাস্তব ॥১৪॥
তস্য পার্থ! প্রসাদেন দেবদেবস্য শূলিনঃ।
জহি কর্ণং মহাবাহো! নমুচিং বৃত্রহা যথা।
শ্রেয়স্তেঽস্তু সদা পার্থ! যুদ্ধে জয়মবাপ্নুহি ॥১৫॥

ভারতকৌমুদী

সর্বেতি। সূতজং কর্ণম্। উৎসহতে শক্নোতি। অতোঽগ্রত এব স্থাতুং নার্হতীতি ভাবঃ ॥১১॥

অর্জ্জুনমুৎসাহয়িতুং স্তৌতি সেতি। সচরাচরান্ জঙ্গমস্থাবরসহিতান্ ॥১২॥

ভীমমিতি। ত্র্যক্ষং ত্রিলোচনম, সর্ব্বং শিবম্, কপর্দ্দিনং জটাজূটবন্তম ॥১৩॥

ত্বয়েতি। সর্ব্বেষামেব ভূতানাং প্রাণিনাং শিবো মঙ্গলকরঃ। স্থাণুশ্চিরস্থায়ী ॥১৪॥

তস্যেতি। নমুচিং নাম দানবম্, বৃত্রহা ইন্দ্রঃ। শ্রেয়ো মঙ্গলম্। ষট্পাদঃ শ্লোকঃ ॥১৫॥

মহাবনমধ্যে ক্রুদ্ধ সিংহকে দেখিয়া অপর পশুগণের ন্যায় এই পাঞ্চালমহারথেরা কর্ণকে দেখিয়া অনুচরগণের সহিত বিচ্ছিন্ন হইতেছেন ॥১০॥

কুন্তীনন্দন! তুমি সর্বপ্রযত্নে কর্ণকে বধ কর। কারণ, অন্য মানুষ কর্ণের বাণ সহ্য করিতে সমর্থ নহে ॥১১॥

অর্জ্জুন। তুমি যুদ্ধে দেবতা, অসুর ও গন্ধর্বগণের সহিত সচরাচর ত্রিভুবনকে জয় করিতে সমর্থ হও, তাহাই ত আমার জানা আছে ॥১২॥

ধনঞ্জয়! অন্য মানুষেরা ভীম, উগ্র, মহাত্মা, ত্রিলোচন, কপর্দ্দী ও ঈশান শিবকে দেখিতেই সমর্থ হয় না, সেই প্রভুর সহিত তাহাদের যুদ্ধ করিবার কথা আর কি বলিব ॥১৩॥

অর্জ্জুন! তুমি যুদ্ধ করিয়া সমস্ত প্রাণীর মঙ্গলকারী ও চিরস্থায়ী মহাদেব শিবকে আরাধনা করিয়াছ এবং দেবতারাও তোমার অভীষ্ট দান করিযাছিলেন ॥১৪॥

পৃথানন্দন মহাবাহু! ইন্দ্র যেমন নমুচিদানবকে বধ করিয়াছিলেন, তুমিও

---

(১১)…সোঢ়ুমুৎসহতেঽনঘ!—পি। (১২) সহদেবান্ সগন্ধর্বান্… বর্দ্ধ।

অর্জ্জুন উবাচ।

ধ্রুব এব জয়ঃ কৃষ্ণ! মম নাস্ত্যত্র সংশয়ঃ।
সর্বলোকগুরুর্যত্ত্বং তুষ্টোঽসি মধুসূদন! ॥১৬॥
চোদয়াশ্বান্ হৃষীকেশ! রথং মম মহারথ!।
নাহত্বা সমরে কর্ণং নিবর্ত্তিষ্যতি ফাল্গুনঃ ॥১৭॥
অদ্য কর্ণং হতং পশ্য মচ্ছরৈঃ শকলীকৃতম্।
মাং বা দ্রক্ষ্যসি গোবিন্দ! কর্ণেন নিহতং শরৈঃ ॥১৮॥
উপস্থিতমিদং ঘোরং যুদ্ধং ত্রৈলোক্যমোহনম্।
যজ্জনাঃ কথয়িষ্যন্তি যাবদ্ভূমির্ধরিষ্যতি ॥১৯॥
এবং ব্রুবংস্তদা পার্থঃ কৃষ্ণমক্লিষ্টকারিণম্।
প্রত্যুদ্যযৌ রথেনাশু গজং প্রতিগজো যথা ॥২০॥

ভারতকৌমুদী

ধ্রুব ইতি। ধ্রুবো নিশ্চিতঃ। তুষ্টোঽসি মাং প্রতি ॥১৬॥
চোদযেতি। চোদয চালয, অশ্বান্ বথঞ্চ। ফাল্গুনোঽর্জ্জুনঃ ॥১৭॥
অদ্যেতি। শকলীকৃতং খণ্ডীকৃতম, "ভিত্তং শকলখণ্ডে বা" ইত্যমরঃ ॥১৮॥
উপেতি। ধরিষ্যতি অবস্থাস্যতে। "ধৃঙ্ অবস্থানে" পরস্মৈপদন্ত্বার্ষম্ ॥১৯॥
এবমিতি। অক্লিষ্টমনায়াসং যথা তথা কর্ত্তুং সর্ব্বং কার্য্যং বিধাতুং শীলমস্যেতি তম্ ॥২০॥

সেইরূপ সেই দেবদেব মহাদেবের অনুগ্রহে কর্ণকে বধ কর। পার্থ! সর্ব্বদাই তোমার মঙ্গল হউক এবং যুদ্ধে জয় লাভ কব' ॥১৫॥

অর্জ্জুন বলিলেন—'মধুসূদন! সমগ্র জগতেব গুরু তুমি যখন আমার উপরে সন্তুষ্ট আছ, তখন নিশ্চয়ই আমাব জয় হইবে, এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥১৬॥

অতএব মহাবথ হৃষীকেশ! তুমি আমাব অশ্ব ও বথ সঞ্চালন কর; অর্জ্জুন যুদ্ধে কর্ণকে বধ না কবিয়া ফিরিবে না ॥১৭॥

গোবিন্দ! আজ আমাব বাণে কর্ণকে নিহত ও খণ্ডখণ্ডীকৃত দেখিবে, কিংবা কর্ণের বাণে আমাকে নিহত দর্শন কবিবে ॥১৮॥

যত কাল পৃথিবী থাকিবে, তত কাল লোকে যে যুদ্ধেব কথা বলিবে, আজ ত্রিভুবনমোহনকাবী সেই ভীষণ যুদ্ধ উপস্থিত হইবে ॥১৯॥

একটা হাতী যেমন অপব হাতীব দিকে দ্রুত গমন করে, তেমন অর্জ্জুন তখন অনায়াসে কার্য্যকাবী কৃষ্ণকে এইরূপ বলিতে থাকিয়া বথাবোহণে দ্রুত কর্ণেব দিকে গমন করিতে লাগিলেন ॥২০॥

(১৬)·· সর্ব্বলোকগুরুর্যত্ত্বম্·· বর্দ্ধ বা সো। (১৭)···সমবে শত্রুম্···পি।

পুনশ্চাহ মহাতেজাঃ পার্থঃ কৃষ্ণমরিন্দমম্ ।
চোদয়াশ্বান্ হৃষীকেশ ! কালোঽয়মতিবর্ত্ততে ।
এবমুক্তস্তদা তেন পাণ্ডবেন মহাত্মনা ॥২১॥
জয়েন সম্পূজ্য স পাণ্ডবং তদা প্রচোদয়ামাস হয়ান্ মনোজবান্।
স পাণ্ডুপুত্রস্য রথো মহাজবঃ ক্ষণেন কর্ণস্য রথাগ্রতোঽভবৎ ॥২২॥ (যুগ্মকম্)
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং কর্ণপর্ব্বণি
শ্রীকৃষ্ণবাক্যে ত্রিষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:-০-:——

চতুঃষষ্টিতমোঽধ্যায়ঃ।

——:*:——

সঞ্জয় উবাচ।
বৃষসেনং হতং দৃষ্ট্বা শোকামর্ষসমন্বিতঃ।
পুত্রশোকোদ্ভবং বারি নেত্রাভ্যাং সমবাসৃজৎ ॥১॥

ভারতকৌমুদী

'পুনরিতি। চোদয দ্রুতং চালয। অতিবর্ত্ততে শনৈশ্চালনেনাতিক্রামতি। ষট্পাদোঽয়ং শ্লোকঃ। জয়েন জয়াশীর্বাদেন, সম্পূজ্য গৌরবাস্পদীকৃত্য। প্রচোদয়ামাস দ্রুতং চালয়ামাস, হয়ানশ্বান্, মনস ইব জবো বেগো যেষাং তান্। রথস্য অগ্রতঃ সম্মুখস্থঃ ॥২১—২২॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং কর্ণপর্ব্বণি ত্রিষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

——:-০-:——

বৃষেতি। শোকেন অমর্ষেণ ক্রোধেন চ সমন্বিতঃ কর্ণঃ। সমবাসৃজদত্যজৎ ॥১॥

পরে মহাতেজা অর্জ্জুন শত্রুদমনকারী কৃষ্ণকে পুনরায় বলিলেন—'হৃষীকেশ! সময়াতিক্রম হইতেছে। সুতরাং অশ্বগুলিকে আরও দ্রুত চালাও'। মহাত্মা অর্জ্জুন এইরূপ বলিলে, কৃষ্ণ তখন জয়াশীর্বাদে অর্জ্জুনের গৌরব করিয়া মনের ন্যায় বেগবান্ অশ্বগুলিকে আরও বেগে চালাইয়া দিলেন। ক্রমে অর্জ্জুনের সেই মহাবেগশালী রথ ক্ষণকালমধ্যে যাইয়া কর্ণের রথের সম্মুখবর্ত্তী হইল ॥২১—২২॥

(২১) পুনরপ্যাহ তেজস্বী…রা নি,…অরিন্দম! নি। (২২)…রথাগ্রগোঽভবৎ—নি।
* '…পঞ্চাশীতিতমোঽধ্যায়ঃ' পি, '…ষডশীতিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ বা সো। (১)…
মুক্ত্বা শোকোদ্ভবং বারি নেত্রাভ্যাং সহসা বৃষঃ—পি।

রথেন কর্ণস্তেজস্বী জগামাভিমুখো রিপুম্ ।
যুদ্ধায়ামর্ষতাম্রাক্ষঃ সমাহূয় ধনঞ্জয়ম্ ॥২॥
তৌ রথৌ সূর্য্যসঙ্কাশৌ বৈয়াঘ্রপরিবারিতৌ ।
সমেতৌ দদৃশুস্তত্র দ্বাবিবার্কৌ সমাগতৌ ॥৩॥
শ্বেতাশ্বৌ পুরুষাদিত্যাবাস্থিতাবরিমর্দ্দনৌ ।
শুশুভাতে মহেষ্বাসৌ চন্দ্রাদিত্যৌ যথা দিবি ॥৪॥
তৌ দৃষ্ট্বা বিস্ময়ং জগ্মুঃ সর্বভূতানি মারিষ ! ।
ত্রৈলোক্যবিজয়ে যত্তাবিন্দ্রবৈরোচনাবিব ॥৫॥
রথজ্যাতলনির্ঘোষৈর্বাণশঙ্খরবৈস্তথা ।
তৌ রথাবভ্যধাবন্ত ক্ষত্রিয়াঃ সর্ব্ব এব হি ॥৬॥

ভারতকৌমুদী

রথেনেতি। অমর্ষেণ তাম্রে তাম্রবর্ণে অক্ষিণী চক্ষুষী যস্য সঃ ॥২॥
তাবিতি। ব্যাঘ্রস্যেদং বৈযাঘ্রং চর্ম্ম তেন পরিবারিতৌ আবৃত্তৌ ॥৩॥
শ্বেতেতি। শ্বেতা অশ্বা যযোস্তৌ, পুরুষাদিত্যৌ নরশ্রেষ্ঠৌ, আস্থিতাবারূঢৌ ॥৪॥
তাবিতি। যত্তৌ যত্নবন্তৌ, ইন্দ্রো বৈরোচনো বলিশ্চ তৌ ॥৫॥
রথেতি। রথানাং জ্যানাং ধনুর্গুণানাং তলানাং হস্তাবাপানাঞ্চ নির্ঘোষৈঃ ॥৬॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! কর্ণ বৃষসেনকে নিহত দেখিয়া শোকার্ত্ত ও ক্রুদ্ধ হইয়া নয়নযুগল হইতে পুত্রশোকাশ্রু বিসর্জন করিলেন ॥১॥

তাহার পর তেজস্বী কর্ণ ক্রোধে আরক্তনয়ন হইয়া যুদ্ধের জন্য শত্রু অর্জ্জুনকে আহ্বান করিয়া রথারোহণে তাঁহার অভিমুখে গমন করিলেন ॥২॥

তখন তত্রত্য লোকেরা দেখিল—সূর্য্যের ন্যায় উজ্জ্বল ও ব্যাঘ্রচর্ম্মে পরিবেষ্টিত সেই রথ দুইখানা যেন দুইটা সূর্য্যের তুল্য আসিয়া মিলিত হইয়াছে ॥৩॥

শ্বেতাশ্বযুক্ত, পুরুষশ্রেষ্ঠ, শত্রুমর্দ্দন, মহাধনুর্দ্ধর ও রথারূঢ় কর্ণ ও অর্জ্জুন তৎকালে আকাশে চন্দ্র ও সূর্য্যের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥৪॥

মাননীয় রাজা! পূর্ব্বকালে ত্রিভুবনজয়ে যত্নবান্ ইন্দ্র ও বলির ন্যায় সেই কর্ণ ও অর্জুনকে দেখিয়া তত্রত্য সমস্ত লোক বিস্ময়াপন্ন হইল ॥৫॥

ক্রমে সমস্ত ক্ষত্রিয়ই রথ, ধনুর গুণ, হস্তাবরণ, বাণ ও শঙ্খশব্দের সহিত সেই রথ দুইখানার দিকে ধাবিত হইলেন ॥৬॥

---

(৩)···বৈযাঘ্রপরিবারণৌ···পি বর্দ্ধ :বা। (৬)···বাণসিংহরবৈরপি···পি,···বাণসংঘরবৈরপি···বর্দ্ধ,···তৌ রথাবভিধাবন্তৌ সমালোক্য মহীক্ষিতাম্—পি বর্দ্ধ বা, বাণসিংহরবৈস্তথা···বা।

ধ্বজৌ চ দৃষ্ট্বা সংযুক্তৌ বিস্ময়ঃ সমপদ্যত।
হস্তিকক্ষ্যাঞ্চ কর্ণস্য বানরঞ্চ কিরীটিনঃ ॥৭॥
তৌ রথৌ সংপ্রসক্তৌ তু দৃষ্ট্বা ভারত! পার্থিবাঃ।
সিংহনাদরবাংশ্চক্রুঃ সাধুবাদাংশ্চ পুষ্কলান্ ॥৮॥
দৃষ্ট্বা চ দ্বৈরথং তাভ্যাং তত্র যোধাঃ সহস্রশঃ।
চক্রুর্বাহুস্বনাংশ্চৈব তথা চেলাবধূননম্ ॥৯॥
আজঘ্নুঃ কুরবস্তত্র বাদিত্রাণি সমন্ততঃ।
কর্ণং প্রহর্ষয়িষ্যন্তঃ শঙ্খান্ দধ্মুশ্চ পুষ্কলান্ ॥১০॥
তথৈব পাণ্ডবাঃ সর্ব্বে হর্ষয়ন্তো ধনঞ্জয়ম্।
তূর্য্যশঙ্খনিনাদেন দিশঃ সর্ব্বা ব্যনাদয়ন্ ॥১১॥
ক্ষ্বেড়িতাস্ফোটিতোৎক্রুষ্টৈস্তুমুলং সর্ব্বতোঽভবৎ।
বাহুশব্দৈশ্চ শূরাণাং কর্ণার্জ্জুনসমাগমে ॥১২॥

ভাবতকৌমুদী

ধ্বজাবিতি। সমপদ্যত সমজায়ত অসাধারণত্বাৎ। হস্তিনঃ কক্ষ্যাং মধ্যবন্ধনরজ্জুম্ ॥৭॥
তাবিতি। সংপ্রসক্তৌ রণাঙ্গনে মিলিতৌ। পুষ্কলান্ প্রচুরান্ ॥৮॥
দৃষ্ট্বেতি। দ্বয়োঃ রথয়োর্মেলনমিতি দ্বৈরথম্, তাভ্যাং তয়োঃ ॥৯॥
আজঘ্নুরিতি। সমন্ততঃ সর্ব্বাসু দিক্ষু। দধ্মুর্বাদয়ামাসুঃ ॥১০॥
তথেতি। তূর্য্যং তদানীন্তনবাদ্যবিশেষঃ ॥১১॥

দুইটা ধ্বজ রণস্থলে মিলিত হইয়াছে, তাহাতে আবার কর্ণের ধ্বজে হস্তিমধ্য-বন্ধনরজ্জু এবং অর্জ্জুনের ধ্বজে একটা বানর রহিয়াছে, ইহা দেখিয়া লোকের বিস্ময় জন্মিল ॥৭॥

ভরতনন্দন! সেই দুইখানা রথ মিলিত হইয়াছে দেখিয়া রাজারা প্রচুর সিংহনাদ ও সাধুবাদ করিতে লাগিলেন ॥৮॥

এবং তাঁহাদের রথদ্বয় মিলিত হইয়াছে দর্শন করিয়া তত্রত্য সহস্র সহস্র যোদ্ধাও বাহ্বাস্ফোটন ও বস্ত্রকম্পন করিতে থাকিল ॥৯॥

ক্রমে কৌরবেরা কর্ণকে আনন্দিত করিবেন বলিয়া সকল দিকে নানাবিধ বাদ্য বাজাইতে লাগিলেন এবং প্রচুর শঙ্খধ্বনি করিতে থাকিলেন ॥১০॥

সেইরূপই পাণ্ডবেরা সকলে অর্জ্জুনের আনন্দ জন্মাইবার জন্য তূর্য্য ও শঙ্খের শব্দে সকল দিক্ নিনাদিত করিতে লাগিলেন ॥১১॥

---

(৮) তৌ রথৌ সংপ্রযুক্তৌ তু দৃষ্ট্বা ভারত! সম্ভমাঃ...পি।

তৌ দৃষ্ট্বা পুরুষব্যাঘ্রৌ রথস্থৌ রথিনাং বরৌ।
প্রগৃহীতমহাচাপৌ শরশক্তিধ্বজাযুতৌ ॥১৩॥
বর্ম্মিণৌ বদ্ধনিস্ত্রিংশৌ শ্বেতাশ্বৌ শঙ্খশোভিতৌ।
তূণীরবরসম্পন্নৌ দ্বাবপ্যেতৌ সুদর্শনৌ ॥১৪॥
রক্তচন্দনদিগ্ধাঙ্গৌ সমদৌ গোবৃষাবিব।
চাপবিদ্যুদ্ধ্বজোপেতৌ শস্ত্রসম্পত্তিযোধিনৌ ॥১৫॥
চামরব্যজনোপেতৌ শ্বেতচ্ছত্রোপশোভিতৌ।
কৃষ্ণশল্যরথোপেতৌ তুল্যরূপৌ মহারথৌ ॥১৬॥
সিংহস্কন্ধৌ দীর্ঘভুজৌ রক্তাক্ষৌ হেমমালিনৌ।
সিংহস্কন্ধপ্রতীকাশৌ ব্যূঢ়োরস্কৌ মহাবলৌ ॥১৭॥
অন্যোন্যবধমিচ্ছন্তাবন্যোন্যজয়কাঙ্ক্ষিণৌ।
অন্যোন্যমভিধাবন্তৌ গোষ্ঠেম্বিব মহর্ষভৌ ॥১৮॥
প্রভিন্নাবিব মাতঙ্গৌ সুসংরব্ধাবিবাচলৌ।
আশীবিষশিশুপ্রখ্যৌ যমকালান্তকোপমৌ ॥১৯॥

ভারতকৌমুদী

ক্ষ্বেড়িতেতি। ক্ষ্বেড়িতং সিংহনাদঃ আস্ফোটিতং পাণিশব্দঃ উৎক্রুষ্টমুদ্গর্জনঞ্চ তৈঃ ॥১২॥
তাবিতি। শরৈঃ শক্তিভিঃ ধ্বজাভ্যাঞ্চ আযুতৌ সমন্বিতৌ। বদ্ধনিস্ত্রিংশৌ কটিধৃত-করবালৌ। রক্তচন্দনেন দিগ্ধাঙ্গৌ লিপ্তগাত্রৌ, সমদৌ যুদ্ধায মত্তৌ, গোবৃ বৃষৌ গোবৃষৌ। চাপে বিদ্যুতাবিব ধ্বজৌ চ তৈরুপেতৌ, শস্ত্রাণাং সম্পত্ত্যা সমূহেন যুধ্যেতে ইতি তৌ। কৃষ্ণশল্যৌ রথৌ রথচালকৌ তাভ্যামুপেতৌ। রক্তাক্ষৌ রক্তবর্ণনেত্রৌ। সিংহস্কন্ধপ্রতী-কাশৌ সিংহস্কন্ধবদুন্নতৌ, ব্যূঢোরস্কৌ বিশালবক্ষসৌ। মহর্ষভৌ বিশালবৃষৌ। প্রভিন্নৌ

সেই কর্ণ ও অর্জ্জুনের সম্মেলনের সময়ে সকল দিকে বীরগণের সিংহনাদ, করতলধ্বনি, উচ্চ গর্জন ও বাহ্বাস্ফোটনে তুমুল শব্দ হইতে থাকিল ॥১২॥
তত ইতি। অব্রবীৎ অর্জ্জুনবক্ষার্থং কাপট্যেনেতি ভাবঃ। বৈকর্ত্তনং কর্ণম্, সংহিত ইষুর্বাণো যেন তম্। এষ ইষুঃ, গ্রীবামর্জ্জুনস্য গলদেশম্, ন লপ্স্যতে সাকল্যেন প্রাপ্স্যতি, সূক্ষ্মমুখত্বাৎ। তত এব চ ছেদনাসম্ভব ইতি ভাবঃ। শিরোঘ্নং মস্তকবিদাবকম্ ॥২৪॥

অথেতি। তরস্বী বলবান্। দ্বির্দ্বৌ বারৌ। জিহ্মং কুটিলং যুদ্ধং যেষাং তে ॥২৫॥

ইতীতি। বর্ষগণং বহূন্ বৎসরান্ অভিপূজিতমত্যাদৃতম্। হে ফাল্গুন! অর্জ্জুন! ॥২৬॥

স ইতি। কর্ণস্য ভুজাভ্যামভিসৃষ্টো নিক্ষিপ্তঃ, হুতাশনার্কপ্রতিমঃ অগ্নিসূর্য্যবদুজ্জ্বলঃ, সুঘোষঃ মহাশব্দশালী। সীমন্তং কেশবিন্যাসং কুর্বন্নিবেতি প্রতীয়মানোৎপ্রেক্ষা ॥২৭॥

তমিতি। কংসরিপুরিত্যনেন মহাবলত্বং সূচিতম্। জগতীং ভূমিম্, কিঞ্চুমাত্রং

তাহার পর মহাত্মা শল্য বাণসন্ধায়ী কর্ণের দিকে দৃষ্টিপাত করিয়া বলিলেন—'কর্ণ! এই সূক্ষ্মমুখ বাণ অর্জ্জুনের সম্পূর্ণ গ্রীবা পাইবে না। সুতরাং তুমি ভাল করিয়া দেখিয়া উহার মস্তকবিদারকভাবে বাণ সন্ধান কর' ॥২৪॥

পরে বলবান্ কর্ণ ক্রোধে আরক্তনয়ন হইয়া শল্যকে বলিলেন—'মদ্ররাজ! কর্ণ দুইবার বাণ সন্ধান করেন না এবং আমার ন্যায় বীরেরা কূটযোধী হন না' ॥২৫॥

রাজা! জয়লাভের জন্য উদ্যত কর্ণ এইভাবে এই কথা বলিয়া ত্বরান্বিত হইয়া বিশেষ যত্ন সহকারে বহুবৎসর যাবৎ সর্বতোভাবে আদৃত সেই বাণটাকে নিক্ষেপ করিলেন এবং বলিলেন—'অর্জ্জুন! তুমি নিহত হইলে' ॥২৬॥

কর্ণবাহুনিক্ষিপ্ত, অগ্নি ও সূর্য্যের ন্যায় উজ্জ্বল, মহাশব্দকারী ও ভীষণমূর্ত্তি সেই বাণটা ধনুর গুণ হইতে নির্গত হইয়া আকাশের যেন সীমন্ত (সীঁতি) করিতে থাকিয়া জ্বলিতে জ্বলিতে আকাশপথে যাইতে লাগিল ॥২৭॥

(২৫)…ক্রোধসন্দীপ্তনেত্রঃ…বর্দ্ধ,…শঠযুদ্ধা ভবন্তি—পি। (২৬) তথৈব চোক্ত্বা…পি। (২৭)…সুঘোষঃ…পি বা সো। (২৮)…সলীলঃ…পি।

সন্ধীয়মানং ভুজগং দৃষ্ট্বা কর্ণেন মাধবঃ।
আক্রামৎ স্যন্দনং পদ্ভ্যাং বলেন বলিনাং বরঃ।
অবগাঢ়ে রথে ভূমৌ জানুভ্যামগমন্ হয়াঃ ॥২৯॥
ততোঽন্তরীক্ষে সুমহান্ নিনাদঃ সম্পূজনার্থং মধুসূদনস্য।
দিব্যাশ্চ বাচঃ সহসা বভূবুর্দিব্যানি পুষ্পাণ্যথ সিংহনাদাঃ।
তস্মিংস্তথা বৈ ধরণীং নিমগ্নে রথে প্রযত্নান্মধুসূদনস্য ॥৩০॥
অথার্জ্জুনস্যোত্তমগাত্রভূষণং ধরাবিয়দ্দ্যোসলিলেষু বিশ্রুতম্।
ব্যালাস্ত্রসর্গোত্তমযত্নমন্যুভিঃ শরেণ মূর্দ্ধ্নঃ প্রজহার সূতজঃ ॥৩১॥

ভাবতকৌমুদী

বিতস্তিপ্রমাণম্। যথা স শবোঽর্জ্জুনস্য গ্রীবায়াং ন পততি মস্তকাদূর্দ্ধেন চ যাতীতি ভাবঃ। তে বাহা অশ্বাস্তদানীং জানুভিঃ ক্ষিতিং ভূমিং গতাঃ প্রাপ্তা আসন্। অন্যথা বথস্যাধো গমনে তেষাং দণ্ডায়মানত্বমসম্ভবং স্যাদিত্যাশয়ঃ। হেমচ্ছন্নাঃ স্বর্ণালঙ্কাবাবৃতাঃ, চন্দ্রস্য মবীচেঃ কিবণস্যেব শুভ্রো বর্ণো যেষাং তে। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৮॥

উক্তমেবার্থং কিঞ্চিদ্বিশেষাভিধানায় পুনবাহ সন্ধীযেতি। ভুজগম্ অশ্বসেননাগাবিষ্টং বাণম্, দৃষ্ট্বা নিজৈশ্বর্য্যমহিম্না নাগত্বেনাবগম্য। স্যন্দনং বথম্। অবগাঢে মগ্নে। ষট্-পাদোঽয়ং শ্লোকঃ ॥২৯॥

তত ইতি। নিনাদ আনন্দকোলাহলোঽভবৎ। বাচঃ সাধুবাদাঃ। পুষ্পাণি পুষ্পবৃষ্টয়ঃ। নিমগ্নে প্রবিষ্টে, প্রযত্নাৎ পাদভবপ্রদানাৎ। অযমপি ষট্পাদঃ শ্লোকঃ ॥৩০॥

অথেতি। অথার্জ্জুনবথস্য বিতস্তিমাত্রভূপ্রবেশানন্তবম্, সূতজঃ কর্ণঃ, ব্যালাস্ত্রসর্গে বাণমযনাগাস্ত্রক্ষেপে য উত্তমযত্নো মন্যবঃ ক্রোধাশ্চ তৈঃ ক্ষিপ্তেনেতি শেষঃ, শবেণ, ধবা পৃথিবী বিয়দাকাশং দ্যৌঃ স্বর্গঃ সলিলং তদধিষ্ঠিতং পাতালঞ্চ তেষু, বিশ্রুতং প্রসিদ্ধম্, অর্জ্জুনস্য, মূর্দ্ধ্নো মস্তকাৎ, উত্তমগাত্রভূষণং মস্তকালঙ্কাবং কিবীটম্, জহাব ॥৩১॥

সেই উজ্জ্বল বাণটাকে আসিতে দেখিয়া কংসবিপু কৃষ্ণ ত্ববান্বিত হইয়া চবণদ্বারা লীলাব সহিত নিষ্পেষণ কবিযা সেই উত্তম বথখানাকে এক বিতস্তি (অর্দ্ধ হস্ত) ভূতলে প্রবেশ কবাইযা দিলেন। তখন স্বর্ণালঙ্কাবে আবৃত এবং চন্দ্রকিবণের ন্যায় শুভ্রবর্ণ সেই অশ্বগণ জানুদ্বাবা ভূতল স্পর্শ কবিল ॥২৮॥

কর্ণ নাগবাণ সন্ধান কবিতেছেন দেখিযা বলিশ্রেষ্ঠ কৃষ্ণ বলপূর্বক চবণযুগলদ্বারা অর্জ্জুনেব বথেব উপবে ভব দিলেন, তাহাতে বথখানা ভূমিতে কিছু মগ্ন হইলে, অশ্বগুলি জানুদ্বাবা ভূতল স্পর্শ কবিল ॥২৯॥

তাহাব পব কৃষ্ণেব গৌরব সূচনা কবিবাব জন্য আকাশে আনন্দকোলাহল হইতে লাগিল এবং কৃষ্ণেব চেষ্টায রথখানা ভূতলে কিছু নিমগ্ন হইলে, স্বর্গীয় সাধুবাদ, পুষ্পবৃষ্টি ও সিংহনাদ হইতে থাকিল ॥৩০॥

দিবাকরেন্দুজ্বলনগ্রহত্বিষং সুবর্ণমুক্তামণিবজ্রভূষিতম্।
পুরন্দরার্থং তপসা প্রযত্নতঃ স্বয়ং কৃতং যদ্বিভুনা স্বয়ম্ভুবা ॥৩২॥
মহার্হরূপং দ্বিষতাং ভয়ঙ্করং বিভর্ত্তুরত্যর্থসুখং সুগন্ধিনম্।
জিঘাংসতে দেবরিপূন্ সুরেশ্বরঃ স্বয়ং দদৌ যৎসুমনাঃ কিরীটিনে ॥৩৩॥
হরাম্বুপাখণ্ডলবিত্তগোপ্তৃভিঃ পিনাকপাশাশনিসায়কোত্তমৈঃ।
সুরোত্তমৈরপ্যবিষহ্যমর্দ্দিতুং প্রসহ্য নাগেন জহার যদ্বৃষঃ ॥৩৪॥
স দুষ্টভাবো বিতথপ্রতিজ্ঞঃ কিরীটমাসাদ্য তমুগ্ররূপঃ।
বিশুদ্ধজাম্বূনদরত্নচিত্রং পার্থোত্তমাঙ্গাদহরত্তরস্বী ॥৩৫॥ (কলাপকম্)

ভাবতকৌমুদী

কিরীটস্যোৎপত্তিমাহ দিবেতি। দিবাকরঃ সূর্য্যঃ, ইন্দুশ্চন্দ্রঃ, জ্বলনো বহ্নিঃ, গ্রহা অপরে মঙ্গলাদয়শ্চ তেষাং ত্বিষেব ত্বিষা প্রভা যস্য তৎ। বজ্রং হীরকম্। পুরন্দরার্থম্ ইন্দ্রায় দানার্থম্। বিভুনা প্রভাববতা, স্বয়ং স্বয়ম্ভুবা ব্রহ্মণা, যৎ কৃতম্। অর্জ্জুনস্য তৎপ্রাপ্তিমাহ মহার্হেতি। মহার্হরূপং প্রশস্তাকৃতি। বিভর্ত্তুর্বিশেষেণ ধারয়িতুঃ, অত্যর্থসুখমতীবসুখজনকম্। জিঘাংসতে হন্তুমিচ্ছতে, দেবরিপূনসুরান্। সুমনাঃ প্রসন্নচিত্তঃ, কিরীটিনে অর্জ্জুনায়। কিরীটস্য দৃঢ়ত্বমাহ হরেতি। সুরোত্তমৈঃ, হরো মহাদেবঃ অম্বুপো জলপতির্বরুণঃ আখণ্ডল ইন্দ্রঃ, বিত্তগোপ্তা ধনরক্ষকঃ কুবেরশ্চ তৈরপি, পিনাকো ধনুঃ, পাশো রজ্জুঃ, অশনির্বজ্রম্, সায়কোত্তমশ্চ তৈঃ। অত্র যথাসংখ্যেনান্বয়ঃ। অর্দ্দিতুং নাশয়িতুম্, অবিষহ্যমশক্যম্, যৎ কিরীটম্, বৃষঃ কর্ণঃ, প্রসহ্য বলেন, নাগেন বাণরূপিণা অশ্বসেনেন, জহার। দুষ্টো ভাবো-ঽভিপ্রায়ো যস্য সঃ, বিতথা মিথ্যা প্রতিজ্ঞা অর্জ্জুনবধপ্রতিশ্রুতির্যস্য সঃ, উগ্ররূপঃ, তরস্বী বলবাংশ্চ, স বাণরূপী অশ্বসেনঃ, আসাদ্য প্রাপ্য, পার্থস্য উত্তমাঙ্গান্মস্তকাৎ, বিশুদ্ধং যৎ জাম্বূনদং স্বর্ণং রত্নানি চ তৈশ্চিত্রম্, তং কিরীটম্, অহরৎ। "মুকুটং কিরীটং পুংনপুংসকম্" ইত্যমরঃ ॥৩২—৩৫॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—১৫॥ বাণজালৈকময়ং দৃষ্ট্বেতি শেষঃ ॥১৬—৩০॥ অথেতি। মূর্দ্ধ্নঃ সকাশাৎ ব্যালাস্ত্রস্য সর্গশ্চোত্তমযত্নশ্চ মন্যুশ্চ তৈঃ প্রযুক্তেন শরেণোত্তমগাত্রভূষণমুত্তমাঙ্গভূষণং

তদনন্তর কর্ণ নাগময় বাণক্ষেপের গুরুতর যত্ন ও ক্রোধভরে নিক্ষিপ্ত সেই বাণদ্বারা পৃথিবী, আকাশ, স্বর্গ ও পাতালে প্রসিদ্ধ অর্জ্জুনের মস্তকভূষণ কিরীটটীকে তাঁহার মস্তক হইতে হরণ করিলেন ॥৩১॥

প্রভাবশালী ব্রহ্মা স্বয়ং তপস্যা করিয়া বিশেষ যত্ন সহকারে ইন্দ্রের জন্য যাহা নির্ম্মাণ করিয়াছিলেন ; যাহা—সূর্য্য, চন্দ্র, অগ্নি ও অন্যান্য গ্রহের ন্যায় দীপ্তিশালী ;

---

(৩২)···মণিজালভূষণম্···সুসংস্কৃতং যদ্বিভুনা···পি। (৩৫)···কিরীটমত্যদ্ভুতমর্জ্জুনস্য··· নাগো মহার্হং তপনীয়চিত্রম্···সো।

তদ্রত্নমালাবততং সুচারু জাজ্বল্যমানং বপুষা শ্রিয়া চ।
দিব্যং প্রমথ্যাশু নরেন্দ্র ! সংখ্যে জহার নাগোহর্জ্জুনমূর্দ্ধতো বলাৎ ॥৩৬॥
তদুত্তমেষূন্মথিতং বিষাগ্নিনা প্রদীপ্তমর্চ্চিষ্মদভিক্ষিতৌ প্রিয়ম্।
পপাত পার্থস্য কিরীটমুত্তমং দিবাকরোহস্তাদিব পর্বতাজ্জলম্ ॥৩৭॥
স বৈ কিরীটং বহুরত্নভূষিতং জহার নাগোহর্জ্জুনমূর্দ্ধতো বলাৎ।
গিরেঃ সুজাতাঙ্কুরপুষ্পিতদ্রুমং মহেন্দ্রবজ্রঃ শিখরোত্তমং যথা ॥৩৮॥
মহীবিয়দ্দ্যোসলিলানি বায়ুনা যথা বিরুগ্ণানি নদন্তি ভারত ! ।
তথৈব শব্দং ভুবনেষু তং তদা জনা ব্যবস্যন্ ব্যথিতাশ্চ চস্খলুঃ ॥৩৯॥

ভাবতকৌমুদী

তদিতি। বত্নমালযা অবততং ব্যাপ্তম্। বপুষা আকৃত্যা। অর্জ্জুনস্য মূর্দ্ধতো মস্তকাৎ ॥৩৬॥

তদিতি। উত্তমেন ইষুণা বাণেন উন্মথিতং বিশ্লেষিতম্, বিষমেবাগ্নিস্তেন, প্রদীপ্তমুজ্জ্বলীকৃতম্, অর্চ্চিষ্মৎ তেজস্বি। জলং সমুদ্রস্য, অভি প্রতি ॥৩৭॥

স ইতি। সুষ্ঠু জাতা অঙ্কুবাস্তকলতাপ্রবোহা যস্মিন্ তচ্চ তৎ পুষ্পিতা দ্রুমা যত্র তচ্চেতি তৎ। কিবীটগাত্রস্থনানাকাককার্য্যসাদৃশ্যার্থমিদম্। শিখবোত্তমং শৃঙ্গশ্রেষ্ঠম্ ॥৩৮॥

যাহা—স্বর্ণ, মুক্তা, মণি ও হীবকে ভূষিত; যাহা—পবমসুন্দব, শত্রুগণের ভয়জনক, ধাবয়িতাব অত্যন্তসুখকর ও সৌবভযুক্ত; স্বয়ং দেববাজ প্রসন্ন হইয়া অসুরসংহারার্থী অর্জ্জুনকে যাহা দান করিয়াছিলেন; দেবশ্রেষ্ঠ মহাদেব, বরুণ, ইন্দ্র এবং কুবেবও যথাক্রমে পিনাকধনু, পাশ, বজ্র ও উত্তম বাণদ্বাবা যাহা নষ্ট করিতে সমর্থ হন না; আর কর্ণ নাগবাণদ্বাবা বলপূর্বক যাহা হবণ কবিলেন; দুরভিসন্ধিশালী, মিথ্যাপ্রতিজ্ঞ, ভীষণমূর্ত্তি ও বলবান্ বাণরূপী অশ্বসেন যাইয়া অর্জ্জুনেব মস্তক হইতে বিশুদ্ধ স্বর্ণ ও বত্নবিচিত্র সেই কিরীটটীকে হরণ করিল ॥৩২—৩৫॥

বাজা! বাণরূপী নাগ অশ্বসেন সত্বব যাইয়া রত্নমালাব্যাপ্ত, অতিসুন্দর এবং আকৃতি ও কান্তিব গুণে অতিশয় উজ্জ্বল সেই দিব্য কিবীটটীকে বলপূর্ব্বক অর্জ্জুনেব মস্তক হইতে হবণ করিল ॥৩৬॥

সূর্য্য যেমন অস্তপর্ব্বত হইতে সমুদ্রেব জলে পতিত হন, সেইরূপ নাগেব বিষরূপ অগ্নিতে উজ্জ্বল, তেজস্বী ও অর্জ্জুনেব প্রীতিজনক সেই উত্তম কিবীটটী মহাবাণে বিশ্লেষিত হইয়া ভূতলে পতিত হইল ॥৩৭॥

যাহাতে তরুলতাপ্রভৃতিব অঙ্কুব এবং পুষ্পশালী বৃক্ষ থাকে, সেইরূপ পর্ব্বতেব উত্তম শৃঙ্গ যেমন ইন্দ্রেব বজ্র হবণ কবে, তেমন বাণরূপী অশ্বসেন বলপূর্ব্বক অর্জ্জুনেব মস্তক হইতে বহুবত্নভূষিত কিবীটটীকে হরণ করিল ॥৩৮॥

(৩৮)···বহুরত্নমণ্ডিতম্···শিখবং যথোত্তমম্—পি।

বিনা কিরীটং শুশুভে ন পার্থঃ শ্যামো যুবা শৈল ইবাত্তশৃঙ্গঃ।
তত স উদ্‌গ্রথ্য সিতেন বাসসা স্বমূর্দ্ধজানব্যথিতঃ স্থিতোঽর্জ্জুনঃ ॥৪০॥

গোকর্ণা সুমুখী কৃতেন ইষুণা গোপুত্রসংপ্রেষিতা
গোশব্দাত্মজভূষণং সুবিহিতং সুব্যক্তগোসুপ্রভম্।
দৃষ্ট্বা গোগতকং জহার মুকুটং গোশব্দগোপূরি বৈ
গোকর্ণাসনমর্দ্দনশ্চ ন যযাবপ্রাপ্য মৃত্যোর্বশম্ ॥৪১॥

ভারতকৌমুদী

মহীতি। মহী পৃথিবী বিষদ্‌গগনং দ্যৌঃ স্বর্গঃ সলিলং জলঞ্চ তানি। বিরুগ্‌ণানি সঞ্চালিতানীত্যর্থঃ। ব্যবস্থন্ অম্ভবন্, চম্বলুঃ স্বস্বস্থানেভ্যোঽপসস্রুঃ ॥৩৯॥

বিনেতি। আত্তশৃঙ্গঃ-কেনাপি ছিত্ত্বা নীতশৃঙ্গঃ। উদ্‌গ্রথ্য ঊর্দ্ধে বদ্ধা, সিতেন শুভ্রেণ, স্বমূর্দ্ধজান্ আত্মকেশান্, অব্যথিতঃ গাত্রে প্রহারাভাবাদিতি ভাবঃ ॥৪০॥

ইদন্তু খাণ্ডবদাহকালে অর্জ্জুনেন ছিন্নমস্তকা লোকান্তরং গতা তক্ষকপত্ন্যেব সূর্য্যপ্রবোচনয়া চকাবেত্যাহ গোকর্ণেতি। শোভনং বিশালত্বেঽপি সুন্দরং মুখং যস্যাঃ সা সুমুখী, গৌশ্চক্ষুরেব কর্ণো যস্যাঃ সা গোকর্ণা চক্ষুঃশ্রবাঃ সর্পী তক্ষকপত্নী। সর্পা হি চক্ষুষৈব শব্দং শৃণ্বন্তি। গৌঃ পৃথিবী সা চাদিতিঃ "ভুবসি ভূমিবস্যাদিতিবসি" ইতি শ্রুতেঃ তস্যাঃ পুত্রেণ সূর্য্যেণ সংপ্রেষিতা অর্জ্জুনবধায় প্রেষিতা সতী, গবি নিম্নদেশে গতং কৃষ্ণেন ভুবি রথপ্রবেশনাদ্বিতস্তিমাত্রমধোগতং কং মস্তকং যস্য তং গোগতকমর্জ্জুনং দৃষ্ট্বা, কৃতেন পুত্রতয়া স্বয়মুৎপাদিতেন, ইষুণা বাণরূপিণা অশ্বসেনেন, সুবিহিতং ব্রহ্মণা সুষ্ঠু নির্ম্মিতম্, সুব্যক্তৈর্গোভিঃ কিরণৈঃ শোভনা প্রভা যস্য তৎ, গৌঃ পৃথিবী তযা শক্যতে উক্তশ্রুত্যা উচ্যত ইতি গোশব্দা অদিতিস্তস্যা আত্মজ ইন্দ্রস্তস্য ভূষণম্, গোষু দিক্ষু শব্দৈঃ প্রশংসাবাক্যৈঃ গাং পৃথিবীং পূরবতীতি তৎ গোশব্দগোপূরি চ মুকুটং জহাব। নমু বাণরূপী অশ্বসেনঃ মুকুটং হৃত্বাপি পুনর্গত্বা কথমর্জ্জুনস্য মস্তকং ন জহাবেত্যাহ গবিত্যাদি। গোকর্ণঃ পূর্ব্ববদ্ব্যাখ্যানাৎ সর্পশ্চাসৌ অসনে কর্ণকর্ত্তৃকনিবসনেঽপি মর্দ্দনঃ অর্জ্জুননাশকশ্চেতি স গোকর্ণাসনমর্দ্দনশ্চাশ্ব-

---

ভবতনন্দন! পৃথিবী, আকাশ, স্বর্গ ও জল যেমন বায়ুবেগে সঞ্চালিত হইয়া শব্দ করে, সেইরূপ শব্দ তখন লোকেরা রণস্থলে অনুভব করিল এবং স্ব স্ব স্থান হইতে স্খলিত হইল ॥৩৯॥

কেহ ছেদন করিয়া শৃঙ্গ লইয়া গেলে পর্ব্বত যেমন শোভা পায় না, তেমন কিরীট না থাকায় শ্যামবর্ণ ও যুবক অর্জ্জুন শোভা পাইতে লাগিলেন না। তাহার পর অর্জ্জুন শুভ্র বস্ত্রদ্বারা কেশগুলিকে উপরে বন্ধন করিয়া অব্যথিত অবস্থায় রহিলেন ॥৪০॥

---

(৪১) অয়ং শ্লোকঃ নি নাস্তি।

স সায়কঃ কর্ণভুজপ্রসৃষ্টো হুতাশনার্কপ্রতিমো মহার্হঃ।
মহোরগঃ কৃতবৈরোঽর্জুনেন কিরীটমাহত্য ততো ব্যতীয়াৎ ॥৪২॥
তঞ্চাপি দগ্ধ্বা তপনীয়চিত্রং কিরীটমাবিষ্কৃতমর্জুনস্য।
ইয়েষ গন্তুং পুনরেব তূণং পৃষ্টশ্চ কর্ণেন ততোঽব্রবীদিদম্ ॥৪৩॥
মুক্তস্ত্বয়াহং ন সমীক্ষ্য কর্ণ! শিরো হৃতং যন্ন ময়ার্জুনস্য।
সমীক্ষ্য মাং মুঞ্চ রণে ত্বমাশু হন্তাস্মি শত্রুং তব চাত্মনশ্চ ॥৪৪॥

ভারতকৌমুদী

সেনঃ, মৃত্যোর্বশমপ্রাপ্য ন যযৌ অর্জ্জুনকণ্ঠপর্য্যন্তং যাতুং ন শশাক, গগনমার্গে অর্জ্জুনেন ছেদনাত্তেনৈব চ মৃতত্বাদিতি ভাবঃ। বৃতেন ইষুণেতি উভযোরপি পদত্বাৎ "পদযোরবৃত্তৌ বা" ইতি বিকল্পবিধানান্ন সন্ধিঃ। "বাণে বাচি পশৌ ভূমৌ দিশি রশ্মৌ জলেঽক্ষিণি। স্বর্গে মাতরি বজ্রেঽগ্নৌ সুখে সত্যে চ গোধ্বনিঃ ॥" ইত্যনেকার্থধ্বনিমঞ্জরী। "মারুতে বেধসি ব্রধ্নে পুংসি কঃ :কং শিরোঽম্বুনোঃ" ইত্যমরঃ। অতএবেদৃশী কূটবচনাচাতুরী। শার্দ্দূলবিক্রীড়িতং বৃত্তম্—"সূর্য্যাশ্বৈর্মসজস্ততাঃ সগুরবঃ শার্দ্দূলবিক্রীড়িতম্" ইতি লক্ষণাৎ ॥৪১॥

স ইতি। সায়কো বাণরূপী, কর্ণস্য ভুজাভ্যাং বাহুভ্যাং প্রসৃষ্টো নিক্ষিপ্তঃ, হুতাশনার্কপ্রতিমো বহ্নিসূর্য্যবদুজ্জ্বলঃ, মহার্হঃ অতীবপ্রশস্তঃ। ব্যতীযাৎ কর্ণান্তিকে প্রত্যাগচ্ছৎ ॥৪২॥

তমিতি। তপনীয়েন স্বর্ণে চিত্রমাশ্চর্য্যম্, আবিষ্কৃতং পাতিতম্। তূণং কর্ণস্য ॥৪৩॥

স্বয়ং ব্রহ্মা সুন্দরভাবে যাহা নির্ম্মাণ করিয়াছিলেন, যাহার সুস্পষ্ট কিরণের গুণে মনোহর কান্তি প্রকাশ পাইত, যাহা সকল দিকে প্রশংসাবাক্যে সমগ্র পৃথিবী পূর্ণ করিত এবং যাহা ইন্দ্রের মস্তকের আভরণ ছিল, চারুবদনা সর্পী তক্ষকপত্নী সূর্য্যকর্ত্তৃক প্রেরিত হইয়া অর্জ্জুনের মস্তকটী নীচে নামিয়া গিয়াছে দেখিয়া বাণরূপী পুত্র অশ্বসেনদ্বারা সেই মুকুটখানি হরণ করিয়াছিল। কিন্তু কর্ণ প্রত্যাখ্যান করিলেও অশ্বসেন স্বয়ং অর্জ্জুনবধার্থে পুনরায় ধাবিত হইযা আকাশপথে মরিয়া গিয়াছিল বলিয়া পুনরায় অর্জ্জুনের কণ্ঠপর্য্যন্ত যাইতে পারে নাই ॥৪১॥

অর্জ্জুন মাতার কণ্ঠ ছেদন করিয়া যাহার সহিত শত্রুতা করিয়াছিলেন, অগ্নি ও সূর্য্যের ন্যায় তেজস্বী ও বিশেষপ্রশংসিত বাণরূপধারী সেই মহানাগ অশ্বসেন অর্জ্জুনের কিরীটটীকে আহত করিয়া পুনরায় কর্ণের নিকট আসিল ॥৪২॥

অর্জ্জুনের মস্তক হইতে পাতিত স্বর্ণবিচিত্র সেই কিরীটটীকে দগ্ধ করিযা অশ্বসেন পুনরায় কর্ণের তূণের ভিতরে যাইতে ইচ্ছা করিল; তখন কর্ণ জিজ্ঞাসা করিলে অশ্বসেন এই কথা বলিল—॥৪৩॥

---

(৪২)···প্রতিমো মহাহবে···কৃতবৈরোঽর্জ্জুনস্য···পি। (৪৩) তচ্চাপি···পুনঃ স গত্বা প্রবিবেশ তূণম্···পি,···ততোঽব্রবীত্তম্—সো।

স এবমুক্তো যুধি সূতপুত্রস্তমব্রবীৎ কো ভবানুগ্ররূপঃ।
নাগোঽব্রবীদ্বিদ্ধি কৃতাগসং মাং পার্থেন মাতুর্বধজাতবৈরম্ ॥৪৫॥
যদি স্বয়ং বজ্রধরোঽস্য গোপ্তা তথাপি যাতা পিতৃরাজবেশ্ম।
ত্বং মাবমংস্থাঃ কুরু মে বচোঽদ্য নিহন্মি শত্রুং তব মুঞ্চ মাং দ্রুতম্ ॥৪৬॥

কর্ণ উবাচ।

ন নাম কর্ণোঽদ্য রণায় বাহ্য-বলং সমাস্থায় জয়ং বুভূষেৎ।
ন সন্দধ্যাং দ্বিঃ শরং চৈব নাগ! যদ্যর্জুনানাং শতমেব হন্যাম্ ॥৪৭॥
তমাহ কর্ণঃ পুনরেব নাগং তদাজিমধ্যে রবিসূনুসত্তমঃ।
ব্যালাস্ত্রসর্গোত্তমযত্নমন্যুভির্হন্তাস্মি পার্থং সুমুখো ব্রজ ত্বম্ ॥৪৮॥

ভারতকৌমুদী

মুক্ত ইতি। মুক্তঃ ক্ষিপ্তঃ। সমীক্ষ্য বক্ষো দৃষ্ট্বা। হন্তাস্মি হনিষ্যামি ॥৪৪॥

স ইতি। কৃতম্ আগোঽপরাধো যস্য তম্। বধেন জাতং বৈরং যস্য তম্ ॥৪৫॥

যদীতি। গোপ্তা রক্ষকঃ, যাতা যাস্যতি, পিতৃরাজবেশ্ম যমভবনম্ ॥৪৬॥

নেতি। অন্যস্য বলং শক্তিম্, সমাস্থায় আশ্রিত্য, বুভূষেৎ ভবিতুং প্রাপ্তুমিচ্ছেৎ "ভূ প্রাপ্তাবাত্মনেপদী বা" ইত্যস্য প্রয়োগোঽয়ম্ ॥৪৭॥

তমিতি। রবিসূনুসত্তমঃ সূর্য্যপুত্রশ্রেষ্ঠঃ। ব্যালাস্ত্রসর্গো হিংস্রাস্ত্রক্ষেপশ্চ উত্তমযত্নশ্চ মন্যুঃ ক্রোধশ্চ তৈঃ। সুমুখঃ প্রত্যাখ্যানেঽপ্যরোষকষায়িতবদনঃ, কৃপয়েতি ভাবঃ ॥৪৮॥

'কর্ণ! আপনি না দেখিয়া আমাকে নিক্ষেপ করিয়াছিলেন, যাহাতে আমি অর্জ্জুনের মস্তক হরণ করিতে পারি নাই। অতএব আপনি সত্বর লক্ষ্য করিয়া আমাকে নিক্ষেপ করুন, আমি আপনার ও আমার শত্রুকে বধ করিব' ॥৪৪॥

অশ্বসেন এইরূপ বলিলে, কর্ণ তাহাকে বলিলেন—'ভীষণমূর্ত্তি আপনি কে? তখন অশ্বসেন বলিল—'অর্জ্জুন আমার মাতাকে বধ করিয়া শত্রুতা ঘটাইয়াছে এবং আমার নিকট অপরাধ করিয়াছে, ইহা অবগত হউন ॥৪৫॥

যদি স্বয়ং ইন্দ্রও উহার রক্ষক হন, তথাপি-ও যমালয়ে যাইবে। আপনি আমাকে অবজ্ঞা করিবেন না, আমার বাক্য রক্ষা করুন, আজই আপনার শত্রুকে বধ করিব, আমাকে সত্বর নিক্ষেপ করুন' ॥৪৬॥

কর্ণ বলিলেন—'কর্ণ যুদ্ধ করিবার জন্য কিংবা অন্য কোন বিষয় সম্পাদনের নিমিত্ত অন্যের শক্তি অবলম্বন করিয়া জয় লাভ করিবার ইচ্ছা করেন না। অতএব নাগ! আমি যদি শত-অর্জ্জুনকেও বধ করিতে পারি, তথাপি এই বাণ দুই বার সন্ধান করিব না' ॥৪৭॥

---

(৪৭)···বাহ্যং বলম্···পি,···রণে পরস্য বলম্···বা সো।

ইত্যেবমুক্তো যুধি নাগরাজঃ কর্ণেন রোষাদসহংস্তু বাক্যম্।
স্বয়ং প্রায়াৎ পার্থবধায় রাজন্! ক্বত্বেষুরূপং বিজিঘাংসুরুগ্রঃ ॥৪৯॥
কৃষ্ণস্ততঃ পার্থমুবাচ সংখ্যে মহোরগং কৃতবৈরং জহি ত্বম্।
স এবমুক্তো মধুসূদনেন গাণ্ডীবধন্বা রিপুষুগ্রধন্বা।
উবাচ কো ন্বেষ মমাদ্য নাগঃ স্বয়ং য আয়াদ্গরুড়স্য বক্ত্রম্ ॥৫০॥

কৃষ্ণ উবাচ।

যোঽসৌ ত্বয়া খাণ্ডবে চিত্রভানুং সন্তর্পয়াণেন ধনুর্দ্ধরেণ।
বিয়দ্গতো জননীগুপ্তদেহো মত্বৈকরূপং নিহতাস্য মাতা ॥৫১॥
স এষ তে বৈরমনুস্মরন্ বৈ ত্বামদ্য চায়াতি বধায় পার্থ!।
নভশ্চ্যুতাং প্রজ্বলিতামিবোল্কাং পশ্যৈনমায়ান্তমমিত্রসাহ! ॥৫২॥

ভারতকৌমুদী

ইতীতি। অসহন্ অসহমানঃ। ইষুরূপমাত্মনো বাণমূর্ত্তিম্, বিজিঘাংসুর্বিহন্তুমিচ্ছুঃ ॥৪৯॥
কৃষ্ণ ইতি। রিপুষু উগ্রং ধনুর্যস্য সঃ। গরুড়স্যেব মম। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫০॥
য ইতি। চিত্রভানুমগ্নিম্, সন্তর্পয়াণেন সন্তর্পযমাণেন। বিয়দ্গত আকাশস্থিতঃ, জনন্যা গুপ্তো জঠবাভ্যন্তবে নিগীর্য্য রক্ষিতো দেহো যস্য সঃ। আদিপর্ব্বণি খাণ্ডবদাহে দৃশ্যমেতৎ ॥৫১॥

তখন সূর্য্যপুত্রশ্রেষ্ঠ কর্ণ পুনরায় সেই অশ্বসেনকে বলিলেন—'ক্রুবাস্ত্রনিক্ষেপ, গুরুতব যত্ন ও ক্রোধেব গুণে আমিই অর্জ্জুনকে বধ কবিতে পারিব; সুতরাং তুমি প্রসন্ন বদনে যাইতে পাব' ॥৪৮॥

রাজা! কর্ণ এইরূপ বলিলে, অর্জ্জুনবধার্থী উগ্রমূর্ত্তি নাগবাজ অশ্বসেন ক্রোধে কর্ণেব বাক্য সহ্য না কবিযা বাণরূপ ধাবণপূর্বক অর্জ্জুনকে বধ করিবার জন্য নিজেই আকাশপথে গমন কবিতে লাগিল ॥৪৯॥

তাহার পর কৃষ্ণ অর্জ্জুনকে বলিলেন—'অর্জ্জুন! তুমি ইহাব সহিত শত্রুতা কবিয়াছিলে, সুতবাং এই মহানাগকে বধ কব'। কৃষ্ণ এইরূপ বলিলে, শত্রুব পক্ষে ভীষণ ধনুর্দ্ধর অর্জ্জুন বলিলেন—'এখন গরুড়েব মুখেব ন্যায় আমাব নিকটে এই যে নিজেই আসিতেছে, এ নাগটা কে?' ॥৫০॥

কৃষ্ণ কহিলেন—'অর্জ্জুন! খাণ্ডবদাহেব সময়ে তুমি যখন ধনু ধারণ করিয়া অগ্নিকে সন্তুষ্ট কবিতেছিলে, তখন যে নাগ জননীব উদবেব ভিতরে প্রবেশ কবিয়া আকাশপথে যাইতেছিল, সেই সময়ে তুমি এক ব্যক্তি মনে কবিয়া উহার মাতাকে বধ কবিয়াছিলে ॥৫১॥

(৫০)···গাণ্ডীবধন্বা রিপুবীর্য্যসাহঃ···বা সো। (৫২)···ত্বাং প্রার্থয়ত্যাত্মবধায় নূনম্···সো,···প্রজ্বলিতাং মহোল্কাম্··· পি।

সঞ্জয় উবাচ।

ততঃ স জিষ্ণুঃ পরিবৃত্য রোষাচ্চিচ্ছেদ ষড়্ভির্নিশিতৈঃ পৃষৎকৈঃ।
নাগং বিয়ত্তির্য্যগিবাপতন্তং স চ্ছিন্নগাত্রো নিপপাত ভূমৌ ॥৫৩॥
হতে তু তস্মিন্ ভুজগে কিরীটিনা স্বয়ং বিভুঃ পার্থিব! ভূতলাদথ।
সমুজ্জহারাশু মহাভুজঃ স তং রথং ভুজাভ্যাং পুরুষোত্তমঃ পুনঃ ॥৫৪॥
তস্মিন্ মুহূর্ত্তে দশভিঃ পৃষৎকৈঃ শিলাশিতৈর্বর্হিণবর্হবাজিতৈঃ।
বিব্যাধ কর্ণঃ পুরুষপ্রবীরং ধনঞ্জয়ং তির্য্যগবেক্ষমাণঃ ॥৫৫॥
ততোঽর্জ্জুনো দ্বাদশভিঃ স্বমুক্তৈর্বরাহকর্ণৈর্নিশিতৈঃ সমর্প্য।
নারাচমাশীবিষতুল্যবেগমাকর্ণপূর্ণায়তমুৎসসর্জ ॥৫৬॥

ভারতকৌমুদী

স ইতি। নভশ্চ্যুতাং গগনাৎ পতিতাম্। অমিত্রান্ শত্রূন্ সহত ইতি কর্ম্মণ্যণ্ ॥৫২॥
তত ইতি। জিষ্ণুরর্জ্জুনঃ। পৃষৎকৈর্বাণৈঃ। বিয়তি গগনে তির্য্যক্ অনূর্দ্ধাধঃ ॥৫৩॥
হত ইতি। বিভুঃ সর্বশক্তিমান্। সমুজ্জহার রথাদবতীর্য্য। পুরুষোত্তমঃ কৃষ্ণঃ ॥৫৪॥
তস্মিন্নিতি। বর্হিণবর্হাণি ময়ূরপুচ্ছানি বাজাঃ পক্ষা এষু সঞ্জাতা ইতি তৈঃ ॥৫৫॥
তত ইতি। সমর্প্য পীড়য়িত্বা। আকর্ণপূর্ণমায়তমাকৃষ্টং ধনুর্যস্মিন্ কর্ম্মণি তৎ ॥৫৬॥

ভারতভাবদীপঃ

প্রজভাবপি। নৃস্ত্রিয়োঃ স্বর্গবজ্রাম্বুরশ্মিদৃগ্‌বাণলোমসু” ইতি কোশঃ ॥৩১-৪৮॥ কর্ণেন বাক্যমুক্তঃ সংস্তদ্বাক্যমসহন্নসহমানঃ স্বয়ং গ্রাহাদিত্যুত্তরেণান্বয়ঃ ॥৪৯—৫১॥ মহোল্কামিতি পাঠে ইবেত্যধ্যাহৃত্য যোজ্যম্ ॥৫২—৫৩॥ গতে মিতে, বিভুঃ সমর্থঃ ॥৫৪॥ বর্হিণাং বর্হা এব

শত্রুসহনক্ষম পৃথানন্দন!' এই সেই নাগ সেই শত্রুতা স্মরণ করিয়া বধ করিবার জন্য তোমার দিকে আসিতেছে। দেখ—আকাশচ্যুত প্রজ্বলিত উল্কার ন্যায় এ আসিতেছে ॥৫২॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! তাহার পর অশ্বসেন আকাশে তির্য্যক্ (তেরচা) ভাবে আসিতে লাগিলে, অর্জ্জুন ফিরিয়া ক্রোধভরে ছয়টা সুধার বাণদ্বারা তাহাকে ছেদন করিলেন; তখন অশ্বসেন ছিন্নগাত্র হইয়া ভূতলে পতিত হইল ॥৫৩॥

রাজা! অর্জ্জুন সেই নাগকে বধ করিলে, সর্ব্বশক্তিমান্ ও মহাবাহু কৃষ্ণ নামিয়া নিজেই বাহুযুগলদ্বারা পুনরায় সত্বর ভূতল হইতে সেই অর্জ্জুনের রথখানাকে উত্তোলন করিলেন ॥৫৪॥

সেই অবসরে কর্ণ তির্য্যক্ (তেরচা) ভাবে দৃষ্টিপাত করিতে থাকিয়া শিলাশাণিত ও ময়ূরপক্ষযুক্ত দশটা বাণদ্বারা পুরুষপ্রবীর অর্জ্জুনকে বিদ্ধ করিলেন ॥৫৫॥

---

(৫৫)...বর্হিণবর্হবাজৈঃ...পি। (৫৬)...আশীবিষবজ্রতুল্যম্...পি।

স চিত্রবর্ম্মেষুবরো বিদার্য্য প্রাণান্ নিরস্যন্নিব সাধু মুক্তঃ।
কর্ণস্য পীত্বা রুধিরং বিবেশ বসুন্ধরাং শোণিতদিগ্ধবাজঃ ॥৫৭॥
ততো বৃষো বাণনিপাতকোপিতো মহোরগো দণ্ডবিঘট্টিতো যথা।
তদাশুকারী ব্যসৃজচ্ছরোত্তমান্ মহাবিষঃ সর্প ইবোত্তমং বিষম্ ॥৫৮॥
জনার্দ্দনং দ্বাদশভিঃ পরাভিনন্নবৈর্নবত্যা চ শরৈস্তথার্জ্জুনম্।
শরেণ ঘোরেণ পুনশ্চ পাণ্ডবং বিভিদ্য কর্ণো ব্যনদজ্জহাস চ ॥৫৯॥
স তস্য হর্ষং মমৃষে ন পাণ্ডবো বিভেদ মর্ম্মাণি ততোঽস্য মর্ম্মবিৎ।
পরঃশতৈঃ পত্রিভিরিন্দ্রবিক্রমস্তথা যথেন্দ্রো বলমোজসাহনৎ ॥৬০॥

ভারতকৌমুদী

স ইতি। চিত্রং বর্ম্ম পক্ষরূপমাবরণং যস্য সঃ, ইষুবরো বাণশ্রেষ্ঠঃ। নিরস্যন্ বহিষ্কুর্বন্। শোণিতেন কর্ণস্য রক্তেন দিগ্ধা লিপ্তা বাজাঃ পক্ষা যস্য সঃ ॥৫৭॥

তত ইতি। বৃষঃ কর্ণঃ। দণ্ডেন বিঘট্টিতস্তাডয়িত্বা চালিতঃ ॥৫৮॥

জনেতি। পরাভিনৎ ব্যদারয়ৎ, নবৈর্নূতনৈঃ। পাণ্ডবমর্জ্জুনম্ ॥৫৯॥

স ইতি। মমৃষে সেহে। শতাৎ পরে অধিকা ইতি পরঃশতাস্তৈঃ। "অপস্করাদয়শ্চ" ইতি সুটা সহ নিপাতঃ। বলং নামাসুরম্, অহনৎ প্রাহরৎ। বিকরণলোপাভাব আর্ষঃ ॥৬০॥

তদনন্তর অর্জ্জুন সম্যক্ ক্ষিপ্ত সেই সুধার বারটা বরাহকর্ণ বাণদ্বারা পীড়ন করিয়া পুনরায় ধনুখানাকে কর্ণপর্য্যন্ত আকর্ষণপূর্ব্বক সর্পের তুল্য বেগবান্ একটা নারাচ নিক্ষেপ করিলেন ॥৫৬॥

তখন বিচিত্রপক্ষযুক্ত ও সম্যক্ ক্ষিপ্ত সেই প্রধান বাণটা যাইয়া কর্ণের দেহ বিদারণপূর্ব্বক প্রাণ বাহির করতই যেন তাঁহার রক্তপান করিয়া রক্তলিপ্ত হইয়া ভূতলে প্রবেশ করিল ॥৫৭॥

তদনন্তর ক্ষিপ্রকারী কর্ণ দণ্ডতাড়িত মহাসর্পের ন্যায় বাণপতনে কোপিত হইয়া মহাবিষধারী সর্প যেমন বিষ উদ্‌গার করে, তেমন উত্তম বাণ সকল নিক্ষেপ করিতে লাগিলেন ॥৫৮॥

ক্রমে কর্ণ বারটা বাণে কৃষ্ণকে এবং নূতন নব্বইটা বাণে অর্জ্জুনকে বিদীর্ণ করিলেন; পরে আবার ভয়ঙ্কর একটা বাণে অর্জ্জুনকে বিদীর্ণ করিয়া গর্জ্জন ও হাস্য করিলেন ॥৫৯॥

কিন্তু অর্জুন কর্ণের হর্ষ সহ্য করিলেন না। সুতরাং পূর্ব্বকালে ইন্দ্র যেমন শক্তি অনুসারে বলনামক অসুরকে বিদীর্ণ করিয়াছিলেন, সেইরূপ মর্ম্মজ্ঞ ও ইন্দ্রের

---

(৫৮)...সর্প ইবোদ্বমন্ বিষম্—বর্দ্ধ। (৬০)...ওজসা বণে—বা সো নি।

ততঃ শরাণাং নবতীর্নবার্জ্জুনঃ সসর্জ কর্ণেঽন্তকদণ্ডসন্নিভাঃ।
স তৈর্ভৃশাবিদ্ধতনুঃ প্রবিব্যথে তথা যথা বজ্রবিদারিতোঽচলঃ ॥৬১॥
মণিপ্রবেকোত্তমবজ্রহাটকৈরলঙ্কৃতঞ্চাস্য বরাঙ্গভূষণম্।
প্রকৃত্তমুর্ব্ব্যাং নিপপাত পত্রিভির্ধনঞ্জয়েনোত্তমকুণ্ডলেঽপি চ ॥৬২॥
মহাধনং শিল্পিবরৈঃ প্রযত্নতঃ কৃতং যদস্যোত্তমবর্ম্ম ভাস্বরম্।
সুদীর্ঘকালেন ততোঽস্য পাণ্ডবঃ ক্ষণেন বাণৈর্বহুধা ব্যশাতয়ৎ ॥৬৩॥
স তং বিবর্ম্মাণমথোত্তমেষুভিঃ শিতৈশ্চতুর্ভিঃ কুপিতঃ পরাভিনৎ।
স বিব্যথেঽত্যর্থমরিপ্রতাড়িতো যথাতুরঃ পিত্তকফানিলজ্বরৈঃ ॥৬৪॥
মহাধনুর্মণ্ডলনিঃসৃতৈঃ শিতৈঃ ক্রিয়াপ্রযত্নপ্রহিতৈর্বলেন চ।
ততক্ষ কর্ণং বহুভিঃ শরোত্তমৈর্বিভেদ মর্ম্মস্বপি চার্জ্জুনস্ত্বরন্ ॥৬৫॥

ভারতকৌমুদী

তত ইতি। নবগুণিতা নবতীবিত্যর্থঃ। আবিদ্ধতনুস্তাডিতগাত্রঃ ॥৬১॥

মণীতি। মণিপ্রবেকৈর্মণিশ্রেষ্ঠৈঃ উত্তমৈর্বজ্রৈর্হীবকখণ্ডৈঃ হাটকৈঃ স্বর্ণৈশ্চ, অস্য কর্ণস্য, ববাঙ্গস্য মস্তকস্য ভূষণম্। প্রকৃত্তং ছিন্নম্। উত্তমকুণ্ডলে চ ছিন্নে নিপেততুঃ ॥৬২॥

মহেতি। মহাধনং মহামূল্যম্। সুদীর্ঘকালেন কৃতমিতি সম্বন্ধঃ। ব্যশাতয়দচ্ছিনৎ ॥৬৩॥

স ইতি। বিগতং বর্ম্ম যস্য তম্। শিতৈঃ সুধাবৈঃ। পবাভিনৎ ব্যদাবযৎ ॥৬৪॥

তুল্য বিক্রমশালী অর্জুন শতাধিক বাণদ্বাবা কর্ণেব মর্ম্মস্থান সকল বিদীর্ণ করিলেন ॥৬০॥

তাহাব পর অর্জুন যমদণ্ডতুল্য নবনবতিসংখ্যক বাণ কর্ণেব উপবে নিক্ষেপ করিলেন; তাহাতে কর্ণেব শবীব অত্যন্ত আহত হইল। সুতবাং তিনি বজ্র-বিদারিত পর্ব্বতের ন্যায় দারুণ বেদনা অনুভব করিতে লাগিলেন ॥৬১॥

পরে অর্জুন বাণদ্বারা শ্রেষ্ঠ মণি, উত্তম হীরক ও স্বর্ণদ্বাবা অলঙ্কৃত কর্ণেব কিরীটটী ও উত্তম কুণ্ডল দুইটী কাটিয়া ফেলিলেন; তখন সেগুলি ভূতলে পতিত হইল ॥৬২॥

শ্রেষ্ঠ শিল্পীরা বিশেষ যত্ন সহকাবে এবং অতিদীর্ঘকালে মহামূল্য ও উজ্জ্বল কর্ণের যে বর্ম্মটী নির্ম্মাণ করিয়াছিল, অর্জুন ক্ষণকালমধ্যে বাণদ্বারা সেই বর্ম্মটীকে বহু খণ্ডে ছেদন করিলেন ॥৬৩॥

তৎপবে ক্রুদ্ধ অর্জুন সুধাব চারিটা উত্তম বাণদ্বাবা বর্ম্মবিহীন কর্ণকে বিদীর্ণ করিলেন; তখন বায়ু-পিত্ত-কফ-জ্ববে পীড়িত লোক যেমন গুরুতব বেদনা অনুভব করে, অর্জুনতাড়িত কর্ণ সেইরূপ বেদনা অনুভব করিতে লাগিলেন ॥৬৪॥

(৬১)…নবতিং তদার্জ্জুনঃ…দণ্ডসন্নিভাম্…সো।

দৃঢ়াহতঃ পত্রিভিরুগ্রবেগৈঃ পার্থেন কর্ণো বিবিধৈঃ শিতাগ্রৈঃ।
বভৌ গিরির্গৈরিকধাতুরক্তঃ ক্ষরন্ প্রপাতৈরিব রক্তমস্তঃ ॥৬৬॥
ততোঽর্জ্জুনঃ কর্ণমবক্রগৈর্ন রৈঃ সুবর্ণপুঙ্খৈঃ সুদৃঢ়ৈরয়স্ময়ৈঃ।
যমাগ্নিদণ্ডপ্রতিমৈঃ স্তনান্তরে পরাভিনৎ ক্রৌঞ্চমিবাদ্রিমগ্নিজঃ ॥৬৭॥
ততঃ শরাবাপমপাস্য সূতজো ধনুশ্চ তচ্ছক্রশরাসনোপমম্।
ততাপ তস্থৌ চ মুমোহ চস্খলে প্রশীর্ণমুষ্টিঃ সুভৃশাতুরস্তদা ॥৬৮॥
নহ্যর্জুনস্তং ব্যসনে তদৈষিবান্ বিহন্তুমার্য্যঃ পুরুষব্রতে স্থিতঃ।
ততস্তমিন্দ্রাবরজোঽপি সম্ভ্রমাদুবাচ কিং পাণ্ডব হে! প্রমাদ্যসে ॥৬৯॥

ভারতকৌমুদী

মহেতি। ক্রিয়া লক্ষ্যীকবণব্যাপাবঃ প্রযত্নশ্চ তাভ্যাং প্রহিতৈঃ ক্ষিপ্তৈঃ। ততক্ষাজঘান ॥৬৫॥

দৃঢ়েতি। পত্রিভির্বাণৈঃ। গৈবিকধাতুনা বক্তো বক্তবর্ণঃ, প্রপাতৈঃ প্রস্রবণৈঃ ॥৬৬॥

তত ইতি। অযস্ময়ৈর্লৌহময়ৈঃ। ক্রৌঞ্চং নামাদ্রিং পর্ব্বতম্, অগ্নিজঃ কার্ত্তিকেযঃ ॥৬৭॥

তত ইতি। শবাবাপং তূণম, অপাস্য নিক্ষিপ্য। শক্রশবাসনোপমম্ ইন্দ্রধনুস্তুল্যম্। ততাপ বেদনামনুবভুব। চস্খলে স্থিতোঽপ্যপসসাব, প্রশীর্ণো মুষ্টির্যস্য সঃ ॥৬৮॥

ক্রমে অর্জ্জুন ত্ববান্বিত হইয়া নৈপুণ্য, যত্ন ও শক্তি সহকাবে নিক্ষিপ্ত, মণ্ডলীকৃত বিশাল ধনু হইতে নির্গত, উত্তম ও সুধাব বহুতর বাণদ্বারা কর্ণকে ক্ষত-বিক্ষত ও মর্ম্মদেশে বিদীর্ণ করিলেন ॥৬৫॥

অর্জুন মহাবেগশালী ও সুধাব নানাবিধ বাণদ্বাবা গুরুতব আঘাত করিতে লাগিলে, গৈবিকধাতুবঞ্জিত পর্ব্বত যেমন রক্তবর্ণ জলপ্রবাহ নিঃসাবণ কবিতে থাকিয়া প্রকাশ পায, কর্ণও তেমন গাত্র হইতে রক্ত নিঃসাবণ কবিতে থাকিয়া প্রকাশ পাইতে লাগিলেন ॥৬৬॥

তাহাব পব কার্ত্তিক যেমন ক্রৌঞ্চপর্ব্বত বিদীর্ণ কবিয়াছিলেন, তেমন অর্জুন যম ও অগ্নিদণ্ডের তুল্য, সবলগামী, নূতন, স্বর্ণপুঙ্খ, লৌহময় ও সুদৃঢ় বাণসমূহদ্বারা কর্ণেব বক্ষস্থল বিদীর্ণ কবিলেন ॥৬৭॥

তাহাব পব কর্ণ অত্যন্তপীড়িত হইয়া পড়িলেন, তখন তাঁহাব মুষ্টি শিথিল হইয়া পড়িল, তাই তিনি তূণ ও ইন্দ্রধনুব তুল্য সেই ধনু ত্যাগ করিয়া বেদনা অনুভব কবিতে লাগিলেন, মুগ্ধ হইলেন, তথাপি দাঁড়াইয়া থাকিলেন, আবাব টলিয়া পড়িতে লাগিলেন ॥৬৮॥

---

(৬৭)·· শরৈঃ সুযুক্তৈঃ সুদৃঢৈবযস্ময়ৈঃ···বা।

নৈবাহিতানাং সততং বিপশ্চিতঃ ক্ষণং প্রতীক্ষন্ত্যপি দুর্ব্বলীয়সাম্।
বিশেষতোঽরীন্ ব্যসনেষু পণ্ডিতো নিহত্য ধর্ম্মঞ্চ যশশ্চ বিন্দতি ॥৭০॥
তদেকবীরং তব চাহিতং সদা ত্বরস্ব কর্ণং সহসাভিমর্দ্দিতুম্।
পুরা সমর্থঃ সমুপৈতি সূতজো জহি ত্বমেনং নমুচিং যথা হরিঃ ॥৭১॥
তথাস্তু কৃষ্ণেত্যভিপূজ্য সত্বরং জনার্দ্দনং কর্ণমবিধ্যদর্জ্জুনঃ।
শরোত্তমৈঃ সর্বকুরূত্তমস্ত্বরন্ যথা তথা শম্বরমম্বরাধিপঃ ॥৭২॥
সাশ্বন্ত কর্ণং সরথং কিরীটী সমাচিনোদ্ভারত! বৎসদন্তৈঃ।
প্রচ্ছাদয়ামাস দিশশ্চ বাণৈঃ সর্বপ্রযত্নাত্তপনীয়পুঙ্খৈঃ ॥৭৩॥

ভারতকৌমুদী

নহীতি। ব্যসনে বিপদি এবিবান্ ইযেব। আর্য্যঃ সজ্জনঃ। ইন্দ্রাবরজ ইন্দ্রানুজঃ কৃষ্ণঃ, সম্ভ্রমাদধৈর্য্যাৎ। প্রমাদ্যসে প্রমাদ্যসি কর্ত্তব্যাদনবহিতোঽসি ॥৬৯॥

নেতি। অহিতানাং শত্রূণাম্, বিপশ্চিতঃ পণ্ডিতাঃ, ক্ষণমবসরম্। বিন্দতি লভতে ॥৭০॥

তদিতি। একবীরমদ্বিতীয়বীরম্, অহিতং শত্রুম্। অভিমর্দ্দিতুং বিনাশয়িতুম্। পুরা পরস্তাৎ। সূতজঃ কর্ণঃ। নমুচিং নাম দানবম্, হরিরিন্দ্রঃ ॥৭১॥

তথেতি। অভিপূজ্য প্রশস্য। শম্বরং নামাসুরম্, অম্বরাধিপো দিবস্পতিরিন্দ্রঃ ॥৭২॥

সেতি। অশ্বৈঃ সহেতি সাশ্বস্তম্। সমাচিনোৎ ব্যাপোৎ। তপনীয়পুঙ্খৈঃ স্বর্ণখচিতমূলৈঃ ॥৭৩॥

কিন্তু সাধুস্বভাব ও সৎপুরুষনিয়মে অবস্থিত অর্জ্জুন সেই বিপদের সময়ে কর্ণকে বধ করিবার ইচ্ছা করিলেন না। তখন কৃষ্ণ ব্যস্ত হইয়া অর্জ্জুনকে বলিলেন—'অর্জ্জুন! তুমি কর্ত্তব্য বিষয়ে অনবহিত হইতেছ কেন ॥৬৯॥

বুদ্ধিমান্ লোকেরা অতিদুর্ব্বল শত্রুগণেরও অবসরপ্রতীক্ষা করেন না; বিশেষতঃ বিচক্ষণ লোক বিপদের সময়েই শত্রুগণকে বধ করিয়া ধর্ম্ম ও যশ লাভ করেন ॥৭০॥

অতএব সর্বদা তোমার শত্রু এবং অদ্বিতীয় বীর কর্ণকে এখনই বধ করিবার জন্য ত্বরান্বিত হও। না হইলে, হয় ত কর্ণ পরে সুস্থ ও সমর্থ হইয়া আবার আসিবে। সুতরাং ইন্দ্র যেমন নমুচিদানবকে বধ করিয়াছিলেন, তুমিও সেইরূপ কর্ণকে বধ কর' ॥৭১॥

'কৃষ্ণ! তাহাই হউক' এইভাবে কৃষ্ণের প্রশংসা করিয়া সর্ব্বকৌরবশ্রেষ্ঠ অর্জ্জুন ত্বরান্বিত হইয়া—ইন্দ্র যেমন শম্বরাসুরকে বিদ্ধ করিয়াছিলেন, সেইরূপ উত্তম উত্তম বাণদ্বারা সত্বর সত্বর কর্ণকে বিদ্ধ করিতে লাগিলেন ॥৭২॥

---

(৭১)…বিধ্য ত্বমেনম্…পি সো। (৭২) ততস্তদেবেত্যভিপূজ্য সত্বরম্…পি বা সো।

স বৎসদন্তৈঃ পৃথুপীনবক্ষাঃ সমাচিতঃ সোঽধিরথির্বিভাতি।
সুপুষ্পিতাশোকপলাশশাল্মলির্যথাচলশ্চন্দনকাননাযুতঃ ॥৭৪॥
শরৈঃ শরীরে বহুভিঃ সমর্পিতো বিভাতি কর্ণঃ সমরে বিশাংপতে!।
মহীরুহৈরাচিতসানুকন্দরো যথা গিরীন্দ্রঃ স্ফুটকর্ণিকারবান্ ॥৭৫॥
স বাণসংঘান্ বহুশো ব্যবাসৃজন্ বিভাতি কর্ণঃ শরজালরশ্মিবান্।
সলোহিতো রক্তগভস্তিমণ্ডলো দিবাকরোঽস্তাভিমুখো যথা তথা ॥৭৬॥
বাহ্বন্তরাদাধিরথের্বিমুক্তান্ বাণান্ মহাহীনিব দীপ্যমানান্।
ব্যধ্বংসয়ন্নর্জুনবাহুমুক্তাঃ শরাঃ সমাসাদ্য দিশঃ শিতাগ্রাঃ ॥৭৭॥

ভারতকৌমুদী

স ইতি। পৃথু বৃহৎ পীনং স্থূলঞ্চ বক্ষো যস্য সঃ, সমাচিতো ব্যাপ্তদেহঃ, আধিরথিঃ কর্ণঃ। সন্ধিরার্ষঃ। সুপুষ্পিতা অশোকপলাশশাল্মলযো যত্র সঃ, অচলঃ পর্ব্বতঃ, চন্দনকাননেন আযুতঃ সমন্বিতঃ। প্রথমবিশেষণেন বক্তস্রাবস্য দ্বিতীযেন চ দেহস্য সাদৃশ্যমাক্ষিপ্তম্ ॥৭৪॥

শরৈরিতি। সমর্পিতো ব্যাপ্তঃ। মহীরুহৈর্বৃক্ষৈঃ, আচিতানি ব্যাপ্তানি সানবঃ সমতলদেশাঃ কন্দরাণি গুহাশ্চ যস্য সঃ। স্ফুটাঃ প্রস্ফুটিতপুষ্পাঃ কর্ণিকারা বৃক্ষা অস্য সন্তীতি সঃ ॥৭৫॥

স ইতি। ব্যবাসৃজন্ নিক্ষিপন্। শরজালমেব রশ্মিঃ কিরণোঽস্যাস্তীতি সঃ। যোপধত্বাদত্বঃ। লোহিতেন বর্ণেন সহেতি সঃ, রক্তং গভস্তিমণ্ডলং কিরণসমূহো যস্য সঃ ॥৭৬॥

বাহ্বিতি। বাহ্বোরন্তরান্মধ্যাৎ, আধিরথেঃ কর্ণস্য। মহাহীন্ বৃহৎসর্পান্ ॥৭৭॥

ভরতনন্দন! অর্জ্জুন সর্ব্বপ্রযত্নে স্বর্ণপুঙ্খ বৎসদন্তবাণদ্বারা অশ্ব ও রথের সহিত কর্ণকে ব্যাপ্ত করিলেন এবং দিক্ সকল আবৃত করিয়া ফেলিলেন ॥৭৩॥

বিশাল ও স্থূলবক্ষা কর্ণ বৎসদন্তবাণে ব্যাপ্ত হইয়া সুপুষ্পিত অশোক, পলাশ ও শাল্মলিবৃক্ষসমন্বিত এবং চন্দনবনযুক্ত পর্ব্বতের ন্যায় প্রকাশ পাইতে লাগিলেন ॥৭৪॥

নরনাথ! বহুতর বাণে দেহ ব্যাপ্ত হইলে কর্ণ—বৃক্ষপূর্ণসমতলভূমি ও গুহাযুক্ত এবং পুষ্পিতকর্ণিকারবৃক্ষসমন্বিত পর্ব্বতের তুল্য শোভা পাইতে থাকিলেন ॥৭৫॥

রক্তবর্ণ-কিরণশালী অস্তগমনোন্মুখ রক্তবর্ণ সূর্য্য যেমন প্রকাশ পায়, অর্জ্জুনের বাণজালরূপরশ্মিযুক্ত কর্ণ বহুতর বাণ ক্ষেপ করিতে থাকিয়া সেইরূপ প্রকাশ পাইতে থাকিলেন ॥৭৬॥

তখন অর্জ্জুননিক্ষিপ্ত সুধার বাণ সকল দিকে দিকে যাইয়া কর্ণের বাহু হইতে নির্গত মহাসর্পের তুল্য উজ্জ্বল বাণগুলিকে বিনষ্ট করিতে লাগিল ॥৭৭॥

---

(৭৫)…বহুভিঃ সমর্পিতৈঃ…সো।

ততঃ স কর্ণঃ সমবাপ্য ধৈর্য্যং বাণান্ বিমুঞ্চন্ কুপিতাহিকল্পান্।
বিব্যাধ পার্থং দশভিঃ পৃষৎকৈঃ কৃষ্ণঞ্চ ষড়্ভিঃ কুপিতাহিকল্পৈঃ ॥৭৮॥
ততো মহেন্দ্রাশনিতুল্যনিস্বনং মহাশরং সর্পবিষানলোপমম্।
অয়স্ময়ং রৌদ্রমহাস্ত্রসম্মিতং মহাহবে ক্ষেপ্তুমনা ধনঞ্জয়ঃ ॥৭৯॥
কালো হ্যদৃশ্যস্ত্বথ বিপ্রশাপং নিদর্শয়ন্ কর্ণরথং ব্রুবাণঃ।
ভূমিশ্চক্রং গ্রসতীত্যবোচৎ কর্ণস্য তস্মিন্ বধকালেঽপ্যুপান্তে ॥৮০॥
ব্রাহ্মং মহাস্ত্রং মনসি প্রনষ্টং যদ্ভার্গবোঽস্মৈ প্রদদৌ মহাত্মা।
বামং চক্রং গ্রসতে মেদিনী স্ম প্রাপ্তে তস্মিন্ বধকালে নৃবীর ! ॥৮১॥

ভারতকৌমুদী

তত ইতি। কুপিতাহিকল্পান্ ক্রুদ্ধসর্পতুল্যান্। পৃষৎকৈর্বাণৈঃ ॥৭৮॥

তত ইতি। অযস্ময়ং লৌহময়ম্, রৌদ্রেণ পাশুপতেন মহাস্ত্রেণ সম্মিতং তুল্যম্ ॥৭৯॥

কাল ইতি। বিপ্রশাপস্তু কর্ণেনৈব প্রাগুক্তঃ। ব্রুবাণো বিপন্নমিতি শেষঃ। উপান্তে রহঃ ॥৮০॥

ব্রাহ্মমিতি। প্রনষ্টং বিস্মৃতম্, ভার্গবো রামঃ। চক্রং রথস্য ॥৮১॥

ভাবতভাবদীপঃ

বাজাঃ পক্ষাঃ সঞ্জাতা যেষাং তৈর্বর্হিণবর্হবাজিতৈঃ ॥৫৫—৬৬॥ অগ্নিজঃ কার্ত্তিকেয়ঃ ॥৬৭—৬৮॥ ঈষিবান্ মনসি কৃতবান্ ॥৬৯—৭৯॥ কাল ইতি। হে নৃপ ! কর্ণবধম্ অভিলক্ষ্যেতি শেষঃ। ব্রুবাণো বক্তা ॥৮০॥ বামং চক্রং গ্রসতে মেদিনীত্যত্রাত্তিসৌতেবিতি পাঠে গ্রসতে

তাহার পর কর্ণ ধৈর্য্য লাভ করিয়া ক্রুদ্ধসর্পতুল্য বাণ সকল নিক্ষেপ করিতে থাকিয়া ক্রুদ্ধসর্পতুল্য দশ বাণে অর্জ্জুনকে এবং ছয় বাণে কৃষ্ণকে বিদ্ধ করিলেন ॥৭৮॥

তদনন্তর অর্জুন ইন্দ্রের বজ্রের তুল্য শব্দকারী, সর্পবিষ ও অগ্নির ন্যায় তেজস্বী এবং পাশুপত মহাস্ত্রের সদৃশ ভীষণ একটা লৌহময় মহাবাণ নিক্ষেপ করিবার ইচ্ছা করিলেন ॥৭৯॥

তৎপরে অদৃশ্য কাল সেই ব্রাহ্মণের শাপ দেখাইতে এবং কর্ণরথের বিপদ্ সূচনা করিতে থাকিয়া কর্ণের সেই বধকালে গোপনে যেন বলিল—'ভূমি তোমার রথচক্র গ্রাস করিতেছে' ॥৮০॥

নরবীর ! কর্ণের সেই বধকাল উপস্থিত হইলে, পরশুরাম কর্ণকে যে ব্রাহ্ম মহাস্ত্র দিয়াছিলেন, তাহা তাঁহার মনে পড়িল না এবং ভূমি রথের বাম চক্র গ্রাস করিল ॥৮১॥

---

(৭৯) ততঃ কিরীটী ভৃশমুগ্রনিস্বনম্...মহাস্ত্রসম্ভৃতম্...ক্ষেপ্তুমনা মহামতিঃ...সো। ইতঃ পরং বিবিধাঃ পাঠভেদা দ্রষ্টব্যাঃ।

ততো রথো ঘূর্ণিতবান্ নরেন্দ্র! শাপাত্তদা ব্রাহ্মণসত্তমস্য।
সবেদিকশ্চৈত্য ইবাতিমাত্রং সুপুষ্পিতো ভূমিতলে নিমগ্নঃ ॥৮২॥
ঘূর্ণে রথে ব্রাহ্মণস্যাভিশাপাদ্রামাদুপাত্তেঽপ্রতিভাতি চাস্ত্রে।
ছিন্নে শরে সর্পমুখে চ ঘোরে পার্থেন তস্মিন্ বিষসাদ কর্ণঃ ॥৮৩॥
অমৃষ্যমাণো ব্যসনানি তানি হস্তৌ বিধুন্বন্ স বিগর্হমাণঃ।
ধর্ম্মপ্রধানানভিপাতি ধর্ম্ম ইত্যব্রুবন্ ধর্ম্মবিদঃ সদৈব ॥৮৪॥
বয়ঞ্চ নিত্যং প্রযতাম ধর্ম্মং চর্ত্তুং যথাশক্তি যথাশ্রুতঞ্চ।
স চাপি নিঘ্নাতি ন পাতি ভক্তান্ মন্যে ন নিত্যং পরিপাতি ধর্ম্মঃ ॥৮৫॥
এবং ব্রুবন্ প্রস্খলিতাশ্বসূতো বিচাল্যমানোঽর্জ্জুনবাণপাতৈঃ।
মর্ম্মাভিঘাতাচ্ছিথিলঃ ক্রিয়াসু পুনঃ পুনর্ধর্ম্মমগর্হদাজৌ ॥৮৬॥

ভারতকৌমুদী

তত ইতি। রথো রথপশ্চাদ্ভাগঃ। বেদ্যা মূলস্থমৃত্তিকাস্তূপেন সহেতি সঃ, চৈত্যশ্চতুষ্পথস্থো বৃক্ষঃ, প্রবলবাত্যয়া ঘূর্ণমান ইত্যাশয়ঃ। সুপুষ্পিত ইত্যনেন রথস্য রক্তাক্তত্বমাক্ষিপ্যতে ॥৮২॥

ঘূর্ণ ইতি। ঘূর্ণে ঘূর্ণমানে। উপাত্তে প্রাপ্তে, অপ্রতিভাতি মনস্যনুপস্থিতে ॥৮৩॥

অমৃষ্যেতি। অমৃষ্যমাণঃ অসহমানঃ, ব্যসনানি বিপদঃ। বিধুন্বন্ চালয়ন্, বিগর্হমাণো ধর্ম্মং নিন্দন্নাসীৎ। কিং ব্রুবন্নিত্যাহ ধর্ম্মেতি। অভিপাতি সর্বতো রক্ষতি ॥৮৪॥

বয়মিতি। চর্ত্তুমনুষ্ঠাতুম্। নিঘ্নাতি নিহন্তি, পাতি রক্ষতি ॥৮৫॥

রাজা! তৎপরে পুষ্পসমন্বিত ভূমিমধ্যে নিবিষ্ট চতুষ্পথবৃক্ষ যেমন প্রবলবাত্যাবেগে মূলস্থ বেদির সহিত ঘুরিতে থাকে, সেইরূপ তখন ব্রাহ্মণের শাপের প্রভাবে কর্ণের রথের পশ্চাদ্ভাগ ঘুরিতে লাগিল ॥৮২॥

ব্রাহ্মণের অভিশাপবশতঃ রথখানা ঘুরিতে লাগিলে, পরশুরাম হইতে প্রাপ্ত অস্ত্র বিস্মৃত হইলে এবং অর্জ্জুন সেই সর্পমুখ ভয়ঙ্কর বাণ ছেদন করিলে, কর্ণ বিষণ্ণ হইয়া পড়িলেন ॥৮৩॥

তিনি সেই সমস্ত বিপদ্ সহ্য করিতে না পারিয়া হস্তদ্বয় সঞ্চালন করিতে থাকিয়া ধর্ম্মের নিন্দা করিতে লাগিলেন—'ধর্ম্মজ্ঞেরা সর্ব্বদাই বলিয়াছেন যে, ধর্ম্ম সমস্ত অবস্থায় ধার্ম্মিকগণকে রক্ষা করেন ॥৮৪॥

অথ চ আমরা যেমন শুনিয়াছি, তেমন ভাবেই শক্তি অনুসারে সর্ব্বদা ধর্ম্মাচরণ করিতে যত্ন করিয়া থাকি। কিন্তু সে ধর্ম্ম ত ভক্তগণকে রক্ষা করেই না, বরং বিনাশ করে। অতএব আমি মনে করি—ধর্ম্ম সর্ব্বদা রক্ষা করে না' ॥৮৫॥

---

(৮৩)…রামাদুপাত্তে হ্যবিভাতি চাস্ত্রে…রা সো।

ততঃ শরৈর্ভীমতরৈরবিধ্যত্ত্রিভিরাহবে ।
হস্তে কৃষ্ণং তথা পার্থমভ্যবিধ্যচ্চ সপ্তভিঃ ॥৮৭॥
ততোঽর্জ্জুনঃ সপ্তদশ তিগ্মবেগানজিহ্মগান্ ।
ইন্দ্রাশনিসমান্ ঘোরানসৃজৎ পাবকোপমান্ ॥৮৮॥
নির্ভিদ্য তে ভীমবেগা হ্যপতন্ পৃথিবীতলে ।
কম্পিতাত্মা ততঃ কর্ণঃ শক্ত্যা চেষ্টামদর্শয়ৎ ॥৮৯॥
বলেনাথ স সংস্তভ্য ব্রহ্মাস্ত্রং সমুদীরয়ৎ ।
ঐন্দ্রং ততোঽর্জ্জুনশ্চাপি তদ্দৃষ্ট্বাভ্যুপমন্ত্রয়ৎ ॥৯০॥
গাণ্ডীবং জ্যাঞ্চ বাণাংশ্চ সোঽনুমন্ত্র্য পরন্তপঃ ।
অসৃজচ্ছরবর্ষাণি বর্ষাণীব পুরন্দরঃ ॥৯১॥

ভারতকৌমুদী

এবমিতি । প্রস্খলিতা বিচলিতা অশ্বাঃ সূতঃ সারথিশ্চ যস্য সঃ ॥৮৬॥
তত ইতি । হস্তে, অঙ্গান্তরাণাং বর্ম্মাবৃতত্বাদিতি ভাবঃ ॥৮৭॥
তত ইতি । তিগ্মবেগান্ মহাবেগান্, অজিহ্মগান্ বাণান্ । অসৃজৎ চিক্ষিপৎ ॥৮৮॥
নিবিতি । নির্ভিদ্য কর্ণদেহং বিদার্য্য, তে অজিহ্মগাঃ । চেষ্টাং প্রতিপ্রহারোদ্যমম্ ॥৮৯॥
বলেনেতি । সংস্তভ্য আত্মানং স্থিরীকৃত্য, সমুদীরয়ৎ অক্ষিপৎ ॥৯০॥
গাণ্ডীবমিতি । জ্যাং গুণম্ । পুরন্দরঃ পুরন্দরাধিষ্ঠিতো মেঘঃ ॥৯১॥

সারথি ও অশ্বগণ স্থানচ্যুত হইলে এবং অর্জ্জুনের বাণপতনে নিজেও বিচলিত হইয়া পড়িলে এবং মর্ম্মে মর্ম্মে আহত হইতে থাকায় কর্ণ কার্য্যে শিথিল হইয়া বার বার ধর্ম্মের নিন্দা করিলেন ॥৮৬॥

তাহার পর কর্ণ অতিভীষণ তিনটা বাণদ্বারা কৃষ্ণের হস্ত এবং সাতটা বাণদ্বারা অর্জ্জুনকে বিদ্ধ করিলেন ॥৮৭॥

তাহার পর অর্জ্জুন মহাবেগশালী এবং ইন্দ্রের বজ্র ও অগ্নির তুল্য ভীষণ সতরটা বাণ নিক্ষেপ করিলেন ॥৮৮॥

ক্রমে দারুণবেগযুক্ত সেই বাণগুলি যাইয়া কর্ণের দেহ ভেদ করিয়া ভূতলে পতিত হইল । পরে কর্ণ কম্পিতকলেবর হইয়াও শক্তি অনুসারে প্রতিপ্রহারের উদ্যম দেখাইতে লাগিলেন ॥৮৯॥

তদনন্তর কর্ণ বলপূর্ব্বক আপনাকে স্থির করিয়া ব্রহ্মাস্ত্র ক্ষেপ করিলেন । তখন অর্জ্জুনও তাহা দেখিয়া ঐন্দ্রাস্ত্র আহ্বান করিলেন ॥৯০॥

এবং মেঘ যেমন জলবর্ষণ করে, তেমন শত্রুসন্তাপক অর্জ্জুন গাণ্ডীবধনু, তাহার গুণ ও বাণসমূহকে অভিমন্ত্রিত করিয়া বাণবর্ষণ করিতে লাগিলেন ॥৯১॥

ততস্তেজোময়া বাণা রথাৎ পার্থস্য নিঃসৃতাঃ।
প্রাদুরাসন্ মহাবীর্য্যাঃ কর্ণস্য রথমন্তিকাৎ ॥৯২॥
তান্ কর্ণস্ত্বগ্রতো ন্যস্তান্ মোঘাংশ্চক্রে মহারথঃ।
ততোঽব্রবীদ্বৃষ্ণিবীরস্তস্মিন্নস্ত্রে বিনাশিতে ॥৯৩॥
বিসৃজাস্ত্রং পরং পার্থ! রাধেয়ো গ্রসতে শরান্।
ততো ব্রহ্মাস্ত্রমব্যগ্রঃ সংমন্ত্র্য সমযোজয়ৎ ॥৯৪॥
ছাদয়িত্বা দিশো বাণৈঃ কর্ণং প্রত্যস্যদর্জ্জুনঃ।
ততঃ কর্ণঃ শিতৈর্বাণৈশ্চিচ্ছেদ জ্যাং সুতেজনৈঃ ॥৯৫॥
দ্বিতীয়াঞ্চ তৃতীয়াঞ্চ চতুর্থীং পঞ্চমীং তথা।
ষষ্ঠীমথাস্য চিচ্ছেদ সপ্তমীঞ্চ তথাষ্টমীম্ ॥৯৬॥
নবমীং দশমীঞ্চাস্য তথা চৈকাদশীং বৃষঃ।
জ্যাশতং শতসন্ধানঃ স কর্ণো নাববুধ্যতে ॥৯৭॥

ভাবতকৌমুদী

তত ইতি। রথং লক্ষ্যীকৃত্যেতি শেষঃ ॥৯২॥
তানিতি। ন্যস্তান্ নিক্ষিপ্তান্, মোঘান্ ছেদনেন ব্যর্থান্। বৃষ্ণিবীরঃ কৃষ্ণঃ ॥৯৩॥
বিসৃজেতি। গ্রসতে গ্রাসেনেব নাশয়তি। অব্যগ্রোঽর্জ্জুনঃ ॥৯৪॥
ছাদেতি। অস্যৎ বাণানক্ষিপৎ। জ্যাং ধনুর্গুণম্, সুতেজনৈরতিবেগৈঃ ॥৯৫॥
দ্বিতীয়ামিতি। দ্বিতীয়াং দ্বিরারোপিতাং জ্যাম্। এবং সর্ব্বত্র ॥৯৬॥

তৎপরে তেজোময় ও মহাশক্তিশালী বাণ সকল অর্জ্জুনের রথ হইতে নির্গত হইয়া কর্ণের রথের নিকটে যাইয়া প্রকাশ পাইতে থাকিল ॥৯২॥

কিন্তু সেগুলি কর্ণের সম্মুখে উপস্থিত হইবামাত্রই মহারথ কর্ণ সেগুলিকে ব্যর্থ করিতে লাগিলেন। সেই অস্ত্র বিনষ্ট হইলে, কৃষ্ণ অর্জ্জুনকে বলিলেন—॥৯৩॥

'অর্জ্জুন! কর্ণ বাণগুলিকে গ্রাস করিতেছে। অতএব পুনরায় অস্ত্রক্ষেপ কর'। পরে অর্জ্জুন স্থির থাকিয়া আমন্ত্রণপূর্ব্বক ব্রহ্মাস্ত্র যোগ করিলেন ॥৯৪॥

অর্জ্জুন বাণদ্বারা সমস্ত দিক্ আবৃত করিয়া আবার কর্ণের প্রতিও বাণক্ষেপ করিতে লাগিলেন। তাহার পর কর্ণ সুধার ও মহাবেগশালী বাণদ্বারা অর্জ্জুনের ধনুর গুণ ছেদন করিলেন ॥৯৫॥

এইভাবে কর্ণ অর্জ্জুনের দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, পঞ্চম, ষষ্ঠ, সপ্তম ও অষ্টম ধনুর গুণ কাটিয়া ফেলিলেন ॥৯৬॥

(৯৫)···শিতৈঃ ক্রুদ্ধঃ···পি।

ততো জ্যামবধায়ান্যামনুমৃজ্য চ পাণ্ডবঃ।
শরৈরবাকিরৎ কর্ণং দীপ্তাস্যৈরুরগৈরিব ॥৯৮॥
তস্য জ্যাচ্ছেদনং কর্ণো জ্যাবধানঞ্চ সংযুগে।
নান্ববুধ্যত শীঘ্রত্বাত্তদদ্ভুতমিবাভবৎ ॥৯৯॥
অস্ত্রৈরস্ত্রাণি রাধেয়ঃ প্রাহনৎ সব্যসাচিনঃ।
চক্রেঽভ্যধিকমাত্মানং স্ববীর্য্যং প্রতিদর্শয়ন্ ॥১০০॥
ততঃ কৃষ্ণোঽর্জুনং দৃষ্ট্বা কর্ণাস্ত্রেণাভিপীড়িতম্।
অভ্যস্যেত্যব্রবীৎ পার্থমাতিষ্ঠাস্ত্রমনুত্তমম্ ॥১০১॥

ভারতকৌমুদী

নবমীমিতি। চিচ্ছেদেত্যনুবৃত্তিঃ। বৃষঃ কর্ণঃ। জ্যাশতমর্জ্জুনস্যাস্তীতি শেষঃ ॥৯৭॥
তত ইতি। অবধায় ধনুষ্যারোপ্য। অবাকিরৎ প্রাহরৎ, দীপ্তাস্যৈর্জ্বলন্মুখৈঃ ॥৯৮॥
তস্যেতি। জ্যায়া ধনুর্গুণস্য অবধানমারোপণম্ ॥৯৯॥
অস্ত্রৈরিতি। প্রাহনদিতি বিকরণলোপাভাব আর্ষঃ ॥১০০॥
তত ইতি। অভ্যস্য পৌনঃপুন্যেনাস্ত্রং ক্ষিপ। আতিষ্ঠ গৃহাণ ॥১০১॥

ভারতভাবদীপঃ

অস্তি চ ন তু নির্গীর্ণমুদ্বমস্তীত্যর্থঃ ॥৮১॥ চৈত্যঃ সবেদিকো গ্রামস্থচকো মহাক্রমঃ ॥৮২—৮৯॥ অভ্যুপমন্ত্রয়ৎ গাণ্ডীবমিত্যুক্তবান্যয়ি ॥৯০—৯৪॥ প্রত্যস্যৎ প্রতিপ্রাক্ষিপৎ ॥৯৫—১০০॥ অভ্যস্য

এমন কি, তখন কর্ণ অর্জ্জুনের নবম, দশম এবং একাদশ ধনুর গুণও ছেদন করিলেন। কিন্তু শতপ্রকারসন্ধানকারী কর্ণ—অর্জ্জুনেব যে শতসংখ্যক ধনুব গুণ আছে, তাহা বুঝিতে পাবেন নাই ॥৯৭॥

তাহাব পব অর্জ্জুন ধনুতে অন্য একটা গুণ লাগাইয়া এবং তাহা মাজিয়া উজ্জ্বলমুখ সর্পের ন্যায় বাণসমূহদ্বারা কর্ণকে তাড়ন করিতে লাগিলেন ॥৯৮॥

অর্জ্জুনেব ধনুর গুণচ্ছেদন এবং পুনরায় তাহার আরোপণ অতিক্রত হইতেছিল বলিয়া কর্ণ তাহা বুঝিতে পারেন নাই; তাহা যেন অদ্ভুত বলিয়া বোধ হইয়াছিল ॥৯৯॥

ক্রমে কর্ণ অস্ত্রদ্বারা অর্জুনের অস্ত্র প্রতিহত করিলেন এবং নিজের শক্তি দেখাইতে থাকিয়া নিজেকে প্রধান বলিয়া প্রতিপন্ন কবিলেন ॥১০০॥

তাহার পব কৃষ্ণ অর্জুনকে কর্ণেব অস্ত্রে পরিপীড়িত দেখিয়া অর্জ্জুনকে বলিলেন—'অর্জুন! বার বার অস্ত্রক্ষেপ কর এবং সর্বশ্রেষ্ঠ অস্ত্র গ্রহণ কব' ॥১০১॥

---

(৯৮)…সমামৃজ্য চ পাণ্ডবঃ…পি। (১০০)…স্বং বীর্য্যম্…পি।

ততোঽন্যমগ্নিসদৃশঃ ক্রুদ্ধঃ সর্পবিষোপমম্।
অশ্মসারময়ং দিব্যমনুমন্ত্র্য ধনঞ্জয়ঃ ॥১০২॥
রৌদ্রমস্ত্রং সমাধায় ক্ষেপ্তুকামঃ কিরীটবান্।
ততোঽগ্রসন্মহী চক্রং রাধেয়স্য তদা নৃপ ! ॥১০৩॥ (যুগ্মকম্)
গ্রস্তচক্রস্তু রাধেয়ঃ কোপাদশ্রূণ্যবর্ত্তয়ৎ।
অর্জুনঞ্চাব্রবীৎ কর্ণো মুহূর্ত্তং ক্ষম পাণ্ডব ! ॥১০৪॥
সব্যং চক্রং মহীগ্রস্তং দৃষ্ট্বা দৈবাদিদং মম।
পার্থ ! কাপুরুষাচীর্ণমভিসন্ধিং বিসর্জয় ॥১০৫॥
প্রকীর্ণকেশে বিমুখে ব্রাহ্মণেঽথ কৃতাঞ্জলৌ।
শরণাগতে যাচমানে ন্যস্তশস্ত্রে তথৈব চ ॥১০৬॥
অবাণে ভ্রষ্টকবচে ভ্রষ্টভগ্নায়ুধে তথা।
ন বিমুঞ্চন্তি শস্ত্রাণি শূরাঃ সাধুব্রতে স্থিতাঃ ॥১০৭॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত ইতি। অশ্মসারময়ং লৌহময়ম্, দিব্যমলৌকিকম্। রৌদ্রং ভীষণম্, সমাধায় ধনুষি সংস্থাপ্য, ক্ষেপ্তুকামঃ অভবৎ। অগ্রসৎ পূর্বত আধিক্যেন ॥১০২—১০৩॥

গ্রস্তেতি। অবর্ত্তয়ৎ উদপাদয়ৎ। ক্ষম প্রতীক্ষস্ব ॥১০৪॥

সব্যমিতি। সব্যং বামম্। কাপুরুষৈরাচীর্ণমাচরিতম্ ॥১০৫॥

প্রকীর্ণেতি। প্রকীর্ণকেশে বিহ্বলতয়া স্খলিতকুন্তলে। যাচমানে বিরামাভয়াদিকম্, ন্যস্তশস্ত্রে ত্যক্তাস্ত্রে। ভ্রষ্টং ভগ্নং বা আয়ুধং যস্য তস্মিন্ ॥১০৬—১০৭॥

তদনন্তর ক্রুদ্ধ অর্জুন অগ্নি ও সর্পবিষের ন্যায় ভীষণ, লৌহময় ও অলৌকিক এক অস্ত্রকে অভিমন্ত্রিত করিয়া ধনুতে স্থাপনপূর্ব্বক ক্ষেপ করিবার ইচ্ছা করিলেন। রাজা ! তখন ভূমি কর্ণের রথের বাম চক্রটাকে পূর্বাপেক্ষা অধিক গ্রাস করিল ॥১০২—১০৩॥

ভূমি রথচক্র গ্রাস করিলে, রাধানন্দন কর্ণ ক্রোধে অশ্রুপাত করিলেন এবং অর্জুনকে বলিলেন—'পাণ্ডুনন্দন ! একটু কাল অপেক্ষা কর ॥১০৪॥

পৃথানন্দন ! দৈববশতঃ আমার এই বাম চক্রটা ভূতলে প্রবিষ্ট হইয়াছে দেখিয়া কাপুরুষের অভিসন্ধি পরিত্যাগ কর ॥১০৫॥

স্খলিতকেশ, পরাঙ্মুখ, ব্রাহ্মণ, কৃতাঞ্জলি, শরণাগত, যুদ্ধবিরামাদিপ্রার্থী, ন্যস্তশস্ত্র, বাণশূন্য, ভ্রষ্টকবচ, পতিতশস্ত্র ও ভগ্নাস্ত্র লোকের প্রতি সাধুনিয়মস্থ বীরেরা অস্ত্রক্ষেপ করেন না ॥১০৬—১০৭॥

(১০৬)…ব্রহ্মবাদিকৃতাঞ্জলৌ…পি বর্দ্ধ।

ত্বঞ্চ শূরতমো লোকে সাধুবৃত্তশ্চ পাণ্ডব ।।
অভিজ্ঞো যুদ্ধধর্ম্মাণাং তস্মাৎ ক্ষম মম ক্ষণম্ ॥১০৮॥
যাবচ্চক্রমিদং ভূমেরুদ্ধরামি ধনঞ্জয় ।।
ন মাং রথস্থো ভূমিষ্ঠমসজ্জং হন্তুমর্হসি ॥১০৯॥
ন বাসুদেবাত্ত্বত্তো বা পাণ্ডবেয় ! বিভেম্যহম্ ।
ত্বং হি ক্ষত্রিয়দায়াদো মহাকুলবিবর্দ্ধনঃ ।
স্মৃত্বা ধর্ম্মোপদেশং ত্বং মুহূর্ত্তং ক্ষম পাণ্ডব ! ॥১১০॥

সঞ্জয় উবাচ ।

তমব্রবীদ্বাসুদেবো রথস্থো রাধেয় ! দিষ্ট্যা স্মরসীহ ধর্ম্মম্ ।
প্রায়েণ নীচা ব্যসনে নিমগ্না নিন্দন্তি দৈবং কুকৃতং ন তু স্বম্ ॥১১১॥

ভারতকৌমুদী

ত্বমিতি । সাধুবৃত্তঃ সজ্জনাচারবান্ । ক্ষম প্রতীক্ষস্ব ॥১০৮॥

যাবদিতি । রথস্থত্বম্, অসজ্জং যুদ্ধে অপ্রস্তুতম্ ॥১০৯॥

তৎ কিমেতদ্ভয়েন ব্রবীষীত্যাহ নেতি । ক্ষত্রিয়স্য দায়াদঃ সন্তানঃ । ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১১০॥

তমিতি । দিষ্ট্যা ভাগ্যেন । ব্যসনে বিপৎসাগরে । স্বং স্বকীয়ম্ ॥১১১॥

পাণ্ডুনন্দন ! তুমি জগতে মহাবীর, সচ্চরিত্র এবং যুদ্ধধর্ম্মে অভিজ্ঞ । অতএব তুমি আমার বিষয়ে ক্ষণকাল প্রতীক্ষা কর ॥১০৮॥

ধনঞ্জয় ! আমি যাবৎ এই রথচক্র ভূমি হইতে উত্তোলন করি, তাহার মধ্যে তুমি রথে থাকিয়া ভূতলস্থিত এবং যুদ্ধে অপ্রস্তুত আমাকে আঘাত করিতে পার না ॥১০৯॥

পাণ্ডুনন্দন ! আমি—কৃষ্ণ বা তোমা হইতে ভীত নহি । তুমি ক্ষত্রিয়সন্তান এবং মহাবংশবৃদ্ধিকারী । অতএব অর্জ্জুন ! তুমি ধর্ম্মোপদেশ স্মরণ করিয়া মুহূর্ত্তকাল অপেক্ষা কর' ॥১১০॥

সঞ্জয় কহিলেন—'মহারাজ ! তখন কৃষ্ণ রথে থাকিয়াই কর্ণকে বলিলেন—'রাধানন্দন ! তুমি ভাগ্যবশতঃ এখন ধর্ম্ম স্মরণ করিতেছ । নীচ লোকেরা প্রায়ই বিপৎসাগরে নিমগ্ন হইয়া দৈবের নিন্দা করে, কিন্তু নিজের দুষ্কার্য্যের নিন্দা করে না ॥১১১॥

---

(১১০) ইতঃ পরম্ '…ঊননবতিতমোঽধ্যায়ঃ' পি, '…নবতিতমোঽধ্যায়ঃ' বঙ্গবর্দ্ধ বা সো ।

যদ্‌দ্রৌপদীমেকবস্ত্রাং সভায়ামানায়য়েস্ত্বঞ্চ সুযোধনশ্চ।
দুঃশাসনঃ শকুনিঃ সৌবলশ্চ ন তে কর্ণ! প্রত্যভাত্তত্র ধর্ম্মঃ ॥১১২॥
যদা সভায়াং কৌন্তেয়মনক্ষজ্ঞং যুধিষ্ঠিরম্।
অক্ষজ্ঞঃ শকুনির্জেতা ক্ব তে ধর্ম্মস্তদা গতঃ ॥১১৩॥
যদ্‌ভীমসেনং সর্পৈশ্চ বিষযুক্তৈশ্চ ভোজনৈঃ।
আচরত্ত্বন্মতে রাজা ক্ব তে ধর্ম্মস্তদা গতঃ ॥১১৪॥
বনবাসে ব্যতীতে চ বর্ষে কর্ণ! ত্রয়োদশে।
ন প্রয়চ্ছসি যদ্রাজ্যং ক্ব তে ধর্ম্মস্তদা গতঃ ॥১১৫॥
যদ্বারণাবতে পার্থান্ সুপ্তান্ জতুগৃহে তদা।
আদীপয়স্ত্বং রাধেয়! ক্ব তে ধর্ম্মস্তদা গতঃ ॥১১৬॥
যদা রজস্বলাং কৃষ্ণাং দুঃশাসনবশে স্থিতাম্।
সভায়াং প্রাহসঃ কর্ণ! ক্ব তে ধর্ম্মস্তদা গতঃ ॥১১৭॥

ভারতকৌমুদী

যদিতি। সভাযাং দ্যূতস্থ। প্রত্যভাৎ মনস্যুপাতিষ্ঠৎ ॥১১২॥
যদেতি। জেতেতি তৃন্। তস্থ চ নিষ্ঠাদিত্বাৎ কর্ম্মণি ন ষষ্ঠী ॥১১৩॥
যদিতি। যৎ কর্ম্ম, ভীমসেনং হন্তুমিতি শেষঃ। বাজা দুর্য্যোধনঃ ॥১১৪॥
বনেতি। ন প্রযচ্ছসি পাণ্ডবেভ্যো ন দদাসি স্ম, বাজ্যং ন্যাযতঃ প্রাপ্যম্ ॥১১৫॥
যদিতি। আদীপযঃ অজ্বলযঃ দগ্ধুমৈচ্ছ ইত্যর্থঃ ॥১১৬॥
যদেতি। কৃষ্ণাং দ্রৌপদীম্। সভাযাং দ্যূতস্থ, প্রাহসস্ত্বম্ ॥১১৭॥

কর্ণ! তুমি, দুর্য্যোধন, দুঃশাসন ও সুবলপুত্র শকুনি সকলে মিলিয়া যে একবস্ত্রা দ্রৌপদীকে সভায় আনাইয়াছিলে, তখন তোমাব ধর্ম্মস্মরণ হয় নাই। ॥১১২॥

দ্যূতসভায় যখন পাশক্রীড়ানিপুণ শকুনি পাশক্রীড়ায় অনভিজ্ঞ কুন্তীনন্দন যুধিষ্ঠিবকে জয় কবিয়াছিল, তখন তোমাব ধর্ম্ম কোথায় গিয়াছিল ॥১১৩॥

দুর্য্যোধন যখন তোমাব মতানুসাবে সর্পদংশন ও বিষযুক্ত খাদ্যদ্বাবা ভীমকে মাবিয়া ফেলিবাব উপক্রম কবিয়াছিল, তখন তোমার ধর্ম্ম কোথায় গিয়াছিল ॥১১৪॥

কর্ণ! বনবাস ও ত্রয়োদশ বৎসব অতীত হইলে, তোমরা যে পাণ্ডবগণকে বাজ্য দাও নাই, তখন তোমাব ধর্ম্ম কোথায় গিয়াছিল ॥১১৫॥

রাধানন্দন! বারণাবতনগবে জতুগৃহে নিদ্রিত পাণ্ডবগণকে তখন যে দগ্ধ করিবার উপক্রম করিয়াছিলে, তখন তোমাব ধর্ম্ম কোথায় গিয়াছিল ॥১১৬॥

যদা নারীপুরে কৃষ্ণাং কৃষ্যমাণামনাগসম্ ।
উপপ্রেক্ষসি রাধেয় ! ক তে ধর্ম্মস্তদা গতঃ ॥১১৮॥
বিনষ্টাঃ পাণ্ডবাঃ কৃষ্ণে ! শাশ্বতং নরকং গতাঃ ।
পতিমন্যং বৃণীষ্বেতি বদংস্ত্বং গজগামিনীম্ ।
উপপ্রেক্ষসি রাধেয় ! ক তে ধর্ম্মস্তদা গতঃ ॥১১৯॥
রাজ্যলুব্ধঃ পুনঃ কর্ণ ! সমাহ্বয়সি পাণ্ডবান্ ।
গান্ধাররাজমাশ্রিত্য ক তে ধর্ম্মস্তদা গতঃ ॥১২০॥
যদাভিমন্যুং বহবো যুদ্ধে জঘ্নুর্মহারথাঃ ।
পরিবার্য্য রণে বালং ক তে ধর্ম্মস্তদা গতঃ ॥১২১॥
যদ্যেষ ধর্ম্মস্তত্র ন বিদ্যতে হি কিং সর্বদা তালুবিশোষণেন ।
অদ্যেহ ধর্ম্মাণি বিধৎস্ব সূত ! তথাপি জীবন্ ন বিমোক্ষ্যসে হি ॥১২২॥

ভারতকৌমুদী

যদেতি । অনাগসং নিরপরাধাম্ । উপপ্রেক্ষসি ঔদাসীন্যেন পশ্যসি স্ম ॥১১৮॥
বিনষ্টা ইতি । শাশ্বতং চিরকালীনম্, উত্থানাসম্ভবাৎ । ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১১৯॥
রাজ্যেতি । সমাহ্বয়সি অনুদ্যূতক্রীড়ার্থম্ । গান্ধাররাজং শকুনিম্ ॥১২০॥
যদেতি । মহারথাস্ত্বদাদয়ঃ । পরিবার্য্য পরিবেষ্ট্য । এতেনার্জ্জুনোত্তেজনা কৃতা চ ॥১২১॥
যদীতি । এষ সর্বঃ । তালুবিশোষণেন ধর্ম্মচিন্তয়া । বিধৎস্ব ত্বমেব কুরু ॥১২২॥

কর্ণ ! তুমি যখন দ্যূতসভায় দুঃশাসনের বশীভূতা রজস্বলা দ্রৌপদীকে পরিহাস করিয়াছিলে, তখন তোমার ধর্ম্ম কোথায় গিয়াছিল ॥১১৭॥

রাধাপুত্র ! দুঃশাসন অন্তঃপুরে যাইয়া নিরপরাধা দ্রৌপদীকে আকর্ষণ করিতে লাগিলে, তুমি উদাসীনভাবে তাহাকে যাহাকে দেখিতেছিলে, তখন তোমার ধর্ম্ম কোথায় গিয়াছিল ॥১১৮॥

'দ্রৌপদি ! পাণ্ডবেরা মরিয়াছে এবং চিরকালের জন্য নরকে গিয়াছে । অতএব তুমি অন্য পতি বরণ কর' এইরূপ বলিতে থাকিয়া তুমি যখন গজগামিনী দ্রৌপদীর প্রতি দৃষ্টিপাত করিতেছিলে, তখন তোমার ধর্ম্ম কোথায় গিয়াছিল ॥১১৯॥

কর্ণ ! রাজ্যলোভী হইয়া শকুনিকে অবলম্বন করিয়া আবার যে অনুদ্যূতে পাণ্ডবগণকে আহ্বান করিয়াছিলে, তখন তোমার ধর্ম্ম কোথায় গিয়াছিল ॥১২০॥

এবং যখন তোমরা বহুতর মহারথ মিলিত হইয়া পরিবেষ্টন করিয়া বালক অভিমন্যুকে বধ করিয়াছিলে, তখন তোমার ধর্ম্ম কোথায় গিয়াছিল ॥১২১॥

(১২০)…যদা শকুনিমাশ্রিত্য…বা সো ।

নলো হ্যক্ষৈর্নির্জ্জিতঃ পুষ্করেণ পুনর্যথা রাজ্যমবাপ বীর্য্যাৎ।
প্রাপ্তাস্তথা পাণ্ডবা বাহুবীর্য্যাৎ সর্বে সমস্তাঃ পরিবৃত্তলোভাঃ ॥১২৩॥
নিহত্য শত্রূন্ সমরে প্রবৃদ্ধান্ সসোমকা রাজ্যমবাপ্নুয়ুস্তে।
তথা গতা ধার্ত্তরাষ্ট্রা বিনাশং ধর্ম্মাভিগুপ্তৈঃ সততং নৃসিংহৈঃ ॥১২৪॥

সঞ্জয় উবাচ।

এবমুক্তস্তদা কর্ণো বাসুদেবেন ভারত!।
লজ্জয়াবনতো ভূত্বা নোত্তরং কিঞ্চিদুক্তবান্ ॥১২৫॥
ক্রোধাৎ প্রস্ফুরমাণোষ্ঠো ধনুরুদ্যম্য ভারত!
যোধয়ামাস বৈ পার্থং মহাবেগপরাক্রমঃ ॥১২৬॥

ভারতকৌমুদী

যদীতি। এষ সর্ব্বঃ। তালুবিশোষণেন ধর্ম্মচিন্তয়া। বিধৎস্ব ত্বমেব কুরু ॥১২২॥
নল ইতি। পুষ্করেণ তদাখ্যেন ভ্রাত্রা। পরিবৃত্তলোভা নিবৃত্তলোভাঃ ॥১২৩॥
নিহত্যেতি। তে পাণ্ডবাঃ। ধর্ম্মেণ অভিগুপ্তৈঃ সর্বথা রক্ষিতৈঃ, নৃসিংহৈঃ পাণ্ডবৈঃ ॥১২৪॥
এবমিতি। লজ্জয়া, কৃষ্ণোক্তানাং সর্বেষামেব কর্ম্মণামধর্ম্মজনকত্বাদিতি ভাবঃ ॥১২৫॥
ক্রোধাদিতি। প্রস্ফুরমাণোষ্ঠঃ স্পন্দমানাধরঃ কর্ণঃ, উদ্যম্য উত্তোল্য ॥১২৬॥

সূত! সেই সমস্ত অবস্থায় যদি এই সকল ধর্ম্ম না হইয়া থাকে, তবে এখন আর পরের ধর্ম্মচিন্তায় সর্ব্বদা তালুশোষণ করায় ফল কি। তুমি আজ যদি এখানে বহু ধর্ম্মাচরণও কর, তথাপি জীবিত অবস্থায় মুক্তি পাইবে না ॥১২২॥

পুষ্কর পাশক্রীড়ায় নলকে জয় করিয়াছিলেন; তাহার পর নল যেমন বাহুবলে আবার রাজ্যলাভ করিয়াছিলেন; সেইরূপ পাণ্ডবেরাও বাহুবলে রাজ্যলাভ করিয়াছেন। কারণ, ইঁহারা সকলেই লোভশূন্য ॥১২৩॥

পাণ্ডবেরা সোমকগণের সহিত মিলিত হইয়া যুদ্ধে প্রবল শত্রুগণকে বধ করিয়া রাজ্যলাভ করিবেন; আর সর্ব্বদা সর্ব্বপ্রকারে ধর্ম্মরক্ষিত নরশ্রেষ্ঠ পাণ্ডবগণের প্রভাবে ধার্ত্তরাষ্ট্রেরা বিনষ্ট হইবে ॥১২৪॥

সঞ্জয় বলিলেন—'ভরতনন্দন! কৃষ্ণ এইরূপ বলিলে, তখন কর্ণ লজ্জায় অধোবদন হইয়া কোন উত্তর করিলেন না ॥১২৫॥

ভরতনন্দন! তখন ক্রোধে কর্ণের ওষ্ঠযুগল স্পন্দিত হইতে লাগিল এবং সেই অবস্থায় মহাবেগ ও মহাপরাক্রমশালী কর্ণ ধনু উত্তোলন করিয়া অর্জ্জুনের সহিত যুদ্ধ করিতে প্রবৃত্ত হইলেন ॥১২৬॥

তততোঽব্রবীদ্বাসুদেবঃ ফাল্গুনং পুরুষর্ষভম্ ।
দিব্যাস্ত্রেণৈব নির্ভিদ্য পাতয়স্ব মহাবল ! ॥১২৭॥
এবমুক্তস্তু দেবেন ক্রোধমাগাদ্ধনঞ্জয়ঃ ।
মন্যুমভ্যাবিশদ্‌ঘোরং স্মৃত্বা তত্তদ্ধনঞ্জয়ঃ ॥১২৮॥
তস্য ক্রুদ্ধস্য সর্বেভ্যঃ স্রোতোভ্যস্তেজসোঽর্চ্চিষঃ ।
প্রাদুরাসংস্ততো রাজংস্তদদ্ভুতমিবাভবৎ ॥১২৯॥
তৎ সমীক্ষ্য ততঃ কর্ণো ব্রহ্মাস্ত্রেণ ধনঞ্জয়ম্ ।
অভ্যবর্ষৎ পুনর্যত্নমকরোদ্রথসজ্জনে ॥১৩০॥
ব্রহ্মাস্ত্রেণৈব তং পার্থো ববর্ষ শরবৃষ্টিভিঃ ।
অস্ত্রমস্ত্রেণ সংবার্য্য প্রজহার চ পাণ্ডবঃ ॥১৩১॥
ততোঽন্যদস্ত্রং কৌন্তেয়ো দয়িতং জাতবেদসঃ ।
মুমোচ কর্ণমুদ্দিশ্য তৎ প্রজজ্বাল তেজসা ॥১৩২॥

ভারতকৌমুদী

তত ইতি। ফাল্গুনমর্জ্জুনম্। পাতয়স্ব রথাৎ কর্ণমিতি শেষঃ ॥১২৭॥
এবমিতি। আগাৎ প্রাপ্নোৎ। মন্যুং দৈন্যম্। তত্তৎ কৃষ্ণাপমানাস্তভিমন্যুবধান্তম্ ॥১২৮॥
তস্যেতি। স্রোতোভ্যো রোমকূপেভ্যঃ, অর্চ্চিষঃ শিখাঃ ॥১২৯॥
তদিতি। অভ্যবর্ষৎ প্রাহরৎ। রথস্য সজ্জনে উদ্ধারেণ যোগ্যীকরণে ॥১৩০॥
ব্রহ্মেতি। ব্রহ্মাস্ত্রেণৈব তৎক্ষেপেণ তদন্তর্গতাভিবেবেত্যর্থঃ ॥১৩১॥
তত ইতি। দয়িতং প্রিয়ম, জাতবেদসো বহ্নেঃ ॥১৩২॥

তাহার পর কৃষ্ণ পুরুষশ্রেষ্ঠ অর্জ্জুনকে বলিলেন—'মহাবল! তুমি দিব্য অস্ত্র-দ্বারাই বিদারণ করিয়া কর্ণকে রথ হইতে নিপাতিত কর' ॥১২৭॥

কৃষ্ণ এইরূপ বলিলে, অর্জ্জুনের ক্রোধ জন্মিল এবং তিনি সেই সকল ঘটনা স্মরণ করিয়া ভয়ঙ্কর দৈন্যও অনুভব করিতে লাগিলেন ॥১২৮॥

রাজা! অর্জ্জুন ক্রুদ্ধ হইলে, তাঁহার সমস্ত রোমকূপ হইতে তেজের শিখা বাহির হইতে লাগিল এবং তাহা যেন অদ্ভুত বলিয়া বোধ হইল ॥১২৯॥

পরে কর্ণ তাহা দেখিয়া অর্জ্জুনের উপরে ব্রহ্মাস্ত্র ক্ষেপ করিলেন, আবার রথখানাকে ঠিক্ করিবার চেষ্টাও করিলেন ॥১৩০॥

তখন অর্জ্জুন ব্রহ্মাস্ত্র ক্ষেপ করিয়াই কর্ণের উপরে তাহার বাণবর্ষণ করিতে লাগিলেন এবং অস্ত্রদ্বারাই অস্ত্র নিবারণ করিয়া কর্ণকে প্রহার করিতে থাকিলেন ॥১৩১॥

(১২৮)…স্মৃত্বা তত্তু ধনঞ্জয়ঃ—বর্দ্ধ বা সো।

বারুণেন ততঃ কর্ণঃ শময়ামাস পাবকম্।
জীমূতৈশ্চ দিশঃ সর্বাশ্চক্রে তিমিরদুর্দ্দিনাঃ ॥১৩৩॥
পাণ্ডবেয়স্ত্বসংভ্রান্তো বায়ব্যাস্ত্রেণ বীর্য্যবান্।
অপোবাহ তদভ্রাণি রাধেয়স্য প্রপশ্যতঃ ॥১৩৪॥
ততঃ শরং মহাঘোরং জ্বলন্তমিব পাবকম্।
আদদে পাণ্ডুপুত্রস্য সূতপুত্রো জিঘাংসয়া ॥১৩৫॥
যোজ্যমানে ততস্তস্মিন্ বাণে ধনুষি পূজিতে।
চচাল পৃথিবী রাজন্! সশৈলবনকাননা ॥১৩৬॥
ববৌ সশর্করো বায়ুর্দিশশ্চ রজসা বৃতাঃ।
হাহাকারশ্চ সংজজ্ঞে সুরাণাং দিবি ভারত! ॥১৩৭॥
তমিষুং সন্ধিতং দৃষ্ট্বা সূতপুত্রেণ মারিষ!।
বিষাদং পরমং জগ্মুঃ পাণ্ডবা দীনচেতসঃ ॥১৩৮॥

ভারতকৌমুদী

বারুণেনেতি। জীমূতৈর্মেঘৈঃ। তিমিরৈরন্ধকারৈরিব দুর্দ্দিনা আচ্ছন্নাঃ ॥১৩৩॥

পাণ্ডেতি। অসংভ্রান্তঃ অব্যস্তঃ। অপোবাহ অপসারয়ামাস, অভ্রাণি মেঘান্ ॥১৩৪॥

তত ইতি। আদদে তূণাজ্জগ্রাহ। জিঘাংসযা হননেচ্ছয়া ॥১৩৫॥

যোজ্যেতি। পূজিতে প্রশস্তে। শৈলৈর্গিরিভিঃ বনৈবরণ্যৈঃ কাননৈরুদ্যানৈশ্চ সহেতি সা ॥১৩৬॥

ববাবিতি। শর্করাভিঃ ক্ষুদ্রপ্রস্তরখণ্ডৈঃ সহেতি সঃ। দিবি গগনে ॥১৩৭॥

তদনন্তর অর্জ্জুন কর্ণের উপরে অগ্নির প্রিয় অন্য অস্ত্র (আগ্নেয়াস্ত্র) নিক্ষেপ করিলেন; তাহা তেজে জ্বলিতে লাগিল ॥১৩২॥

তাহার পর কর্ণ বারুণাস্ত্রদ্বারা অর্জ্জুনের আগ্নেয়াস্ত্রের নিবৃত্তি করিলেন এবং অন্ধকারের ন্যায় মেঘদ্বারা সমস্ত দিক্ আবৃত করিয়া ফেলিলেন ॥১৩৩॥

তখন বলবান্ অর্জ্জুন ধীর-স্থির থাকিয়াই বায়ব্যাস্ত্রদ্বারা কর্ণের সমক্ষেই সেই মেঘগুলিকে অপসারিত করিলেন ॥১৩৪॥

পরে কর্ণ অর্জ্জুনকে বধ করিবার ইচ্ছায় প্রজ্বলিত অগ্নির ন্যায় মহাভীষণ একটা বাণ গ্রহণ করিলেন ॥১৩৫॥

রাজা! ক্রমে সেই উত্তম বাণটা ধনুতে যোগ করিতে লাগিলে, পর্ব্বত, বন ও উপবনের সহিত সমগ্র পৃথিবীই যেন বিচলিত হইল ॥১৩৬॥

আর, ভরতনন্দন! তখন কঙ্করযুক্ত বায়ু বহিতে লাগিল, দিক্ সকল ধূলিতে আবৃত হইয়া গেল এবং আকাশে দেবগণের মধ্যে হাহাকাররব উঠিল ॥১৩৭॥

স সায়কঃ কর্ণভুজপ্রমুক্তঃ শক্রাশনিপ্রখ্যরুচিঃ শিতাগ্রঃ।
ভুজান্তরং প্রাপ্য ধনঞ্জয়স্য বিবেশ বল্মীকমিবোরগোত্তমঃ ॥১৩৯॥
স গাঢ়বিদ্ধঃ সমরে মহাত্মা বিঘূর্ণমানঃ শ্লথহস্তগাণ্ডিবঃ।
চচাল বীভৎসুরমিত্রমর্দ্দনঃ ক্ষিতেঃ প্রকম্পে চ যথাচলোত্তমঃ ॥১৪০॥
তদন্তরং প্রাপ্য বৃষো মহারথো রথাঙ্গমুর্ব্বীগতমুজ্জিহীর্ষুঃ।
রথাদবপ্লুত্য নিগৃহ্য দোর্ভ্যাং শশাক দৈবান্ন মহাবলোঽপি ॥১৪১॥
ততঃ কিরীটী প্রতিলভ্য সংজ্ঞাং জগ্রাহ বাণং যমদণ্ডকল্পম্।
দীপ্তোঽর্জ্জুনঃ প্রাঞ্জলিকং মহাত্মা ততোঽব্রবীদ্বাসুদেবোঽপি পার্থম্।
ছিন্ধ্যস্য মূর্দ্ধানমরেঃ শরেণ ন যাবদারোহতি বৈ রথং বৃষঃ ॥১৪২॥

ভারতকৌমুদী

তমিতি। সন্ধা সন্ধানমস্য সঞ্জাতেতি সন্ধিতস্তম্। তাবকাদিত্যাদিতচ্ ॥১৩৮॥

স ইতি। শক্রাশনেরিন্দ্রবজ্রস্য প্রখ্যা তুল্যা রুচির্দীপ্তির্যস্য সঃ ॥১৩৯॥

স ইতি। শ্লথং শিথিলং হস্তগাণ্ডিবং যস্য সঃ। বীভৎসুরর্জ্জুনঃ ॥১৪০॥

তদিতি। মহারথো বৃষঃ কর্ণঃ, তদন্তরম্ অবসরং প্রাপ্য, উর্ব্বীগতং ভূমিপ্রবিষ্টম্, রথাঙ্গং চক্রম্, উজ্জিহীর্ষুঃ উদ্ধর্তুমিচ্ছুঃ সন্, রথাদবপ্লুত্য লম্ফেনাবতীর্য্য, দোর্ভ্যাং বাহুভ্যাম্, নিগৃহ্য তচ্চক্রং ধৃত্বা, মহাবলোঽপি সন্, দৈবাৎ ব্রাহ্মণশাপকৃতদৈবপ্রতিবন্ধাৎ উদ্ধর্তুং ন শশাক। অর্জ্জুনাস্ত্রপাতভয়েন লোকান্তরাণাং তত্রাসন্নিধানাত্তদদর্শনাদ্বা শল্যস্য চাশ্ববশ্মীনপহায়াবতরণে অশ্বানাং বিপথগমনসম্ভবাদগত্যা কর্ণস্যৈব তত্র প্রবৃত্তিরিতি বোধ্যম্ ॥১৪১॥

তত ইতি। দীপ্তস্তেজস্বী, প্রাঞ্জলিকং নাম। বৃষঃ কর্ণঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৪২॥

মাননীয় রাজা! কর্ণ সেই বাণ সন্ধান করিয়াছেন দেখিয়া পাণ্ডবেরা কাতরচিত্ত ও অত্যন্ত বিষণ্ণ হইয়া পড়িলেন ॥১৩৮॥

পরে বিশাল সর্প যেমন উয়ীর মৃত্তিকাস্তূপমধ্যে প্রবেশ করে, সেইরূপ কর্ণবাহু-নিক্ষিপ্ত বজ্রের ন্যায় উজ্জ্বল ও সুধার সেই বাণটা যাইয়া অর্জ্জুনের বাহুমধ্যে প্রবেশ করিল ॥১৩৯॥

তখন মহাত্মা ও শত্রুহন্তা অর্জ্জুন সেইরূপ গাঢ় বিদ্ধ হইলেন, তাঁহার মাথা ঘুরিতে লাগিল এবং হাতের গাণ্ডীবধনু শিথিল হইয়া পড়িল; ক্রমে ভূমিকম্পের সময়ে পর্বত যেমন কাঁপে, তিনি সেইরূপ কাঁপিতে লাগিলেন ॥১৪০॥

এদিকে মহারথ কর্ণ সেই অবসর পাইয়া ভূমিপ্রবিষ্ট রথচক্র উত্তোলন করিবার ইচ্ছা করিয়া রথ হইতে লাফাইয়া পড়িয়া বাহুযুগলদ্বারা ধারণ করিয়া মহাবল হইলেও দৈববশতঃ সে চক্র উত্তোলন করিতে পারিলেন না ॥১৪১॥

---

(১৪০) শ্লথগাত্রগাণ্ডিবঃ⋯ক্ষিতিপ্রকম্পেন যথাচলোত্তমঃ—পি।

তথৈব সংপূজ্য স তদ্বচঃ প্রভোস্ততঃ ক্ষুরং প্রজ্বলিতং প্রগৃহ্য।
জঘান কক্ষামমলার্কবর্ণাং মহারথো রথচক্রে নিমগ্নে ॥১৪৩॥
তং হস্তিকক্ষাপ্রবরঞ্চ কেতুং সুবর্ণমুক্তামণিবজ্রপৃষ্ঠম্।
জ্ঞানপ্রকর্ষোত্তমশিল্পযত্নৈঃ কৃতং সুরূপং তপনীয়চিত্রম্ ॥১৪৪॥
ঊর্জ্জস্করং তব সৈন্যস্য নিত্যমমিত্রবিত্রাসনমীড্যরূপম্।
বিখ্যাতমাদিত্যসমস্য লোকে সমত্বিষং পাবকভানুচন্দ্রৈঃ ॥১৪৫॥
ততঃ ক্ষুরপ্রেণ সুশংসিতেন সুবর্ণপুঙ্খেন হুতাগ্নিবর্চ্চসা।
শ্রিয়া জ্বলন্তং ধ্বজমুন্মমাথ মহারথস্যাধিরথেঃ কিরীটী ॥১৪৬॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

তথেতি। সংপূজ্য প্রশস্য। প্রভোঃ কৃষ্ণস্য, ক্ষুরং ক্ষুরপ্রং নাম বাণম্। কক্ষাং ধ্বজস্থাং চিহ্নভূতাং হস্তিবন্ধনরজ্জুম্, অমলার্কস্য নির্ম্মলসূর্য্যস্যেব বর্ণো যস্যাস্তাম্ ॥১৪৩॥

শরৎকালের মেঘ যেমন আকাশ আবৃত করে, সেইরূপ উত্তমবাণবিধ্বস্ত ও মণিস্বর্ণভূষিত রথ সকল রণভূমিকে আবৃত করিয়াছে। উহার আরোহী যোদ্ধারা নিহত হইয়াছেন; সারথি, অশ্ব, অস্ত্র ও ধ্বজ সকল বাণে বাণে গ্রথিত হইয়া গিয়াছে; অস্ত্রগুলি ক্ষয় পাইয়াছে; বন্ধুর, চক্র, অক্ষ, যুগ ও ত্রিবেণু সকল ছিন্নবিচ্ছিন্ন হইয়াছে; কোন কোন রথের চক্র বিচ্ছিন্ন, উপকরণ বিনষ্ট, তূণবন্ধন ছিন্ন এবং উপবেশনস্থানগুলি ভগ্ন হইয়াছে; তথাপি ঘোড়াগুলি সেগুলিকে টানিতেছে ॥১৩—১৪॥

(১২)···রথৈর্বভূব···পি বর্দ্ধ। (১৪)···বিহতৈরুপস্করৈঃ···বর্দ্ধ।

বিকৃষ্যমাণৈর্জবনৈস্তুরঙ্গৈর্হতেশ্বরৈঃ রাজরথৈঃ সুকল্পিতৈঃ।
মনুষ্যমাতঙ্গরথাশ্বরাশিভির্দ্রুতং ব্রজন্তো বহুধা বিচূর্ণিতাঃ ॥১৫॥
সহেমপট্টাঃ পরিঘাঃ পরশ্বধাঃ শিতাশ্চ শূলা মুষলানি পট্টিশাঃ।
পেতুশ্চ খড়্গা বিমলা বিকোষা গদাশ্চ জাম্বূনদপট্টনদ্ধাঃ ॥১৬॥
চাপানি রুক্মাঙ্গদভূষণানি শরাশ্চ কার্ত্তস্বরচিত্রপুঙ্খাঃ।
ঋষ্ট্যশ্চ পীতা বিমলা বিকোষাঃ প্রাসাঃ সখড়্গাঃ কনকাবভাসাঃ ॥১৭॥
ছত্রাণি বালব্যজনানি শঙ্খা ভুজাশ্চ পুষ্পোত্তমহেমভূষিতাঃ।
কুথাঃ পতাকা রথবেষ্টনানি কিরীটমালা মুকুটাশ্চ শুভ্রাঃ ॥১৮॥
প্রকীর্ণকা বিপ্রকীর্ণাশ্চ রাজন্! প্রবালমুক্তাতরলাশ্চ হারাঃ।
আপীড়কেয়ূরবরাঙ্গদানি গ্রৈবেয়নিষ্কাশ্চ সুবর্ণসূত্রাঃ ॥১৯॥
মণ্যুত্তমা বজ্রসুবর্ণমুক্তা রত্নানি চোচ্চাবচমঙ্গলানি।
গাত্রাণি চাত্যন্তসুখোচিতানি শিরাংসি চেন্দুপ্রতিমাননানি ॥২০॥

(কলাপকম্)

ভারতকৌমুদী

বিকৃষ্যেতি। জবনৈর্বেগবদ্ভিঃ, হতা ঈশ্বরাঃ স্বামিনো যেষাং তৈঃ, সুকল্পিতৈঃ সুসজ্জিতৈঃ। মনুষ্যাণাং মাতঙ্গানাম্ অন্যরথানামশ্বানাঞ্চ রাশিভিঃ, ব্রজন্তো জনাঃ ॥১৫॥

সেতি। সহেমপট্টাঃ স্বর্ণপট্টবেষ্টিতাঃ। শিতাঃ সুধারাঃ। জাম্বূনদপট্টনদ্ধাঃ স্বর্ণপট্টাবৃতাঃ ॥১৬॥

চাপানীতি। রুক্মাঙ্গদানি স্বর্ণকেয়ূরাণি ভূষণানি যেষাং তানি, কার্ত্তস্বরৈঃ স্বর্ণৈশ্চিত্রাঃ পুঙ্খা মূলদেশা যেষাং তে। পীতাঃ পীতবর্ণাঃ। কনকৈরবভাসো দীপ্তির্যেষাং তে। বাল-ব্যজনানি কৃষ্ণচামরাণি। কুথা গজাশ্বপৃষ্ঠাস্তরণানি, রথানাং বেষ্টনানি আবরণানি। প্রকীর্ণকাঃ শুভ্রচামরাণি, বিপ্রকীর্ণা যুদ্ধসংঘর্ষাদিতস্ততোঃ বিক্ষিপ্তাঃ, প্রবালৈর্মুক্তাভিশ্চ তরলাস্তরল-কিরণাঃ। আপীড়াঃ শেখরাঃ কেয়ূরাণি বাহুভূষণানি বরাঙ্গদানি করভূষণানি গ্রৈবেয়নিষ্কা গ্রীবালঙ্কারাঃ, সুবর্ণানাং সূত্রাণি যেষু তে। বিপ্রকীর্ণা ইতি লিঙ্গব্যত্যয়েন ক্লীবেষ্বপি

আরোহীরা নিহত হইলে বেগবান্ অশ্বগণ সুসজ্জিত রাজরথগুলিকে আকর্ষণ করিয়া লইয়া যাইতেছিল এবং হস্তী, অশ্ব, অন্য রথ ও মনুষ্যগণও চলিতেছিল; সেগুলির তলে পড়িয়া দ্রুতগামী লোকেরা বহুভাবে চূর্ণিত হইয়াছে ॥১৫॥

স্বর্ণপট্টবেষ্টিত পরিঘ, পরশু, সুধার শূল, মুষল, পট্টিশ, কোষমুক্ত নির্ম্মল তরবারি ও স্বর্ণপট্টাবৃত গদা সকল পড়িয়া রহিয়াছে ॥১৬॥

(১৬)···মুষলানি মুদ্গরাঃ···সো। (১৭)···প্রাসাশ্চ দণ্ডৈঃ কনকাবভাসৈঃ—সো। (১৮)···পুঙ্খাশ্ছিন্নাপবিদ্ধাশ্চ স্রজো বিচিত্রাঃ···বা সো।

দেহাং ভোগাংশ্চ পরিচ্ছদাংশ্চ ত্যক্ত্বা মনোজ্ঞানি সুখানি চাপি।
স্বধর্ম্মনিষ্ঠাং মহতীমবাপ্য চাপ্যাশু লোকান্ যশসা গতাস্তে ॥২১॥

নিবর্ত্ত দুর্য্যোধন! যাস্তু সৈনিকা ব্রজস্ব রাজন্! শিবিরায় মানদ!।
দিবাকরো হ্যেষ বিলম্বতে প্রভো! পুনস্ত্বমেবাত্র নরেন্দ্র! কারণম্ ॥২২॥

ইত্যেবমুক্ত্বা বিররাম শল্যো দুর্য্যোধনং শোকপরীতচেতাঃ।
হা কর্ণ! হা কর্ণ! ইতি ব্রুবাণমার্ত্তং বিসংজ্ঞং ভৃশমশ্রুনেত্রম্ ॥২৩॥

তং দ্রোণপুত্রপ্রমুখা নরেন্দ্রাঃ সর্বে সমাশ্বস্য মুহুঃ প্রয়ান্তি।
নিরীক্ষমাণা মুহুরর্জ্জুনস্য ধ্বজং মহান্তং যশসা জ্বলন্তম্ ॥২৪॥

নরাশ্বমাতঙ্গশরীরজেন রক্তেন সিক্তাঞ্চ তথৈব ভূমিম্।
রক্তাম্বরস্রকৃতপনীয়যোগান্নারীং প্রকাশামিব সর্বগম্যাম্ ॥২৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

যোজ্যম্। বস্ত্রাণি হীবকাণি সুবর্ণানি মুক্তাশ্চ তাঃ, উচ্চাবচমঙ্গলানি নানাবিধমঙ্গলজনকানি। ইন্দুপ্রতিমানি চন্দ্রতুল্যানি আননানি যেষাং তানি ॥১৭—২০॥

দেহানিতি। স্বধর্ম্মে নিষ্ঠাং স্থিতিম্। লোকান্ স্বর্গান্, যশসা সহ, তে বীরাঃ ॥২১॥

নিবর্ত্তেতি। বিলম্বতে অস্তাচলে পততি। অত্র লোকক্ষয়ে ॥২২॥

ইতীতি। শোকেন পবীতং ব্যাপ্তং চেতো যস্য সঃ। বিসংজ্ঞমচেতনপ্রায়ম্ ॥২৩॥

রাজা! স্বর্ণভূষিত ধনু, স্বর্ণবিচিত্রপুঙ্খ বাণ, পীতবর্ণ ঋষ্টি, স্বর্ণখচিত ও কোষমুক্ত নির্ম্মল প্রাস ও খড়্গ, ছত্র, কৃষ্ণবর্ণ চামর, শঙ্খ, পুষ্প ও স্বর্ণভূষিত বাহু; হস্তী ও অশ্বের পৃষ্ঠাস্তরণ, পতাকা, বথাবরণ, কিরীটের মালা, শুভ্রবর্ণ মুকুট, শ্বেতবর্ণ চামর, প্রবাল ও মুক্তাময় হাব, শেখর, কেয়ূর, উত্তম হস্তভূষণ, স্বর্ণসূত্রযুক্ত কণ্ঠাভরণ, উত্তম মণি, হীবক, স্বর্ণ, মুক্তা, নানাবিধমঙ্গলকারী রত্ন, অত্যন্তসুখভোগযোগ্য শরীর এবং চন্দ্রতুল্যমুখযুক্ত মস্তক সকল ইতস্ততঃ বিক্ষিপ্ত হইয়া রহিয়াছে ॥১৭—২০॥

এই বীরগণ দেহ, ভোগ, পরিচ্ছদ ও মনোহর সুখ পরিত্যাগ করিয়া প্রশস্তভাবে আপন ধর্ম্মে থাকিয়া যশের সহিত স্বর্গে গমন করিয়াছেন ॥২১॥

দুর্য্যোধন! নিবৃত্ত হও, সৈন্যেরা গমন করুক, সম্মানদাতা রাজা! তুমিও শিবিরে যাও। প্রভাবশালী! এই সূর্য্য অস্তাচলে ঝুলিয়া পড়িয়াছেন। নরনাথ! এই লোকক্ষয়ে তুমিই একমাত্র কারণ' ॥২২॥

শোকাকুলচিত্ত শল্য দুর্য্যোধনকে এইরূপ বলিয়া বিরত হইলেন। তখন দুর্য্যোধন 'হা কর্ণ! হা কর্ণ!' এইরূপ বলিতে থাকিয়া শোকার্ত্ত ও অচেতনপ্রায় হইয়া বিপুল অশ্রু মোচন করিতে থাকিলেন ॥২৩॥

---

(২১)…ব্যাপ্যাশু লোকান্ যশসা…পি সো।

প্রচ্ছন্নরূপা রুধিরেণ রাজন্! রৌদ্রে মুহূর্ত্তেঽতিবিরাজমানে।
নৈবাবতস্থুঃ কুরবঃ সমীক্ষ্য প্রব্রাজিতা দেবলোকায় সর্বে ॥২৬॥
বধেন কর্ণস্য চ দুঃখিতাস্তে হা কর্ণ! হা কর্ণ! ইতি ব্রুবাণাঃ।
দ্রুতং প্রয়াতাঃ শিবিরাণি রাজন্! দিবাকরং রক্তমবেক্ষমাণাঃ ॥২৭॥
গাণ্ডীবমুক্তৈশ্চ সুবর্ণপুঙ্খৈঃ শিলাশিতৈঃ শোণিতদিগ্ধবাজৈঃ।
শরৈশ্চিতাঙ্গো ভুবি ভাতি কর্ণো হতোঽপি সন্ সূর্য্য ইবাংশুমালী ॥২৮॥
কর্ণস্য দেহং রুধিরাবসিক্তং ভক্তানুকম্পী ভগবান্ বিবস্বান্।
স্পৃষ্টাংশুভির্লোহিতরক্তরূপঃ সিস্নাসুরভ্যেতি পরং সমুদ্রম্ ॥২৯॥

ভারতকৌমুদী

তমিতি। প্রযান্তি শিবিবেষু গচ্ছন্তি স্ম। বক্তস্য অম্বরস্য বস্ত্রস্য স্রজো মালায়াঃ তপনীয়স্য স্বর্ণালঙ্কাবস্য চ যোগাদ্ধাবণাৎ, নাবীং বেশ্যাম্, প্রকাশাং লোকমধ্যস্থাম্ ॥২৪—২৫॥

প্রেতি। হে বাজন্! কধিবেণ প্রচ্ছন্নরূপা আবৃতগাত্রাঃ কুববঃ, সর্বে বীবা দেবলোকায় প্রব্রাজিতা বিপক্ষৈর্নিহত্য প্রেবিতা ইতি সমীক্ষ্য, অতিবিরাজমানে তস্মিন্ বৌদ্রে মুহূর্ত্তে, বণস্থলে নৈবাবতস্থুঃ ॥২৬॥

বধেনেতি। তে কুববঃ। বক্তম্ অস্তগমনোন্মুখতয়া বক্তমণ্ডলম্ ॥২৭॥

গাণ্ডীবেতি। শোণিতেন দিগ্ধা লিপ্তা বাজাঃ স্বনিবেশিতাঃ পক্ষিপক্ষা যেষাং তৈঃ। চিতাঙ্গো ব্যাপ্তগাত্রঃ। অংশুমালীতি বিশেষণং শবব্যাপ্তাঙ্গসাদৃশ্যার্থম্ ॥২৮॥

এই সময়ে অশ্বত্থামা এবং বাজাবা সকলে দুর্য্যোধনকে বাব বার আশ্বস্ত করিয়া, বাব বাব অর্জ্জুনেব বিশাল ও যশের গুণে উজ্জ্বল ধ্বজ এবং সমরভূমি দর্শন করিতে থাকিয়া শিবিবেব দিকে যাইতে লাগিলেন। তৎকালে হস্তী, অশ্ব ও মনুষ্যেব রক্তে সমবভূমি সিক্ত হইয়া গিয়াছিল। সুতবাং রক্তবর্ণবস্ত্র, মাল্য ও স্বর্ণালঙ্কারযুক্তা লোকমধ্যে সমাগতা বেশ্যার ন্যায় সমরভূমি প্রকাশ পাইতেছিল ॥২৪—২৫॥

বাজা! বিপক্ষেবা বধ করিয়া প্রায় সকল বীরকেই স্বর্গে প্রেরণ কবিয়াছে ইহা দেখিযা বক্তাক্তদেহ কৌরবেরা সেই দারুণ সময়ে আর বণস্থলে থাকিলেন না ॥২৬॥

নবনাথ! তাঁহাবা কর্ণবধে দুঃখিত হইয়া 'হা কর্ণ! হা কর্ণ!' এইরূপ বলিতে থাকিয়া বক্তবর্ণ সূর্য্যমণ্ডল দেখিতে দেখিতে সত্বর শিবিরে যাইতে লাগিলেন ॥২৭॥

এদিকে গাণ্ডীবনিক্ষিপ্ত, স্বর্ণপুঙ্খ, শিলাশাণিত ও রক্তলিপ্তপক্ষ বাণসমূহে কর্ণের দেহটী ব্যাপ্ত হইয়া গিয়াছিল; সুতরাং কর্ণ নিহত হইয়াও কিরণমালাযুক্ত সূর্য্যেব ন্যায় ভূতলে প্রকাশ পাইতে লাগিলেন ॥২৮॥

---

(২৮)···ব্রুধি ভাতি কর্ণঃ···সো।

ইতীব সঞ্চিন্ত্য সুরর্ষিসংঘাঃ সংপ্রস্থিতা যান্তি যথানিকেতম্।
সঞ্চিন্তয়িত্বা জনতা বিসস্রুর্যথাসুখং খঞ্চ মহীতলঞ্চ ॥৩০॥
তদদ্ভুতং প্রাণভৃতাং ভয়ঙ্করং নিশাম্য যুদ্ধং কুরুবীরমুখ্যাঃ।
ধনঞ্জয়স্যাধিরথেশ্চ বিস্মিতাঃ প্রশংসমানাঃ প্রযযুস্তদা জনাঃ ॥৩১॥
শরৈঃ সংকৃত্তবর্ম্মাণং বীরং বিশসনে হতম্।
গতাসুমপি রাধেয়ং ন লক্ষ্মীঃ প্রতিমুঞ্চতি ॥৩২॥
নিষ্টপ্তহেমবপুষং জ্বলনার্কসমপ্রভম্।
জীবন্তমিব শূরঞ্চ সর্বভূতানি মেনিরে ॥৩৩॥

ভারতকৌমুদী

কর্ণস্যেতি। ভক্তানুকম্পিত্বাদেব স্পর্শ ইতি ভাবঃ। অংশুভির্হস্তৈরিবেত্যাশযঃ। লোহিতং রক্তমনুরক্তঞ্চ রূপং যস্য সঃ, সিস্নাসুঃ শবস্পর্শাৎ স্নাতুমিচ্ছুঃ ॥২৯॥
ইতীতি। যথানিকেতং যথাগৃহম্। জনতা জনসমূহাঃ, বিসস্রুর্জগ্মুঃ, খমাকাশম্ ॥৩০॥
তদিতি। নিশাম্য দৃষ্ট্বা। দর্শনার্থত্বান্ন হ্রস্বঃ। আধিরথেঃ কর্ণস্য ॥৩১॥
শরৈরিতি। লক্ষ্মীর্বীরশোভা, শরৈঃ সংকৃত্তং সংছিন্নং বর্ম্ম যস্য তম্, বিশস্যতে হিংস্যতে অস্মিন্নিতি বিশসনং যুদ্ধং তত্র হতম্, অতএব গতাসুং নির্গতপ্রাণমপি, বীরং রাধেয়ং রাধায়াঃ পুত্রং কর্ণম্, ন প্রতিমুঞ্চতি ন ত্যজতি স্ম, সম্মোনিহতত্বাদিতি ভাবঃ ॥৩২॥
নিরিতি। নিষ্টপ্তমগ্নৌ সন্তপ্তং যদ্ধেম স্বর্ণং তদ্বদ্বপুর্যস্য তম্ ॥৩৩॥

ওদিকে ভক্তানুকম্পী, রক্তবর্ণ ও অনুরক্তচিত্ত ভগবান্ সূর্য্য কিরণদ্বারা কর্ণের রক্তাক্ত দেহটী স্পর্শ করিয়াই যেন স্নান করিবার ইচ্ছায় পশ্চিম সমুদ্রে যাইতে থাকিলেন ॥২৯॥

এই সমস্ত বিষয় চিন্তা করিয়াই যেন দেবগণ ও ঋষিগণ প্রস্থানপূর্ব্বক আপন আপন গৃহে গমন করিতে লাগিলেন এবং বিভিন্ন লোকেরাও যুদ্ধের বিষয় ভাবিয়া যথাসুখে আকাশে ও ভূতলে গমন করিতে থাকিল ॥৩০॥

তখন কুরুপক্ষের প্রধান বীরেরা কর্ণ ও অর্জ্জুনের অদ্ভুত ও প্রাণিগণের ভয়জনক সেই যুদ্ধ দেখিয়া বিস্মিত হইয়া তাহারই প্রশংসা করিতে থাকিয়া স্বস্বস্থানে গমন করিলেন ॥৩১॥

যুদ্ধে অর্জ্জুনের বাণে কর্ণের বর্ম্ম ছিন্ন হইয়াছিল এবং তিনি নিহত ও প্রাণশূন্য হইয়াছিলেন ; তথাপি বীরশোভা তাঁহাকে ত্যাগ করে নাই ॥৩২॥

তপ্তস্বর্ণবর্ণ এবং অগ্নি ও সূর্য্যের ন্যায় তেজস্বী বীর কর্ণ নিহত হইলেও তত্রত্য লোকেরা তাঁহাকে যেন জীবিত বলিয়াই মনে করিতে লাগিল ॥৩৩॥

(৩০)···যথানিকেতনম্···বা সো। (৩১)···নিশম্য যুদ্ধম্···পি বর্দ্ধ বা সো।

হতস্যাপি মহারাজ! সূতপুত্রস্য সংযুগে।
বিত্রেসুঃ সর্বতো যোধাঃ সিংহস্যেবেতরে মৃগাঃ ॥৩৪॥
হতোঽপি পুরুষব্যাঘ্রো ব্যাহরন্নিব দৃশ্যতে।
নাভবদ্বিকৃতং কিঞ্চিন্মৃতস্যাপি মহাত্মনঃ ॥৩৫॥
চারুবেশধরং রাজন্! চারুমৌলিশিরোধরম্।
তন্মুখং সূতপুত্রস্য পূর্ণচন্দ্রসমদ্যুতি ॥৩৬॥
নানাভরণবান্ রাজন্! তপ্তজাম্বূনদাঙ্গদঃ।
হতো বৈকর্ত্তনঃ শেতে পাদপোঽঙ্কুরবানিব ॥৩৭॥
কনকোত্তমসঙ্কাশো জ্বলন্নিব বিভাবসুঃ।
স শান্তঃ পুরুষব্যাঘ্রঃ পার্থসায়কবারিণা ॥৩৮॥
যথা হি জ্বলনো দীপ্তো জলমাসাদ্য শাম্যতি।
কর্ণাগ্নিঃ শামিতস্তদ্বৎ পার্থমেঘেন সংযুগে ॥৩৯॥

ভাবতকৌমুদী

হতস্যেতি। বিত্রেসুর্ভীতা বভূবুঃ। মৃগাঃ পশবঃ, "পশবোঽপি মৃগাঃ" ইত্যমরঃ ॥৩৪॥
হত ইতি। ব্যাহবন্ কিমপি ব্রুবন্। মহাত্মনঃ কর্ণস্য ॥৩৫॥
চার্বিতি। চাকমৌলিঃ শিরঃ শিরোধবা গ্রীবা চ যস্য তম্ ॥৩৬॥
নানেতি। অঙ্কুববানিতি বিশেষণং নানাভবণসাম্যার্থম্ ॥৩৭॥
কনকেতি। কনকোত্তমসঙ্কাশ উত্তমস্বর্ণবর্ণঃ, বিভাবসুবগ্নিঃ। শান্তো নির্বাপিতঃ ॥৩৮॥
যথেতি। জ্বলনো বহ্নিঃ, দীপ্তঃ প্রজ্বলিতঃ ॥৩৯॥

মহাবাজ! কর্ণ যুদ্ধে নিহত হইলেও, সিংহ দেখিয়া অন্য পশুগণ যেমন বিত্রস্ত হয়, তেমন কর্ণকে দেখিয়া সকল যোদ্ধাই বিত্রস্ত হইলেন ॥৩৪॥

পুরুষশ্রেষ্ঠ কর্ণ নিহত হইয়াও কিছু যেন বলিতেছেন এইরূপ দেখা যাইতেছিল। কারণ, মহাত্মা কর্ণ প্রাণত্যাগ কবিয়া থাকিলেও তাঁহাব কোন অঙ্গই বিকৃত হইয়াছিল না ॥৩৫॥

রাজা! সুন্দরবেশধাবী এবং সুন্দব মস্তক ও গ্রীবাযুক্ত কর্ণের সেই মুখখানি তখনও পূর্ণচন্দ্রেব ন্যায় কান্তিসম্পন্ন ছিল ॥৩৬॥

রাজা! নানাবিধ অলঙ্কার ও তপ্তস্বর্ণময়কেয়ূরধারী কর্ণ নিহত হইয়া অঙ্কুরযুক্ত বৃক্ষের ন্যায় রণস্থলে শয়ন করিয়াছেন ॥৩৭॥

উত্তমস্বর্ণবর্ণ পুরুষশ্রেষ্ঠ কর্ণ প্রজ্বলিত অগ্নিব ন্যায় জলতুল্য অর্জ্জুনের বাণে নির্ব্বাপিত হইয়াছেন ॥৩৮॥

(৩৯)···কর্ণাগ্নিঃ সময়ে তদ্বৎ পার্থমেঘেন শামিতঃ—বা সো।

প্রগৃহ্য চ যশো দীপ্তং সুযুদ্ধেনাত্মনো ভুবি।
বিসৃজ্য শরবর্ষাণি প্রতাপ্য চ দিশো দশ।
সপুত্রঃ পুরুষব্যাঘ্রঃ সংশান্তঃ পার্থতেজসা ॥৪০॥
প্রতাপ্য পাণ্ডবান্ রাজন্! পাঞ্চালানস্ত্রতেজসা।
বর্ষিত্বা শরবর্ষেণ প্রতাপ্য রিপুবাহিনীম্ ॥৪১॥
শ্রীমানিব সহস্রাংশুর্জগৎ সর্বং প্রতাপ্য চ।
হতো বৈকর্ত্তনঃ কর্ণঃ সপুত্রঃ সহবাহনঃ ॥৪২॥ (যুগ্মকম্)
অর্থিনাং পক্ষিসংঘস্য কল্পবৃক্ষো নিপাতিতঃ।
দদানীত্যেব যোঽবোচন্ন নাস্তীত্যর্থিতোঽর্থিভিঃ।
সদ্ভিঃ সদা সৎপুরুষঃ স হতো দ্বৈরথে বৃষঃ ॥৪৩॥
যস্য ব্রাহ্মণসাৎ সর্বং বিত্তমাসীন্মহাত্মনঃ।
নাদেয়ং ব্রাহ্মণেষ্বাসীদ্ যস্য স্বমপি জীবিতম্ ॥৪৪॥

ভারতকৌমুদী

প্রেতি। দীপ্তমুজ্জ্বলম্। সংশান্তো নিবৃত্তো মৃত ইতি যাবৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪০॥

প্রেতি। বর্ষিত্বা প্রহৃত্য। শ্রীমান্ বীবশোভাবান্, সহস্রাংশুঃ সূর্য্যঃ ॥৪১—৪২॥

অর্থিনামিতি। পক্ষিসংঘস্য পক্ষিগণরূপাণাম্, অর্থিনাং যাচকানাং সম্বন্ধে কল্পবৃক্ষস্তদ্রূপঃ কর্ণোঽর্জ্জুনেন নিপাতিতঃ। যঃ সৎপুরুষঃ, সদ্ভিরর্থিভিঃ, অর্থিতো যাচিতঃ সন্, সদা দদানীত্যেব অবোচৎ, নাস্তীতি নাবোচৎ, স বৃষঃ কর্ণো দ্বৈবথে হতঃ। ষট্পাদঃ শ্লোকঃ ॥৪৩॥

যস্যেতি। ব্রাহ্মণসাৎ ব্রাহ্মণেভ্যো দেযম্, বিত্তং ধনম্ ॥৪৪॥

প্রজ্বলিত অগ্নি যেমন জল পাইয়া নির্ব্বাপিত হয়, তেমন কর্ণরূপ অগ্নি অর্জ্জুনরূপ মেঘের জলে নির্ব্বাপিত হইয়াছে ॥৩৯॥

পুরুষশ্রেষ্ঠ কর্ণ ভীষণ যুদ্ধে জগতে নিজের উজ্জ্বল যশ বিস্তার করিয়া এবং বাণবর্ষণপূর্ব্বক দশ দিকেব সন্তাপ জন্মাইয়া অর্জ্জুনের তেজে পুত্রগণের সহিত বিনষ্ট হইয়াছেন ॥৪০॥

বাজা! বীরশোভাযুক্ত বিকর্ত্তননন্দন কর্ণ অস্ত্রের তেজে পাণ্ডব ও পাঞ্চালগণকে সন্তপ্ত করিয়া, বাণবর্ষণে শত্রুসৈন্যের সন্তাপ জন্মাইয়া এমন কি সূর্য্যের ন্যায় সমগ্র জগৎকে সন্তপ্ত কবিয়া পুত্র ও বাহনগণেব সহিত নিহত হইয়াছেন ॥৪১—৪২॥

পক্ষিগণস্বরূপ প্রার্থিগণের কল্পবৃক্ষস্বরূপ কর্ণ নিপাতিত হইয়াছেন। সাধুপ্রকৃতি প্রার্থীরা প্রার্থনা কবিলে, যে সৎপুরুষ সর্বদাই বলিতেন—'দিব' কিন্তু কখনও 'নাই' একথা বলিতেন না, সেই কর্ণ দ্বৈরথ যুদ্ধে নিহত হইয়াছেন ॥৪৩॥

---

(৪০) আহৃত্য চ যশো দীপ্তম্···সো। (৪৩) প্রথমচরণদ্বয়ং পি নাস্তি।

সদা নৃণাং প্রিয়ো দাতা প্রিয়দানোঽপ্রিয়ং গতঃ।
স পার্থাস্ত্রবিনির্দগ্ধো গতঃ পরমিকাং গতিম্ ॥৪৫॥
যমাশ্রিত্যাকরোদ্বৈরং সুতস্তে স গতো দিবম্।
আদায় তব পুত্রাণাং জয়াশাং শর্ম্ম বর্ম্ম চ ॥৪৬॥
হতে কর্ণে সরিতো ন প্রসস্রুর্জগাম চাস্তং কলুষো দিবাকরঃ।
গ্রহশ্চ তির্য্যগ্‌জ্বলিতার্কবর্ণঃ সোমস্য পুত্রোঽভ্যুদিয়ায় তির্য্যক্ ॥৪৭॥
নভঃ পফালাথ চচাল চোর্বী ববুশ্চ বাতাঃ পরুষাঃ সুঘোরাঃ।
দিশঃ সধূমাশ্চ ভৃশং প্রজজ্বলুর্মহার্ণবাশ্চুক্ষুভিরে চ সস্বনাঃ ॥৪৮॥
সকাননাশ্চাদ্রিচয়া বিদদ্রিরে প্রবিব্যথুর্ভূতগণাশ্চ মারিষ।।
বৃহস্পতী রোহিণীং সংপ্রপীড্য বভূব চন্দ্রার্কসমানবর্ণঃ ॥৪৯॥

ভারতকৌমুদী

সদেতি। প্রিয়ং দানং যস্য সঃ, অপ্রিয়ং মৃত্যুম্ ॥৪৫॥

যমিতি। দিবং স্বর্গম্। শর্ম্ম সুখম্, বর্ম্ম তদ্বদাবরণং রক্ষণম্ ॥৪৬॥

হত ইতি। প্রসস্রুঃ পূর্ব্ববজ্জগ্মুঃ। কলুষো মলিনবর্ণঃ সন্, শোকেনান্ধকারাপাতেন চ। তির্য্যক্ জ্বলিতো যঃ অর্কস্যেব বর্ণো যস্য সঃ, সোমস্য পুত্রো বুধঃ ॥৪৭॥

নভ ইতি। পফাল তীব্রং ননর্ত্তেব। পরুষা রূক্ষাঃ ॥৪৮॥

সেতি। অদ্রিচয়াঃ পর্ব্বতসমূহাঃ, বিদদ্রিরে বিদীর্ণা বভূবুরিব ॥৪৯॥

যে মহাত্মার সর্বস্বই ব্রাহ্মণদিগকে দাতব্য ছিল, কিন্তু যাঁহার আপন জীবনও ব্রাহ্মণদিগকে অদেয় ছিল না ॥৪৪॥

মনুষ্যগণের সর্ব্বদা প্রিয়দাতা ও দানপ্রিয় কর্ণ অপ্রিয় মৃত্যুমুখে গমন করিয়াছেন এবং সেই মহাত্মা অর্জ্জুনের অস্ত্রানলে দগ্ধ হইয়া পরম গতি লাভ করিয়াছেন ॥৪৫॥

মহারাজ! আপনার পুত্র (দুর্য্যোধন) যাঁহাকে অবলম্বন করিয়া পাণ্ডবগণের সহিত শত্রুতা করিয়াছিলেন, সেই কর্ণ আপনার পুত্রগণের জয়াশা, সুখ এবং বর্ম্মের ন্যায় আবরণ লইয়া স্বর্গে গমন করিয়াছেন ॥৪৬॥

কর্ণ নিহত হইলে, নদীগুলি আর পূর্ব্বের ন্যায় বেগে গমন করে নাই; সূর্য্য মলিনমণ্ডল হইয়া অস্তাচলে গমন করিলেন এবং সূর্য্যের ন্যায় উজ্জ্বলবর্ণ বুধগ্রহ তির্য্যক্-(তেরচা) ভাবে উদয় পাইলেন ॥৪৭॥

আকাশ যেন লাফাইতে লাগিল, পৃথিবী কাঁপিতে থাকিল, রূক্ষ ও ভীষণ বায়ু বহিতে লাগিল, ধূমের সহিত সমস্ত দিক্ যেন অত্যন্ত জ্বলিয়া উঠিল এবং মহাসমুদ্রগুলি শব্দ সহকারে বিক্ষুব্ধ হইল ॥৪৮॥

---

(৪৫) সদা স্ত্রীণাং প্রিয়ো নিত্যং দাতা চৈব মহারথঃ...সো। (৪৭)...সবিতা দিবাকরঃ...বা সো।

হতে তু কর্ণে বিদিশোঽপি জজ্বলুস্তমোবৃতা দ্যৌর্বিচচাল ভূমিঃ।
পপাত চোল্কা জ্বলনপ্রকাশা নিশাচরাশ্চাপ্যভবন্ প্রহৃষ্টাঃ ॥৫০॥
শশিপ্রকাশাননমর্জ্জুনো যদা ক্ষুরেণ কর্ণস্য শিরো ন্যপাতয়ৎ।
তদান্তরীক্ষে দিবি চেহ রাজন্! বভূব হাহেতি জনস্য নিস্বনঃ ॥৫১॥
স দেবগন্ধর্বমনুষ্যপূজিতং নিহত্য কর্ণং রিপুমাহবেঽর্জ্জুনঃ।
ররাজ পার্থঃ পরমেণ তেজসা বৃত্রং নিহত্যেব সহস্রলোচনঃ ॥৫২॥
ততো রথেনাম্বুদবৃন্দনাদিনা শরন্নভোমধ্যগ-ভাস্কর-ত্বিষা।
পতাকিনা ভীমনিনাদকেতুনা হিমেন্দুশঙ্খস্ফটিকাবভাসিনা ॥৫৩॥
মহেন্দ্রবাহপ্রতিমেন তাবুভৌ মহেন্দ্রবীর্য্যপ্রতিমানপৌরুষৌ।
সুবর্ণমুক্তামণিবজ্রবিদ্রুমৈরলঙ্কৃতাবপ্রতিমেন রংহসা ॥৫৪॥
নরোত্তমৌ পাণ্ডবকেশিমর্দ্দনৌ তদাহিতাবগ্নিদিবাকরোপমৌ।
রণাজিরে বীতভয়ৌ বিচেরতুঃ সমানযানাবিব বিষ্ণুবাসবৌ ॥৫৫॥

(বিশেষকম্)

ভারতকৌমুদী

হত ইতি। বিদিশো দিগন্তরালানি। দ্যৌরাকাশম্। জ্বলনপ্রকাশা অগ্নিবর্ণা ॥৫০॥
শশীতি। শশিপ্রকাশং চন্দ্রতুল্যমাননং যস্য তৎ, ক্ষুরেণ ক্ষুরধারেণাঞ্জলিকেন ॥৫১॥
স ইতি। বৃত্রমসুরম্, সহস্রলোচন ইন্দ্রঃ ॥৫২॥
তত ইতি। ততঃ, মহেন্দ্রবীর্য্যপ্রতিমানম্ ইন্দ্রশক্তিতুল্যং পৌরুষং শক্তির্যযোস্তৌ,

মাননীয় রাজা! বনের সহিত পর্বতগুলি যেন বিদীর্ণ হইয়া গেল, প্রাণিগণ ব্যথা অনুভব করিতে লাগিল এবং বৃহস্পতিগ্রহ রোহিণীনক্ষত্রকে পীড়ন করিয়া চন্দ্র ও সূর্য্যের ন্যায় উজ্জ্বল হইলেন ॥৪৯॥

কর্ণ নিহত হইলে বিদিক্ সকলও জ্বলিতে থাকিল, আকাশ অন্ধকারাবৃত হইল, ভূমিকম্প হইতে লাগিল, অগ্নিবর্ণ উল্কা পড়িতে থাকিল এবং নিশাচব প্রাণীরাও আনন্দিত হইল ॥৫০॥

বাজা! অর্জ্জুন যখন ক্ষুবধাব অঞ্জলিকবাণদ্বারা চন্দ্রতুল্যমুখযুক্ত কর্ণের মস্তক ছেদন কবিলেন, তখন আকাশে, স্বর্গে ও ভূতলে লোকমুখে হাহাকার হইতে লাগিল ॥৫১॥

পূর্বকালে ইন্দ্র যেমন বৃত্রাসুবকে বধ করিয়া মহাতেজে প্রকাশ পাইয়াছিলেন, তেমন পৃথানন্দন অর্জ্জুনও যুদ্ধে দেবতা, গন্ধর্ব্ব ও মনুষ্যগণেব গৌরবের পাত্র শত্রু কর্ণকে বধ কবিয়া মহাতেজে প্রকাশ পাইতে লাগিলেন ॥৫২॥

(৫২)···সহস্রনেত্রঃ—পি।

ততো ধনুর্জ্যাতলঘাতনিস্বনৈঃ প্রসহ্য কৃত্বা চ রিপুং হতপ্রভম্।
সংসাধয়িত্বৈব কুরূন্ শরৌঘৈঃ কপিধ্বজঃ পক্ষিবরধ্বজস্তথা ॥৫৬॥
হৃষ্টৌ ততস্তাবমিতপ্রভাবৌ মনাংস্যরীণামবদারয়ন্তৌ।
সুবর্ণজালাবততৌ মহাস্বনৌ হিমাবদাতৌ পরিগৃহ্য পাণিভিঃ।
চুচুম্বতুঃ শঙ্খবরৌ নৃণাং বরৌ বরাননাভ্যাং যুগপচ্চ দধ্মতুঃ ॥৫৭॥
(যুগ্মকম্)

পাঞ্চজন্যস্য নির্ঘোষো দেবদত্তস্য চোভয়োঃ।
পৃথিবীঞ্চান্তরীক্ষঞ্চ দিবঞ্চ সমপূরয়ৎ ॥৫৮॥

ভারতকৌমুদী

সুবর্ণানি মুক্তা মণযো বজ্রাণি হীবকাণি বিদ্রুমাঃ প্রবালাশ্চ তৈবলঙ্কৃতৌ, নবোত্তমৌ, আহিতাবারূঢৌ, অগ্নিদিবাকবোপমৌ, বীতভযৌ ত্যক্তভয়ৌ, সমানমেকং যানং যয়োস্তৌ, বিষ্ণুবাসবাবিব, তাবুভৌ, পাণ্ডবকেশিমর্দ্দনৌ অর্জ্জুনকৃষ্ণৌ, অম্বুদবৃন্দং মেঘসমূহ ইব নদতি শব্দায়ত ইতি তেন, শবদো নভসো গগনস্য মধ্যগো যো ভাস্করস্তস্য ত্বিডিব ত্বিট্ প্রভা যস্য তেন, পতাকিনা পতাকাযুক্তেন, ভীমো নিনাদো যস্য স তাদৃশঃ কেতুর্ধ্বজো যস্য তেন, হিমেন্দুশঙ্খস্ফটিকবদবভাসত ইতি তেন, তথা মহেন্দ্রবাহপ্রতিমেন ইন্দ্ররথতুল্যেন বথেন, তদা অপ্রতিমেন নিরুপমেন, বংহসা বেগেন, বণাজিবে সমবাঙ্গনে বিচেবতুঃ ॥৫৩—৫৫॥

তত ইতি। ধনুষো জ্যা গুণঃ তলং হস্তাববণঞ্চ তয়োর্ঘাতেন যে নিস্বনাস্তৈঃ, প্রসহ্য বলেন, বিপুং হতপ্রভং কৃত্বা চ, শবৌঘৈঃ কুরূন্, সংসাধযিত্বা আয়ত্তীকৃত্য চ কপিধ্বজো-ঽর্জ্জুনঃ, তথা পক্ষিববো গরুডো ধ্বজে যস্য স কৃষ্ণশ্চ তৌ, অমিতপ্রভাবৌ, কর্ণবধেন হৃষ্টৌ, নৃণাং ববৌ, অবীণাং মনাংসি অবদাবযন্তৌ সন্তৌ, পাণিভিঃ, সুবর্ণজালাভ্যামবততৌ আবৃতৌ, মহাস্বনৌ, হিমবদবদাতৌ শুভ্রৌ চ শঙ্খববৌ, পবিগৃহ্য ধৃত্বা চুচুম্বতুঃ, ববাননাভ্যামুত্তমমুখাভ্যাং যুগপৎ দধ্মতুশ্চ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৬—৫৭॥

তাহাব পর ইন্দ্রেব তুল্য শক্তিশালী, স্বর্ণ, মুক্তা, মণি, হীবক ও প্রবালদ্বাবা অলঙ্কৃত, অগ্নি ও সূর্য্যেব তুল্য তেজস্বী, নির্ভয়চিত্ত এবং একবথাবোহী বিষ্ণু ও ইন্দ্রেব তুল্য নবশ্রেষ্ঠ কৃষ্ণ ও অর্জ্জুন তখন মেঘেব ন্যায় গম্ভীবনাদী, শবৎকালের আকাশেব মধ্যবর্ত্তী সূর্য্যেব তুল্য উজ্জ্বল, পতাকাশালী, শব্দায়মানধ্বজযুক্ত, ইন্দ্রেব বথেব তুল্য এবং হিম, চন্দ্র, শঙ্খ ও স্ফটিকের ন্যায় শুভ্রবর্ণ বথে অতুলনীয় বেগে বণস্থলে বিচবণ কবিতে লাগিলেন ॥৫৩—৫৫॥

তদনন্তব অর্জ্জুন বলপূর্ব্বক ধনুষ্টঙ্কাবে শক্রপক্ষেব তেজ নষ্ট করিয়া এবং বাণ-সমূহদ্বাবা শক্রগণকে আয়ত্তে আনিয়া হৃষ্টচিত্তে হস্তদ্বাবা স্বর্ণজালাবৃত, মহাশব্দকাবী ও হিমেব ন্যায় শুভ্রবর্ণ শঙ্খ ধারণপূর্ব্বক চুম্বন করিয়া বাজাইতে লাগিলেন এবং কৃষ্ণও সেইভাবে শঙ্খধ্বনি কবিতে থাকিলেন ॥৫৬—৫৭॥

(৫৮)···দিবঞ্চ সমচালয়ৎ—পি,···দিশশ্চৈবানুনাদয়ন্—বা সো।

বিত্রস্তাশ্চাভবন্ সর্বে কুরবো রাজসত্তম !।
শঙ্খশব্দেন শূরস্য মাধবস্যার্জ্জুনস্য চ ॥৫৯॥

তৌ শঙ্খশব্দেন নিনাদয়ন্তৌ বনানি শৈলান্ সরিতো দিশশ্চ।
বিত্রাসয়ন্তৌ তব পুত্রসেনাং যুধিষ্ঠিরং নন্দয়তাং বরিষ্ঠৌ ॥৬০॥
ততঃ প্রয়াতাঃ কুরবো জবেন শ্রুত্বৈব শঙ্খস্বনমীর্য্যমাণম্।
বিহায় মদ্রাধিপতিং পতিঞ্চ দুর্য্যোধনং ভারত ! ভারতানাম্ ॥৬১॥
মহাহবে তং বহু শোভমানং ধনঞ্জয়ং ভূতগণাঃ সমেতাঃ।
তদান্বমোদন্ত জনার্দ্দনঞ্চ প্রভাকরাবভ্যুদিতৌ যথৈব ॥৬২॥
সমাচিতৌ কর্ণশরৈঃ পরন্তপাবুভৌ ব্যভাতাং সমরেঽচ্যুতার্জ্জুনৌ।
তমো বিহত্যাভ্যুদিতৌ যথামলৌ শশাঙ্কসূর্য্যৌ দিবি রশ্মিমালিনৌ ॥৬৩॥

ভাবতকৌমুদী

পাঞ্চেতি। পাঞ্চজন্যস্য কৃষ্ণশঙ্খস্য দেবদত্তস্য অর্জ্জুনশঙ্খস্য। দিবং স্বর্গম্ ॥৫৮॥

বিত্রস্তা ইতি। বিত্রস্তাঃ পুনবাক্রমণশঙ্কযা অতীবভীতাঃ ॥৫৯॥

তাবিতি। নন্দযতাং কর্ণবধসূচনেনানন্দয়তাম্। অডাগমাভাব আর্ষঃ ॥৬০॥

তত ইতি। জবেন বেগেন। ঈর্য্যমাণং বিশালত্বেন ক্রিযমাণম্ ॥৬১॥

মহেতি। ভূতগণা দেবাদযঃ প্রাণিনঃ। অন্বমোদন্ত অভ্যনন্দন্। প্রভাকবৌ চন্দ্রার্কৌ ॥৬২॥

সমিতি। সমাচিতৌ ব্যাপ্তদেহৌ। ব্যভাতামশোভেতাম্। দিবি গগনে ॥৬৩॥

পাঞ্চজন্য ও দেবদত্ত উভয় শঙ্খের ধ্বনিই পৃথিবী, আকাশ ও স্বর্গ পূর্ণ করিল ॥৫৮॥

রাজশ্রেষ্ঠ! তখন মহাবীর কৃষ্ণ ও অর্জ্জুনের শঙ্খধ্বনিতে কৌরবেরা সকলে অত্যন্ত ভীত হইলেন ॥৫৯॥

বীরশ্রেষ্ঠ কৃষ্ণ ও অর্জ্জুন শঙ্খের শব্দে বন, পর্ব্বত, নদী ও সকল দিক্ নিনাদিত এবং আপনাব পুত্রেব সৈন্যগণকে বিত্রাসিত করিতে থাকিয়া যুধিষ্ঠিবকে আনন্দিত করিলেন ॥৬০॥

ভরতনন্দন! তদনন্তর কৌরবেরা বিশালভাবে উত্থিত শঙ্খধ্বনি শুনিয়াই মদ্রাধিপতি শল্যকে এবং ভাবতপতি দুর্য্যোধনকে পরিত্যাগ করিয়া বেগে প্রস্থান করিলেন ॥৬১॥

ওদিকে প্রাণীবা আসিয়া উদিত চন্দ্র ও সূর্য্যের ন্যায় মহাযুদ্ধস্থলে অত্যন্ত শোভমান কৃষ্ণ ও অর্জ্জুনের অভিনন্দন করিতে লাগিল ॥৬২॥

---

(৬০)…সরিতো গুহাশ্চ…বা সো।

বিহায় তান্ বাণগণান্ মহাবলৌ সুহৃদ্বৃতাবপ্রতিমানবিক্রমৌ।
সুখং প্রবিষ্টৌ শিবিরং স্বমীশ্বরৌ সদস্যনিন্দ্যাবিব বাসবাচ্যুতৌ ॥৬৪॥
তৌ দেবগন্ধর্বমনুষ্যচারণৈর্মহর্ষিভির্যক্ষমহোরগৈরপি।
জয়াভিবৃদ্ধ্যা পরয়াভিপূজিতৌ হতে তু কর্ণে পরমাহবে তদা ॥৬৫॥
বযোঽভিরূপং প্রতিপূজ্য তানথ প্রশস্যমানাবতুলৈশ্চ কর্ম্মভিঃ।
ননন্দতুস্তৌ সসুহৃদ্গণৌ তদা বলিং নিয়ম্যেব সুরেশকেশবৌ ॥৬৬॥
হতে বৈকর্ত্তনে কর্ণে কুরবো ভয়পীড়িতাঃ।
বীক্ষমাণা দিশঃ সর্বাঃ পলায়ন্তে স্ম সর্বতঃ ॥৬৭॥

ভারতকৌমুদী

বিহাযেতি। বিহায উদ্ধৃত্য, বাণগণান্ বাণাগ্রসমূহান্। অপ্রতিমানবিক্রমৌ অতুল-পরাক্রমৌ। ঈশ্বরৌ স্বর্গবৈকুণ্ঠযোঃ স্বামিনৌ, সদসি সভাযাম্ ॥৬৪॥

তাবিতি। জয়াভিবৃদ্ধ্যা জযলাভোন্নত্যা, অভিপূজিতৌ সম্মানিতৌ ॥৬৫॥

বয ইতি। বয়োঽভিরূপং বয়োঽনুরূপম। কর্ম্মভিশ্চবিত্রোল্লেখৈঃ। বলিং দৈত্যরাজম্, নিযম্য বদ্ধা, সুরেশকেশবৌ ইন্দ্রনারাযণৌ ॥৬৬॥

হত ইতি। বৈকর্ত্তনে স্বকবচং বিকৃত্যেন্দ্রায দানাত্তন্নাম্না প্রসিদ্ধে ॥৬৭॥

অন্ধকার বিনষ্ট করিয়া আকাশে উদিত, নির্ম্মল ও কিরণসমূহযুক্ত চন্দ্র ও সূর্য্য যেমন শোভা পাইয়া থাকেন, তেমন কর্ণের বাণে ব্যাপ্তদেহ ও শত্রুসন্তাপক কৃষ্ণ ও অর্জ্জুন দুই জনই রণস্থলে শোভা পাইতে লাগিলেন ॥৬৩॥

ক্রমে মহাবল, অনিন্দনীয, অতুলনীযবিক্রমশালী কৃষ্ণ ও অর্জ্জুন গাত্র হইতে সেই বাণাগ্র সকল উত্তোলন করিয়া সুহৃদ্গণে বেষ্টিত হইয়া—স্বর্গ ও বৈকুণ্ঠের অধীশ্বর ইন্দ্র ও নারায়ণ যেমন সুখে সভায় প্রবেশ করেন, সেইরূপ আপন শিবিরে সুখে যাইয়া প্রবেশ করিলেন ॥৬৪॥

মহাযুদ্ধে কর্ণ নিহত হইলে, দেবতা, গন্ধর্ব, মনুষ্য, চারণ, মহর্ষি, যক্ষ ও মহানাগ সকল বিশেষ জয়লাভবশতঃ কৃষ্ণ ও অর্জ্জুনের সম্মান করিলেন ॥৬৫॥

এবং তাঁহারা অতুলনীয় কার্য্যসমূহের উল্লেখ করিয়া কৃষ্ণ ও অর্জ্জুনের প্রশংসা করিতে লাগিলেন। ক্রমে পূর্বকালে দৈত্যরাজ বলিকে বন্ধন করিয়া ইন্দ্র ও বিষ্ণু যেমন আনন্দিত হইয়াছিলেন, সেইরূপ কৃষ্ণ ও অর্জ্জুন বয়স অনুসারে তাঁহাদের প্রতিসম্মান করিয়া সুহৃদ্গণের সহিত আনন্দিত হইলেন ॥৬৬॥

---

(৬৬) যথানুরূপং প্রতিপূজিতাবুভৌ...বা সো। ইতঃ পরম্ '...দ্বিনবতিতমোঽধ্যায়ঃ। সঞ্জয় উবাচ।' পি, '... চতুর্নবতিতমোঽধ্যায়ঃ। সঞ্জয উবাচ।' বঙ্গ বর্দ্ধ বা সো।

বীরন্তু নিহতং শ্রুত্বা শত্রুভিঃ পরমাহবে।
সর্বে দিশোঽন্বকীর্য্যন্ত তাবকা ভয়মোহিতাঃ ॥৬৮॥
ততোঽবহারং চক্রুস্তে রাজন্! যোধাঃ সমন্ততঃ।
বার্য্যমাণা ভয়োদ্বিগ্নাস্তব পুত্রেণ ভারত! ॥৬৯॥
তেষাস্তু মতমাজ্ঞায় পুত্রস্তে ভরতর্ষভ!।
অবহারং ততশ্চক্রে শল্যস্যানুমতে নৃপ! ॥৭০॥
যোধৈর্মহারথৈঃ সার্দ্ধং বৃতো ভারত! তাবকৈঃ।
হতাবশেষৈস্ত্বরিতঃ শিবিরায়ৈব দুদ্রুবে ॥৭১॥
গান্ধারাণাং সহস্রেণ শকুনিঃ পরিবারিতঃ।
হতমাধিরথিং দৃষ্ট্বা শিবিরায়ৈব দুদ্রুবে ॥৭২॥

ভারতকৌমুদী

বীরমিতি। বীরং কর্ণম্। দিশো ব্যাপ্য অন্বকীর্য্যন্ত ভয়েনৈব ব্যক্ষিপ্যন্ত ॥৬৮॥

তত ইতি। অবহারং যুদ্ধবিরতিম্। বার্য্যমাণা অপি, ভয়েনোদ্বিগ্না আকুলাঃ ॥৬৯॥

তেষামিতি। তেষাং যোধানাম্। পুত্রো দুর্য্যোধনঃ। অনুমতে অনুমতৌ সত্যাম্। অত্র শল্যস্যানুমত্যা অবহারকরণেন তস্য প্রাধান্যসূচনাৎ পরপর্বণি তস্য সেনাপতিত্বং সূচিতম্ ॥৭০॥

অবেতি। বৃতঃ পুত্রস্তে ইত্যনুবৃত্তিঃ। দুদ্রুবে জগাম ॥৭১॥

এদিকে বৈকর্ত্তন কর্ণ নিহত হইলে, কৌরবেরা ভয়ে আকুল হইয়া সকল দিকে দৃষ্টিপাত করিতে থাকিয়া সমস্ত দিকে পলায়ন করিতে লাগিলেন ॥৬৭॥

রাজা! শত্রুরা মহাযুদ্ধে বীর কর্ণকে বধ করিয়াছে শুনিয়া আপনার পক্ষের যোদ্ধারা সকলে ভয়ে আকুল হইয়া নানাদিকে বিক্ষিপ্ত হইয়া পড়িল ॥৬৮॥

ভরতনন্দন রাজা! তাহার পর আপনার পুত্র দুর্য্যোধন বারণ করিতে থাকিলেও যোদ্ধারা ভয়ে আকুল হইয়া সকল দিকেই যুদ্ধ সমাপ্ত করিল ॥৬৯॥

ভরতশ্রেষ্ঠ রাজা! তদনন্তর দুর্য্যোধন তাহাদের মত জানিয়া শল্যের অনুমতি-ক্রমে সে দিনের যুদ্ধ সমাপ্ত করিলেন ॥৭০॥

ভরতনন্দন! পরে দুর্য্যোধন আপনার পক্ষের হতাবশিষ্ট মহারথ যোদ্ধাদের সহিত সৈন্যবেষ্টিত হইয়া সত্বর শিবিরেই গমন করিলেন ॥৭১॥

শকুনি কর্ণকে নিহত দেখিয়া সহস্র গান্ধারসৈন্যে পরিবেষ্টিত হইয়া বেগে শিবিরেই গমন করিলেন ॥৭২॥

---

(৭০)...শল্যস্যানুমতে ভৃশম্—পি।

কৃপঃ শারদ্বতো রাজন্! নাগানীকেন সংবৃতঃ।
মহতা মেঘকল্পেন শিবিরায়ৈব দুদ্রুবে ॥৭৩॥
অশ্বত্থামা ততঃ শূরো বিনিশ্বস্য মুহুর্মুহুঃ।
পাণ্ডবানাং জয়ং দৃষ্ট্বা শিবিরায়ৈব দুদ্রুবে ॥৭৪॥
সংশপ্তকাবশেষেণ বলেন মহতাবৃতঃ।
সুশর্ম্মাপি যযৌ রাজন্! বীক্ষমাণো ভয়াতুরান্ ॥৭৫॥
দুর্য্যোধনস্তু নৃপতির্হৃতসর্বস্ব আতুরঃ।
যযৌ শোকসমাবিষ্টশ্চিন্তয়ন্ বিমনা বহু ॥৭৬॥
হীনধ্বজেন শল্যস্তু রথেন রথিনাং বরঃ।
প্রযযৌ শিবিরায়ৈব বীক্ষমাণো দিশো দশ ॥৭৭॥
ততোঽপরে সুবহবো ভারতানাং মহারথাঃ।
প্রাদ্রবন্ত ভয়ত্রস্তা হ্রিয়াবিষ্টা বিচেতসঃ ॥৭৮॥

ভারতকৌমুদী

গান্ধেতি। পরিবারিতঃ পরিবেষ্টিতঃ। আধিরথিং কর্ণম্ ॥৭২॥
কৃপ ইতি। শারদ্বতঃ শরদ্বতঃ পুত্রঃ, নাগানীকেন হস্তিসৈন্যেন ॥৭৩॥
অশ্বেতি। বিনিশ্বস্য কর্ণাদিবধেন জয়নৈরাশ্যাদিত্যাশয়ঃ ॥৭৪॥
সমিতি। বলেন সৈন্যেন। অবশেষত্বেঽপি মহত্ত্বমতিপ্রাচুর্য্যাৎ ॥৭৫॥
দুর্য্যোধন ইতি। হৃতসর্বস্বঃ কর্ণবধেনৈব, আতুরঃ অস্ত্রপীড়িতঃ ॥৭৬॥
হীনেতি। হীনধ্বজেন, অর্জ্জুনেন ছেদনাৎ ॥৭৭॥

রাজা! শরদ্বানের পুত্র কৃপাচার্য্য মেঘতুল্য বিশাল হস্তিসৈন্যে পরিবেষ্টিত হইয়া শিবিরের দিকেই বেগে গমন করিতে লাগিলেন ॥৭৩॥

তদনন্তর বীর অশ্বত্থামা পাণ্ডবগণের জয় দেখিয়া বার বার নিশ্বাস ত্যাগ করিয়া শিবিরের দিকেই বেগে গমন করিতে লাগিলেন ॥৭৪॥

রাজা! সুশর্ম্মাও অবশিষ্ট বিশাল সংশপ্তকসৈন্যে পরিবেষ্টিত হইয়া ভয়ার্ত্ত সৈন্যগণকে দেখিতে থাকিয়া শিবিরে যাইতে থাকিলেন ॥৭৫॥

হৃতসর্ব্বস্ব, পীড়িত, শোকাকুল ও বিষণ্ণচিত্ত রাজা দুর্য্যোধন বহু বিষয় চিন্তা করিতে করিতে চলিলেন ॥৭৬॥

রথিশ্রেষ্ঠ শল্য দশ দিকে দৃষ্টিপাত করিতে থাকিয়া ধ্বজশূন্য রথে শিবিরের দিকেই গমন করিতে লাগিলেন ॥৭৭॥

---

(৭৮)···প্রাদ্রবন্ত রণং কৃত্বা···পি।

অশ্রুকণ্ঠা ভয়োদ্বিগ্না বেপমানা ভয়াতুরাঃ।
কুরবঃ প্রদ্রুতাঃ সর্বে দৃষ্ট্বা কর্ণং নিপাতিতম্ ॥৭৯॥
প্রশংসন্তোঽর্জ্জুনং কেচিৎ কেচিৎ কর্ণং মহারথাঃ।
ব্যদ্রবন্ত দিশো ভীতাঃ কুরবঃ কুরুসত্তম! ॥৮০॥
তেষাং যোধসহস্রাণাং তাবকানাং মহামৃধে।
নাসীত্তত্র পুমান্ কশ্চিদ্‌যোদ্ধুং যো মন আদধে ॥৮১॥
হতে কর্ণে মহারাজ! নিরাশাঃ কুরবোঽভবন্।
জীবিতেষ্বথ রাজ্যেষু দারেষু চ ধনেষু চ ॥৮২॥
তান্ সমানীয় পুত্রস্তে যত্নেন মহতা প্রভো!।
নিবেশায় মনো দধ্রে দুঃখশোকসমন্বিতঃ ॥৮৩॥

ভারতকৌমুদী

তত ইতি। প্রাদ্রবন্ত দ্রুতমগচ্ছন্, ভয়েন ত্রস্তা আকুলাঃ, হ্রিয়া লজ্জয়া ॥৭৮॥
অশ্রিতি। ভয়েনোদ্বিগ্না অস্থিরাঃ, বেপমানাঃ কম্পমানাঃ ॥৭৯॥
প্রেতি। প্রশংসন্তো যুদ্ধবিষয়ে। ব্যদ্রবন্ত দ্রুতমগচ্ছন্ ॥৮০॥
তেষামিতি। মহামৃধে মহাযুদ্ধে। আদধে নিবেশযামাস ॥৮১॥
হত ইতি। নিরাশা অভবন্, জীবিতাদীনাং সর্বেষামেব পাণ্ডবৈর্গ্রহণসম্ভবাৎ ॥৮২॥
তানিতি। পুত্রো দুর্য্যোধনঃ। নিবেশায় শিবিবেষবস্থানায় ॥৮৩॥

তদ্ভিন্ন বহুতর কৌরবমহারথ ভয়াকুল, লজ্জিতচিত্ত ও বিষণ্ণহৃদয় হইয়া বেগে যাইতে থাকিলেন ॥৭৮॥

অন্য কৌরবেরা সকলে কর্ণকে নিপাতিত দেখিয়া অশ্রুকণ্ঠ, ভয়ে অস্থির, কম্পিতকলেবর ও ভয়ার্ত্ত হইয়া দ্রুত গমন করিতে লাগিলেন ॥৭৯॥

কৌরবশ্রেষ্ঠ! কুরুপক্ষের কতকগুলি মহারথ অর্জ্জুনের এবং অপর কতকগুলি মহারথ কর্ণের প্রশংসা করিতে থাকিয়া ভীত অবস্থায় নানাদিকে যাইতে থাকিলেন ॥৮০॥

মহারাজ! আপনাব পক্ষেব সেই সহস্র সহস্র যোদ্ধার মধ্যে এমন কোন পুরুষ ছিল না যে, আর যুদ্ধে মনোনিবেশ করে ॥৮১॥

মহারাজ! কর্ণ নিহত হইলে, কৌরবেবা জীবন, রাজ্য, ভার্য্যা ও ধনে নিরাশ হইয়া পড়িলেন ॥৮২॥

রাজা! দুঃখশোকযুক্ত আপনার পুত্র দুর্য্যোধন বিশেষ যত্ন সহকারে সেই যোদ্ধাদিগকে আনয়ন করিয়া শিবিরে থাকিবারই মনন করিলেন ॥৮৩॥

তস্যাজ্ঞাং শিরসা তেঽপি প্রতিগৃহ্য বিশাংপতে।।
বিবর্ণবদনা দীনা ন্যবর্ত্তন্ত মহারথাঃ ॥৮৪॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং কর্ণপর্ব্বণি
কৌরবপলায়নে অষ্টষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:-০-:—

উনসপ্ততিতমোঽধ্যায়ঃ।

—:*:—

সঞ্জয় উবাচ।
তথা নিপাতিতে কর্ণে তব সৈন্যে চ বিদ্রুতে।
আশ্লিষ্য পার্থং দাশার্হো হর্ষাদ্বচনমব্রবীৎ ॥১॥
হতো বজ্রভৃতা বৃত্রস্ত্বয়া কর্ণো নিপাতিতঃ।
বধং বৈ বৃত্রকর্ণাভ্যাং কথয়িষ্যন্তি মানবাঃ ॥২॥

ভারতকৌমুদী

তস্যেতি। দীনা বিষণ্ণচিত্তাঃ, ন্যবর্ত্তন্ত স্থানান্তরগমনাৎ ॥৮৪॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং কর্ণপর্ব্বণি অষ্টষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

—:-০-:—

তথেতি। বিদ্রুতে পলায়িতে। আশ্লিষ্য আলিঙ্গ্য, পার্থমর্জ্জুনম্, দাশার্হঃ কৃষ্ণঃ ॥১॥
হত ইতি। বজ্রভৃতা ইন্দ্রেণ। বৃত্রকর্ণাভ্যাং বৃত্রাসুরকর্ণযোঃ ॥২॥

নরনাথ! সেই মহারথেরাও দুর্য্যোধনের আদেশ মস্তকে ধারণ করিয়া বিবর্ণবদন ও অবসন্নচিত্তে স্থানান্তরে যাইবার পক্ষ হইতে নিবৃত্তি পাইলেন' ॥৮৪॥

—:-০-:—

সঞ্জয় বলিলেন—'মহারাজ! অর্জ্জুন সেইভাবে কর্ণকে বধ করিলে এবং আপনার সৈন্যেরা পলায়ন করিয়া আসিলে, কৃষ্ণ আনন্দে অর্জ্জুনকে আলিঙ্গন করিয়া এই কথা কহিলেন—॥১॥

'অর্জ্জুন! ইন্দ্র বৃত্রাসুরকে বধ করিয়াছিলেন, আর তুমি কর্ণকে নিপাত করিয়াছ। মনুষ্যগণ এই বৃত্রাসুর ও কর্ণবধের বৃত্তান্ত চিরকাল বলিবে ॥২॥

---

(৮৪)…ন্যবিশন্ত মহারথাঃ—পি রা সো। * '…ত্রিনবতিতমোঽধ্যায়ঃ' পি, '…পঞ্চনবতিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ রা সো। (১)…পরসৈন্যে চ…সো। (২) হতো বলভিদা…পি।

বজ্রেণ নিহতো বৃত্রঃ সংযুগে ভূরিতেজসা।
ত্বয়া তু নিহতঃ কর্ণো ধনুষা নিশিতৈঃ শরৈঃ ॥৩॥
তদিমং বিক্রমং লোকে প্রথিতং তে যশস্করম্।
নিবেদয় ত্বং কৌন্তেয়! ধর্ম্মরাজায় ভারত! ॥৪॥
বধং কর্ণস্য সংগ্রামে দীর্ঘকালচিকীর্ষিতম্।
নিবেদ্য ধর্ম্মরাজায় ত্বমানৃণ্যং গমিষ্যসি ॥৫॥
বর্ত্তমানে তু যুদ্ধে বৈ তব কর্ণস্য চোভয়োঃ।
দ্রষ্টুমায়োধনং পূর্বমাগতো ধর্ম্মনন্দনঃ ॥৬॥
সুভৃশং গাঢ়বিদ্ধত্বান্ন শক্তঃ স্থাতুমাহবে।
ততঃ স্বশিবিরং যাতঃ স রাজা পুরুষর্ষভঃ ॥৭॥
তথেত্যুক্তঃ কেশবস্তু পার্থেন যদুপুঙ্গবঃ।
পর্য্যাবর্ত্তয়দব্যগ্রো রথং রথবরস্য তম্ ॥৮॥

ভারতকৌমুদী

বজ্রেণেতি। ভূরিতেজসা ইন্দ্রেণ। নিশিতৈঃ সুধারৈঃ ॥৩॥
তমিতি। আত্মনা নিবেদনেনৈব বিনযপ্রকাশাদিতি ভাবঃ ॥৪॥
বধমিতি। দীর্ঘেণ কালেন চিকীর্ষিতং কর্ত্তুমিষ্টম্ ॥৫॥
বর্ত্তেতি। আযোধনং রণস্থলম্। ধর্ম্মনন্দনো যুধিষ্ঠিরঃ ॥৬॥
সুভৃশমিতি। আহবে স্থাতুং ন শক্তস্তদানীমপি, বেদনানুভবাদিতি ভাবঃ ॥৭॥
তথেতি। অব্যগ্রঃ অনাকুলঃ, রথবরস্য রথিশ্রেষ্ঠস্যার্জ্জুনস্য ॥৮॥

মহাতেজা ইন্দ্র যুদ্ধে বজ্রদ্বারা বৃত্রাসুরকে বধ করিয়াছিলেন; আর তুমি ধনু ও সুধার বাণদ্বারা কর্ণকে নিপাত করিয়াছ ॥৩॥

ভরতবংশপ্রদীপ কুন্তীনন্দন! এই সেই জগৎপ্রসিদ্ধ যশস্কর বিক্রমের বিষয়টী তুমিই যাইয়া ধর্ম্মরাজকে জানাও ॥৪॥

দীর্ঘকাল হইতেই যুদ্ধে কর্ণকে বধ করিবার ইচ্ছা ছিল। সুতরাং তুমি সেই বৃত্তান্ত ধর্ম্মরাজকে জানাইয়া তাঁহার নিকট অনৃণী হইবে ॥৫॥

তোমার ও কর্ণের যুদ্ধ চলিতে লাগিলে, ধর্ম্মরাজ তাহা দেখিবার জন্য পূর্ব্বে রণস্থলে আসিয়াছিলেন ॥৬॥

পুরুষশ্রেষ্ঠ ধর্ম্মরাজ কর্ণকর্ত্তৃক অত্যন্ত গাঢ়বিদ্ধ হইয়াছিলেন বলিয়া রণস্থলে থাকিতে সমর্থ হন নাই। তাই তিনি আপন শিবিরে চলিয়া গিয়াছেন ॥৭॥

(৪)…ধর্ম্মরাজস্য ভারত!—পি। (৭) ·ভৃশন্তু গাঢবিদ্ধত্বান্নাশকৎ স্থাতুমাহবে। ততঃ স্বশিবিরং গত্বা স্থিতবান্ পুরুষর্ষভঃ—বা সো।

এবমুক্ত্বার্জ্জুনং কৃষ্ণঃ সৈনিকানিদমব্রবীৎ।
পরানভিমুখা যত্তাস্তিষ্ঠধ্বং ভদ্রমস্তু বঃ ॥৯॥
ধৃষ্টদ্যুম্নং যুধামন্যুং মাদ্রীপুত্রৌ বৃকোদরম্।
যুযুধানঞ্চ গোবিন্দ ইদং বচনমব্রবীৎ ॥১০॥
যাবদাবেদ্যতাং রাজ্ঞে হতঃ কর্ণোঽর্জ্জুনেন বৈ।
তাবদ্ভবদ্ভির্যত্তৈস্তু ভবিতব্যং নরাধিপৈঃ ॥১১॥
স তৈঃ শূরৈরনুজ্ঞাতো যযৌ রাজনিবেশনম্।
পার্থমাদায় গোবিন্দো দদর্শ চ যুধিষ্ঠিরম্ ॥১২॥
শয়ানং রাজশার্দ্দূলং কাঞ্চনে শয়নোত্তমে।
অগৃহ্নীতাঞ্চ মুদিতৌ চরণৌ পার্থিবস্য তৌ ॥১৩॥ (যুগ্মকম্)
তযোঃ প্রহর্ষমালোক্য প্রহারাংশ্চাতিমানুষান্।
রাধেয়ং নিহতং মত্বা সমুত্তস্থৌ যুধিষ্ঠিরঃ ॥১৪॥

ভারতকৌমুদী

এবমিতি। পরান্ শত্রূন্ অভি লক্ষ্যীকৃত্য স্থিতং মুখং যেষাং তে, যত্তা যত্নবন্তঃ ॥৯॥
ধৃষ্টেতি। যুযুধানং সাত্যকিম্ ॥১০॥
যাবদিতি। যত্তৈঃ শত্রূণামাক্রমণনিবারণে যত্নবদ্ভিঃ, নরাধিপৈরন্যৈশ্চ ॥১১॥
স ইতি। রাজনিবেশনং যুধিষ্ঠিরশিবিরম্। শয়নোত্তমে উত্তমশয্যায়াম্ ॥১২—১৩॥

অর্জ্জুন 'তাহাই হউক' এই কথা বলিলে, যদুবংশশ্রেষ্ঠ কৃষ্ণ ধীরভাবে রথিশ্রেষ্ঠ অর্জ্জুনের সেই রথখানা ফিরাইলেন ॥৮॥

কৃষ্ণ অর্জ্জুনকে এইরূপ বলিয়া সৈন্যগণকে এই কথা বলিলেন—'সৈন্যগণ! তোমরা শত্রুগণের অভিমুখে যত্নবান্ হইয়া থাক; তোমাদের মঙ্গল হউক' ॥৯॥

পরে ধৃষ্টদ্যুম্ন, যুধামন্যু, নকুল, সহদেব, ভীমসেন ও সাত্যকিকে কৃষ্ণ এই কথা বলিলেন—॥১০॥

'যে পর্য্যন্ত অর্জ্জুন যাইয়া ধর্ম্মরাজের নিকট কর্ণবধবৃত্তান্ত নিবেদন করেন, সে পর্য্যন্ত আপনারা এবং অন্যান্য রাজারা আত্মরক্ষায় যত্নবান্ হইবেন' ॥১১॥

সেই বীরেরা অনুমতি করিলে, কৃষ্ণ অর্জ্জুনকে লইয়া যুধিষ্ঠিরের শিবিরে গমন করিলেন এবং যুধিষ্ঠিরকে দেখিলেন। তখন যুধিষ্ঠির স্বর্ণময় উত্তম শয্যায় শয়ন করিয়াছিলেন। ক্রমে কৃষ্ণ ও অর্জ্জুন আনন্দিত হইয়া যাইয়া যুধিষ্ঠিরের চরণযুগল গ্রহণ করিলেন ॥১২—১৩॥

(১৪) তয়োঃ প্রহর্ষমালক্ষ্য হর্ষাদশ্রূণ্যবর্ত্তয়ৎ···বা সো।

সমুত্থায় মহাবাহুঃ পুনঃ পুনররিন্দমঃ।
বাসুদেবার্জ্জুনৌ প্রেম্ণা পুনশ্চ পরিষস্বজে।
বাসুদেবঞ্চ বার্ষ্ণেয়ং পপ্রচ্ছ কুরুনন্দনঃ ॥১৫॥
ততোঽস্মৈ তদ্‌যথা বৃত্তং বাসুদেবঃ প্রিয়ংবদঃ।
কথয়ামাস কর্ণস্য নিধনং যদুনন্দনঃ ॥১৬॥
ঈষদুৎস্ময়মানস্তু কৃষ্ণো রাজানমব্রবীৎ।
যুধিষ্ঠিরং হতামিত্রং কৃতাঞ্জলিরথাচ্যুতঃ ॥১৭॥
দিষ্ট্যা গাণ্ডীবধন্বা চ পাণ্ডবশ্চ বৃকোদরঃ।
ত্বঞ্চাপি কুশলী রাজা মাদ্রীপুত্রৌ চ পাণ্ডবৌ ॥১৮॥
মুক্তা বীরক্ষয়াদস্মাৎ সংগ্রামাল্লোমহর্ষণাৎ।
ক্ষিপ্রমুত্তরকালানি কুরু কার্য্যাণি পাণ্ডব ! ॥১৯॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তয়োরিতি। প্রহর্ষং তল্লক্ষণং স্মিতাদিকম্, প্রহারবান্ প্রহারচিহ্নানি ॥১৪॥
সমিতি। প্রেম্ণা বাৎসল্যেন, পরিষস্বজে আলিলিঙ্গ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৫॥
তত ইতি। বৃত্তং জাতম্, প্রিয়ং বদতীতি প্রিয়ংবদঃ। বদেঃ খঃ ॥১৬॥
ঈষদিতি। উৎস্ময়মানো হসন্। হতঃ অমিত্রঃ শত্রুঃ কর্ণো যস্য তম্ ॥১৭॥
দিষ্ট্যেতি। দিষ্ট্যা ভাগ্যেন, গাণ্ডীবধন্বা অর্জ্জুনঃ। বীরাণাং ক্ষয়ো যস্মিন্ তস্মাৎ। উত্তরকালানি পরকালকর্ত্তব্যানি ॥১৮—১৯॥

কৃষ্ণ ও অর্জ্জুনের আনন্দ এবং অলৌকিক প্রহারচিহ্ন দেখিয়া কর্ণকে নিহত মনে করিয়া যুধিষ্ঠির গাত্রোত্থান করিলেন ॥১৪॥

মহাবাহু ও শত্রুদমনকারী যুধিষ্ঠির গাত্রোত্থান করিয়া বাৎসল্যবশতঃ কৃষ্ণ ও অর্জ্জুনকে বার বার আলিঙ্গন করিলেন এবং বৃষ্ণিনন্দন কৃষ্ণকে আনন্দের কারণ জিজ্ঞাসা করিলেন ॥১৫॥

পরে প্রিয়ভাষী যদুনন্দন কৃষ্ণ যে রূপ ঘটিয়াছিল, সেইরূপে কর্ণের নিধনবৃত্তান্ত যুধিষ্ঠিরের নিকট বলিলেন ॥১৬॥

কৃষ্ণ ঈষৎ হাস্য করিতে থাকিয়া কৃতাঞ্জলি হইয়া হতশত্রু রাজা যুধিষ্ঠিরকে বলিলেন—॥১৭॥

'পাণ্ডুনন্দন! আপনি, ভীম, অর্জ্জুন, নকুল ও সহদেব বীরক্ষয়জনক এই লোমহর্ষণ যুদ্ধ হইতে মুক্ত হইয়া কুশলেই আছেন। এখন সত্বর পরকর্ত্তব্য কার্য্যগুলি করুন ॥১৮—১৯॥

(১৫)···তাবুভৌ পরিষস্বজে বা সো। (১৮)···ত্বঞ্চাপি কুশলী রাজন্!···বা সো।

হতো বৈকর্ত্তনঃ কর্ণঃ সূতপুত্রো মহাবলঃ।
দিষ্ট্যা জয়সি রাজেন্দ্র! দিষ্ট্যা বর্দ্ধসি পাণ্ডব! ॥২০॥
যস্ত দ্যূতজিতাং কৃষ্ণাং প্রাহসৎ পুরুষাধমঃ।
তস্যাদ্য সূতপুত্রস্য ভূমিঃ পিবতি শোণিতম্ ॥২১॥
শেতেঽসৌ শরপূর্ণাঙ্গঃ শত্রুস্তে কুরুপুঙ্গব!।
তং পশ্য পুরুষব্যাঘ্রং বিভিন্নং বহুধা শরৈঃ ॥২২॥
হতামিত্রামিমাবুর্ব্বীমনুশাধি মহাভুজ!।
যত্তো ভূত্বা সহাস্মাভির্ভুঙ্ক্ষ্ব ভোগাংশ্চ পুষ্কলান্ ॥২৩॥

সঞ্জয় উবাচ।

ইতি শ্রুত্বা বচস্তস্য কেশবস্য মহাত্মনঃ।
যুধিষ্ঠিরস্তু দাশার্হং কেশবং প্রত্যপূজয়ৎ।
দিষ্ট্যা দিষ্ট্যেতি রাজেন্দ্র! বাক্যঞ্চেদমুবাচ হ ॥২৪॥

ভারতকৌমুদী

হত ইতি। দিষ্ট্যা ভাগ্যেন, বর্দ্ধসি রাজ্যলাভাদুন্নতো ভবসি ॥২০॥
য ইতি। কৃষ্ণাং দ্রৌপদীম্, প্রাহসৎ দ্যূতসভায়াম্ ॥২১॥
শেত ইতি। বিভিন্নং বিশেষেণ বিদীর্ণকলেবরম্ ॥২২॥
হতেতি। হতা অমিত্রাঃ শত্রবো যস্যাস্তাম্। যত্তো যত্নবান্। পুষ্কলান্ প্রচুরান্ ॥২৩॥
ইতীতি। দাশার্হং দাশার্হবংশীয়ম্। দিষ্ট্যা দিষ্ট্যেতি হর্ষে দ্বিরুক্তিঃ। ষট্পাদঃ ॥২৪॥

রাজশ্রেষ্ঠ পাণ্ডুনন্দন! মহাবল বৈকর্ত্তন সূতপুত্র কর্ণ নিহত হইয়াছে। অতএব আপনি ভাগ্যবশতঃ জয়লাভ করিয়াছেন এবং ভাগ্যবশতঃ উন্নতিশালী হইয়াছেন ॥২০॥

যে পুরুষাধম দ্যূতসভায় দ্যূতজিতা দ্রৌপদীকে উপহাস করিয়াছিল, আজ ভূমি সেই সূতপুত্রের রক্ত পান করিতেছে ॥২১॥

কৌরবশ্রেষ্ঠ! আপনার সেই শত্রু শরপূর্ণ শরীরে শয়ন করিয়াছে। আপনি যাইয়া বহুভাবে বাণবিদীর্ণদেহ সেই পুরুষশ্রেষ্ঠকে দর্শন করুন ॥২২॥

মহাবাহু! আপনার শত্রু নিহত হইয়াছে, এখন আপনি যত্নবান্ হইয়া পৃথিবী শাসন করুন এবং আমাদের সহিত মিলিত হইয়া প্রচুর ভোগ করিতে থাকুন' ॥২৩॥

সঞ্জয় বলিলেন—'রাজশ্রেষ্ঠ! মহাত্মা কৃষ্ণের এই কথা শুনিয়া যুধিষ্ঠির দাশার্হ-বংশীয় কৃষ্ণের প্রতি সম্মান করিলেন এবং 'ভাগ্যে ভাগ্যে' এইরূপ বলিয়া এই কথা বলিলেন— ॥২৪॥

(২৪) প্রথমপাদদ্বয়ং পি নাস্তি।...প্রহৃষ্টঃ প্রত্যপূজয়ৎ...পি।

নৈতচ্চিত্রং মহাবাহো ! ত্বয়ি দেবকিনন্দন ! ।
ত্বয়া সারথিনা পার্থো যৎ কুর্য্যাদপ্যমানুষম্ ॥২৫॥
প্রগৃহ্য চ কুরুশ্রেষ্ঠঃ সাঙ্গদং দক্ষিণং ভুজম্ ।
উবাচ ধর্ম্মভৃৎ পার্থ উভৌ তৌ কেশবার্জ্জুনৌ ॥২৬॥
নরনারায়ণৌ দেবৌ কথিতৌ নারদেন মে ।
ধর্ম্মসংরক্ষণে যুক্তৌ পুরাণাবৃষিসত্তমৌ ॥২৭॥
অসকৃচ্চাপি মেধাবী কৃষ্ণদ্বৈপায়নো মম ।
কথামেতাং মহাভাগো দিব্যামকথয়ৎ প্রভুঃ ॥২৮॥
তব কৃষ্ণ ! প্রভাবেণ পাণ্ডবোঽয়ং ধনঞ্জয়ঃ ।
জিগায়াভিমুখঃ শত্রূন্ ন চাসীদ্বিমুখঃ ক্বচিৎ ॥২৯॥
জয়শ্চৈব ধ্রুবোঽস্মাকং ন চাস্মাকং পরাজয়ঃ ।
যদা ত্বং যুধি পার্থস্য সারথ্যমুপজগ্মিবান্ ॥৩০॥

ভারতকৌমুদী

নেতি। চিত্রমাশ্চর্য্যম্। পার্থোঽর্জ্জুনঃ, অমানুষমলৌকিকং কার্য্যম্ ॥২৫॥
প্রেতি। সাঙ্গদং কেয়ূরযুক্তম্। দক্ষিণং ভুজং কৃষ্ণার্জ্জুনযোঃ। পার্থো যুধিষ্ঠিরঃ ॥২৬॥
নরেতি। যুক্তৌ নিরতৌ। ঋষিসত্তমৌ যুবামিতি শেষঃ ॥২৭॥
অসকৃদিতি। এতাং যুবযোর্নরনারায়ণত্ববিষয়াম্। প্রভুস্তপঃপ্রভাববান্ ॥২৮॥
তবেতি। অভিমুখ এব, ন পুনর্গুপ্তিষ্ঠন্নিতি ভাবঃ ॥২৯॥
জয় ইতি। যদা যতঃ। পার্থস্যার্জ্জুনস্য, উপজগ্মিবান্ অঙ্গীকৃতবান্ ॥৩০॥

'মহাবাহু দেবকীনন্দন। তুমি সারথি থাকায় অর্জ্জুন যে অলৌকিক কার্য্যও করিতে পারেন, ইহা তোমাতে আশ্চর্য্য নহে ॥২৫॥

কৌরবশ্রেষ্ঠ ধার্ম্মিক যুধিষ্ঠির কৃষ্ণ ও অর্জ্জুনের কেয়ূরযুক্ত দক্ষিণ বাহু ধারণ করিয়া তাঁহাদের দুই জনকেই বলিলেন—॥২৬॥

'নারদ আমার নিকট বলিয়াছেন যে, ধর্ম্মরক্ষায় নিরত প্রাচীন ঋষিশ্রেষ্ঠ নর ও নারায়ণই অর্জ্জুন ও কৃষ্ণ ॥২৭॥

এবং মেধাবী ও তপঃপ্রভাবশালী মহাভাগ কৃষ্ণদ্বৈপায়নও বহুবার আমার নিকট এই অলৌকিক কথা বলিয়াছেন ॥২৮॥

কৃষ্ণ। তোমার প্রভাবেই এই অর্জ্জুন অভিমুখ অবস্থাতেই বহু শত্রু জয় করিয়াছেন, কোথাও বিমুখ হন নাই ॥২৯॥

---

(২৭)···ধর্ম্মসংরক্ষণে যত্তৌ·· পি,·· ধর্ম্মাত্মানৌ মহাত্মানৌ পুরাণৌ···বা সো।

ইত্যুক্ত্বা ধর্ম্মরাজস্তু তং রথং হেমভূষিতম্।
দন্তবর্ণৈর্হয়ৈর্যুক্তং কালবালৈর্মনোজবৈঃ ॥৩১॥
আস্থায় পুরুষব্যাঘ্রঃ স্ববলেনাভিসংবৃতঃ।
কৃষ্ণার্জ্জুনাভ্যাং বীরাভ্যামনুমন্ত্র্য ততঃ প্রিয়ম্।
আগতো বহুবৃত্তান্তং দ্রষ্টুমায়োধনং তদা ॥৩২॥ (যুগ্মকম্)
আভাষমাণস্তৌ বীরাবুভৌ মাধবফাল্গুনৌ।
দদর্শ চ রণে কর্ণং শয়ানং পুরুষর্ষভম্ ॥৩৩॥
যথা কদম্বকুসুমং কেশরৈঃ সর্বতো বৃতম্।
চিতং শরশতৈঃ কর্ণং ধর্ম্মরাজো দদর্শ সঃ ॥৩৪॥
গন্ধতৈলাবসিক্তাভিঃ কাঞ্চনীভিঃ সহস্রশঃ।
দীপিকাভিঃ কৃতোদ্দ্যোতং পশ্যতে বৈ বৃষং তদা ॥৩৫॥

ভারতকৌমুদী

ইতীতি। কালবালৈঃ কৃষ্ণকেশরৈঃ। বহবো বৃত্তান্তা ব্যাপারা যত্র তৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩১—৩২॥

আভাষেতি। আভাষমাণো যুদ্ধবিষয় আলপন্ যুধিষ্ঠিরঃ ॥৩৩॥

যথেতি। বৃতং বেষ্টিতম্। চিতং ব্যাপ্তদেহম্ ॥৩৪॥

গন্ধেতি। কাঞ্চনীভিঃ স্বর্ণময়ীভিঃ। কৃতোদ্দ্যোতং কৃতালোকম্, পশ্যতে পশ্যতি স্ম ধর্ম্মরাজ ইত্যনুবৃত্তিঃ, বৃষং কর্ণম্। ইদন্তু কর্ণসম্মানার্থং দুর্য্যোধনকৃতমিতি বোধ্যম্ ॥৩৫॥

কৃষ্ণ! তুমি যখন যুদ্ধে অর্জ্জুনের সারথ্য স্বীকার করিয়াছ, তখন নিশ্চয়ই আমাদের জয় হইবে, কখনও পরাজয় হইবে না' ॥৩০॥

এই কথা বলিয়া পুরুষশ্রেষ্ঠ যুধিষ্ঠির কৃষ্ণ ও অর্জ্জুনের সহিত স্বর্ণালঙ্কৃত সেই রথখানিকে অভিমন্ত্রিত করিয়া আরোহণপূর্ব্বক প্রীতিকর ও বহুবৃত্তান্তশালী রণস্থল দেখিবার জন্য তখনই আগমন করিলেন। অর্জ্জুনের সেই রথে দন্তের ন্যায় শুভ্রবর্ণ, কৃষ্ণকেশর ও মনের তুল্য বেগবান্ চারিটী অশ্ব যোজিত ছিল এবং যুধিষ্ঠিরের সৈন্যেরা তাঁহাকে পরিবেষ্টন করিয়া চলিয়াছিল ॥৩১—৩২॥

ক্রমে যুধিষ্ঠির যুদ্ধবিষয়ে মহাবীর কৃষ্ণ ও অর্জ্জুনের সহিত আলাপ করিতে করিতে যাইয়া রণস্থলে শয়িত পুরুষশ্রেষ্ঠ কর্ণকে দর্শন করিলেন ॥৩৩॥

যুধিষ্ঠির দেখিলেন—কদম্বপুষ্প যেমন সকল দিকে কেশরব্যাপ্ত থাকে, কর্ণও সেইরূপ শত শত বাণে সকল দিকে ব্যাপ্ত রহিয়াছেন ॥৩৪॥

(৩৩)···উভৌ পাণ্ডবমাধবৌ···পি।

গাণ্ডীবমুক্তৈর্বিশিখৈঃ সর্বতঃ শকলীকৃতম্ ।
সপুত্রং নিহতং দৃষ্ট্বা কর্ণং রাজা যুধিষ্ঠিরঃ ॥৩৬॥
সঞ্জাতপ্রত্যয়োঽতীব বীক্ষ্য চৈবং পুনঃ পুনঃ ।
প্রশশংস নরব্যাঘ্রাবুভৌ মাধবফাল্গুনৌ ॥৩৭॥ (যুগ্মকম্)
অদ্য রাজাস্মি গোবিন্দ ! পৃথিব্যাং ভ্রাতৃভিঃ সহ ।
ত্বয়া নাথেন বীরেণ বিদুষা পরিপালিতঃ ॥৩৮॥
হতং শ্রুত্বা নরব্যাঘ্রং রাধেয়মতিমানিনম্ ।
নিরাশোঽদ্য দুরাত্মা স ধার্ত্তরাষ্ট্রো ভবিষ্যতি ॥৩৯॥
জীবিতে চৈব রাজ্যে চ হতে কর্ণে মহারথে ।
ত্বৎপ্রসাদাদ্বয়ঞ্চৈব কৃতার্থাঃ পুরুষর্ষভ ! ॥৪০॥ (যুগ্মকম্)
দিষ্ট্যা জয়সি গোবিন্দ ! দিষ্ট্যা শত্রুর্নিপাতিতঃ ।
দিষ্ট্যা গাণ্ডীবধন্বা চ বিজয়ী পাণ্ডুনন্দনঃ ॥৪১॥

ভারতকৌমুদী

গাণ্ডীবেতি। শকলীকৃতং খণ্ডীকৃতং ক্ষতবিক্ষতমিত্যর্থঃ। অতীব সঞ্জাতপ্রত্যয়ঃ কর্ণবধে সর্বথা জাতবিশ্বাসঃ। পূর্বন্তু কৃষ্ণবাক্যাৎ কথঞ্চিজ্জাতবিশ্বাস ইতি ভাবঃ ॥৩৬—৩৭॥

অদ্যেতি। অদ্য রাজাস্মি দুর্য্যোধনস্যাপি নাশসম্ভবাৎ। নাথেন প্রভুণা ॥৩৮॥

হতমিতি। জীবনে রাজ্যে চ নিরাশঃ। ধার্ত্তরাষ্ট্রো দুর্য্যোধনঃ। তথা ত্বৎপ্রসাদা-ন্মহারথে কর্ণে হতে সতি বয়ঞ্চ কৃতার্থাঃ সঞ্জাতাঃ ॥৩৯—৪০॥

দিষ্ট্যেতি। দিষ্ট্যা ভাগ্যেন "দৈবং দিষ্টং ভাগধেয়ম্" ইত্যাদ্যমরঃ ॥৪১॥

গন্ধতৈলযুক্ত স্বর্ণময় সহস্র সহস্র প্রদীপে কর্ণের সকল দিক্ আলোকিত ছিল; এই অবস্থায় যুধিষ্ঠির কর্ণকে দর্শন করিলেন ॥৩৫॥

পুত্রের সহিত কর্ণ নিহত হইয়াছেন এবং গাণ্ডীবনিক্ষিপ্ত বাণে তাঁহার সমস্ত দেহ ক্ষত-বিক্ষত হইয়াছে, ইহা দেখিয়া যুধিষ্ঠিরের অত্যন্ত বিশ্বাস জন্মিল। পরে তিনি বার বার দেখিয়া নরশ্রেষ্ঠ কৃষ্ণ ও অর্জ্জুনের প্রশংসা করিতে লাগিলেন ॥৩৬—৩৭॥

'কৃষ্ণ! প্রভু, মহাবীর ও জ্ঞানী তুমি আমাকে রক্ষা করিয়া আসিতেছ বলিয়া আজ আমি ভ্রাতাদের সহিত পৃথিবীর রাজা হইলাম ॥৩৮॥

হে পুরুষশ্রেষ্ঠ! সেই দুরাত্মা দুর্য্যোধন অতিশয় অভিমানী ও পুরুষশ্রেষ্ঠ কর্ণকে নিহত শুনিয়া আজ জীবনে ও রাজ্যে নিরাশ হইবে এবং তোমার অনুগ্রহে মহারথ কর্ণ নিহত হওয়ায় আমরাও কৃতার্থ হইয়াছি ॥৩৯—৪০॥

---

(৩৯)…ভবিষ্যতি সুযোধনঃ—পি। (৪০) জীবিতাচ্চৈব রাজ্যাচ্চ…পি বঙ্গ বর্দ্ধ।

ত্রয়োদশ সমাস্তীর্ণা জাগরেণ সুদুঃখিতাঃ।
স্বপ্স্যামোঽদ্য সুখং রাত্রৌ ত্বৎপ্রসাদান্মহাভুজ! ॥৪২॥

সঞ্জয় উবাচ। *

এবং স বহুশো রাজন্! প্রশশংস জনার্দ্দনম্।
অর্জ্জুনঞ্চাপি রাজেন্দ্র! ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ ॥৪৩॥
দৃষ্ট্বা চ কর্ণং নিহতং সপুত্রং পার্থসায়কৈঃ।
পুনর্জাতমিবাত্মানং মেনে কুরুকুলোদ্বহঃ ॥৪৪॥
সমেত্য চ মহারাজ! কুন্তীপুত্রং যুধিষ্ঠিরম্।
হর্ষয়ন্তি স্ম রাজানো হর্ষযুক্তা মহারথাঃ ॥৪৫॥
নকুলঃ সহদেবশ্চ পাণ্ডবশ্চ বৃকোদরঃ।
সাত্যকিশ্চ মহারাজ! বৃষ্ণীনাং প্রবরো রথঃ ॥৪৬॥
ধৃষ্টদ্যুম্নঃ শিখণ্ডী চ পাণ্ডুপাঞ্চালসৃঞ্জয়াঃ।
পূজয়ন্তি স্ম কৌন্তেয়ং নিহতে সূতনন্দনে ॥৪৭॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ত্রয়োদশেতি। সমা বৎসরান্, তীর্ণা অতীতা বয়ম্, সুদুঃখিতাঃ কর্ণস্মরণাৎ ॥৪২॥
এবমিতি। প্রশশংস কর্ণবধাদিত্যাশয়ঃ ॥৪৩॥
দৃষ্ট্বেতি। আত্মানং পুনর্জাতমিব মেনে, কর্ণেনাত্মনো হতত্বমননাদিতি ভাবঃ ॥৪৪॥
সমিতি। সমেত্য আগত্য। হর্ষয়ন্তি স্ম প্রকৃতশত্রুকর্ণবধোল্লেখেন ॥৪৫॥
নকুল ইতি। রথো রথী। পূজয়ন্তি সম্মানয়ন্তি, কৌন্তেয়মর্জ্জুনম্ ॥৪৬—৪৭॥

গোবিন্দ! ভাগ্যে তুমি জয় করিয়াছ, ভাগ্যে শত্রু নিপাতিত হইয়াছে এবং ভাগ্যবশতই অর্জ্জুন বিজয়ী হইয়াছেন ॥৪১॥

মহাবাহু! আমি অত্যন্ত উদ্বেগবশতঃ জাগরণ করিয়াই তের বৎসর অতিক্রম করিয়াছি; কিন্তু আজ তোমার অনুগ্রহে রাত্রিতে সুখে নিদ্রা যাইব' ॥৪২॥ *

সঞ্জয় বলিলেন—'রাজশ্রেষ্ঠ রাজা! ধর্ম্মরাজ যুধিষ্ঠির এইভাবে কৃষ্ণ ও অর্জ্জুনের বহুতর প্রশংসা করিলেন ॥৪৩॥

এবং কৌরবশ্রেষ্ঠ যুধিষ্ঠির অর্জ্জুনের বাণে পুত্রের সহিত কর্ণকে নিহত দেখিয়া আপনাকে যেন পুনরুৎপন্ন বলিয়া মনে করিলেন ॥৪৪॥

মহারাজ! এই সময়ে হর্ষযুক্ত মহারথ রাজারা আসিয়া কুন্তীনন্দন যুধিষ্ঠিরের হর্ষ উৎপাদন করিতে লাগিলেন ॥৪৫॥

* এষ পাঠঃ ৪৩ শ্লোকাৎ পরং পি বর্দ্ধ।

তে বৰ্দ্ধয়িত্বা নৃপতিং পাণ্ডুপুত্রং যুধিষ্ঠিরম্ ।
জিতকাশিনো লব্ধলক্ষ্যা যুদ্ধশৌণ্ডাঃ প্রহারিণঃ ॥৪৮॥
স্তবন্তঃ স্তবযুক্তাভির্বাগ্‌ভিঃ কৃষ্ণৌ পরন্তপৌ ।
জগ্মুঃ স্বশিবিরায়ৈব মুদা যুক্তা মহারথাঃ ॥৪৯॥ (যুগ্মকম্)
এবমেষ ক্ষয়ো বৃত্তঃ সুমহাল্লোঁমহর্ষণঃ ।
তব দুর্ম্মন্ত্রিতে রাজন্ ! তত্ত্বং কিমনুশোচসি ॥৫০॥
বৈশম্পায়ন উবাচ ।
শ্রুত্বৈতদপ্রিয়ং রাজা ধৃতরাষ্ট্রো মহীপতিঃ ।
পপাত ভূমৌ নিশ্চেষ্টঃ কৌরব্যঃ পরমাসনাৎ ॥৫১॥
তথা সা পতিতা দেবী গান্ধারী দীর্ঘদর্শিনী ।
শুশোচ বহুলালাপৈঃ কর্ণস্য নিধনং যুধি ॥৫২॥

ভারতকৌমুদী

ত ইতি । বৰ্দ্ধয়িত্বা সম্ভাব্য । জিতেন জয়েন কাশন্তে শোভন্ত ইতি জিতকাশিনঃ, যুদ্ধে শৌণ্ডা মত্তাঃ, প্রহারিণঃ প্রহারনিপুণাঃ । তৃতীয়পাদে অক্ষরাধিক্যমার্ষম্ । স্তবন্তস্তোষয়ন্তঃ, স্তবেন গুণোল্লেখেন যুক্তাভিঃ, কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ ॥৪৮—৪৯॥

এবমিতি । বৃত্তো জাতঃ । স্বদুর্ম্মন্ত্রণয়া ক্ষয়স্য জাতত্বাত্তদনুশোচনমন্যায্যমিতি ভাবঃ ॥৫০॥

শ্রুত্বেতি । নিশ্চেষ্টো নিস্পন্দঃ, পরমাসনাৎ উত্তমরাজাসনাৎ ॥৫১॥

তথেতি । পতিতা পরমাসনাদেব ভূমৌ । বহুলালাপৈর্বিবিধবিলাপৈঃ ॥৫২॥

মহারাজ ! কর্ণ নিহত হইলে, ভীমসেন, নকুল, সহদেব, বৃষ্ণিবংশের মধ্যে প্রধান রথী সাত্যকি, ধৃষ্টদ্যুম্ন, শিখণ্ডী এবং পাণ্ডব, পাঞ্চাল ও সৃঞ্জয়বীরেরা অর্জ্জুনের প্রশংসা করিতে লাগিলেন ॥৪৬—৪৭॥

ক্রমে বিজয়শোভী, লব্ধলক্ষ্য, যুদ্ধমত্ত ও প্রহারনিপুণ সেই মহারথেরা রাজা যুধিষ্ঠিরের সংবর্দ্ধনা করিয়া এবং গুণোল্লেখযুক্ত বাক্যে শত্রুসন্তাপক কৃষ্ণ ও অর্জ্জুনের সন্তোষবিধানপূর্ব্বক আনন্দিত চিত্তে আপন আপন শিবিরেই চলিয়া গেলেন ॥৪৮-৪৯॥

অতএব রাজা ! আপনার কুমন্ত্রণাবশতই এইভাবে এই গুরুতর লোমহর্ষণ লোকক্ষয় হইয়াছে। সুতরাং আপনিই আবার তাহার জন্য শোক করেন কেন' ॥৫০॥

বৈশম্পায়ন বলিলেন—এই অপ্রিয় সংবাদ শুনিয়া কৌরবনন্দন রাজা ধৃতরাষ্ট্র সিংহাসন হইতে নিশ্চেষ্ট অবস্থায় ভূতলে পতিত হইলেন ॥৫১॥

---

(৪৯)···রথান্ যুক্ত্বা মহারথাঃ—পি। (৫২) দ্বিতীয়ার্দ্ধং পি নাস্তি।

তং প্রত্যগৃহ্লাদ্বিদুরো নৃপতিং সঞ্জয়স্তথা।
পর্য্যাশ্বাসয়তাঞ্চৈব তাবুভাবেব ভূমিপম্।
তথৈবোত্থাপয়ামাসুর্গান্ধারীং কুরুযোষিতঃ ॥৫৩॥
স দৈবং পরমং মত্বা ভবিতব্যঞ্চ পার্থিব!।
পরাং পীড়াং সমাশ্রিত্য নষ্টচিত্তো মহাতপাঃ ॥৫৪॥
চিন্তাশোকপরীতাত্মা ন জজ্ঞে মোহপীড়িতঃ।
তাভ্যামাশ্বাসিতো রাজা তূষ্ণীমাসীদ্বিচেতনঃ ॥৫৫॥ (যুগ্মকম্)
ইদং মহাযুদ্ধমখং মহাত্মনোর্ধনঞ্জয়স্যাধিরথেশ্চ যঃ পঠেৎ।
স সম্যগিষ্টস্য মখস্য যৎ ফলং তদাপ্নুয়াৎ সংশ্রবণাচ্চ ভারত! ॥৫৬॥
মখো হি বিষ্ণুর্ভগবান্ সনাতনো বদন্তি তচ্চাগ্ন্যনিলেন্দুভানবঃ।
অতোঽনসূয়ুঃ শৃণুয়াৎ পঠেচ্চ যঃ স সর্বলোকানুচরঃ সুখী ভবেৎ ॥৫৭॥

ভারতকৌমুদী

তমিতি। প্রত্যগৃহ্লাদধারয়ৎ। তৌ বিদুরসঞ্জয়ৌ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৩॥

স ইতি। দৈবং প্রতিকূলমিতি ভাবঃ। নষ্টচিত্তো লুপ্তচৈতন্য ইব, মহাতপা অতীব-সন্তপ্তঃ। চিন্তাশোকাভ্যাং পরীতাত্মা ব্যাপ্তচিত্তঃ। মোহাভাবে হেতুমাহ তাভ্যা-মিতি ॥৫৪—৫৫॥

ইদমিতি। মহাযুদ্ধমেব মখো যজ্ঞস্তৎ। ইষ্টস্য কৃতস্য। যজ্ঞেঃ ক্তে রূপম্ ॥৫৬॥

নমু মহাযুদ্ধস্য মখত্বং কুত ইত্যাহ মখ ইতি। কৃষ্ণরূপিণো বিষ্ণোরত্র মহাযুদ্ধে ব্যাপৃতত্বা-দস্য মখত্বমিত্যাশয়ঃ। সর্বে লোকা অনুচরা যস্য স রাজা ধনী বা ॥৫৭॥

এবং দূরদর্শিনী গান্ধারীদেবীও ভূতলে পতিত হইয়া বহু বিলাপবাক্যে যুদ্ধে কর্ণের নিধনসম্বন্ধে শোক করিতে লাগিলেন ॥৫২॥

তখন বিদুর ও সঞ্জয় ধৃতরাষ্ট্রকে ধরিলেন এবং তাঁহারা দুইজনই তাহাকে আশ্বস্ত করিতে থাকিলেন; আর কুরুকুলবধূরা গান্ধারীদেবীকে ধরিয়া তুলিলেন ॥৫৩॥

রাজা! জনমেজয়! মহারাজ ধৃতরাষ্ট্র গুরুতর শোকার্ত্ত, অত্যন্ত সন্তপ্ত, এমন কি অচেতনপ্রায় এবং চিন্তার ও শোকে আকুল হইয়াও প্রবল দৈব ও ভবিতব্য মনে করিয়া মূর্চ্ছিত হইলেন না। বিশেষতঃ, তখন বিদুর ও সঞ্জয় তাঁহাকে আশ্বাস দিতেছিলেন; তবে তিনি নীরব ও বিকলচিত্ত হইয়া রহিলেন ॥৫৪—৫৫॥

ভরতনন্দন! যে লোক মহাত্মা অর্জ্জুন ও কর্ণের এই মহাযুদ্ধ-যজ্ঞ পাঠ কিংবা শ্রবণ করে, সে লোক সম্যক্ সম্পাদিত যজ্ঞের যে ফল, সেই ফল লাভ করে ॥৫৬॥

---

(৫৫) স সমাশ্বাসিতো রাজা…বা সো।

তাং সর্বদা ভক্তিমুপাগতা নরাঃ পঠন্তি পুণ্যাং বরসংহিতামিমাম্ ।
ধনেন ধান্যেন যশসা চ মানুষা নন্দন্তি তে নাত্র বিচারণাস্তি ॥৫৮॥
অতোঽনসূয়ুঃ শৃণুয়াৎ সদা তু বৈ নরঃ স সর্বাণি সুখানি চাপ্নুয়াৎ ।
বিষ্ণুঃ স্বয়ম্ভূর্ভগবান্ ভবশ্চ তুষ্যন্তি তে তস্য নরোত্তমস্য ॥৫৯॥
বেদাবাপ্তির্ব্রাহ্মণস্যেহ দৃষ্টা রণে বলং ক্ষত্রিয়াণাং জয়ো যুধি ।
ধনজ্যেষ্ঠাশ্চাপি ভবন্তি বৈশ্যাঃ শূদ্রারোগ্যং প্রাপ্নুবন্তীহ সর্বে ॥৬০॥
তথৈব বিষ্ণুর্ভগবান্ সনাতনঃ স চাত্র দেবঃ পরিকীর্ত্যতে যতঃ ।
ততঃ কামাল্লঁভতে সুখী নরো মহামুনেস্তস্য বচোঽর্চ্চিতং যথা ॥৬১॥

ভারতকৌমুদী

তামিতি। তাং প্রসিদ্ধাম্। উপাগতাঃ প্রাপ্তাঃ ॥৫৮॥

অত ইতি। অসূয়ুর্দোষাবিষ্কাবী তস্তিন্নঃ অনসূয়ুঃ। ভবঃ শিবঃ ॥৫৯॥

বেদেতি। ইহ কর্ণপর্বপাঠে, ব্রাহ্মণস্য, বেদাবাপ্তির্বেদপাঠফলপ্রাপ্তিঃ স্যাৎ; ক্ষত্রিয়াণাং বণে বলং যুধি জযশ্চ ভবেৎ। বৈশ্যাঃ ধনেন জ্যেষ্ঠাঃ শ্রেষ্ঠা ভবন্তি। সর্বে শূদ্রাশ্চ আবোগ্যং প্রাপ্নুবন্তি। বিসর্গলোপেঽপি সন্ধিবার্ষঃ। ইহ জগতি ॥৬০॥

তথেতি। পবিকীর্ত্ত্যতে কৃষ্ণরূপেণ। তস্য ব্যাসস্য, অর্চ্চিতং প্রামাণ্যেন সর্ব্বপূজিতম্, যথা যতঃ, ততঃ সর্বমেতৎ সত্যমেবেত্যর্থঃ। তদেতদ্ব্যাসবাক্যমেব মযোক্তমিতি ভাবঃ ॥৬১॥

অগ্নি, বায়ু, চন্দ্র ও সূর্য্য বলেন যে, ভগবান্ সনাতন বিষ্ণুই যজ্ঞ। অতএব যে ব্যক্তি অসূয়াশূন্য হইয়া ইহা পাঠ বা শ্রবণ কবে, সে ব্যক্তি সুখী হয় এবং সমস্ত লোক তাহার অনুচব হইয়া থাকে ॥৫৭॥

যে মানুষ ভক্তিযুক্ত হইয়া সর্ব্বদা এই প্রসিদ্ধ ও পবিত্র সংহিতা পাঠ করে, সে মানুষ ধন, ধান্য ও যশ লাভ করিয়া আনন্দ অনুভব করিতে থাকে। এ বিষয়ে কোন বিচাব নাই ॥৫৮॥

আব যে লোক অসূয়াশূন্য হইয়া এই সংহিতা শ্রবণ করে, সে লোকও সমস্ত সুখ ভোগ কবে এবং ভগবান্ ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বর এই নরশ্রেষ্ঠের উপবে সন্তুষ্ট থাকেন ॥৫৯॥

কর্ণপর্ব্বপাঠ করিলে ব্রাহ্মণের বেদপাঠেব ফল হইতে দেখা যায়, ক্ষত্রিয়গণের যুদ্ধে শক্তিবৃদ্ধি ও জয়লাভ হয়, বৈশ্যেরা ধনলাভে শ্রেষ্ঠ হইয়া থাকেন এবং শূদ্র সকল আরোগ্যলাভ করে ॥৬০॥

এই কর্ণপর্ব্বে ভগবান্ সনাতন বিষ্ণুদেব যখন (কৃষ্ণরূপে) কীর্ত্তিত হইয়াছেন, তখন মানুষ ইহা পাঠ বা শ্রবণ করিয়া সমস্ত অভীষ্ট লাভ কবে। মহর্ষি বেদব্যাসের বাক্য যখন সকলের নিকটই আদৃত, তখন নিশ্চয়ই ইহা সত্য ॥৬১॥

কপিলানাং সবৎসানাং বর্ষমেকং নিরন্তরম্।
যো দদ্যাৎ সুকৃতং তদ্ধি শ্রবণাৎ কর্ণপর্বণঃ ॥৬২॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং কর্ণপর্ব্বণি
যুধিষ্ঠিরহর্ষে ঊনসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

সমাপ্তঞ্চেদং কর্ণপর্ব ॥০॥

ভারতকৌমুদী

কপিলানামিতি। কপিলানাং ধেনুবিশেষাণাম্। নিরন্তরং প্রত্যহম্। তস্ম যৎ সুকৃতং পুণ্যং স্যাৎ, কর্ণপর্ব্বণঃ শ্রবণাৎ, তদ্ধি তদেব সুকৃতং স্যাৎ ॥৬২॥

ব্রহ্মর্ত্তুবহ্নিন্দুমিতে শকাব্দে জ্যৈষ্ঠে চতুর্বিংশদিনে চ সৌরে।
কর্ণাশ্রিতা ভারতকৌমুদীয়ং বঙ্গানুবাদাদিযুতা সমাপ্তা ॥১॥
কোটালিপাড়ে বিষয়ে বিভাতি গ্রামো মহানূনশিয়াভিধানঃ।
তত্রত্য-গঙ্গাধরশর্ম্মসূনুঃ কাশ্যপঃ শ্রীহরিদাসশর্ম্মা ॥২॥
চিরমূনশিয়ানিবাসিনা কলিকাতানগরপ্রবাসিনা।
নম্র তেন শিবপ্রসাদতো রচিতা শ্রীহরিদাসশর্ম্মণা ॥৩॥
ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং কর্ণপর্ব্বণি ঊনসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥
সমাপ্তঞ্চেদং কর্ণপর্ব্ব ॥০॥

যে লোক এক বৎসর যাবৎ প্রত্যহ একটী করিয়া সবৎসা কপিলা ধেনু দান করে, তাহাতে তাহার যে ফল হয়, এই কর্ণপর্ব্বশ্রবণে সেই ফলই হয় ॥৬২॥

কর্ণপর্ব্বের বঙ্গানুবাদ সমাপ্ত ॥০॥

---

* '...চতুর্নবতিতমোঽধ্যায়ঃ' পি, '...ষণ্ণবতিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ বা সো।